জন্মদিন ও
আপনার ভাগ্য
মহাজাতক

'জন্মদিন ও আপনার ভাগ্য' জ্যোতিষ বিজ্ঞানের জটিল পরিভাষামুক্ত সহজ সাবলীল ভাষায় আপনার নিজেকে বোঝার ও জানার গ্রন্থ। রাশি ও জন্মদিনের আলোকে এ-বই থেকে আপনি আপনার নিজের শুভাশুভ জানার পাশাপাশি কারো সহায়তা ছাড়াই জানতে পারবেন বন্ধু ও প্রিয়জনদের চরিত্র বৈশিষ্ট্য, শুভ রং, শুভ রত্ন, শুভ দিন-তারিখ সহ সকল শুভাশুভ। বন্ধু ও প্রিয়জন সম্পর্কে জেনে আপনি যেমন তাদের সাথে সম্পর্কোন্নয়ন করতে পারবেন, তেমনি পারবেন আপনার প্রভাব ও পরিচিতির বলয় বাড়াতে।

শিল্প-গুরু
রশিদ চৌধুরীকে

মহাজাতক শহীদ আল বোখারী

বরেণ্য ভবিষ্যৎদ্রষ্টা মহাজাতক। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের মর্মান্তিক মৃত্যু, ইন্দিরা গান্ধীর মৃত্যু, রাজীব গান্ধীর মৃত্যু, মহাশূন্যযান চ্যালেঞ্জের দুর্ঘটনা, সোভিয়েত ইউনিয়নে সমাজতন্ত্রের পতন, নব্বই-এ বাংলাদেশে গণঅভ্যুত্থান ও গণতান্ত্রিক প্রক্রিয়ার সূচনা, পুনর্নির্বাচনে প্রেসিডেন্ট জর্জ বুশের ভরাডুবিসহ অসংখ্য নির্ভুল ভবিষ্যদ্বাণীর মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে এক অনন্য মর্যাদার আসনে আসীন হয়েছেন।

জ্যোতিষ বিজ্ঞান, যোগ, মেডিটেশন, প্রাকৃতিক নিরাময় তথা অতীন্দ্রিয় বিজ্ঞানের প্রতিটি শাখায় রয়েছে তাঁর স্বচ্ছন্দ বিচরণ। এই বিষয়গুলোর উপর তিনি লিখে আসছেন গত দুই যুগ ধরে। দৈনিক ইত্তেফাকে নিয়মিত রাশিফল ও বর্ষশুরুতে ভবিষ্যদ্বাণী লিখে আসছেন ১৯৭৭ সাল থেকে।

শহীদ আল বোখারী কর্মজীবন শুরু করেন সাংবাদিক হিসেবে। সাইকিক কনসালটেন্ট হিসেবে সার্বক্ষণিক কাজ শুরু করার আগে তিনি ছিলেন দেশের প্রাচীনতম দৈনিক আজাদের বার্তা সম্পাদক। ১৯৮৩ সাল থেকে জ্যোতিষ বিজ্ঞানের পাশাপাশি যোগ ও মেডিটেশনকে জনপ্রিয় করে তোলার জন্যে স্থাপন করেন যোগ মেডিটেশন কেন্দ্র। পরে এই প্রচেষ্টাকে আরও সংহত করার জন্যে প্রতিষ্ঠা করেন যোগ ফাউণ্ডেশন। তিনি মেডিটেশন ও মননিয়ন্ত্রণের সহজ বৈজ্ঞানিক পদ্ধতি 'কোয়ান্টাম মেথড'-এর উদ্ভাবক ও সফল প্রশিক্ষক

জন্মদিন ও
আপনার ভাগ্য

মহাজাতক

প্রজাপতি প্রকাশন

প্রকাশক
কাজী শাহনূর হোসেন
২৪/৪ সেগুনবাগিচা, ঢাকা ১০০০
গ্রন্থস্বত্বঃ লেখকের
প্রথম প্রকাশ
ডিসেম্বর, ১৯৯৩
প্রচ্ছদ
শুভাশীষ মজুমদার
মুদ্রাকর
কাজী আনোয়ার হোসেন
সেগুনবাগান প্রেস
২৪/৪ সেগুনবাগিচা, ঢাকা ১০০০
যোগাযোগ
প্রজাপতি প্রকাশন
(সেবা প্রকাশনীর অঙ্গ-প্রতিষ্ঠান)
২৪/৪ সেগুনবাগিচা, ঢাকা ১০০০
পরিবেশক
সেবা প্রকাশনী
২৪/৪ সেগুনবাগিচা, ঢাকা ১০০০
শো-রূম
সেবা প্রকাশনী
৩৬/১০ বাংলাবাজার, ঢাকা ১১০০
প্রজাপতি প্রকাশন
৩৮/২ক বাংলাবাজার, ঢাকা ১১০০

JANMODIN O APNAR VAGYO
By: Mahajataq
মূল্য ॥ একশত ত্রিশ টাকা
ISBN-984-462-906-3

সূচি

মিং

নিজেকে জানার জন্যে মানুষের আন্তরিক প্রচেষ্টারই ফসল হচ্ছে আজকের জ্যোতিষ বিজ্ঞান। সভ্যতার আদিতে বিজ্ঞজ্ঞানীরা মহাকাশের দিকে তাকিয়ে যে জ্ঞানের সূচনা করেছিলেন, তাই আজ মহাকাশ বিজ্ঞান ও মনোবিজ্ঞানের পরশে পত্রপুষ্পে পল্লবিত হয়েছে আধুনিক জ্যোতিষ বিজ্ঞান রূপে।

আমরা জানি জ্যোতিষ বিজ্ঞান সব কিছুকে বিচার করে সময়ের আলোকে। প্রতিটি মুহূর্তই তার নিজস্ব গুণাগুণ নিয়ে ধরা দেয় জ্যোতিষ বিজ্ঞানীর কাছে। অতীত, বর্তমান ও ভবিষ্যৎ–এই তিনকালই একাকার হয়ে যায় জ্যোতিষ বিজ্ঞানে। অতীত তার কাছে বর্তমানের ভিত্তি–আর বর্তমানের উপরই পল্লবিত হয় ভবিষ্যৎ। চাঁদ, সূর্য, গ্রহ, উপগ্রহ, তারা, ছায়াপথ তথা মহাবিশ্বের বেলায় এ কথা যেমন ঠিক, তেমনি তা পৃথিবীর প্রকৃতি, পরিবেশ, প্রাণী ও মানুষের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য। কারণ ক্ষুদ্রের মাঝেই ঘটে বৃহৎ-এর প্রতিদান। মহাবিশ্ব এক অখণ্ড অস্তিত্ব। যার প্রতিটি অংশ স্বশাসিত; আবার পরস্পর নির্ভরশীল এবং সময়ের সূত্রে গাঁথা।

জ্যোতিষ বিজ্ঞানকে সাধারণভাবে আমাদের দেশে ভাগ্য গণনা বলে মনে করা হলেও এর বিচরণ জীবন ও জগতের সর্বক্ষেত্রে। কয়েক হাজার বছর ধরে চর্চার কারণে এ বিজ্ঞান শিকড় গেড়ে আছে মানুষের মর্মমূলে। আর হাজার বছর ধরে বিকশিত হওয়ায় এটি এখন বহু শাখা-প্রশাখায় বিভক্ত। যেমন : জাতক জ্যোতিষ, গণনা জ্যোতিষ, মনস্তাত্ত্বিক জ্যোতিষ, বিবাহ জ্যোতিষ, নির্ধারণ জ্যোতিষ, হোরা জ্যোতিষ, চিকিৎসা জ্যোতিষ, রাষ্ট্রীয় জ্যোতিষ, রাজনৈতিক জ্যোতিষ, অর্থনৈতিক জ্যোতিষ, প্রাকৃতিক জ্যোতিষ, কৃষি জ্যোতিষ, সংখ্যা জ্যোতিষ প্রভৃতি।

জ্যোতিষ বিজ্ঞানের এই বিশাল মহীরুহের প্রতিটি ডালপালায় বিচরণ করতে হলে একজনকে পুরো জীবনই কাটিয়ে দিতে হবে এর মাঝে, কষতে হবে জটিল জটিল অঙ্ক, করতে হবে নানা তত্ত্ব ও ব্যাখ্যার সমন্বয়। আর এসব করা সম্ভব শুধুমাত্র একজন নিবেদিত প্রাণ জ্যোতিষ বিজ্ঞানীর পক্ষেই।

জন্মদিন ও আপনার ভাগ্য–এ জ্যোতিষ বিজ্ঞানের এক জটিল বিষয়কেই খুব সহজ ও সাধারণ করে উপস্থাপন করা হয়েছে। তাত্ত্বিক জটিলতা বাদ দিয়ে সহজ ভাষায় প্রতিটি রাশির চরিত্র-বৈশিষ্ট্য ও সম্ভাবনার বিবরণ দেয়া হয়েছে। তারপর বছরের প্রতিটি দিনের বৈশিষ্ট্য ও সম্ভাবনা ব্যাখ্যা করা হয়েছে। প্রতিটি দিনে জন্মগ্রহণকারী জাতক/জাতিকার শুভ রং, ধাতু, রত্ন, সংখ্যা, দিন ও তারিখের নির্ঘণ্ট। জন্মতারিখ অনুসারে আপনার রাশির বৈশিষ্ট্য প্রথমে পড়ে তার সাথে আপনার জন্মদিনের সম্ভাবনার বিবরণ মিলিয়ে সমন্বয় করে নিলেই আপনি আপনার নিজেকে বুঝতে পারবেন। এর পর আপনি আপনার বন্ধু আত্মীয় বা প্রিয়জনের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্য পড়ে তার সম্পর্কে যেমন ধারণা করতে পারবেন, তেমনি তার শুভ রং, ধাতু, রত্ন, সংখ্যা, দিন ও তারিখ জেনে তাকে বিভিন্ন পরামর্শ দিতে পারবেন।

নিজের ও আপনজনদের চরিত্র-বৈশিষ্ট্য জানার মাধ্যমেই আপনি জানতে পারবেন আপনার নেপথ্য ভাগ্যচক্রকে। আর ভাগ্য সম্পর্কে যত বেশি জানতে পারবেন, তত বেশি পরিমাণেই ভাগ্যকে আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন। এ কারণেই প্রবচন রয়েছে : মূর্খরা ভাগ্যদ্বারা নিয়ন্ত্রিত হয় আর জ্ঞানীরা ভাগ্যকে নিয়ন্ত্রণ করে। তাই মহান কনফুসিয়াস বলেছেন : 'যে "মিং" অর্থাৎ নিয়তিকে জেনেছে, সে নিয়তিকে অতিক্রম করেছে।'

'জন্মদিন ও আপনার ভাগ্য' হোক আপনার ভাগ্য নিয়ন্ত্রণে নিত্য দিনের সঙ্গী, বিশ্বস্ত বন্ধু, নির্ভরযোগ্য হাতিয়ার!

Aries

২১ মার্চ—২০ এপ্রিলের মধ্যে জন্ম হলে আপনার রাশি

মেষ

মেষের জাতকের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে উদ্যম, সাহস ও কর্মতৎপরতা। জীবনের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি অত্যন্ত বাস্তব। পারিপার্শ্বিকতা সম্পর্কে সাধারণ জ্ঞানের ভিত্তিতেই তাদের ধ্যান-ধারণা গড়ে ওঠে। তারা সাধারণত অত্যন্ত পরিশ্রমী। লক্ষ্যে পৌঁছার জন্য কোন পরিশ্রমেই তারা পিছপা হয় না। অনেকের মধ্যেই একটা সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা রয়েছে। জীবনের পারিপার্শ্বিক অবস্থানুসারে এরা সাধারণত নতুন ধরনের উদ্যোগ নিয়ে থাকে।

মেষের স্বভাবের সাথে আবেগ বা তাড়না অঙ্গাঙ্গীভাবে জড়িত। সবকিছুতেই তারা দ্রুত ফললাভ করতে চায়। দ্রুত তারা সব কাজ শেষ করতে চায়। তাই অনেক সময় তারা অগ্র-পশ্চাৎ ভালভাবে চিন্তা না করেই তাড়না প্রসূতভাবে কোন কাজে হাত দিয়ে বসে। এতে প্রতিবন্ধকতা সৃষ্টি হলে উচ্চস্তরের মেষের জাতক দৃঢ়তার সাথে অবস্থার মোকাবিলা করে। আর অন্যরা বিরাট অনুপ্রেরণা ও শক্তি নিয়ে কাজ শুরু করে। কিন্তু প্রতিবন্ধকতা সৃষ্টি হলে কাজ শেষ করার ভার অন্য কারও ওপর দিয়ে তারা কেটে পড়তে চায়। আবার আকর্ষণীয় কোন কাজের সুযোগ এলে আগের কাজ অসমাপ্ত রেখেই নতুনের পেছনে ছোটে। এ কারণে জুয়ার প্রতি এদের আকর্ষণ সহজাত। মেষের জাতকরা স্বভাবতই বহির্মুখী। অন্যের কাছ থেকে স্বীকৃতি পেতে তারা আগ্রহী। তারা সাধারণত প্রশংসা ও চাটুকারিতার মধ্যে পার্থক্য করতে পারে না। কারও দ্বারা পরিচালিত হওয়া তারা মোটেই পছন্দ করে না। অন্যায় সমালোচনার সম্মুখীন হলে অনেক সময়ই তারা কাজ ছেড়ে দেয়। অবশ্য কোন কোন ক্ষেত্রে তারা প্রতিবাদমুখর হয়ে ওঠে। এমনকি প্রতিশোধ নেয়ারও চেষ্টা করে।

স্বাধীনতার প্রতি মেষের আকর্ষণ সহজাত। কোনভাবে স্বাধীনতা খর্ব হওয়া তারা মোটেই পছন্দ করে না। মেষের অনেক জাতকেরই পরিবর্তনের ও নতুনের প্রতি ঝোঁক থাকে। অনেকে বহুবার পেশা পরিবর্তন করে বা বিভিন্ন ধরনের ব্যবসায় নিজেদের নিয়োজিত করে।

মেষের জাতকরা হঠাৎ করে রেগে যায়। অনেক সময়ই এদের রাগের প্রচণ্ড বহিঃপ্রকাশ ঘটে। তবে যত দ্রুত তারা রাগে তার চেয়ে দ্রুত তা ভুলে যায়। সাধারণত তাদের ক্রোধ দীর্ঘস্থায়ী হয় না।

মেষের জাতকরা বাস্তববাদী হলেও অনেকের অনুভূতি অত্যন্ত প্রখর। তাদের ইনটুইশনও দৈব প্রদত্ত। অন্যদের উদ্দেশ্য ও অভিপ্রায় তারা সহজেই আঁচ করতে পারে। তাদের বুদ্ধিবৃত্তিক ক্ষমতাও প্রবল। তবে তাদের বহুমুখী দৈহিক তৎপরতার ফলে অধিকাংশ ক্ষেত্রেই তাদের চিন্তাকে সুসংবদ্ধ করতে পারে না। ফলে তারা এক্ষেত্রে তাদের সত্যিকার যোগ্যতার বহিঃপ্রকাশ ঘটাতে ব্যর্থ হয়। তাদের মস্তিষ্ক অত্যন্ত উর্বর। তাই তারা কোন কোন ক্ষেত্রে গবেষণা কাজে প্রভূত সাফল্য লাভ করে।

উপস্থিত বুদ্ধির ফলে মেষের জাতক আলাপে পটু। তবে এদের অনেকে একটু বাড়িয়ে বলতে অভ্যস্ত। তাদের কল্পনাশক্তিও অত্যন্ত উর্বর। তাই তারা শ্রোতাকে আকৃষ্ট

করার জন্য অধিকাংশ ক্ষেত্রেই গল্পে রঙ চড়িয়ে দেয়।

মেষের জাতকদের বড় গুণ হচ্ছে, অপরকে সাহায্য করতে এরা সদা প্রস্তুত। এজন্যে অনেকেই অত্যন্ত জনপ্রিয়। তবে এদের বন্ধুত্বের যথাযথ স্বীকৃতি দিতে কোন অবহেলা দেখলে এরা দ্রুত বন্ধু পরিবর্তন করে। সাধারণভাবে তারা যেকোন আসরের কেন্দ্রবিন্দুতে থাকতে চায়। কেন্দ্রবিন্দু হতে না পারলে এরা মনের দিক থেকে অত্যন্ত অসুখী হয়।

অর্থ ও কর্মজীবন

অর্থের প্রতি মেষের জাতকের সহজাত আকর্ষণ রয়েছে। তারা টাকা পয়সার ব্যবহার জানে। তাই অর্থ তাদের আনন্দের উৎস। অর্থ উপার্জনের জন্য তারা কোন পরিশ্রমেই পিছপা নয়। তাই সাধারণভাবে দারিদ্র্য তাদের কাছে আসতে পারে না। আবার অনেকে সহজ অর্থ উপার্জন করতে ভালবাসে। এরা জুয়ার প্রতি খুব বেশি আকৃষ্ট হয়।

বাস্তববাদী হওয়ায় অনেকেই ব্যবসায়ে ভাল করে। অনেকেই নতুন পরিকল্পনা ও নতুন উদ্যোগ নেয়। তা বাস্তবায়িত করার চেষ্টা করে। প্রায়ই সফল হয়। দ্রুত বন্ধুত্ব করার গুণ আছে তাদের। পেশাগত ক্ষেত্রে এ গুণ ভাল কাজে লাগে। তারা ভ্রমণ ও এডভেঞ্চার পছন্দ করে। ঝুঁকি নিতে এরা পিছপা হয় না। নতুন পরিস্থিতির সাথে দ্রুত মানিয়ে নিতে পারে।

মালিক বা কর্মকর্তা হিসেবে তারা অধীনস্থদের সহজে প্রিয় হয়ে ওঠে। কারণ তারা অধীনস্থদের স্বীকৃতি দিতে জানে। কাজে একঘেয়েমি মেষের জাতকেরা ঠিক সহ্য করতে পারে না। অধিকতর আকর্ষণীয় কাজের খোঁজে এরা প্রায়ই পেশা পরিবর্তন করে। নেতা না হতে পারলে এরা সাধারণত কোন টীমে কাজ করতে চায় না।

যেখানে এডভেঞ্চার আছে, প্রতিযোগিতা আছে, সংঘাত আছে, দৈহিক শ্রমের সুযোগ আছে সেসব পেশায়ই মেষের জাতক সবচেয়ে ভাল করে। ব্যস্ততা, হৈ-হল্লা যেখানে বাঁধাগ্রস্ত, ধীরস্থির গতি যে পেশায় প্রয়োজন সেখানে মেষের জাতক কার্যত ব্যর্থ। মেষের জাতক জাতকর্মী। কাজকে তারা ভালবাসে। মাঝপথে গিয়ে পুরানো কাজ ছেড়ে নতুন কিছু শুরু করার প্রবণতাকে পরিহার করতে পারলে, তাড়নাবশত সিদ্ধান্ত না নিয়ে, অধৈর্য না হয়ে কাজে লেগে থাকতে পারলে, জীবনে তাদের সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারে না। মেষের জাতকদের জীবন প্রবাহে ২৭, ৩৬ ও ৪৫ বছর বয়স গুরুত্বপূর্ণ। এই বছরগুলোয় সাধারণত জীবনের মোড় পরিবর্তনকারী ঘটনা ঘটে।

শরীর ও স্বাস্থ্য

মেষের জাতক সুঠাম ও পৌরুষমণ্ডিত দেহের অধিকারী। মাথা একটু লম্বাটে। মাথার ওপরের দিক চওড়া, নিচের দিক অপেক্ষাকৃত চিকন। মাথার কেশদাম ঘন, কুঞ্চিত। চুল ওপরের দিকে বা পেছনের দিকে বেড়ে ওঠে। কপাল উঁচু ও প্রশস্ত। চোখের ওপরের হাড় একটু উঁচু ও ভ্রূ খুব ঘন। প্রশস্ত মুখে ঠোঁট পুরু। দাঁত চওড়া ও শক্ত। মুখের ভাবে একটা কঠিনতা থাকে। তাদের চাহুনি অনেক সময়ই তীব্র। গলার স্বর অপেক্ষাকৃত বলিষ্ঠ ও কর্কশ। গোঁফ বা দাড়ির প্রতি মেষের জাতকের একটা সহজাত আকর্ষণ রয়েছে।

মেষের জাতকদের জীবন উদ্যম ও প্রাণ-প্রাচুর্যে ভরপুর। সহজাতভাবেই তারা সুস্বাস্থ্যের অধিকারী। তাদের মধ্যে তাড়াহুড়ো করার প্রবণতা ও বেপরোয়া ভাব রয়েছে। তাই তাদের মধ্যে দুর্ঘটনার প্রবণতা বেশি। বিশেষত মুখাবয়ব ও মাথায় আঘাত পাওয়ার আশঙ্কা বেশি। এজন্য ভ্রমণকালে ও খেলাধুলার সময় সতর্ক থাকা উচিত। বোকার মত কোন ঝুঁকি নেয়া উচিত নয়।

মেষের জাতকদের মাথাধরা, জ্বর, প্রদাহ জাতীয় রোগের ব্যাপারেও সতর্ক থাকা

উচিত। অতিরিক্ত সূর্যকিরণ তাদের শরীরে জ্বালাপোড়া সৃষ্টি করতে পারে। তারা যেহেতু আবেগপ্রবণ, একগুঁয়ে ও প্রচণ্ড দৈহিক শক্তির অধিকারী, তাই কাজে নামলে তারা বিশ্রামের কথা প্রায়ই ভুলে যায়। অতিরিক্ত কাজ ও দুঃশ্চিন্তার ফলে তাদের মধ্যে স্নায়ুবিক উত্তেজনা ও অবসাদ দেখা দিতে পারে। এর ফলে মস্তিষ্ক প্রদাহ ও অজীর্ণতার সৃষ্টি হতে পারে। তাই দীর্ঘ ও সক্রীয় জীবনের জন্যে তাদের পর্যাপ্ত বিশ্রাম নেয়া প্রয়োজন। তাদের আবেগও নিয়ন্ত্রণে রাখতে হবে। অতিরিক্ত বিশ্রাম ও দুর্ভাবনা এড়িয়ে চলতে হবে।

সন্দেহ নেই, মেষের জাতকরা সাধারণত পর্যাপ্ত দৈহিক শক্তির অধিকারী, তবুও তাদের এ শক্তি দীর্ঘস্থায়ী নয়। তাই যেসব কাজ বা ক্রীড়ায় স্বল্পমেয়াদী প্রচণ্ড উদ্যম ও পরিশ্রম প্রয়োজন, সে সব কাজ বা ক্রীড়ায় তারা ভাল করবে।

মেষের জাতকদের রোগের প্রতি অবহেলার একটা প্রবণতা রয়েছে। রোগের প্রাথমিক লক্ষণকে তারা আমল দিতে চায় না। মনে করে এমনিই ঠিক হয়ে যাবে। কিন্তু অসুস্থ হয়ে পড়লে তাদের অস্থিরতা বেড়ে যায়। তারা রাতারাতি আরোগ্য হতে চায়। অবশ্য তাদের সুস্বাস্থ্য রোগ নিরাময়ে সহায়তা করে। নিরোগ দেহের জন্য তাদের প্রচুর পরিমাণে সব্জি ও ফল খাওয়া উচিত। তাদের পর্যাপ্ত বিশ্রাম নেয়া উচিত।

মেষ পুরুষ

মেষ পুরুষের মূল শক্তি হচ্ছে আত্মবিশ্বাস ও প্রাণ-প্রাচুর্য। অধিকাংশ ক্ষেত্রেই এরা বেপরোয়া ও সাহসী। ব্যক্তিত্বের শক্তি দিয়েই এরা প্রণয়িনীকে ভাসিয়ে নিয়ে যায়। অধিকাংশ নারীর কাছেই তাদের ব্যক্তিত্ব আকর্ষণীয়। কোন নারীর প্রতি এরা আকৃষ্ট হলে, এরা কখনও মিনমিন করে না। সরাসরি প্রেম নিবেদন করে।

মেষ পুরুষরা সাধারণত একটু বদমেজাজী, অনেকটা একগুঁয়ে। অন্যের অনুভূতি সম্পর্কে এরা প্রায়ই অসচেতন। তারা সবসময় পরিবারের সদস্য ও বন্ধু-বান্ধবদের ওপর কর্তৃত্ব করতে চায়।

অধিকাংশ মেষ পুরুষই পরিচ্ছন্ন ও আকর্ষণীয় পোশাক পরতে ভালবাসে। বিয়ের ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার আগে কয়েকজনের সাথে প্রেমে পড়াও বিচিত্র নয়। মনের মত বিয়ে হলে অবশ্য এরা স্ত্রীর প্রতি বিশ্বস্ত হয়। তবে ৩১ বছরের আগে বিয়ে করলে অনেক সময়ই তারা আবেগপ্রসূত সিদ্ধান্ত নেয় এবং সঙ্গিনী নির্বাচনে ভুল করে।

মনের মত সঙ্গিনী পেলে এরা স্বামীর ভূমিকা সাফল্যের সাথে পালন করে। উচ্চাভিলাষী ও কর্মঠ হওয়ার ফলে অর্জিত আর্থিক সাফল্য দ্বারা এরা গৃহের আরাম-আয়েশে কোন ত্রুটি করে না।

মেষ স্বামীরা অনেক সময়ই স্ত্রীর ছোটখাট ভুল-ত্রুটি সহ্য করতে পারে না। এটা তাদের এড়িয়ে চলা উচিত।

মেষ মহিলা

মেষ মহিলারা অত্যন্ত আবেগপ্রবণ ও প্রাণ-প্রাচুর্যে ভরপুর। তাদের বুদ্ধি ও ব্যক্তিত্বের জন্যে পুরুষরা তাদের দিকে আকৃষ্ট হয় বেশি। তারা অনেক সময় পুরুষদের ওপর প্রভাব বিস্তার করে। তারা মানুষের সাথে মিশতে ভালবাসে। নতুন বন্ধুত্ব স্থাপনে তারা আনন্দ পায়। কোন পুরুষকে ভাল লাগলে তাকে জয় করার জন্য প্রয়োজনবোধে সে নিজেই উদ্যোগী হয়।

সাধারণত তারা আকর্ষণীয় দৈহিক গঠনের অধিকারী। অত্যন্ত পরিচ্ছন্ন ও সুসজ্জিত থাকতে ভালবাসে। যেকোন প্রশংসা তাদের আত্মমর্যাদাবোধকে বাড়িয়ে দেয়। কোন পুরুষকে স্বামী হিসেবে পাওয়ার ইচ্ছে হলে তারা সকল শক্তি নিয়োগ করে। স্ত্রী হিসেবে সে কতখানি যোগ্য তা প্রেমিকের কাছে প্রমাণ করে ছাড়ে। বিয়ের ব্যাপারে নিজের ন্যায্য দায়িত্ব নিতে তারা কখনও পিছপা হয় না। সন্দেহ নেই মেষ মহিলারা পরিবারের প্রতি

অত্যন্ত নিবেদিত।

মেষ রাশির মহিলারা মা হিসেবে অত্যন্ত সন্তানবৎসল। তবে তারা সন্তানকে সবসময় নিয়ন্ত্রণ করতে চায়। সন্তানের বয়স বাড়ার সাথে সাথে ক্রমিক স্বাধীনতা দানে মেষ মহিলাদের সচেষ্ট হওয়া উচিত।

অবসাদ নিরাময়ে

দীর্ঘদিন এক কাজ করলে এবং একই স্থানে বসবাসের দরুন মেষের জাতকের মনে একঘেয়েমিজনিত অবসাদ এসে বাসা বাঁধতে পারে। কিন্তু মুশকিল হচ্ছে, ইচ্ছে করলেই তো আর ঘুরে বেড়ানো বা কর্মস্থল পরিবর্তন করা যায় না। তবে আপনি অনায়াসে আপনার জীবনে নতুন অভিজ্ঞতার সংযোজন করতে পারেন। যখনই পারেন ভ্রমণ করুন। খুব সাধারণ জিনিস থেকে নতুন কিছু উদ্ভাবনের চেষ্টা করুন। নতুন পরিচিতদের সাথে আলাপ করুন ও তাদের বীরত্বমূলক কাজের বিবরণ শুনুন, দেখবেন অবসাদ অনেকটা কেটে গেছে। আর আপনার এলাকার বিধবা, এতীম ও দুঃস্থদের জন্য কিছু করতে চেষ্টা করুন, দেখবেন অবসাদ আর নেই।

ত্রুটিবিচ্যুতি

মেষের অনেক জাতকই আবেগপ্রবণ, অস্থির ও ধৈর্যহীন। অনেকে আবার অত্যন্ত মারমুখী ও চরম একগুঁয়ে। অনেকে আবার অত্যন্ত স্বার্থপর ও বদমেজাজী। মেষের জাতকরা অনেক সময়ই ঘটনার অতিরঞ্জন করে। ঈর্ষা ও লোভ অনেকের জীবনের অগ্রগতিকে রুদ্ধ করে। অনেকে আবার অত্যন্ত বেপরোয়া, হিতাহিত বিবেচনা না করেই কিছু করে বসে। অনেকের মধ্যে আবার ঝামেলা থেকে দূরে থাকার মনোবৃত্তি কাজ করে। এরা কোন অপ্রীতিকর পরিস্থিতির মধ্যে পড়লে দোষের ভাগী হিসেবে অন্যদের রেখে কেটে পড়তে পারে।

পারস্পরিক সম্পর্ক

বন্ধু-বান্ধব, সহকর্মী ও আত্মীয়-স্বজনের সাথে মেষের জাতকের সম্পর্ক অত্যন্ত ঝঞ্ঝা-বিক্ষুব্ধ। অন্যান্যদের সাথে লেনদেনে 'দেবে আর নেবে' এই দৃষ্টিভঙ্গি গ্রহণে সাধারণভাবে এরা অসমর্থ। মেষের জাতকের সাথে মিথুন, সিংহ, ধনু ও কুম্ভের জাতকের সাধারণভাবে ভাল মিল হয়। এই চার রাশির জাতকের সাথে লেনদেন ও সমঝোতায় পৌঁছা অপেক্ষাকৃত সহজ। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে গ্রহণ করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

মেষ রাশির দু'জন জাতকের পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে সতর্কতা বাঞ্ছনীয়। ব্যবসায়িক প্রস্তাবের বেলায় এটি বিশেষভাবে প্রযোজ্য। কারণ মেষের জাতক সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে ও নিজে আদেশ দিতে চায়। মেষের সাথে মেষের বিয়েতে ব্যক্তিত্বের সংঘাত দেখা দিতে পারে।

কর্কট, তুলা ও মকর রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে মেষের কিছু অসুবিধা দেখা দিতে পারে। ওদের সাথে লেনদেনে ধৈর্য ও সমঝোতা প্রয়োজন। তা না হলে ব্যক্তিত্বের সংঘাত দেখা দেবে। তবে মেষের সাথে তুলার বিয়ে মঙ্গলজনক হতে পারে।

বৃষ, কন্যা, বৃশ্চিক ও মীন রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে কৌশলী ও ধৈর্যশীল হতে হবে। মেষের জাতকের প্রতি এদের একটা সহজাত অনীহা থাকতে পারে। তারা কোন ঘনিষ্ঠ সম্পর্ক গড়তে আগ্রহী নাও হতে পারে। তাই আপনার বন্ধু ও পরিচিতদের বোঝার জন্যে তাদের রাশি ও জন্ম দিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। এতে তাদেরকে বোঝা সহজ হবে।

মার্চ ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। মীনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মেষের প্রভাব মীন দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও বুদ্ধিবৃত্তিক গুণের অধিকারী। আপনি মেধাবী। যে-কোন আলোচনায় সহজে অংশগ্রহণ করতে পারেন। আপনি সাহসী। সহজে রেগে যাওয়ার প্রবণতা আছে আপনার। সংঘাত ও শত্রুতা আপনার অগ্রগতিকে বাধাগ্রস্ত করবে। বিকল্প পথে আপনি সাফল্যের দ্বারপ্রান্তে উপনীত হবেন। আপনাকে সংযমী ও ধৈর্যশীল হতে হবে। আবেগ নিয়ন্ত্রণ করতে হবে।

পেশা : আপনি সেনাবাহিনী, ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা, সৃজনশীল ও প্রশাসনিক পেশায় ভাল করবেন। অর্থনৈতিক ভবিষ্যৎ নিয়ে অহেতুক দুশ্চিন্তা করবেন না।

প্রেম : প্রেমে আবেগ প্রবণতা সংযত করুন। মানসিক যোগ্যতা প্রমাণের চেষ্টা এক্ষেত্রে অর্থহীন। সমঝোতার মনোভাব আপনার দাম্পত্য জীবনে সাফল্যের পূর্বশর্ত।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, নীল, বেগুনী ও মেরুন। **সংখ্যা :** ৩ ও ৯। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** প্রবাল ও পোখরাজ।

ব্যক্তিত্ব : সুরকার জোহান সেবাসটিয়ান বাখ, শিল্পপতি জন. ডি. রকফেলার, বিছমিল্লাহ খান, সাহিত্যিক শাহাবুদ্দিন আহমেদ, শিক্ষাবিদ লুৎফুল হক চৌধুরী।

মার্চ ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। মীনের প্রভাব রয়েছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মেষের বৈশিষ্ট্য মীন দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, সাহসী ও বেপরোয়া। জীবন হবে দ্বন্দ্ব ও সংঘাতে পরিপূর্ণ। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ বার বার প্রভাবিত করবে। পরিকল্পনা, উদ্ভাবনী, সৃজনশীল ও কারিগরি জ্ঞান আছে আপনার। আপনি নিজস্ব পন্থায় সবকিছু করতে চান। পরিচিতরা আপনার হতাশার কারণ হতে পারে। এদের জন্য শেষ মুহূর্তে আপনার অনেক কাজ নষ্ট হতে পারে।

পেশা : আপনি যে কোন কারিগরি পেশায় সবচেয়ে ভাল করবেন। যেখানে শ্রম আছে, উদ্যম আছে ঝুঁকি আছে তেমন পেশায় আপনি ঝুঁকে পড়তে পারেন।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ। কিন্তু ভিন্নধর্মী ব্যক্তিত্বের জন্য পারিবারিক জীবনে আপনি নানা ধরনের সমস্যার সম্মুখীন হবেন।

শুভ রং : সকল শেডের নীল, গোলাপী, লাল, হলুদ, সোনালী, মেরুন। **ধাতু :** লোহা ও ইউরেনিয়াম। **রত্ন :** প্রবাল ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। তারিখ : ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ডাচ চিত্রশিল্পী ভন ডাইক, কথা শিল্পী নিকোলাস মনসাঁরা, সাহিত্যিক আহমেদ শাহাদাত পাশা, মূকাভিনেতা মার্সেল মার্সিন, পদার্থ বিজ্ঞানী রবার্ট মিলিক্যান।

মার্চ ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। মীনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মেষের বৈশিষ্ট্য মীন দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। আপনি

স্বাধীনচেতা ও পরিবর্তন প্রিয়। চ্যালেঞ্জ গ্রহণ করতে আনন্দ পান। আপনি মেধাবী ও বুদ্ধিমান। বুদ্ধি ও বাক চাতুর্য দ্বারা আপনি সহজেই অন্যকে প্রভাবিত করতে পারেন। চিন্তাধারায় আপনি উদার। স্মরণ শক্তিও আপনার প্রখর। তবে ঝুঁকি নেয়ার প্রবণতা আপনাকে অনেক ঝামেলায় জড়িয়ে ফেলতে পারে। দৃঢ়তা আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি সৃজনশীল, জনপেশা, আইন, ইঞ্জিনিয়ারিং ও সেনাবাহিনীতে ভাল করবেন। ফটকাবাজারী ব্যবসায়ও আপনার জন্যে ভাল।

প্রেম : প্রিয়জনকে আপনি ভালবাসবেন। কিন্তু বাহ্যিক ঠাণ্ডা আচরণ দাম্পত্য ও পারিবারিক জীবনে দুর্যোগ ডেকে আনতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, নীল, গোলাপী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** সিলোনী গোমেদ ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : রকেট বিশেষজ্ঞ ওয়ারনার ভন ব্রাউন, গণিতজ্ঞ লাপ্লাস, ভাস্কর শিল্পী হামিদুজ্জামান, ক্রিকেটার ওয়াসীম বারী, দার্শনিক এডওয়ার্ড কেইড। অভিনেতা ওয়াসীম।

মার্চ ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। মীনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও মঙ্গলের প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, সাহসী ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনি উদার, মিশুক, সামাজিক, অতিথি পরায়ণ ও সহানুভূতিশীল। আরাম-আয়েশ ও বিলাস আপনার পছন্দ। অন্যকে সাহায্য করার আবেদনেও আপনি সহজে সাড়া দেন। সহজে বন্ধুত্ব করতে পারেন। জুয়ার প্রতি আপনি আকৃষ্ট হয়ে পড়তে পারেন। ভ্রমণ ও অভিযাত্রার প্রতি রয়েছে আপনার সহজাত আকর্ষণ।

পেশা : আপনি সৃজনশীল পেশায় ডাক্তার ও আইনজীবী হিসেবে এবং শিল্প ও বিলাস সামগ্রীর ব্যবসায় ভাল করবেন। আপনার লটারির ভাগ্য শুভ।

প্রেম : ছোট শান্তির নীড়ের প্রতিই আপনি আকৃষ্ট। তাই তুলনামূলক অল্প বয়সেই আপনি বিয়ে করে ফেলতে পারেন। কিন্তু অল্প বয়সে বিয়ে সুখপ্রদ হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের নীল, গোলাপী, বেগুনী ও লাল। **ধাতু :** লোহা ও তামা। **রত্ন :** রক্তপ্রবাল ও পান্না। **শুভ সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : অভিনেতা স্টীভ ম্যাককুইন, বিজ্ঞানী পিটার দিবে, মার্কিন ফটোগ্রাফার এডওয়ার্ড ওয়াশটন, গণিতজ্ঞ জোসেফ লিওভিলি।

মার্চ ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। মীনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ ও খেয়ালী। আপনার অনুভূতি প্রখর। নিজস্ব ধ্যানধারণা আপনাকে পরিচালিত করে। তাই বাইরে থেকে আপনাকে বোঝা মুশকিল। অতীন্দ্রিয় ও রহস্যের জগতের প্রতি আকর্ষণ থাকায় আপনার জীবনধারাও অন্যান্যদের চেয়ে আলাদা। আপনি অস্থির। তাই ভ্রমণ ও এডভেঞ্চার ভালবাসেন। শিল্পকলা ও সঙ্গীতের প্রতি আপনার আকর্ষণ রয়েছে। অন্যরা আপনাকে ভুল বুঝবে।

পেশা : শিল্প, সাহিত্য, সঙ্গীত, অভিনয়, চিকিৎসা ও ইঞ্জিনিয়ারিং এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। বৈদেশিক বাণিজ্য আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি অনুভূতি প্রবণ ও রোমান্টিক। বিপরীত লিঙ্গের সদস্যরা আপনার প্রতি সহজেই আকৃষ্ট হবে। পারিবারিক জীবনে এ জন্যে ঝামেলা হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, গোলাপী, মেরুন ও লাল। ধাতু : রূপা ও লোহা। রত্ন : রক্ত প্রবাল ও চাইনিজ জেড। সংখ্যা ৭ ও ৯। দিন : সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : সুরকার আরতুরো তোশানিনি, চলচ্চিত্রকার ডেভিড লিন, উদ্ভিদ বিজ্ঞানী এডলক অ্যাংলার, সাহিত্যিক সিমাজাকি তোসন।

মার্চ ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও অধ্যবসায়ী। আপনি বেশ চাপা ও কর্তৃত্বপরায়ণ। আপনি হিসেবী। সঞ্চয় করার সহজাত প্রবণতা আছে আপনার। আপনি সতর্ক, সারধানী ও বুদ্ধিমান। তবে পরিচিতদের জন্য আপনাকে অনেক বাধা ও ঝামেলা অতিক্রম করতে হবে। ৪০-এর কোঠায় না পড়া পর্যন্ত সাফল্য বার বার বিঘ্নিত হতে পারে।

পেশা : আপনি ব্যবসা, ব্যবসায়িক-প্রশাসন, কারিগরি; চিকিৎসা ও সৃজনশীল পেশায় ভাল করবেন, আইন ও রাজনীতিতেও সাফল্য লাভ করতে পারেন।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ, কিন্তু বাহ্যিকভাব চাপা। তাই প্রিয়জন আপনাকে ভুল বুঝবে, আর তাদের জন্য আপনাকে দুঃখও পোহাতে হতে পারে। বেশি বয়সে বিয়েই ভাল।

শুভ রং : সকল শেডের খয়েরী, মেরুন, ধূসর, ব্রোঞ্জ, গোলাপী ও কালচে লাল। ধাতু: লোহা ও সীসা। রত্ন : রক্তপ্রবাল ও ইন্দ্রনীলা। গুরুত্বপূর্ণ সংখ্যা : ৮ ও ৯। গুরুত্বপূর্ণ দিন : শনিবার ও মঙ্গলবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১।

ব্যক্তিত্ব : কবি রবার্ট ফ্রস্ট, জেনারেল ওয়েস্টমোরল্যাণ্ড, সাহিত্যিক সৈয়দ আলী আহসান, নাট্যকার টেনিসি উইলিয়াম, রাজনীতিক ফজলুল কাদের চৌধুরী, কবি মাকিদ হায়দার।

মার্চ ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। রাশি ও সংখ্যা উভয়দিক থেকেই আপনার ওপর মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী। আপনার ভেতরে রয়েছে এক প্রবল তাড়না। তাই নিজের মত আপনি বলিষ্ঠভাবে ব্যক্ত করতে পারেন। সহজেই উত্তেজিত হয়ে উঠতে পারেন। তাড়না বশত বা সেন্টিমেন্টাল হয়ে আপনি মুহূর্তের মধ্যেই বিতর্ক বা সংঘাতে জড়িয়ে পড়তে পারেন। আপনি স্বাধীনচেতা, সেই সাথে কিছুটা বেপরোয়া। আর নিজের ব্যাপারে এক ধরনের স্বার্থপর মনোভাব আপনার মধ্যে ক্রিয়াশীল থাকতে পারে। নেতৃত্ব দেয়ার ও অন্যকে প্রভাবিত করার মত আকর্ষণী ক্ষমতা আপনার মধ্যে রয়েছে। সেই সাথে রয়েছে কর্তৃত্ব পরায়ণ মনোভাব। অঘটন ও দুর্ঘটনার প্রবণতা থেকে আপনাকে

সতর্ক থাকতে হবে। সাফল্য লাভের জন্য হতে হবে কুশলী ও ধৈর্যশীল।

পেশা : আপনি প্রশাসনিক, আইন শৃংখলা, সেনাবাহিনী, ক্রীড়া, রাজনীতি ও জনপেশায় ভাল করবেন। সংগ্রাম ও সংঘাতের মধ্য দিয়েই আপনার সাফল্য আসবে।

প্রেম : আপনার বলবান ব্যক্তিত্বের কারণে বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। একাধিক প্রেম আপনার জীবনকে যেমন ঘটনাবহুল করে তুলতে পারে তেমনি তা পারিবারিক অশান্তির কারণও হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, নীল, মেরুন। **ধাতু :** লোহা ও ইস্পাত। **রত্ন :** সিলোনী গোমেদ, রক্তপ্রবাল, রুবী। **শুভ সংখ্যা :** ৯। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার।

ব্যক্তিত্ব : গণিতজ্ঞ কার্ল পিয়ারসন্স, পদার্থ বিজ্ঞানী কনরাড রঞ্জেন, বৃটিশ প্রধানমন্ত্রী জেমস কালাহান, রসায়নবিদ অটো ওয়ালেস, অভিনেতা আফজাল হোসেন, কার্টুনিস্ট শেখ তোফাজ্জল হোসেন, মোস্তফা আল্লামা, রেহানা।

মার্চ ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কর্মঠ, উচ্চাভিলাষী ও সাহসী। আপনার সাংগঠনিক ক্ষমতা রয়েছে। সহজেই অন্যদের নিয়ন্ত্রণ করতে পারেন। জনসমক্ষে নিজেকে প্রকাশ করতে কোন দ্বিধা নেই। মানসিক দিক থেকে আপনি উদার। আপনার আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়নে জীবনে পর্যাপ্ত সুযোগ পাবেন। তবে আপনার জঙ্গী মনোভাব ও হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা শত্রুতা সৃষ্টির কারণ হতে পারে। আপনাকে ধৈর্যশীল ও সহিষ্ণু হতে হবে।

পেশা : আপনি সংগঠক, ম্যানেজার, সুপারভাইজার, সৈনিক, ডাক্তার, পরিচালক ও অভিযাত্রী হিসেবে ভাল করবেন। সৃজনশীল জন পেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি স্নেহপ্রবণ ও রোমান্টিক। বিপরীত লিঙ্গের সাথে সম্পর্কে কিছুটা অনিশ্চয়তা বিরাজ করতে পারে। পারিবারিক জীবনে ধৈর্য ও সহিষ্ণুতার প্রয়োজন হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, গোলাপী, মেরুন ও লাল। **ধাতু :** লোহা ও সোনা। **রত্ন :** সিলোনী গোমেদ, রুবী, হীরক। **সংখ্যা :** ১ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ম্যাক্সিম গোর্কী, ফরাসী প্রাচ্যবিদ সালভেইন লেভী, লেখক আকরাম ফারুক, চিকিৎসাবিদ করনিল হেইম্যানস, এয়ার ভাইস মার্শাল বাশার।

মার্চ ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ ও সৃজনশীল। সব ব্যাপারেই আপনার উৎসাহ রয়েছে। প্রাণশক্তির প্রাচুর্য রয়েছে, রয়েছে দৃঢ়তা ও সরাসরি প্রতিদ্বন্দ্বীকে আঘাত হানার সাহস। আপনি স্পষ্টভাষী। নিজের মত প্রকাশে কৌশলের অভাব রয়েছে। আপনার গতিশীলতা ও মেধাকে নানাভাবে বিক্ষিপ্ত না করে কোন নির্দিষ্ট লক্ষ্যে কাজে লাগাতে হবে। আবেগ প্রবণ সিদ্ধান্ত পরিহার করতে পারলে সাফল্য আপনার পদচুম্বন করবে।

পেশা : চ্যালেঞ্জ আছে, বৈচিত্র আছে, বিপদের আশঙ্কা রয়েছে এমন পেশায়ই আপনি ভাল করবেন। সৃজনশীল ও জনসংযোগমূলক পেশা আপনার জন্য ভাল।

প্রেম : আপনি মূলত রোমান্টিক। কিন্তু বহুমুখী তৎপরতা দাম্পত্য সুখের পথে অন্তরায় হতে পারে। পেশাগত জীবনের সাথে সাথে পারিবারিক ব্যাপারেও আপনাকে মনোযোগী হতে হবে।

শুভ রং সকল সেডের সবুজ, সাদা, ক্রীম, গোলাপী ও লাল। ধাতু লোহা ও রূপা। রত্ন : রক্তপ্রবাল, মুক্তো ও মুনস্টোন। সংখ্যা ২ ও ৯। দিন সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : রুশ নেতা ল্যাভরেনটি বেরিয়া, অভিনেতা উৎপল দত্ত, জ্যোতির্বিদ হ্যারল্ড স্পেনসার জোনস, স্থপতি এডউইন লেথিয়েন।

মার্চ ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মেধাবী, কর্তৃত্ব পরায়ণ ও উচ্চাভিলাষী। নের্তৃত্ব করার, আদেশ দেয়ার ও আদেশ কার্যকর করার ক্ষমতা আছে। আপনি আলাপ আলোচনায় পটু ও সিদ্ধান্ত গ্রহণে সাহসী। জীবনে অনেক সংঘাত ও চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। আপনাকে ধৈর্যশীল হতে হবে। ক্রোধ সংবরণ করতে হবে।

পেশা : প্রশাসনিক, ইঞ্জিনিয়ারিং, সশস্ত্র বাহিনী ও শিল্পকর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। সফল ব্যবসায়ী হওয়া কঠিন কিছু নয়।

প্রেম : কর্তৃত্বপরায়ণ মনের জন্যে অনাবিল প্রেমের আনন্দ উপভোগ করা থেকে বঞ্চিত হতে পারেন। পারিবারিক জীবনে সেন্টিমেন্ট পরিহার করে সমঝোতার মনোভাব গ্রহণ করতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, লালচে বেগুনী, নীল, মেরুন ও লাল। ধাতু : লোহা ও প্লাটিনাম। রত্ন : এমিথিস্ট ও রক্তপ্রবাল। সংখ্যা ৩ ও ৯। দিন মঙ্গল ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৬, ৯, ১২. ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী ভিনসেন্ট ভ্যানগগ, ফ্রান্সিসকো গয়া, দার্শনিক মুসা মাইমোনাইড, কবি সিকান্দর আবু জাফর, সাংবাদিক হুমায়ুন চৌধুরী।

মার্চ ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর মঙ্গল ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও উদ্ভাবনী ক্ষমতার অধিকারী। সৃজনশীলতা ও কারিগরি দক্ষতা আপনার বড় গুণ। নিজস্ব ধ্যান ধারণায় ও কর্মপন্থাই আপনাকে প্রভাবিত করবে বেশি। আপনার জীবন হবে সংঘাতমুখর। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ আপনাকে প্রভাবিত করবে বেশি। পরিচিত পরিমণ্ডলে আপানি ভুল বুঝাবুঝির শিকার হতে পারেন। এতে আপনার অগ্রগতি বাধাগ্রস্ত হবে।

পেশা : আপনি কারিগর, গণিতজ্ঞ, আইনবিদ, সৈনিক ও সার্জন হিসেবে ভাল করবেন। আর্থিক লেনদেনে আপনাকে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনার রোমান্টিক ও বিবাহিত জীবনে অপ্রত্যাশিত ঘটনার পুনরাবৃত্তি ঘটতে পারে। এই জন্য আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের হালকা উজ্জ্বল রং, নীল, গোলাপী ও লাল। **ধাতু :** লোহা ও ইউরেনিয়াম। **রত্ন :** সিলোনী গোমেদ ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী রবার্ট বুনসেন, কবি এডওয়ার্ড ফিটজেরাল্ড, গুপ্তচর মাতাহারি, সাহিত্যিক কমলা দাস, দেকার্তে, অভিনেত্রী দিতি, সাংবাদিক মোহাম্মদ তোহা খান।

এপ্রিল ১

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ১। রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সৃজনশীল ও মৌলিক ধ্যান-ধারণার অধিকারী। লক্ষ্য অর্জনে দৃঢ় প্রতিজ্ঞ ও শঙ্কাহীন। আপনি উচ্চাভিলাষী। পরিচিতদের ওপর কর্তৃত্ব করতে আগ্রহী কোন বাধা ও প্রতিবন্ধকতাই আপনাকে আটকাতে পারবে না। নিজের মতে চলতে পারলে আপনি উদার। কিন্তু অন্যের মত আপনার ওপর চাপাতে গেলে তখন প্রতিবাদ করেন। বহির্মুখী জীবনেই বেশি সফল হবেন। তবে শত্রুতা ও দুর্ঘটনা সম্পর্কে সব সময় সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি প্রশাসন, সৈনিক, অভিযাত্রী, ইঞ্জিনিয়ার, আইনবিদ, রাজনীতিক ও জনপেশায় ভাল করবেন। আর্থিক প্রশ্নে ভাগ্য সহযোগিতা করবে।

প্রেম : আপনি স্নেহ ও মায়ামমতার কাঙ্গাল। প্রেমের জন্যে তাই অনেক মূল্য দিতে হতে পারে। অপেক্ষাকৃত বেশি বয়সে বিয়ে করাই মঙ্গলজনক।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, মেরুন, লাল ও খয়েরী। **ধাতু :** লোহা ও সোনা। **রত্ন :** হীরক ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ১ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : জার্মান নেতা বিসমার্ক, কথা শিল্পী এডগার ওয়ালেস, সাহিত্যিক গোলাম সাকলায়েন, বেদুইন সামাদ, ডা. নুরুল ইসলাম, আলী ম্যাকগ্রু, চিত্রশিল্পী কাইয়ুম চৌধুরী, লুৎফর রহমান রিটন, আব্দুল হাই মাশরেকী, জামশেদ ফয়জী, সাংবাদিক গোলাম সারওয়ার, জহিরুল আলম, নৃত্য পরিচালক আমানুল হক।

এপ্রিল ২

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ২। চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ ও রোমান্টিক। ব্যক্তিত্ব ও ইচ্ছাশক্তি প্রধানত প্রভাবিত হবে আবেগ দ্বারা। একটা বৈপরীত্য ও দ্বন্দ্ব আপনার মধ্যে কাজ করবে। মৌলিক ও নতুন চিন্তাধারায় সহজে আকৃষ্ট হবেন। কোন বাধা আটকাতে পারবে না। অতিরিক্ত উৎসাহ ক্ষতির কারণ হতে পারে। নিজের কর্তৃত্ব বজায় রাখার জন্যে জঙ্গী হয়ে উঠতে পারেন।

পেশা : সৃজনশীল ও জনপেশায়, ইঞ্জিনিয়ার, ডাক্তার, টেকনিশিয়ান ও সৈনিক হিসাবে ভাল করবেন। অস্থিরতার জন্যে কয়েকবার পেশা পরিবর্তন হতে পারে।

প্রেম : আপনার সহজাত রোমান্টিক কল্পনা পারিবারিক জীবনে ঝামেলা সৃষ্টির কারণ হতে পারে। আবেগ নিয়ন্ত্রণ করতে না পারলে দাম্পত্য জীবনে সুখী হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল সেডের সবুজ, পীত, সাদা, গোলাপী ও লাল। **ধাতু** লোহা ও রূপা। **রত্ন :** রক্তপ্রবাল, শ্বেত প্রবাল, মুক্তো। **সংখ্যা** ২ ও ৯। **দিন** সোম ও

মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এমিল জোলা, হ্যান্স ক্রিশ্চিয়ান এণ্ডারসন, চিন্তাবিদ হাসান-আল-বান্না, ওস্তাদ মোহাম্মদ হোসেন খসরু, এলেক গিনিস, এ. এফ. এম. মাহমুদ আল ফরিদ।

এপ্রিল ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ৩। বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী ও স্বাধীনচেতা। নিজস্ব মতে অটল। সবকিছুর শীর্ষে ওঠাই আপনার লক্ষ্য। আপনি উচ্চাভিলাষী। সাংগঠনিক ও প্রশাসনিক দক্ষতা রয়েছে আপনার মধ্যে। নিজের কর্তৃত্ব বজায় রাখার জন্যে কোন পদক্ষেপেই পিছপা নন। চিন্তার দিক থেকে প্রগতিশীল ও জঙ্গী। প্রভাবশালী ব্যক্তিদের সাথে সহজেই বন্ধুত্ব করতে পারেন। ভাগ্যবিড়ম্বিতদের প্রতিও সহযোগিতার হাত প্রসারিত করতে দেরি করেন না। এ সত্ত্বেও আপনাকে মারাত্মক শত্রুতার সম্মুখীন হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, বিচার, আইন, বিজ্ঞান ও সেনাবাহিনীর সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা সম্পদ বৃদ্ধির সহায়ক হবে।

প্রেম : কর্তৃত্বপরায়ণ মনোভাবের জন্যে পারিবারিক শান্তি বিঘ্নিত হতে পারে। দাম্পত্য জীবনে সুখী হতে হলে সহনশীলতা ও সমঝোতার পথ অবলম্বন করতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, লালচে বেগুনী, নীল, মেরুন ও লাল। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও রক্তপ্রবাল। **সংখ্যা** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী ওয়াশিংটন আর্ভিং, ফিল্ড মার্শাল মানেকশ, স্থপতি ফজলুর রহমান খান, অভিনেতা মার্লোন ব্রাণ্ডো, এডি মারফি, অভিনেতা আলমগীর, আলী রিয়াজ।

এপ্রিল ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর মঙ্গল ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি নিজস্ব চিন্তা-ভাবনাও স্বকীয় বৈশিষ্ট্যমণ্ডিত। সৃজনশীল ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। নিজের মতে চলতে চান। অন্যের পরামর্শ আপনাকে সহজেই প্রভাবিত করতে পারে। কৌশলের অভাব হওয়ায় সরাসরি বিরোধে জড়িয়ে পড়ার প্রবণতা আছে। পড়াশুনা ও মানসিক শ্রমের প্রতি আপনি আগ্রহী। পরিচিতরা আপনাকে ভুল বুঝবে। নিজেও একটা দ্বন্দ্বে ভুগতে পারেন। সাফল্য ও ব্যর্থতা আপনার জীবনে আসবে পর্যায়ক্রমে।

পেশা : আপনি কারিগরি, সৃজনশীল পেশা, আইন, সাংবাদিকতা ও রাজনীতিতে ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনার ব্যক্তিচরিত্রের একটা দুর্বোধ্য দিকের জন্য প্রিয়জনও আপনাকে ভুল বুঝতে পারে। পারিবারিক শান্তির জন্য আপনাকে কৌশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, গোলাপী ও লাল। **ধাতু :** লোহা ও ইউরেনিয়াম। **রত্ন :** সিলোনী গোমেদ ও পোখরাজ। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : আবিষ্কারক উইলিয়াম সিমেন্স, গায়িকা সানজিদা খাতুন, কালাম মাহমুদ, অভিনেতা আবুল খায়ের, যাদুকর জুয়েল আইচ, অ্যান্থনি পার্কিন্স, কাজী জাওয়াদ, ফারুক

চৌধুরী।

এপ্রিল ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, বুদ্ধিমান ও চতুর। দ্রুত চিন্তা করতে, কথা বলতে ও কাজ করতে পারেন। যে কোন বিষয় আপনি সহজেই আয়ত্ত করতে পারেন। আপনার প্রতিভাকে সুনির্দিষ্ট লক্ষ্যে কাজে লাগাতে হবে। স্পষ্টবাদিতার পরিবর্তে আপনাকে কৌশলী হতে হবে। আপনার গুণের বিকাশ ঘটলে বিরাট সাফল্যের অধিকারী হতে পারেন। আর দোষগুলো জীবনে প্রাধান্য পেলে ধ্বংসের অতলে নিক্ষিপ্ত হবেন।

পেশা : আপনি আইনবিদ, শিল্পী, সাংবাদিক, করিগর হিসেবে এবং সৃজনশীল ও বৈচিত্র্যমণ্ডিত পেশায় ভাল করবেন। ব্যবসা আপনার জন্য লাভজনক হবে।

প্রেম : বিপরীত লিঙ্গে সহজে আকৃষ্ট হলেও আপনার নৈর্ব্যক্তিক আচরণ ঘনিষ্ঠ সম্পর্ক সৃষ্টির অন্তরায় হতে পারে। পারিবারিক জীবনেও এটা সমস্যার কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের হালকা উজ্জ্বল রং, আকাশী, গোলাপী ও লাল। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ১, ৫, ৯, ১০, ১৪, ১৮, ১৯, ২৩, ২৭, ২৮।

ব্যক্তিত্ব : কবি এলগারনন সুইনবার্ন, অভিনেতা বেটি ডেভিস, গ্রেগরী পেগ, সাহিত্যিক আর্থার হেইলি, শিল্পপতি এ. কে. খান, জগজীবন রাম, দার্শনিক থমাস হবস।

এপ্রিল ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্নেহপ্রবণ, দয়ালু ও প্রাণশক্তিতে উজ্জীবিত। আপনার হৃদয় উষ্ণ। বিপরীত লিঙ্গের প্রতি রয়েছে সহজাত আকর্ষণ। আপনি মিশুক ও সামাজিক। সহজেই বন্ধুত্ব করতে পারেন। আরাম-আয়েশ ও বিলাস-ব্যসনের প্রতি ঝোঁক রয়েছ। জীবনকে আপনি উপভোগ করতে চান। আপনার মন শিল্প সচেতন। অমিতাচার, বিনোদন ও ভ্রমণের নেশা আপনাকে পেয়ে বসতে পারে। আপনাকে মিতব্যয়ী ও সংযমী হতে হবে।

পেশা : আপনি লেখক, গায়ক, শিল্পী, জনসংযোগ ও বিনোদনমূলক পেশায় ভাল করবেন। জুয়া ও ফটকাবাজারীর দিকে আপনার ঝোঁক থাকতে পারে। হিসেবী না হলে শেষ বয়সে কষ্ট করতে হবে।

প্রেম : আবেগপ্রবণ সিদ্ধান্ত অল্প বয়সে বিয়ের কারণ হতে পারে। তবে তেমন বিয়ে সুখকর হওয়ার সম্ভাবনা কম। অপেক্ষাকৃত বেশি বয়সে বিয়েই ভাল।

শুভ রং : সকল শেডের নীল, বেগুনী, গোলাপী, লাল ও মেরুন। **ধাতু :** লোহা ও তামা। **রত্ন :** সিলোনী গোমেদ ও পান্না। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : যাদুকর হ্যারি হুডনি, অভিযাত্রী রবার্ট পেইরী, সৈয়দ আমীর আলী, চিত্র শিল্পী রাফায়েল, দীলিপ ভেঙ্ক সরকার, আন্দ্রে প্রেভিন, বিজ্ঞানী ফিওডোর লিনেন, বিমান নির্মাতা এন্থনি ফকার।

এপ্রিল ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগ ও অনুভূতিপ্রবণ। সব ব্যাপারেই আপনার নিজস্ব ধ্যান-ধারণা রয়েছে। আপনি অনেকটা খেয়ালী। বাইরে থেকে আপনাকে বোঝা মুশকিল। আপনার জীবন ধারাও অন্যদের চেয়ে আলাদা। অতীন্দ্রিয় ও রহস্যের জগতের প্রতি আপনার আকর্ষণ তীব্র। আপনি অস্থির। পারিপার্শ্বিকতার পরিবর্তন চান। ভ্রমণ করতে চান। সৃজনশীলতা, শিল্পকলা বিশেষত সঙ্গীতের প্রতি আপনার আকর্ষণ দুর্নিবার। প্রায়ই আপনি ভুল বুঝাবুঝির শিকার হাতে পারেন।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সঙ্গীত, অভিনয়, এস্ট্রলজী, চিকিৎসা ও প্রকৌশলের সাথে জড়িত পেশায় ভাল করবেন। বৈদেশিক ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি রোমান্টিক ও অনুভূতিপ্রবণ। বিপরীত লিঙ্গের সদস্যরা আপনার প্রতি সহজই আকৃষ্ট হবে। পারিবারিক জীবনে এ আকর্ষণ ঝামেলার সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, পীত, ক্রীম, সাদা, গোলাপী, হরিদ্রাভ, লাল। ধাতু : লোহা ও রূপা। রত্ন : রক্ত প্রবাল, জেড ও ক্যাটসআই। সংখ্যা : ৭ ও ৯। দিন : সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : কবি উইলিয়াম ওয়ার্ডথ ওয়ার্থ, ডেভিস ফ্রস্ট, ফান্সিস কপোলা, সিতার-বাদক রবি সঙ্কর। অভিনেতা মাহমুদ কলি, কবি গ্রিবরিলা মিসট্রাল, অভিনেতা জিতেন্দ্র, উপস্থাপক সানজিদা আকতার।

এপ্রিল ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্ম গ্রহণ করায় আপনি সাহসী ও উচ্চাভিলাষী। বড় ধরনের পরিকল্পনায় আগ্রহী। অধ্যবসায় ও দৃঢ়তা আপনার চরিত্রের বড়গুণ। পরিকল্পনা বাস্তবায়নে নানা বাধার সম্মুখীন হবেন। জীবনের প্রথম অর্ধেক প্রতিকূল পরিস্থিতির বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। আপনি একটু চাপা ও সন্দেহপ্রবণ। তাই লোকজন আপনাকে ভুল বুঝতে পারে। সকল পরিকল্পনা ও কাজে সতর্কতা ও বুদ্ধিমত্তার পরিচয় দিতে পারলে আপনি সাফল্য লাভ করবেন। দুর্ঘটনা প্রবণতা থেকে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি কারিগরি, আইন, চিকিৎসা ও ভ্রমণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা ও শিল্প-কারখানা পরিচালনাও লাভজনক হবে।

প্রেম : প্রিয়জনের কাছে নিজেকে যথার্থভাবে ব্যক্ত করা কঠিন হতে পারে। অপেক্ষাকৃত বেশি বয়সে বিয়ে করাই আপনার জন্যে ভাল।

শুভ রং : সকল শেডের কালচে লাল, ধূসর, নীল, গোলাপী, বেগুনী। ধাতু : লোহা ও সীসা। রত্ন : সিলোনী গোমেদ ও ইন্দ্রনীলা। গুরুত্বপূর্ণ সংখ্যা : ৮ ও ৯। গুরুত্বপূর্ণ দিন : শনি ও মঙ্গলবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী ম্যালভিন কেলভিন, প্রধানমন্ত্রী আয়ান স্মীথ, সাংবাদিক আব্দুল খালেক, স্থপতি রিচার্ড নিউট্রা, জন গাভিন।

এপ্রিল ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। রাশি

ও সংখ্যা দুই দিক থেকেই আপনার উপর মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় চিন্তা ও কর্মে আপনি স্বাধীন। আপনি সাহসী । নিঃসঙ্কচিত্তে নিজের মত ব্যক্ত করেন। কারও কর্তৃত্ব মানতে চান না। সহজেই উত্তেজিত হয়ে পড়েন। মুহূর্তের আবেগে আপনি বিতর্ক এমনকি সংঘাতেও জড়িয়ে পড়তে পারেন। আবেগ প্রবণতা ও বেপরোয়া মনোভাবের জন্য প্রায়ই দুর্ঘটনা ঘটতে পারে। অন্যকে প্রভাবিত করার ও নেতৃত্ব করার ক্ষমতা প্রবল। ধৈর্যশীল ও কুশলী হলে জীবনে আপনার সাফল্য কেউ আটকে রাখতে পারবে না।

পেশা : আপনি সৈনিক, অভিযাত্রী, ক্রীড়া, অভিনয়, রাজনীতি ও জনপেশায় ভাল করবেন। পেশাগত জীবনে অনেক শত্রুতা আপনাকে মোকাবিলা করতে হতে পারে।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের নিকট সহজেই প্রিয় হয়ে উঠবেন। অন্যদের চেয়ে বেশিসংখ্যক প্রেমে জড়িয়ে পড়তে পারেন। তবে পারিবারিক জীবনে দ্বন্দ্বসংঘাত কাটানো কঠিন হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, খয়েরী, মেরুন, গোলাপী, নীল। **ধাতু :** ইস্পাত। **রত্ন:** সিলোনী গোমেদ, রুবী, রক্ত প্রবাল। **সংখ্যা :** ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১. ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : ফিল্ড মার্শাল লুডেনড্রফ, অভিনেত্রী ম্যারী পিকফোর্ড, গায়ক পল ববসন, আয়াতুল্লাহ খোমেনী, রোকনুজ্জামান খান দাদাভাই, জঁা পলবেল মন্ডো, হিউ হেফনার।

এপ্রিল ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্ম গ্রহণ করায় আপনি মেধাবী, সৃজনশীল ও উচ্চাভিলাষী। ধ্যান-ধারণায় আপনি উদার ও প্রগতিশীল। আপনার সাহস আছে। সহজেই প্রভাবিত করতে পারেন। লক্ষ্য অর্জনে আপনি যেমন দৃঢ়প্রতিজ্ঞ, তেমনি আপনি চান সবার মধ্যমণি হয়ে থাকতে। বাধা ও চ্যালেঞ্জ মোকাবিলায় আপনি শঙ্কাহীন। আপনি কর্মঠ। আর ঘরের বাইরের কাজেই বেশি আগ্রহী। জীবনে অনেক শত্রুতার সম্মুখীন হবেন। দুর্ঘটনা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি ডাক্তার, সাংবাদিক, আইনবিদ, সৈনিক, রাজনীতিক, ইঞ্জিনিয়ার ও জনপেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি স্নেহপরায়ণ, মায়া ও মমতার বন্ধনে সহজে আটকা পড়তে পারেন। প্রেম ও পারিবারিক শান্তির জন্য আপনাকে বেশ ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, গোলাপী, মেরুন ও লাল। **ধাতু :** লোহা ও সোনা। **রত্ন :** হীরক ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ১ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার । **তারিখ:** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সাংবাদিক জোসেফ পুলিটজার, ডাক্তার হ্যানিম্যান, ওমর শরীফ, ফটোগ্রাফার এম. এ. মবিন, চিকিৎসাবিদ বার্নার্ডো হোসি।

এপ্রিল ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, কল্পনাপ্রবণ ও রোমান্টিক। আপনার সবকিছু

প্রধানত আবেগ ও উদ্দীপনা দ্বারা নিয়ন্ত্রিত। তবে কল্পনার সাথে সাথে আপনার আছে কর্মশক্তি, ভাবের সাথে আছে দৃঢ়তা। যে কোন বাধা সরাসরি প্রতিহত করার ক্ষমতা আছে আপনার। মনের মাঝে দ্বন্দ্ব আছে আপনার। তা ছাড়া কর্ম জীবনেও আপনি অনেক দ্বন্দ্ব, সংঘাত ও চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারেন। সাফল্য লাভের জন্যে আপনাকে ধৈর্যশীল ও সংযমী হতে হবে।

পেশা : আপনি জনসংযোগমূলক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। ডাক্তার, টেকনিশিয়ান, আইনবিদ ও রাজনীতিক হিসেবেও আপনার সম্ভাবনা প্রচুর। মানসিক অস্থিরতা পেশা পরিবর্তনের কারণ হতে পারে।

প্রেম : আপনি রোমান্টিক হলেও আপনার মেজাজ পারিবারিক ও দাম্পত্য জীবনে সুখের অন্তরায় হতে পারে। হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা দমন করতে হবে।

শুভ রং : সকল শেডের পীত, সাদা, সবুজ, গোলাপী, লাল। **ধাতু :** লোহা ও রূপা। **রত্ন :** রক্তপ্রবাল, মুনস্টোন। **সংখ্যা :** ২ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ উইলিয়াম ক্যাম্পবেল, ফটোগ্রাফার বিজন সরকার, সুরকার আলবার্তো জিন্সতেরা, কবি আতিলা জোসেফ।

এপ্রিল ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্ম গ্রহণ করায় আপনি মেধাবী, প্রত্যুৎপন্নমতি, সাহসী ও স্বাধীনচেতা। আপনি উচ্চাভিলাষী। আপনার সাফল্য আসবে বিচিত্র পথে, অপ্রত্যাশিত পন্থায়। আপনি অনেকটা মেজাজী। নিজের মতে অটল। কর্তৃত্ব বজায় রাখার জন্যে কোন পদক্ষেপেই পিছপা নন। এ জন্যে আপনি অনেক শত্রুতার সম্মুখীন হতে পারেন। আপনি চিন্তায় প্রগতিশীল। সাংগঠনিক ও প্রশাসনিক গুণ আছে আপনার। একটু কৌশলী ও সহনশীল হলে জীবনে লক্ষ্যে পৌঁছতে কোন বেগ পেতে হবে না।

পেশা : আপনি আইন, বিচার, প্রশাসন, বাণিজ্যিক প্রশাসন, বিজ্ঞান ও কারিগরি পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্যে শুভ।

প্রেম : আপনার মেজাজী ও আবেগ প্রবণ দৃষ্টিভঙ্গি পারিবারিক ও দাম্পত্য শান্তির অন্তরায় হতে পারে। প্রিয়জনের সাথে আপনাকে সহনশীল ও সমঝোতার পথে চলতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, লালচে বেগুনী, মেরুন, গোলাপী, লাল। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট, সিলোনী গোমেদ । **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : পপগায়ক ডেভিড ক্যাসিডি, গণিতজ্ঞ ফার্ডিনাণ্ড লিণ্ডেমান, রাজনীতিক শিরিন আকতার, প্রাণীবিদ রিচার্ড গোল্ড স্মীথ, সৈয়দ আল ফারুক।

এপ্রিল ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, সৃজনশীল, উদ্ভাবনী ক্ষমতার অধিকারী। পড়াশোনা ও মানসিক শ্রমের প্রতি আপনার আগ্রহ অসীম। জীবন ও জগৎ সম্পর্কে আপনার রয়েছে নিজস্ব ধ্যান-ধারণা। সহজে আপনাকে প্রভাবিত করা যায় না। পরস্পর

বিরোধী গুণের জন্য পরিচিতরা আপনাকে ভুল বুঝবে। সাফল্য ও ব্যর্থতা পর্যায়ক্রমিক আবর্তন ঘটবে আপনার জীবনে।

পেশা : আপনি কারিগরি, প্রকৌশল, আইন, সাংবাদিকতা ও সৃজনশীল পেশায় ভাল করবেন। ব্যক্তিত্বের সংঘাত একাধিক পেশা পরিবর্তনের কারণ হতে পারে।

প্রেম : আপনার ব্যক্তি চরিত্রের জটিলতা ও দুর্বোধ্যতা দাম্পত্য সমস্যার সৃষ্টি করতে পারে। পারিবারিক জীবনে আপনাকে আরও সহজ ও দিলখোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী, মেরুন ও লাল। **ধাতু :** লোহা ও ইউরেনিয়াম। **রত্ন :** সিলোনী গোমেদ, ওপাল । **সংখ্যা :** ৪ ও ৯। **দিন** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯,. ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মার্কিন প্রেসিডেন্ট টমাস জেফারসন, বিজ্ঞানী ওয়ার্ডসন ওয়াট, দাবাড়ু গ্যারি কাসপারভ, নাট্যকার স্যামুয়েল ব্যাকেট, পরিচালক আজমল হুদা মিঠু, হাওয়ার্ড কিল, কবি মর্তিনেজ গঞ্জালেস।

এপ্রিল ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির ও মেধাবী। আপনি বুদ্ধিদৃপ্ত ও বিশ্লেষণী ক্ষমতার অধিকারী। দ্রুত চিন্তা ও কাজ করতে পারেন। যে কোন বিষয় সহজে আয়ত্ত করতে পারেন। আপনার স্মরণশক্তি ভাল। আপনি উদারমনা, তবে চ্যালেঞ্জ গ্রহণ করতে ভালবাসেন। মানুষকে সহজে প্রভাবিত করতে পারেন। মানসিক দৃঢ়তা দ্বারা নিজের গুণাবলীকে নির্দিষ্ট লক্ষ্যাভিসারী করতে পারলে সাফল্যের পথ কেউ রোধ করতে পারবে না।

পেশা: আপনি সৃজনশীল, জনপেশায়, আইনবিদ, ইঞ্জিনিয়ার, মেকানিকস, অভিযাত্রী, লেখক হিসাবে ভাল করবেন। ব্যবসাও আপনার জন্যে সম্ভাবনাময়।

প্রেম : আপনার বৈচিত্র্যপ্রিয়তা ও বহির্মুখী জীবন দাম্পত্য সাফল্যের সম্ভাবনাকে কুয়াশাচ্ছন্ন করে তুলতে পারে। পারিবারিক ক্ষেত্রে আপনাকে ধৈর্যশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, গোলাপী, বেগুনী, লাল। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও সিলোনী গোমেদ । **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ১, ৫, ৯, ১০, ১৪, ১৮, ১৯, ২৩, ২৭, ২৮।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী ক্রিশ্চিয়ান হিউজেনস, ওস্তাদ আলী আকবর খান, ড. আম্বেদকর, ঐতিহাসিক আর্নল্ড টয়েনবি, প্রেসিডেন্ট সাদলি বেনজাদিদ, জুলি ক্রিস্টি, সায্যাদ কাদির, শিল্পপতি তাজুল ইসলাম, শিল্পী মহিউদ্দীন।

এপ্রিল ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। বৃষের কিছু প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক সৃজনশীলতার অধিকারী। আপনি মিশুক, সামাজিক, দয়ালু। সহজেই বন্ধুত্ব করতে পারেন। বিপরীত লিঙ্গের প্রতিও রয়েছে আপনার সহজাত আকর্ষণ। আরাম-আয়েশ আপনার পছন্দ। আপনি ভ্রমণ ও বৈচিত্র্য ভালবাসেন। আপনার মধ্যে প্রাণপ্রাচুর্য রয়েছে কিন্তু অমিতাচার ও ইন্দ্রিয় সুখ স্পৃহা আপনার মারাত্মক ক্ষতির কারণ হতে পারে।

পেশা : আপনি শিল্পী, লেখক, গায়ক, জনসংযোগ ও বিনোদনমূলক পেশায় ভাল

করবেন। জুয়ার নেশা আপনাকে পেয়ে বসতে পারে। আর্থিক প্রশ্নে হিসেবী ও সাবধানী না হলে শেষ বয়সে কষ্ট হতে পারে।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ। তাছাড়া স্নেহ-মমতার বন্ধনে আপনি সহজে জড়িয়ে পড়েন। বিয়ের পরও প্রেম আপনার দাম্পত্য সুখের অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, কমলা, গোলাপী, লাল। **ধাতু :** লোহা ও তামা। **রত্ন** পান্না ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : অমর শিল্পী লিওনার্দো দ্য ভিঞ্চি, কথাশিল্পী হেনরী জেমস, দার্শনিক টমাস হব্‌স, গুরু নানক, তুর্কী স্থপতি সিনান, গণিতজ্ঞ হারমেন গ্রাসমান. পদার্থবিদ জোহান্স স্টার্ক।

এপ্রিল ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। বৃষের প্রভাব রয়েছে। জন্ম সংখ্যা ৭। আপনার ওপর মঙ্গল ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি খেয়ালী ও মেধাবী। নিজস্ব ধ্যান-ধারণায় আবেগ অনুভূতি দ্বারাই আপনি পরিচালিত হন। সৃজনশীল, সঙ্গীত, অতীন্দ্রিয় ও রহস্য জগতের প্রতি আপনার আকর্ষণ তীব্র। আপনি অস্থির পারিপার্শ্বিকতার পরিবর্তন চান। ভ্রমণ ও বৈচিত্র আপনার প্রিয়। বাইরে থেকে আপনাকে কখনোই পুরোপুরি বোঝা যাবে না। আপনার জীবনধারা একটু আলাদা। প্রায়ই আপনি ভুল বুঝাবুঝির শিকার হতে পারেন।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সঙ্গীত, অভিনয়, রাজনীতি, চিকিৎসা ও প্রকৌশলের সাথে জড়িত পেশায় ভাল করবেন। বৈদেশিক বাণিজ্য আপনার জন্য সম্ভাবনাময়।

প্রেম : আপনি রোমান্টিক ও অনুভূতি প্রবণ। বিপরীত লিঙ্গের সদস্যের প্রতি সহজেই আপনি আকৃষ্ট হন। পারিবারিক জীবনে এই আকর্ষণ ঝামেলা বাড়াতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, পীত, ক্রীম, গোলাপী, লাল। **ধাতু :** লোহা ও রূপা। **রত্ন :** রক্তপ্রবাল, ক্যাটস আই। **সংখ্যা :** ৭ ও ৯। **দিন** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : অভিনেতা চার্লি চ্যাপলিন, পিটার উস্তিনভ, সাংবাদিক আবেদ খান, আনাতোল ফ্রাঁস, কবি হাফিজ, রাজনীতিক মুজাহেদুল ইসলাম সেলিম।

এপ্রিল ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। বৃষের প্রভাব আছে। জন্ম সংখ্যা ৮। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ প্রখর। আপনি উচ্চাভিলাষী ও লক্ষ্যে অবিচল। কিন্তু প্রাথমিক জীবনে পরিস্থিতি আপনার ভাগ্য উন্নয়নের অনুকূল নাও হতে পারে। অন্যের জন্য ত্যাগ স্বীকার করতে গিয়ে নিজের অগ্রগতি ব্যাহত হতে পারে। আপনি সতর্ক, সঞ্চয়ী ও চাপা। সহজে অন্যের সাথে মিশতে পারেন না, পরিকল্পনা ও অধ্যবসায় আপনার জীবনকে সফল করে তুলবে।

পেশা : আপনি কারিগরি, ইঞ্জিনিয়ারিং, নির্মাণ, আইন, চিকিৎসা ও সৃজনশীল পেশায় ভাল করবেন। ব্যবসা ও শিল্প কারখানাও লাভজনক হবে।

প্রেম : আপনি চাপা। তাই প্রেম ও রোমান্সে ভুল বুঝাবুঝির সম্মুখীন হতে পারেন। বিয়ের ব্যাপারে আবেগপ্রবণ সিদ্ধান্ত অনেক ঝামেলার কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের গাঢ় নীল, ধূসর, কমলা, খয়েরী, মেরুন, কালচে লাল। **ধাতু:** লোহা ও সীসা। **রত্ন :** সিলোনী গোমেদ ও নীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৮ ও ৯। **দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১।

ব্যক্তিত্ব : পুঁজিপতি জে. পি. মরগান, রাজনীতিবিদ শ্রীমাভো বন্দরনায়েক, নিকিতা ক্রুশ্চেভ, জেমস্ গারনার, উইলিয়াম হোলডেন, সাহিত্যিক থর্নটন ওয়াইল্ডার, রাজনীতিক নুহ-উল-আলম লেনিন।

এপ্রিল ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। বৃষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৯। সংখ্যা ও রাশি দুই দিক থেকেই আপনার ওপর মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মেষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ, সাহসী, নির্ভীক, স্পষ্টবাদী, বেপরোয়া ধৈর্যহীন ও অস্থির। সহজেই উত্তেজিত হয়ে বিতর্ক বা সংঘাতে জড়িয়ে পড়তে পারেন। কারও কর্তৃত্ব মানতে চান না। স্বাধীনতা আপনার প্রিয়। অন্যকে সহজে প্রভাবিত করতে পারেন। নেতৃত্বদানের যোগ্যতাও আছে আপনার। আপনি দুর্ঘটনাপ্রবণ। ধীরস্থির ও কৌশলী হলে জীবনে আপনি সফল হবেন।

পেশা : আপনি সৈনিক, সাংবাদিক, ক্রীড়াবিদ, অভিযাত্রী, অভিনয়, রাজনীতি ও জনপেশায় ভাল করবেন। পেশাগত ক্ষেত্রে যে কোন চ্যালেঞ্জ মোকাবিলায় কখনও পিছপা হবেন না।

প্রেম : সুন্দরের প্রতি দুর্বলতা আপনার সহজাত। একাধিক প্রেমে জড়িত হওয়ার সম্ভাবনা আছে আপনার। পারিবারিক সংঘাত সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, ম্যাজেন্টা, কমলা, মেরুন, খয়েরী। **ধাতু :** ইস্পাত। **রত্ন** রুবী ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৯। **দিন** : মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : আবদুল্লাহ আল মনসুর, ইকবাল সোবহান চৌধুরী, পদার্থ বিজ্ঞানী মাউরিক গোল্ডহোবার।

এপ্রিল ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মেষ রাশির জাতক। বৃষের প্রভাব আছে। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মেষের বৈশিষ্ট্য বৃষ দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, উদার, উচ্চাভিলাষী, সাহসী ও প্রগতিশীল। আপনি বুদ্ধিমান ও মেধাবী। সহজেই মানুষকে প্রভাবিত করতে পারেন। নেতৃত্বের আকাঙ্ক্ষা আপনার মধ্যে প্রবল। লক্ষ্যে আপনি অবিচল। কোন চ্যালেঞ্জ বা বাধা মোকাবিলায় আপনি শঙ্কিত নন। আপনার জীবনের গতি বহির্মুখী। শত্রুতা ও দুর্ঘটনা সম্পর্কে সতর্ক থাকতে হবে। উদ্যম ও কর্মস্পৃহার সাথে সাথে আপনাকে কুশলী হতে হবে।

পেশা : আপনি সৈনিক, সাংবাদিক, আইনবিদ, ইঞ্জিনিয়ার, রাজনীতিক, চিকিৎসা ও জনপেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা ও শিল্প উদ্যোগ লাভজনক হবে।

প্রেম : স্নেহ-মমতা আপনাকে সহজেই দুর্বল করে দেয়। একাধিক প্রেমে পড়তে পারেন। পারিবারিক ও দাম্পত্য শান্তির জন্যে আপনাকে কুশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, পীত, গোলাপী, লাল। **ধাতু**

এদের কর্তব্য থেকে টলাতে পারে না। ধৈর্য ও সহিষ্ণুতা এদের জীবনে বরমাল্য নিয়ে আসে।

অর্থ ও কর্মজীবন

বৃষের জাতকের আর্থিক দূরদৃষ্টি প্রখর। এরা সবসময়ই প্রচুর অর্থ ও সম্পদের অধিকারী হতে চায়। আর এরা টাকা দিয়ে টাকা বানাতে জানে। সাধারণত এরা অর্থের ব্যাপারে ভাগ্যবান। অর্থ উপার্জনে এরা বৈষয়িক বুদ্ধিকে সার্থকভাবে কাজে লাগায়। ঠুনকো ও ভঙ্গুর জিনিসের চেয়ে স্থাবর ও স্থায়ী সম্পদের প্রতি এদের আকর্ষণ থাকলেও এরা কৃপণ নয়। বিলাস ও আরাম-আয়েশের জন্য খরচ করতে এরা হিসেব করে না। প্রিয়জনের জন্য খরচে এদের কার্পণ্য নেই।

বৃষের জাতক কর্মে নিরাপত্তা চায়। দীর্ঘ ও রুটিন মাফিক কাজ ও নিরাপদ আয়ের প্রতিশ্রুতি এদের পেশার প্রধান শর্ত। কর্তব্য সম্পাদন ও বিশ্বাস রক্ষায় এরা সজাগ। কাজের পুরস্কার হিসেবে এরা পেনশনের প্রতি বেশি আগ্রহী।

দীর্ঘমেয়াদী ও কম ঝুঁকিপূর্ণ ব্যবসায় এরা ভাল করে। যে কোন ব্যবসা বা অংশীদারীত্বে এরা দীর্ঘদিন ধৈর্যের সাথে লেগে থাকতে পারে। অংশীদার হিসেবে সবচেয়ে কঠিন কাজ নিজেরা নিতে কখনও পিছপা হয় না। অংশীদারদের আমানত এরা কখনও খেয়ানত করে না। কর্মচারী হিসেবে এরা মালিক ও পদস্থদের প্রতি বিশ্বস্ত ও অনুগত। যে কোন আদেশ বিশ্বস্ততার সাথে বাস্তবায়িত করে। মালিক বা কর্মকর্তা হিসেবে প্রশাসনিক দায়িত্ব সম্পাদনেও এদের কোন অসুবিধা হয় না। বৃষের জাতক ধীর, স্থির ও নিশ্চিত পদক্ষেপে সাফল্যের পথে এগিয়ে যায়। এদের জীবনে ছন্দপতন খুব কম ঘটে। এদের জীবন-প্রবাহে ২৪ ও ৪২ বছর বয়স অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শরীর ও স্বাস্থ্য

বৃষের জাতকের দেহের গড়ন মোটা ও চৌকো। উচ্চতা গড়পড়তা। অনেকে একটু বেঁটে। মাথা লম্বাটে। কখনও কখনও একটু গোলাকৃতির। মাথার পেছনের মধ্যাংশ একটু উঁচু। চুল মোটা, মোলায়েম ও শক্ত। অনেক সময় কোঁকড়ানো। কপাল কিছুটা গোলাকৃতির। কপালের নিম্নভাগ বেশ উন্নত। মুখাবয়ব গোলাকৃতির ও মাংসল। নাক একটু ছোট, কিন্তু নাসারন্ধ্র বড়। মুখ প্রশস্ত, ঠোঁট সুন্দর। কান মোলায়েম ও গোল। ভ্রূ একটু বাঁকানো। ঘাড় একটু ছোট ও মোটা। দাঁত ছোট ও সুষম। হাত বড় ও মাংসল। তালু নরম। এরা ধীরে ও বন্ধুসুলভ কথা বলে। এরা ধীরে হাঁটে। এদের ভারি ও শক্তিশালী মনে হলেও এরা ধীরে পা ফেলে। এদের অভিব্যক্তি সহজে পরিবর্তিত হয় না।

বৃষের জাতক মূলত শক্ত স্বাস্থ্যের অধিকারী। এদের দেহ প্রাণশক্তিতে ভরপুর। এরা খুব কমই গুরুতর অসুস্থ হয়। তবে এরা শারীরিক শক্তিকে নিয়ন্ত্রিত খাতে প্রবাহিত করতে পারে না। স্বাস্থ্যের ব্যাপারে অনেক সময়ই এরা বেপরোয়া মনোভাব প্রদর্শন করে। ভাবাবেগ গভীরভাবে আহত হলে এরা সহজেই অসুস্থ হয়ে পড়ে।

আর একবার অসুস্থ হলে এদের রোগমুক্ত হতে সময় লাগে। রোগী হিসেবে এরা ধৈর্যশীল। ডাক্তারের ওষুধের পরামর্শ মেনে চলতে এদের অসুবিধা হয় না।

বৃষের জাতক সাধারণভাবে নাক ও গলার অসুস্থতা, কানে ব্যথা, টনসিল, নাসারন্ধ্রে শ্লেষ্মা, উচ্চ রক্তচাপ, জননেন্দ্রীয় বা জরায়ুর রোগ ও মূত্রথলীর রোগে আক্রান্ত হতে পারে। এরা ভোজন বিলাসী। গুরুপাক খাবারের লোভ এরা সংবরণ করতে পারে না। তাই তারা বেশ মোটা হয়ে যেতে পারে। আলস্য ও ইন্দ্রিয় সুখপরায়ণতাও এদের অনেক রোগের উৎসে পরিণত হতে পারে। পারিপার্শ্বিকতার প্রভাব এদের ওপর সহজেই পড়ে। আর্দ্র ও অস্বস্তিকর পরিবেশে বাস করতে হলে এরা সহজেই বিষাদক্লিষ্টতায়

আক্রান্ত হয়। অতিরিক্ত পানাহার হৃদরোগেরও জন্ম দিতে পারে।

অধ্যবসায় ও দীর্ঘ শ্রম সাপেক্ষে ক্রীড়ায় বৃষের জাতক ভাল করে। এক্রোব্যাট হিসেবেও এরা সফল। খেলাধুলায় এরা প্রতিপক্ষকে ঘায়েল করে সাফল্য লাভ করতে চায়। সুস্বাস্থ্যের জন্য এদের গুরুপাক খাবার, মদ্যপান ও অতিরিক্ত ভোজন বাদ দিতে হবে। বেশি পানি পান, খাদ্যে সংযম ও যোগ ব্যায়াম এদের সুস্বাস্থ্য নিশ্চিত করতে পারে।

বৃষ পুরুষ

বৃষ পুরুষ সৌন্দর্যপ্রিয়। পোশাকে পরিপাটি। এদের ব্যক্তিত্বে এক ধরনের নাটকীয়তা রয়েছে। সুন্দরীদের প্রতি এরা সহজেই আকৃষ্ট হয়। এরা অল্প বয়সেই প্রেমে পড়ে। এরা জীবনে স্থায়ী প্রেম চায়। প্রেমে এরা বিশ্বস্ত। কোন অবহেলা বা অবজ্ঞা এদের বিশ্বাসের ভিত্তি নাড়াতে পারে না। এরা সবসময় প্রিয়জনের সান্নিধ্য চায়। প্রিয়জনের কাছে যাওয়ার জন্য এরা অতি তুচ্ছ অজুহাতও খাড়া করতে পারে। প্রেমে প্রতিদ্বন্দ্বিতা এরা সহ্য করতে পারে না। অত্যন্ত ঈর্ষাপরায়ণ হয়ে অযৌক্তিক ও সহিংস কিছু করে বসাও এদের জন্য বিচিত্র নয়।

স্বামী হিসেবে স্ত্রীকে এরা পুরোপুরি পেতে চায়। এদের যৌন অনুভূতি অত্যন্ত প্রবল। প্রেম ও যৌনতা এদের জন্য একটা জৈবিক ক্ষুধা। এজন্য এদের বিয়ে করতে সহজে উদ্বুদ্ধ করা যায়। কারণ এর মধ্যেই তারা তাদের জৈবিক ক্ষুধা পরিতৃপ্তির নিশ্চিত সুযোগ লাভ করে। তবে এরা পরিবারের ভরণ-পোষণে কোন কৃপণতা করে না। স্ত্রীকে সবসময় জৌলুসের মধ্যে, আরাম-আয়েশে রাখতে চায়। স্ত্রী সব সময় এদের আবেগ-ইচ্ছা পূরণে প্রস্তুত থাকলে এরা তার প্রতি অত্যন্ত অনুরক্ত থাকে। স্ত্রীর সাথে দৈহিক মিল হলে আর রসনা তৃপ্তিকর খাবার পেলে স্ত্রীর বহু দোষ-ত্রুটি এদের দৃষ্টিতে ধরা পড়ে না। ইন্দ্রিয় সুখপরায়ণ মহিলাদের এরা হচ্ছে আদর্শ স্বামী।

বৃষ মহিলা

বৃষ মহিলারা সাধারণত আকর্ষণীয় দেহ-বল্লরীর অধিকারী। এরা স্ফীতাবক্ষা। এরা সৌন্দর্য-প্রিয়। গান, নাচ ও জৌলুসের প্রতি আকৃষ্ট। এরা মিশুক ও সামাজিক। তাই পুরুষরা সহজেই এদের প্রতি আকৃষ্ট হয়, সহজেই এদের কাছে প্রেম নিবেদন করতে পারে। বলিষ্ঠ ও সুঠাম দেহের অধিকারী পুরুষের প্রতি এরা সহজেই আকৃষ্ট হয়। তবে নিরাপত্তাবোধের অভাব সব সময়ই এদের পেয়ে বসতে পারে। প্রেমিকের কাছ থেকে তাই এরা সব সময় নিরাপত্তা চায়। এরা প্রেমে অত্যন্ত নির্ভরযোগ্য।

স্ত্রী হিসেবে এরা স্বামীর প্রতি অত্যন্ত বিশ্বস্ত। গৃহকাজে এরা অত্যন্ত দক্ষ। সুস্বাদু খাবার তৈরিতে এদের জুড়ি মেলা ভার। এরা সামাজিকতা ভালবাসে। বন্ধু ও আত্মীয়দের সবসময় আপ্যায়িত করতে চায়। এদের বৈষয়িক বুদ্ধি প্রখর। এরা সাধারণভাবে ইন্দ্রিয় সুখপরায়ণ। স্বামীর কাছ থেকে আরাম-আয়েশের নিশ্চয়তা পেতে চায়। দৈহিক পরিতৃপ্তি ও নিরাপদ নিশ্চয়তা পেলে এরা স্বামীর বিশ্বস্ত সঙ্গী ও সেবিকায় পরিণত হতে পারে। তখন এরা স্বামীর যে কোন দোষকে উপেক্ষা করতে পারে। মা হিসেবে সন্তানের প্রতি এরা অত্যন্ত যত্নবান, সন্তানের কোন কিছুতে সহজে এদের ধৈর্যচ্যুতি ঘটে না।

অবসাদ নিরাময়ে

জীবনের প্রতি মুক্ত ও উদার দৃষ্টিভঙ্গি দ্বারা আপনি অবসাদ থেকে দূরে থাকতে পারেন। জৌলুস দেখে বিভ্রান্ত হবেন না। আপাত সুন্দর বহিরাবরণের পিছনে অসুন্দর লুকিয়ে থাকতে পারে। অলস ও হতাশ লোকদের এড়িয়ে চলুন। আপনার সহজাত শিল্পবোধকে

ঘর সাজানোর কাজে লাগান। আসবাবপত্রের স্থান পরিবর্তন করে এতে বৈচিত্র্য আনুন। বাগান করুন। প্রকৃতির সবুজের মাঝে নিজেকে কিছুক্ষণের জন্য হারিয়ে ফেলুন। আপনি একঘেয়েমি থেকে মুক্তি পাবেন। আর্থিক নিরাপত্তার স্থায়ী কিছু করার জন্য সবসময় নিজেকে নিয়োজিত রাখুন। নিরাপত্তা নিয়ে অহেতুক দুশ্চিন্তা করবেন না। তাহলেই আপনি জীবনে আনন্দ খুঁজে পাবেন।

ত্রুটিবিচ্যুতি

বৃষের জাতক অত্যন্ত আত্মকেন্দ্রিক, স্বার্থপর ও কর্তৃত্বপরায়ণ হতে পারে। অতিমাত্রায় রক্ষণশীলতার জন্য এরা নতুন ভাল জিনিসও প্রত্যাখ্যান করতে পারে। নিয়ম বা রুটিনের যেকোন পরিবর্তনে এরা ক্ষুব্ধ হতে পারে। এরা চরম গোয়ার্তুমির পরিচয় দিতে পারে। ইন্দ্রিয় সুখপরায়ণতা ও ভোগ বিলাস এদের মহৎ গুণাবলী বিকাশের অন্তরায় হতে পারে। আলস্য ও প্রারম্ভিক উদ্যমের অভাবে এদের অনেক সুযোগ হাতছাড়া হয়ে যেতে পারে। এরা কুসংস্কারাচ্ছন্ন, ঈর্ষাপরায়ণ, ক্ষমা করতে অক্ষম, মতে অনমনীয় ও লোভী হতে পারে। তবে সবগুলো বিচ্যুতি একত্রে একজনের মধ্যে খুব কম দেখা যায়।

পারস্পরিক সম্পর্ক

বৃষের জাতকের সাধারণ সম্পর্ক বেশ শান্তিপূর্ণ। বন্ধুদের প্রতি এরা বিশ্বস্ত। সাধারণভাবে বৃষ, কর্কট, কন্যা, মকর ও মীন রাশির জাতকের সাথে এদের ভাল মিল হয়। এ পাঁচ রাশির জাতকের সাথে এরা সহজে সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

সিংহ, বৃশ্চিক ও কুম্ভের জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি হতে পারে। এদের সাথে সম্পর্ক ধৈর্যশীল হতে হবে। বৃষ ও বৃশ্চিকের বিয়ে ফলপ্রসূ হতে পারে।

মেষ, মিথুন, তুলা ও ধনুর জাতকের সাথে সম্পর্কে বৃষের জাতককে কৌশলী ও ধৈর্যশীল হতে হবে। এ চার রাশির জাতকরা বৃষের জাতকের সাথে সম্পর্কে অনীহাও প্রদর্শন করতে পারে।

তাই আপনার পরিচিতদের বোঝার জন্যে তাদের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। এতে তাদেরকে বোঝা সহজ হবে।

এপ্রিল ২১

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৩। বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় মেধাবী, সাহসী ও উদ্যমশীল। নতুন কাজের দায়িত্ব ও নতুন চ্যালেঞ্জ গ্রহণে সদা প্রস্তুত। সাধারণ জ্ঞান ও বিচার-বুদ্ধি অত্যন্ত প্রখর। কঠোর শ্রম ও সাধনা করার ক্ষমতা আছে। যে কোন অন্যায় অবিচার আপনাকে ক্রুদ্ধ করে ক্ষুব্ধ করে। ব্যক্তিগত সাফল্যের মূল্য আপনার কাছে অনেক। মাঝ পথে থেমে যাওয়া বা জোড়াতালি দিয়ে চলা একেবারেই অপছন্দ।

পেশা : আপনি ধৈর্য, শ্রম ও নিরাপত্তা রয়েছে এমন পেশায় ভাল করবেন। অর্থ কোন জটিল সমস্যা হয়ে দাঁড়াবে না। নতুন চ্যালেঞ্জমূলক পেশায়ও ভাল করবেন।

প্রেম : আপনি মূলত আবেগ প্রবণ। তাই বিয়ের সিদ্ধান্ত নিতে ভুল করতে পারেন। একটা একাকিত্বের অনুভূতিও আপনার মধ্যে বিরাজ করতে পারে।

শুভ রং : সকল শেডের কমলা, নীল, বেগুনী, লাল। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন:** এমিথিস্ট, পান্না। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : রানী দ্বিতীয় এলিজাবেথ, পর্যটক বিশপ হেবার, এন্থনী কুইন, রসায়নবিদ পল বেয়ার, সমাজতত্ত্ববিদ ম্যাক্সওয়েবার, সাংবাদিক ফারুক ফয়সল।

এপ্রিল ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৪। ইউরেনাস ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে আপনার ওপর।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃষের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি ব্যক্তি স্বাতন্ত্র্যবাদী ও সাহসী। অনুসন্ধিৎসা প্রবল। নতুন ও অভিনবত্বের প্রতি আকর্ষণ রয়েছে। রসবোধও প্রখর। প্রতিষ্ঠিত ব্যক্তিদের সাথে যোগাযোগ জীবনের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ঠাণ্ডা মাথায় পরিকল্পনা করতে পারেন। তবে লক্ষ্যে উপনীত হওয়ার জন্যে কঠোর পরিশ্রম করতে হবে। আকস্মিক প্রতিকূলতা মাঝে মাঝে যাত্রাপথকে বিঘ্নিত করবে।

পেশা : আপনি কারিগরি, স্থাপত্য, হিসাব রক্ষণ, ব্যাঙ্কিং, প্রশাসন ও রাজনীতিতে ভাল করবেন। ব্যবসায়ে প্রাথমিক বাধার সম্মুখীন হলেও সাফল্য আসবে।

প্রেম : ব্যক্তিস্বাতন্ত্র্য ও বৈচিত্রের প্রতি আকর্ষণ বিবাহিত জীবনে সমস্যার সৃষ্টি করতে পারে। জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে সতর্ক থাকতে হবে।

শুভ রং: সকল শেডের আকাশী, হলুদ, কমলা, গোলাপী, ধূসর। **ধাতু :** তামা ও ইউরেনিয়াম। **রত্ন** পান্না ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৪ ও ৬। **দিন** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : রাষ্ট্রনায়ক লেনিন, ব্লাদিমির নভোকভ, ইমানুয়েল কান্ট, ইয়াহুদি মেনুহিন, জোবায়দা গুলশান আরা, বিজ্ঞানী রবার্ট ওপেন হেইমার, রসায়নবিদ ডোনাল্ড জেমস ক্রাম, সাংবাদিক রফিকুজ্জামান।

এপ্রিল ২৩

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৫। বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃষের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় অসাধারণ, অনুসন্ধিৎসা, বিচার বিশ্লেষণ ও পর্যবেক্ষণ ক্ষমতার অধিকারী। ধ্যান-ধারণায় মৌলিকত্ব আছে। তবে অন্যের দ্বারা প্রভাবিত ও পরিচালিত হওয়ার প্রবণতা আছে। তাই চমকপ্রদ কাজ করেও যথাযথ স্বীকৃতি নাও পেতে পারেন। সকল সমস্যা সমাধান করার ক্ষমতা আছে। নিজস্ব পরিকল্পনা অনুসারে নিজের নেতৃত্ব নিজে গ্রহণ করলেই বেশি সফল হবেন।

পেশা : আপনি শিল্পকলা, সৃজনশীল ও বুদ্ধিবৃত্তিক পেশা, ব্যাঙ্কিং ও প্রশাসনিক পেশায় ভাল করবেন। দীর্ঘমেয়াদী ব্যবসায়ও ভাল।

প্রেম : আপনার হৃদয়ের উষ্ণতা সম্পর্কেও প্রিয়জনদের মনে সন্দেহ সৃষ্টি হতে পারে। পারিবারিক জীবনে আরও মন খোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, বাদামী, হলুদ, কমলা, সাদা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** পান্না ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট জেমস বুকানন, ফিল্ড মার্শাল এলেন বি, বিজ্ঞানী ম্যাক্স প্ল্যাঙ্ক,

অভিনেতা লী মেজরস।

এপ্রিল ২৪

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৬ রাশি ও সংখ্যা উভয় দিক থেকে শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় বিনয়ী, মিশুক, সামাজিক, সৌন্দর্যপ্রিয় ও বিলাসী। সামাজিক ও কল্যাণমূলক কাজের সাথে সহজেই জড়িত হয়ে পড়েন। অন্যদের প্রভাবিত ও প্রশাসনিক কাজ পরিচালনা করার গুণ আছে। ধর্মীয় ব্যাপারেও আগ্রহ প্রবল। অন্যের কল্যাণমূলক কাজে নিজেকে নিয়োজিত করার মাধ্যমেই সবচেয়ে বেশি সুখ ও সাফল্যের অধিকারী হতে পারেন।

পেশা : আপনি প্রশাসন, হাসপাতাল প্রশাসন, চিকিৎসা, সমাজ কল্যাণ ও সৃজনশীল পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি একাধিক হালকা প্রেমে জড়িত হয়ে পড়তে পারেন। সত্যিকার প্রেমাস্পদ নির্বাচনে ভুল করতে পারেন। এক্ষেত্রে হিসেবী ও সাবধানী হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, কমলা, সবুজ, ক্রীম, ফিরোজা, বেগুনী ও গোলাপী। **ধাতু :** তামা। **রত্ন :** পান্না ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এন্থনী ট্রলোপ, রবার্ট পেন ওয়ারেন, বারবারা স্টেইস্যাণ্ড, শার্লি ম্যাকলিন।

এপ্রিল ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, সামাজিক, সৃজনশীল ও দয়ালু এবং কিছুটা কল্পনাপ্রবণ ও বহির্মুখী। আপনার উদ্ভাবনী ক্ষমতা ও ইন্টুইশন প্রখর এবং ইতিহাস ও ঐতিহ্যের প্রতি ঝোঁক রয়েছে। যে কোন কারিগরি বিষয় আপনি সহজেই উপলব্ধি করতে পারেন। নিজের কথা সহজেই ব্যক্ত করতে পারেন। সহজে অন্যকে প্রভাবিত করতে পারেন। সবগুলো গুণকে কাজে লাগালে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি জনপেশা, রাজনীতি, কারিগরি, ব্যাঙ্কিং, ঠিকাদার ও স্থাবর সম্পত্তির ব্যবসায় ভাল করবেন। চিকিৎসা ও স্বাস্থ্যের সাথে জড়িত পেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার দৃষ্টিভঙ্গি দিগন্ত প্রসারী। বিয়ে আপনার কাছে এক সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে বন্দিত্ব বলে মনে হতে পারে। তাই একটু বেশি বয়সে বিয়েই আপনার জন্য ভাল।

শুভ রং : সকল শেডের সবুজ, কমলা, ক্রীম, নীল, হরিদ্রাভ, সাদা। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না ও ক্যাটসআই। **সংখ্যা :** ৬ ও ৭। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : বৃটিশ রাজনীতিক ক্রমওয়েল, বেতারযন্ত্র আবিষ্কারক মার্কুনি, বিজ্ঞানী উলফ গ্যাং পোওলি, আল প্যাসিনো, শিক্ষাবিদ মনোরঞ্জন সাহা, গায়িকা এলা ফিটজেরাল্ড।

এপ্রিল ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা

৮। আপনার ওপর শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল, বিনয়ী ও পরিশ্রমী। পারিবারিক সম্পর্কের ক্ষেত্রে আপনি চাপা ও সতর্ক। জীবনকে প্রভাবিত করতে পারে এমন বিষয়ে সিদ্ধান্তের ক্ষেত্রে আপনি ধীরস্থির। তবে সিদ্ধান্ত বাস্তবায়নে আপনি দৃঢ়প্রতিজ্ঞ, লক্ষ্যে অবিচল ও নিবেদিতপ্রাণ। সৌভাগ্য ও দুর্ভাগ্য আপনার জীবনে পর্যায়ক্রমে আসতে পারে। পরিচিতরা আপনাকে ভুল বুঝবে।

পেশা : আপনি প্রশাসনিক, কারিগরি, ব্যাঙ্কিং, নিলামকারী, সৃজনশীল পেশা ও রাজনীতিতে ভাল করবেন। দীর্ঘ শ্রম ও অধ্যবসায়সাপেক্ষ পেশায় আপনার জন্য ভাল।

প্রেম : আপনি স্নেহকাতর, ভালবাসা পেয়ে আনন্দিত হলেও পাল্টা সাড়া দিতে অক্ষম। বাইরে থেকে আপনাকে ঠাণ্ডা মনে হয়। দাম্পত্য সুখের পথে একটা অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, কমলা, ও গাঢ় রং। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** পান্না ও নীলা। **গরুত্বপূর্ণ সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও শুক্রবার। **তারিখ :** ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী অনিতা, লুই, ইরিকা জং, বার্নার্ড মেলমুড, কাজী আবদুল ওয়াদুদ, উইলিয়াম শেক্সপিয়ার, নেয়ামাল বশীর, ওস্তাদ আয়াত আলী খান, বিজ্ঞানী চার্লস রিখটার, রাজনীতিক সিং ম্যান রী।

এপ্রিল ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কর্মঠ, স্বাধীনচেতা ও দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী। আপনি দিলখোলা ও স্পষ্টভাষী। কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব আছে। আপনি মেধাবী, সংগঠন করার নেতৃত্ব দেয়ার গুণ আছে। আপনি উচ্চাভিলাষী, লক্ষ্য অর্জনে অনড়, অটল। জীবন সংগ্রামে আপনাকে অনেক ঘাত-প্রতিঘাত, শত্রুতা ও বাধার সম্মুখীন হতে হবে। আপনাকে ধৈর্যশীল, ধীরস্থির সতর্ক হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, ইঞ্জিনিয়ারিং, রাজনীতি, শিল্পকলা, লোহা-লক্কড়, সার্জারী ও স্থাবর সম্পত্তির সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : স্নেহ-মমতা ও প্রেম-ভালবাসায় নিজের পাওয়ার ব্যাপারে আপনি বেশি সচেতন। নিজেকে উজাড় করে ভালবাসুন। আপনি অনেক বেশি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের কমলা, নীল, গোলাপী, মেরুন, লাল। **ধাতু :** তামা ও লোহা। **রত্ন :** পান্না ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : মোর্স ফোর্ড আবিষ্কর্তা মোর্স। দার্শনিক হার্বার্ট স্পেন্সার, প্রকৌশলী এম শহীদুল্লাহ, আনুক আইমি, রোজী আফসারী।

এপ্রিল ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, আত্মনির্ভরশীল, উদার ও সহনশীল।

পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনি প্রতিশ্রুতিশীল। আপনার উদ্যম আছে, ধৈর্য আছে। অন্যের জন্যেও আপনি চিন্তা করেন, অন্যের উপকারে আসতে চান। এ জন্যে অনেক সময়ই অন্যের ঝামেলা আপনার কাঁধে এসে চাপতে পারে। শুধু অর্থ নয়, সময় ও মেধার ব্যাপারেও আপনার উদারতা অমিতাচারে পরিণত হতে পারে। জীবনে সাফল্যের জন্যে আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি ডাক্তার, আইনজীবী, ব্যাঙ্কিং, বিনিয়োগ, কারিগরি পেশা ও নিলামকারী হিসেবে ভাল করবেন। অপেক্ষাকৃত অল্পবয়সেই পেশা সম্পর্কে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে।

প্রেম : আপনার নিঃস্বার্থ মনোভাব বিপরীত লিঙ্গের অনেককেই আপনার প্রতি আকৃষ্ট করতে পারে। তবে সঙ্গী নির্বাচনে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, হরিদ্রাভ ও নীল। **ধাতু :** তামা ও সোনা। **রত্ন :** পান্না ও পোখরাজ। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মার্কিন প্রেসিডেন্ট জেমস মনরো, ড. হুমায়ুন আজাদ, জ্যাক নিকলসন, সাদ্দাম হোসাইন, উপন্যাসিক আলিস্টেয়ার ম্যাকলিন, যাদুকর এ. সি. সরকার, বিজ্ঞানী পিটার টেইল, গবেষক নুরুন্ নাহার রহমান, উজ্জ্বল।

এপ্রিল ২৯

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৌন্দর্য প্রিয়, কল্পনাপ্রবণ, রোমান্টিক ও সৃজনশীল। আপনি অনুভূতিপ্রবণ। এক ধরনের অস্থিরতা আপনার মধ্যে রয়েছে। মানবীয় ও ধর্মীয় ব্যাপারে আপনার আকর্ষণ রয়েছে। আপনি কিছুটা বিলাসী। জীবনের সব কিছুতেই আপনার পছন্দ-অপছন্দ রয়েছে। আপনার বন্ধুদের সংখ্যা সীমিত না হলে নিজের অগ্রগতির পরিকল্পনা বিঘ্নিত হবে। ভ্রমণের প্রতি আগ্রহ আপনার অভিজ্ঞতার ভাণ্ডারকে সমৃদ্ধ করবে।

পেশা : আপনি সৃজনশীল পেশায়, লেখক, সাংবাদিক, মনস্তাত্ত্বিক, শিক্ষাবিদ, গবেষক হিসেবে ভাল করবেন। জীবনে বেশ কয়েকবার পেশা পরিবর্তিত হতে পারে।

প্রেম : আপনি রোমান্টিক। বিপরীত লিঙ্গের সাথে নতুন যে কোন সম্পর্ককে বেশি মূল্য দেয়ার প্রবণতা রয়েছে আপনার। এর ফলে পারিবারিক জীবনে অশান্তির সৃষ্টি হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, নীল, ক্রীম, কমলা, ফিরোজা। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী রড ম্যাককুইন, সম্রাট হিরোহিতো, জুবিন মেহতা, জিয়া আনসারী, রসায়নবিদ হ্যারল্ড ইউরি।

এপ্রিল ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, বাস্তববাদী ও প্রাণ প্রাচুর্যে ভরপুর। আপনার

জ্ঞান ও বিচারবুদ্ধি প্রখর। আপনি পরিশ্রমী ও অধ্যবসায়ী। জীবনে সাফল্যের গুরুত্ব আপনার কাছে অনেক। লক্ষ্যে পৌঁছার জন্যে আপনি নিরলস। এ পথে কোন আপোস বা জোড়াতালিতে আপনি বিশ্বাস করেন না। তাই যে কোন চ্যালেঞ্জ গ্রহণে আপনি সদা প্রস্তুত। আপনি শান্তি চান। কিন্তু কোন অন্যায়-অবিচার আপনি মেনে নিতে পারেন না। তাই শত্রুতা ও সংঘাতের মুখোমুখি দাঁড়াতে হবে আপনাকে।

পেশা : আপনি প্রশাসনিক, ব্যাঙ্কিং, শিল্পকলা, আইন, দীর্ঘ মেয়াদী পরিকল্পনা ও পরিশ্রমযুক্ত পেশায় ভাল করবেন। অর্থ আপনার জন্য কোন জটিল সমস্যা হয়ে দাঁড়াবে না।

প্রেম : আপনি বাস্তববাদী হলেও সৌন্দর্য প্রিয় আর হৃদয়ের প্রশ্নে আবেগপ্রবণ। তাই জীবন সাথী নির্বাচনে ভুল করে বসতে পারেন। এ ব্যাপারে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের কমলা, নীল, বেগুনী, গোলাপী, হরিদ্রাভ। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট, পান্না। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ:** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : সুরকার ফ্রাঞ্জ লেহার, হল্যাণ্ডের রানী জুলিয়ানা, রবার্ট শ', সুরকার সুধীন দাশ, মুফাখখারুল ইসলাম, সাংবাদিক মোহাম্মদ নূরুল হুদা, চলচ্চিত্রকার শেখ নেয়ামত আলী, নিলুফার শাহনাজ।

মে ১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও বাস্তববাদী। সৃজনশীলতা ও নেতৃত্বের গুণাবলী রয়েছে আপনার মধ্যে। আপনি উদার ও সহনশীল, পর্যবেক্ষণ ও বিশ্লেষণে পারদর্শী। সিদ্ধান্ত গ্রহণে আত্মনির্ভরশীল। উদার, সাহস ও ধৈর্য আছে। পরিচিতদের অনেক ঝামেলাই আপনার কাঁধে চাপতে পারে। অমিতাচার ও ইন্দ্রিয়সুখপরায়ণতা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি ডাক্তার, অর্থ বিনিয়োগকারী, নিলামকারী ঠিকাদার, নির্মাতা, কারিগর হিসেবে ভাল করবেন।

প্রেম : পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে আপনার মনোভাব নিঃস্বার্থ। বিপরীত লিঙ্গের সাথে সহজেই বন্ধুত্ব গড়ে উঠতে পারে। তবে আপনাকে বন্ধুর ও বিয়ের মাসের পার্থক্য উপলব্ধি করতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল। **ধাতু :** তামা ও সোনা। **রত্ন:** হীরক ও পান্না। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জোশেফ হেলার, মুস্তফা নূরুল ইসলাম, ডিউক অব ওয়েলিংটন, মাহবুব উল আলম, জুডি কলিন্স, শিক্ষাবিদ আবদুল মতিন চৌধুরী, সুনীল কুমার মুখোপাধ্যায়, আফরোজা কামাল গীতা।

মে ২

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও সূর্যের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, রোমান্টিক, সৌন্দর্যপ্রিয় ও আয়েশী। আপনার

মধ্যে এক ধরনের কল্পনা ও বিলাসপ্রবণতা সক্রিয় থাকবে। মানসিকভাবে অস্থিরচিত্ত হলেও মানবীয় মূল্যবোধ আপনার মধ্যে প্রখর। আপনার দৃষ্টিভঙ্গি মূলত এই মূল্যবোধ দিয়েই প্রভাবিত হতে পারে। আপনার বন্ধু বান্ধব ও পরিচিতদের সংখ্যা হতে পারে প্রচুর। সাফল্য লাভের জন্যে আপনাকে আলস্য পরিহার করে সময়ানুবর্তিতার সাথে কাজ করতে হবে।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, মনস্তাত্ত্বিক, শিক্ষাবিদ বা চিকিৎসাবিদ হিসেবে ভাল করবেন। জীবনে একাধিক পেশাগত পরিবর্তন আসতে পারে।

প্রেম : সৌন্দর্যপ্রিয় ও রোমান্টিক হওয়ায় বিপরীত লিঙ্গের সাথে আপনি সহজেই সম্পর্কের বন্ধনে জড়িয়ে পড়তে পারেন। ফলে আপনার পারিবারিক জীবনে অশান্তি দেখা দিতে পারে।

শুভ রং : কমলা, সবুজ, হালকা নীল, ক্রীম ও পীত রং। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না, জেড, মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোমবার ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫ ও ২৯।

ব্যক্তিত্ব : চলচ্চিত্রকার সত্যজিৎ রায়, বৈমানিক মেনফ্রেড রিচথোকেন, রেজাউর রহমান, রুশ সম্রাজ্ঞী দ্বিতীয় ক্যাথারীন, গায়ক বিং ক্রসবি, রাজনীতিক আবদুর রাজ্জাক।

মে ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় জীবন ও জগৎ সম্পর্কে আপনার নিজস্ব ধ্যান-ধারণা রয়েছে —নিজস্ব উদ্দেশ্য ও পরিকল্পনা রয়েছে। আপনার শৈল্পিক অনুভূতি প্রখর। জনজীবনের প্রতিও আগ্রহ অসীম। আপনি উচ্চাভিলাষী। তবে ন্যায় বিচারে বিশ্বাসী। যে কোন অন্যায়-অবিচারের বিরুদ্ধে আপনি তাই সোচ্চার। নিজের বাড়ি ও নিজের গ্রামের প্রতি আপনার বিশেষ দুর্বলতা রয়েছে। সাফল্য লাভের জন্য উচ্চস্তরের লোকদের সাথে আপনার বন্ধুত্ব গড়তে হবে। আর বিপরীত লিঙ্গ ও বিলাস ব্যসনের প্রতি আকর্ষণ সংযত করতে হবে।

পেশা : আপনি সৃজনশীল বা জনপেশায় ভাল করবেন। ডাক্তার, রাজনীতিক, শিল্প, প্রশাসনিক ও সমাজ কল্যাণকর্মী হিসাবে আপনি ভাল করবেন। আর্থিক ব্যাপারে আপনি ভাগ্যবান। তবে অতিরিক্ত ঝুঁকিপূর্ণ বিনিয়োগে জড়ানো উচিত হবে না।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ প্রবল তাই অপেক্ষাকৃত কম বয়সেই আপনি বিয়ে করে ফেলতে পারেন। আপনার প্রেমাশক্তি পেশাগত জীবনকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

শুভ রং : সকল শেডের কমলা, বেগুনী, গোলাপী, ফিরোজা ও নীল। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** পান্না ও কনক পোখরাজ। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কূটনীতিজ্ঞ মেকিয়াভেলী, মুষ্টিযোদ্ধা হেনরী কুপার, খন্দকার মুহাম্মদ ইলিয়াস, জাহানারা ইমাম, ব্যাঙ্কার এ. কে. এম. গাফ্ফার, সাংবাদিক আহমেদ নূরে আলম, অভিনেতা রুবেল।

মে ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রখর। মৌলিক মানবিক গুণাবলী আছে আপনার। নতুন ধ্যান-ধারণা ও পদ্ধতির ওপর আকর্ষণ প্রবল। নিজের মতে আপনি অনড়। পরিস্থিতি বা পরিবেশের সাথে সহজে খাপ খাইয়ে নিতে পারেন না। অন্যরাও সাধারণভাবে আপনাকে বুঝে উঠতে পারে না। আপনার বন্ধুর সংখ্যা কম। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ আপনাকে গভীরভাবে প্রভাবিত করবে। ব্যতিক্রম সাফল্যের সম্ভাবনা আপনার জীবনে বেশি।

পেশা : আপনি ডাক্তার, বিজ্ঞানী, দার্শনিক, লেখক, সাংবাদিক ও শিল্পী হিসেবে ভাল করবেন। একাধিক অপ্রত্যাশিত পেশাগত পরিবর্তন আসতে পারে।

প্রেম : আপনার হৃদয় কোমল। কিন্তু ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রিয়জনের সাথে একাত্ম হওয়ার পথে অন্তরায় হতে পারে। তাই অপ্রত্যাশিত বিয়ে বা বিবাহিত জীবনে অপ্রত্যাশিত কিছু ঘটনার সম্ভাবনা আছে।

শুভ রং : সকল শেডের হলুদ, কমলা, সোনালী, ব্রোঞ্জ, নীল। ধাতু তামা ও ইউরেনিয়াম। রত্ন : পান্না, ওপাল। সংখ্যা : ৪ ও ৬। দিন : রবি ও শুক্রবার। তারিখ ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : অভিনেত্রী অড্রে হেপবার্ন, জাপানী রাজনীতিক কাকুইতানাকা, জার্মান শিল্পপতি ফ্রিজ ভন ওপেল, চিত্রশিল্পী ফ্রানকুইজ জেরার।

মে ৫

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৫। বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মৌলিক মানসিক গুণাবলীতে ভূষিত। পর্যবেক্ষণ ও বিশ্লেষণ ক্ষমতা অসাধারণ। ধীশক্তি প্রবল। স্বাধীনচেতা ও মেধাবী। যে কোন পরিস্থিতি বা ব্যক্তির সাথে সহজে খাপ খাইয়ে নিতে পারেন। কিন্তু তাদের দ্বারা সহজে প্রভাবিত হন না। সহজে মিশতে পারেন, কিন্তু গভীর বন্ধুত্বের বন্ধনে সহজে আবদ্ধ হন না। জীবনে অনেক বাধার সম্মুখীন হবেন। কিন্তু মানসিক দৃঢ়তা সব সংকট কাটিয়ে উঠতে সাহায্য করবে।

পেশা : মেধা ও মানসিক শক্তির জন্যে আপনি যে কোন পেশায়ই সাফল্য লাভ করতে পারেন। তবে একটা পেশা বেছে নিয়ে তাতে লেগে থাকা উচিত।

প্রেম : আপনি আবেগবশত তুলনামূলকভাবে কম বয়সে বিয়ে করতে পারেন। তবে অল্প বয়সে বিয়ে পেশাগত জীবনকে ক্ষতিগ্রস্ত করতে এবং একাধিক বিয়ের সম্ভাবনা সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হরিদ্রাভ, কমলা ও হালকা রং। ধাতু : তামা ও প্লাটিনাম। রত্ন : পান্না ও হীরক। সংখ্যা : ৫ ও ৬। দিন : বুধ ও শুক্রবার। তারিখ : ১, ৫, ৬, ১০, ১৪, ১৫, ১৯, ২৩, ২৪, ২৮।

ব্যক্তিত্ব : কার্ল মার্কস, দার্শনিক সরেন কিয়েরকেগার্ড, রাজনীতিক জৈল সিং, সাংবাদিক নিখিল সেন, বিপ্লবী প্রীতিলতা ওয়াদ্দেদার, মেহের কবীর, খন্দকার রেজাউল হক।

মে ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি গভীর আবেগ ও অনুভূতির অধিকারী। আপনি মূলত

প্রেমিক। আপনি সুন্দরের পূজা করেন, ভালবাসেন মানবতাকে। জীবনের লক্ষ্যে পৌঁছার উৎসাহ ও জজবা আপনাকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। কর্তব্যের প্রশ্নে আপনি নিবেদিতপ্রাণ। কোন সংঘাত ও বাধা আপনাকে এ পথ থেকে নিবৃত্ত করতে পারে না। আপনার হৃদয় উৎসাহ ও উদ্দীপনার এক অগ্নিকুণ্ড। মহান আদর্শের পেছনে এর নিয়ন্ত্রিত ও সংযত প্রয়োগ আপনাকে মহত্তম মর্যদায় ভূষিত করতে পারে।

পেশা : আপনি জনপেশা, বিনোদন ও সৃজনশীল পেশা, ডাক্তার, নার্স, শিল্পী ও রাজনীতিক হিসাবে ভাল করবেন। অর্থ উপার্জনে সাধারণভাবে আপনি ভাগ্যবান।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার সহজাত আকর্ষণ সুতীব্র। একাধিক প্রেমে পড়তে পাঁরেন আপনি। বিবাহিত জীবনে এ একটা সমস্যা হয়ে দাঁড়াতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, গোলাপী, কমলা। **ধাতু :** তামা। **রত্ন** পান্না ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : অভিনেতা রুডলফ ভেলেনটিনো, বিপ্লবী রোবেসপিয়ার, মহারাজ ত্রৈলক্যনাথ চক্রবর্তী, ড. সিগমণ্ড ফ্রয়েড, রবীন্দ্রনাথ ঠাকুর, ড. আলাউদ্দিন আল আজাদ।

মে ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, দয়ালু, উদার ও মিশুক। আপনার বিশ্লেষনী ক্ষমতা ও উদ্ভাবনী দক্ষতা যে কোন সমস্যার সমাধান করতে পারে। দৈহিক পরিশ্রমের চেয়ে মানসিক পরিশ্রমের ক্ষেত্রেই আপনি বেশি সফল। রহস্যময়, অভিনব বিষয়, ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতিও রয়েছে আপনার ঝোঁক। একগুঁয়েমি আপনাকে সহজেই ক্লান্ত করে দেয়। পার্থিব সাফল্য লাভের জন্য আপনাকে আরও বাস্তববাদী ও বৈষয়িক হতে হবে।

পেশা : আপনি লেখক, শিল্পী, বৈজ্ঞানিক, গবেষক, এস্ট্রলজার, মনস্তত্ত্ববিদ, ধর্ম প্রচারক, সমাজ কল্যাণ সংগঠক ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার ইনটুইশন ও অতিন্দ্রীয়র প্রতি আকর্ষণ বিবাহিত জীবনে শান্তির অন্তরায় হতে পারে। কম বয়সে বিয়ে করা আপনার জন্য উচিত নয়।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, কমলা ও নীল। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না ও ক্যাটসআই। **সংখ্যা :** ৬ ও ৭। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কবি রবার্ট ব্রাউনিং, সুরকার চিয়াকোভোস্কি, যোশেফ টিটো, দার্শনিক ডেভিড হিউম, অভিনেতা গ্যারীকুপার, জর্জ অরওয়েল, অভিনেত্রী কবিতা।

মে ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল, রিজার্ভ, সতর্ক ও ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী। আপনি যে কোন বিষয়ের আলোকোজ্জ্বল ও অন্ধকার উভয় দিক দেখতে পান। আপনি সৃজনশীল ও দার্শনিক মনের অধিকারী। জীবনের প্রতি আপনার দৃষ্টিভঙ্গি অনেকটা নিয়তি নির্ভর। আর পরিস্থিতি ও ঘটনা প্রবাহ আপনার জীবনকে প্রভাবিত করবে গভীরভাবে। জীবনের

অনেক দায়িত্ব অর্পিত হতে পারে আপনার ওপর।

পেশা : নিজের পেশাগত ব্যাপারে আপনি হিসেবী ও সতর্ক। বৃষ রাশির যে কোন পেশায় আপনি ভাল করবেন। তবে লক্ষ্যে উপনীত হওয়ার জন্যে আপনাকে অনেক বাধার সম্মুখীন হতে হবে।

প্রেম : স্নেহ মমতা আপনাকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। তবে অনুভূতির যথার্থ প্রকাশ আপনার পক্ষে কষ্টকর। বিবাহিত জীবনে এটা ভুল বুঝাবুঝির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, কমলা, নীল, সবুজ ও গাঢ়ো রং। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** পান্না ও নীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান, এডওয়ার্ড গিবন, আ.ন.ম বজলুর রশীদ, কলিম শরাফী, রওশন জামিল, সনি লিস্টন, শর্মিলী আহমেদ, পল গগিন।

মে ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার উপর মঙ্গল ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী, সাহসী, অনমনীয় ও দৃঢ়-ইচ্ছা, শক্তির অধিকারী। সৃজনশীলতা, সৌন্দর্য ও বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ দুর্বার। প্রেম, রোমান্স ও এডভেঞ্চারে আপনার জীবন ঘটনাবহুল হয়ে উঠতে পারে। দীর্ঘস্থায়ী ঘাত-প্রতিঘাত ও শত্রুতার সম্মুখীন হতে পারেন আপনি। তবে উচ্চাভিলাস, সাংগঠনিক ক্ষমতা ও ইচ্ছাশক্তি দিয়ে সবকিছু আপনি জয় করতে পারেন। তবে আপনাকে আরও কৌশলী ও ডিপ্লোম্যাট হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, সশস্ত্র বাহিনী, রাজনীতি ও জনপেশায় ভাল করবেন। সৌন্দর্যের প্রতি সহজাত আকর্ষণ সৃজনশীল পেশায় আপনার সাফল্য বয়ে আনতে পারে।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণের ফলে একাধিক প্রেমে জড়িত হতে পারেন আপনি। এ ক্ষেত্রে আপনি ঈর্ষারও শিকার হতে পারেন। দাম্পত্য শান্তির জন্যে আপনাকে সংযমী হতে হবে।

শুভ রং : সকল শেডের কমলা, গোলাপী, লাল, বেগুনী, নীল। **ধাতু :** তামা ও লোহা। **রত্ন :** পান্না ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : ড. কুদরত-ই-খুদা, রানা প্রতাপ সিং, রাজনীতিক গোপাল কৃষ্ণ গোখলে, আলবার্ট ফিনি, বিজ্ঞানী কার্ল লেভেল।

মে ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদার, চিন্তাশীল ও সহনশীল। আত্মবিশ্বাস আছে আপনার। আর আছে উদ্যম, ধৈর্য ও সাহস। বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণের মৌলিক গুণ আছে আপনার। অতীত ও ঐতিহ্যের প্রতি টান আছে। আপনি আত্মনির্ভরশীলতায় বিশ্বাসী। কারও কাছে ঋণী থাকতে চান না। কিন্তু অন্যের জন্যে আপনি চিন্তা করেন। অন্যের উপকার করতে চান। এতে অনেক সময় আপনি ঝামেলায় জড়িয়ে পড়তে পারেন। আপনাকে আরও মিতাচারী, সংযমী ও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি ডাক্তার, ঐতিহাসিক, ব্যাঙ্কার, বিজ্ঞানী, কারিগর, অন্যের অর্থ লেনদেনকারী, স্থাবর সম্পত্তি লেনদেন ও অংশিদারী ব্যবসায় ভাল করবেন। নানা দিকে মনোযোগ না দিয়ে তারুণ্যেই পেশা সম্পর্কে সুনির্দিষ্ট সিদ্ধান্ত নিতে হবে।

প্রেম : আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্যে বিপরীত লিঙ্গের অনেকেই আপনার প্রতি আকৃষ্ট হবে। তবে জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে বাহ্যিক চাকচিক্য যেন আপনাকে প্রতারিত না করে সে সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকর শেডের হলুদ, সোনালী, কমলা ও নীল। **ধাতু :** তামা ও সোনা। **রত্ন:** পান্না ও রুবী। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সেনানায়ক আলফ্রেড জডল, সাঁতারু ব্রজেন দাস, গুরু সদয় দত্ত, শিল্পপতি টমাস লিপটন, অভিনেতা তারিক আনাম।

মে ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ ও সৃজনশীল, অস্থির চিত্ত, রোমান্টিক ও কল্পনাপ্রবণ। সঙ্গীত, ভাস্কর্য ও সুন্দরের প্রতি রয়েছে আপনার সহজাত আকর্ষণ। ধর্মের প্রতি আপনি অনুরাগী। সব ব্যাপারে আপনার নিজস্ব মত রয়েছে। বাইরের জগৎ আপনাকে সবসময় হাতছানি দেয়। সহজে মিশতে পারেন তাই বন্ধুর সংখ্যা প্রচুর। পরিকল্পনা অনুসারে না এগুলে জীবনে আপনার সাফল্য ক্ষুণ্ন হবে।

পেশা : আপনি সৃজনশীল পেশায়, শিল্পী, লেখক, মনস্তাত্ত্বিক, গবেষক, গায়ক, শিক্ষক হিসেবে ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ প্রবল। এক্ষেত্রে নতুন সম্পর্কে মূল্য দেয়ার প্রবণতা ও পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ক্রীম, কমলা, সাদা ও নীল। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না, মুক্তো, মুনস্টোন। **সংখ্যা** ২ ও ৬। **দিন** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী সালভেদর দালি, রিচার্ড ফেইন ম্যান, জ্যোতির্বিদ ফ্র্যাঙ্ক স্লেসিঙ্গার, বিজ্ঞানী রিচার্ড ফেনমেন, নৃত্যশিল্পী মার্থা গ্রাহাম।

মে ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। নিজস্ব ধ্যান ধারণা ও পরিকলল্পনা দ্বারাই আপনার জীবন নিয়ন্ত্রিত। আপনি মিশুক ও সামাজিক। তবে নেতৃত্ব করতে চান। তাই জনজীবনের প্রতি আপনার আকর্ষণ প্রবল। যে কোন অন্যায় অবিচার আপনাকে ক্ষুব্ধ করে। আপনি প্রতিবাদ করেন। তাই আপনাকে অনেক শত্রুতার মোকাবিলা করতে হতে পারে। সাফল্য লাভের জন্যে প্রভাবশালী ব্যক্তিদের সাহায্য পাওয়া আপনার জন্যে সহজ হবে।

পেশা : আপনি ডাক্তার, রাজনীতিক, বিচারক, শিল্পী, প্রশাসক ও সমাজ সংগঠক হিসেবে ভাল করবেন। আর্থিক প্রশ্নে অন্যের সহযোগিতা পাওয়া আপনার জন্যে সহজ হবে।

প্রেম : মনের দিক থেকে আপনি সৌন্দর্যপ্রিয় ও রোমান্টিক। অপেক্ষাকৃত কম বয়সে আপনি বিয়ে করে ফেলতে পারেন। বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ পেশাগত ক্ষতির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, নীল ও কমলা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট ও পান্না। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : ফ্লোরেন্স নাইটিংগেল, ঐতিহাসিক ইবন আল আথির, পদার্থ বিজ্ঞানী উইলিয়াম ফান্সিস জুকি।

মে ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি ব্যতিক্রমী চিন্তা-ভাবনার প্রতি আকৃষ্ট । আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রখর। আপনি মেধাবী। নতুন চিন্তা ও ভাবধারার প্রতি আপনি সহজেই আকৃষ্ট হন। তবে আপনি কারও সাথে সহজে মানিয়ে নিতে পারেন না। আর নিজের সিদ্ধান্তের সাথেও আপোস করতে পারেন না। তাই সাধারণভাবে আপনার বন্ধুর সংখ্যা কম। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ আপনার ভাগ্যকে গভীরভাবে প্রভাবিত করবে।

পেশা : আপনি লেখক, সাংবাদিক, শিল্পী, ডাক্তার, বিজ্ঞানী ও দার্শনিক হিসেবে ভাল করবেন। পেশাগত জীবনে একাধিক অপ্রত্যাশিত পরিবর্তন আসতে পারে।

প্রেম : আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রিয়জনের কাছে নিজেকে যথাযথভাবে তুলে ধরার পথে অন্তরায়। দিল খোলা না হতে পারলে দাম্পত্য জীবনে অপ্রত্যাশিত কিছু ঘটতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, কমলা, সোনালী ও ব্রোঞ্জ। **ধাতু :** তামা ও ইউরেনিয়াম। **রত্ন :** পান্না, ওপাল। **সংখ্যা :** ৪ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮,৩১।

ব্যক্তিত্ব : গ্রাণ্ড মাস্টার নিয়াজ মোরশেদ, বিজ্ঞানী রোনাল্ড রস, স্টিভি ওয়াণ্ডার, রাষ্ট্রপতি ফখরুদ্দীন আলী আহমেদ, কবি আবু সালেহ।

মে ১৪

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও ধীশক্তির অধিকারী। যেকোন কিছু পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করার ক্ষমতা রাখেন। যে কোন পরিবেশের সাথে সহজেই খাপ খাইয়ে নিতে পারেন। অন্যকে সহজেই প্রভাবিত করতে পারেন, কিন্তু নিজে প্রভাবিত হন খুবই কম। সৃজনশীলতা ও কারিগরি জ্ঞানের সহজ সমন্বয় ঘটতে পারে আপনার মধ্যে। জীবনে সাফল্য লাভের জন্যে মানসিক দৃঢ়তা ও একাগ্রতা প্রয়োজন।

পেশা : আপনি শিল্পী, বুদ্ধিজীবী, এজেন্ট, ব্যাঙ্কার, প্রশাসক, সেলসম্যান ও জায়গা-জমির ব্যবসায়ী হিসেবে ভাল করবেন। কর্মজীবনের প্রথমেই সুনির্দিষ্ট পেশা বেছে নেয়া উচিত।

প্রেম : প্রিয়জনের সাথে আচরণে প্রেমের প্রকাশ খুব কমই ঘটবে। আবেগবশত অল্পবয়সে বিয়ে করলে দ্বিতীয় বিয়ের সম্ভাবনা থেকে যাবে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, ক্রীম, কমলা, আকাশী ও হালকা রং। **ধাতু:** তামা ও প্লাটিনাম। **রত্ন :** পান্না ও পেরিডট। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ১, ৫, ৬, ১০, ১৪, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট আইয়ুব খান, জর্জ লুকাস, কানাডীয় কবি রবার্ট পিংক।

মে ১৫

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগ ও অনুভূতিপ্রবণ। আপনি সৌন্দর্যপ্রিয়, মিশুক ও সামাজিক। সত্য ও সুন্দরের প্রতি আপনার আকর্ষণ দুর্নিবার। অন্যের ভালবাসার সাথে সাথে সহজে প্রভাবিত করতে পারেন। নেতৃত্বের গুণাবলীও আছে আপনার মধ্যে। কোন বাধাই আপনাকে লক্ষ্যপথ থেকে বিচ্যুত করতে পারে না। বিলাস-ব্যসনের মোহকে সংযত করে জীবনের মহত্তম লক্ষ্যে উপনীত হওয়ার সংগ্রামেই আপনি সবচেয়ে বেশি সুখী হতে পারেন।

পেশা : আপনি বিনোদন, সৃজনশীল ও সমাজকল্যাণ পেশায়, ডাক্তার, নার্স ও রাজনীতিক হিসেবে ভাল করবেন। ব্যবসা ও অর্থ উপার্জনে সাধারণভাবে ভাগ্য আপনার অনুকূলে।

প্রেম : আপনি মূলত প্রেমিক, বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হয়ে পড়েন। আবেগপ্রবণ সিদ্ধান্ত বিবাহিত জীবনে ঝামেলার সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, গোলাপী, বেগুনী ও কমলা। **ধাতু :** তামা। **রত্ন** পান্না ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ:** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০

ব্যক্তিত্ব : কথাশিল্পী ক্যাথারিন এন পোর্টার,মহাকবি দান্তে, জেমস মেসন, মাধুরী দীক্ষিত, হিমালয় অভিযাত্রী তেনজিং নরগে, জরিনা আকতার, ইসমাইল হোসেন।

মে ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার মধ্যে কল্পনাপ্রবণতা বিশেষ স্থান অধিকার করে আছে। আপনার মন ও চিন্তা-ভাবনা বহির্মুখী। আপনার ইনটুইশন ও বিশ্লেষণী ক্ষমতা প্রখর। রহস্যময় ও আধিভৌতিক বিষয়, ইতিহাস ও ঐতিহ্যের প্রতি আপনার আকর্ষণ রয়েছে। নিজের কথা গুছিয়ে বলা ও অন্যকে প্রভাবিত করার গুণ আছে আপনার। বাস্তববাদী ও বৈষয়িক হতে পারলে আপনার পার্থিব সাফল্যের পথ কেউ আটকাতে পারবে না।

পেশা : আপনি লেখক, শিল্পী, গবেষক, ঐতিহাসিক, ঠিকাদার, কারিগর ও ব্যাঙ্কার হিসেবে ভাল করবেন। ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনার বহির্মুখী মন ও অতিন্দ্রীয় বিষয়ের প্রতি আকর্ষণ দাম্পত্য সাফল্যের পথে অন্তরায় হতে পারে। কম বয়সে আপনার বিয়ে করা উচিত নয়।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, সাদা, হলুদ ও কমলা। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** পান্না ও টর্মালিন। **সংখ্যা :** ৬ ও ৭। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : হেনরী ফণ্ডা, পিয়ার্স ব্রসনান, ডেবরা উইঙ্গার।

মে ১৭
আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। জন্মসংখ্যা ৮। শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় চিন্তাশীল, সতর্ক ও বিনয়ী। আপনি একটু চাপা, তবে পরিশ্রমী। ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রবল। যে কোন বিষয়ের দুই দিকই দেখতে পান। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ধীর স্থির। তবে সিদ্ধান্তে অটল। জীবনে অনেক দায়িত্ব এসে পড়তে পারে। অনেকেই হয়তো ভুল বুঝবে আপনাকে। পর্যায়ক্রমে জীবনে সৌভাগ্য ও বিড়ম্বনা আসতে পারে।

পেশা : পেশাগত ব্যাপারে আপনি সতর্ক। ডাক্তার, প্রশাসক, কারিগর, নিলামকারী, শিক্ষক, লেখক, রাজনীতিক হিসেবে ভাল করবেন। শ্রম ও অধ্যবসায় সাপেক্ষ পেশাই ভাল।

প্রেম : ভালবাসার যে কোন প্রকাশ আপনাকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। তবে চাপা স্বভাবের জন্যে প্রিয়জন ভুল বুঝতে পারে। পারিবারিক ক্ষেত্রে আরও দিল খোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, কমলা, হলুদ, ধূসর ও গাঢ় রং। ধাতু : তামা ও সীসা। রত্ন : পান্না ও নীলা। গুরুত্বপূর্ণ সংখ্যা : ৬ ও ৮। গুরুত্বপূর্ণ দিন : শুক্র ও শনিবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী এডওয়ার্ড জেনার, অভিনেতা সিরাজুল ইসলাম, রসায়নবিদ ওড হেসেল, জ্যোতির্বিদ জোসেফ নরমেন লকইয়ার।

মে ১৮
আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃষের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা, সাহসী ও অনমনীয় ইচ্ছাশক্তির অধিকারী। কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব আছে আপনার। মেধাবী হলেও প্রেম, রোমান্স ও এডভেঞ্চারে আপনার জীবন ঘটনাবহুল হয়ে উঠতে পারে। নেতৃত্ব ও প্রশাসনিক গুণাবলী আছে আপনার। লক্ষ্যপানে অনেক ঘাতপ্রতিঘাত ও শত্রুতার মধ্য দিয়ে এগিয়ে যেতে হবে। সাফল্য লাভের জন্যে আপনাকে ধৈর্যশীল, কুশলী ও সতর্ক হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, ইঞ্জিনীয়ারিং, রাজনীতি, সার্জারী, সাংবাদিকতা ও সৃজনশীল পেশায় ভাল করবেন।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি দুর্নিবার আকর্ষণের জন্যে আপনি একাধিক প্রেমে পড়তে পারেন। প্রেমে প্রতিদ্বন্দ্বীতারও সম্ভাবনা আছে। পারিবারিক শান্তির জন্যে প্রিয়জনকে উজাড় করে ভাল বাসুন।

শুভ রং : সকল শেডের কমলা, গোলাপী, মেরুন, লাল ও নীল। ধাতু : তামা ও লোহা। রত্ন : পান্না ও রুবী। সংখ্যা : ৬ ও ৯। দিন : মঙ্গল ও শুক্রবার। তারিখ ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : দার্শনিক বার্ট্রাণ্ড রাসেল, ওমর খৈয়াম, জার দ্বিতীয় নিকোলাস, আহমেদ হুমায়ুন, পোপ জন পল, রাজনীতিক রাশেদ খান মেনন।

মে ১৯
আজ আপনার জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। আপনার

জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃষের বৈশিষ্ট্য মিথুন দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মসচেতন, উদার ও সহনশীল। চিন্তা ভাবনা, পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও সিদ্ধান্ত নেয়ার মত মনোবল আছে আপনার। আপনি সাহসী ও আত্মবিশ্বাসী। নেতৃত্বের গুণাবলী আছে আপনার। আদর্শিক প্রেরণায় সহজেই অন্যের জন্যে কাজ করতে উদ্বুদ্ধ হতে পারেন। আবার অনেক দায়িত্ব এসে আপনার কাঁধে চাপতে পারে। সংযম, মিতাচার ও সুযোগের সদ্ব্যবহার আপনাকে সাফল্যের দ্বারে পৌছে দিতে পারে।

পেশা : আপনি ডাক্তার, রাজনীতিক, কারিগরি, প্রশাসক, নির্মাতা, ঠিকাদার ও শিল্পী হিসেবে ভাল করবেন। কৃষিকাজ ও পশুপালন আপনার জন্যে লাভজনক হবে।

প্রেম : আপনি হৃদয়বান। বিপরীত লিঙ্গের সদস্যদের সাথে সহজেই মিশতে ও বন্ধুত্ব করতে পারেন। জীবনসঙ্গী নির্বাচনে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং সকল শেডের হলুদ, কমলা, সোনালী, ব্রোঞ্জ, নীল। ধাতু : তামা ও সোনা। রত্ন : পান্না ও কনক পোখরাজ। সংখ্যা : ১ ও ৬। দিন রবি ও শুক্রবার। তারিখ : ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : হো চি মীন, নিগ্রো মুসলিম নেতা মালিক-আল-সাহবার, ফটোগ্রাফার মনোয়ার আহমেদ, সাহিত্যিক মানিক বন্দোপাধ্যায়, হোসনে আরা।

মে ২০

আজ জন্মদিন হলে আপনি বৃষ রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃষের বৈশিষ্ট্য মিথুন দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির, চঞ্চল, সৃজনশীল, কল্পনাপ্রবণ ও বৈচিত্র্য প্রিয়। এক সাথে অনেক কিছু করার প্রবণতা থাকতে পারে। কিন্তু একাগ্রতার অভাব আছে। ঘুরে বেড়িয়ে ও বন্ধুদের সাথে আড্ডা দিয়ে আনন্দ পান। জীবনের সব ব্যাপারেই আপনার পছন্দ-অপছন্দ তীব্র। শিল্প ও সংগীতের প্রতি রয়েছে সহজাত আকর্ষণ। জীবনে প্রতিষ্ঠা লাভের জন্য আপনাকে লক্ষ্য স্থির করে এগুতে হবে। একাগ্র ও ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি সাংবাদিক, সেলসম্যান, লেখক, মনস্তাত্ত্বিক, গায়ক ও শিক্ষক হিসেবে ভাল করবেন। একাধিকবার আপনার পেশা পরিবর্তন করতে হতে পারে।

প্রেম : সহজেই আপনি প্রেমে পড়ে যেতে পারেন। তবে প্রেমে গভীরতার অভাব থাকতে পারে। বৈচিত্র্যপ্রিয়তা পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, হালকা নীল, হরিদ্রাভ, কমলা, সাদা। ধাতু : তামা ও রূপা। রত্ন : পান্না ও মুক্তা। সংখ্যা : ২ ও ৬। দিন : সোম ও শুক্রবার। তারিখ : ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী বালজাক, দার্শনিক জন স্টুয়ার্ট মিল, অভিযাত্রী ক্রিস্টোফার কলম্বাস, সেনানায়ক মোশে দায়ান।

Gemini

২১ মে—২০ জুনের মধ্যে জন্ম হলে আপনার রাশি

মিথুন

মিথুনের জাতক চতুর ও মেধাবী। তারা দ্বৈত মন ও সত্তার অধিকারী। ব্যক্তিগত মাধুর্য ও আকর্ষণী ক্ষমতা তাদের একটা বড় অস্ত্র। মিথুনের অনেক জাতকই তাদের হাত ও মস্তিষ্ক ব্যবহারে অত্যন্ত পারদর্শী। তারা জানতে চায়, বুঝতে চায়। বুদ্ধিবৃত্তিক যেকোন বিষয়েই তাদের আকর্ষণ প্রবল। তবে সাধারণত তারা জ্ঞান সাধনার ক্ষেত্রে অত্যন্ত সিরিয়াস নয়। তারা বইয়ের পাতায় দ্রুত চোখ বুলাতে ভালবাসে। জ্ঞান অর্জনের জন্য অনেক সময় তারা অন্যদের কৌশল ব্যবহার করে।

মিথুনের জাতকরা কর্মঠ ও সদা ব্যস্ত। তারা সব সময় পরিবর্তন ও বৈচিত্র্যের প্রত্যাশী। তাই দীর্ঘক্ষণ কোন কাজে লেগে থাকা তাদের জন্য অত্যন্ত কষ্টকর। তারা সহজেই একঘেয়েমিজনিত বিরক্তিতে আক্রান্ত হয়। রুটিন মেনে চলতে তারা মোটেই অভ্যস্ত নয়।

মিথুনের জাতকরা বাকপটু। আলাপ-আলোচনাকালে তারা প্রায়ই বক্তাকে মাঝপথে থামিয়ে দিয়ে নিজের বক্তব্য বলতে শুরু করে। কারণ তাদের চিন্তা সবসময় অন্যদের চেয়ে দ্রুতবেগে চলে। তারা সাধারণত সদালাপী। কিন্তু শ্রোতার মন-মানসিকতা তাদের সমকক্ষ না হলে তারা বিরক্ত হয়ে ওঠে।

লেখার ব্যাপারে মিথুনের জাতকরা অত্যন্ত দ্রুত। চিঠিপত্রের দিকে তাদের আগ্রহ প্রবল। অনেক সময়ই তাদের পকেট চিঠিপত্রে ভরা থাকে। মিথুন জাতিকাদের হাতব্যাগ সবসময় ভর্তি থাকে। খুঁজলে অন্যান্য জিনিসের সাথে দু'একটা চিঠিপত্রও পাওয়া যাবে।

মিথুনের জাতকরা সাধারণ জিনিসে সুখী নয়। গ্লামারের প্রতি তাদের আকর্ষণ সহজাত। তারা ভালভাবে বাঁচতে চায়। জীবনকে রঙিন করার জন্য তারা যেকোন কিছু করতে প্রস্তুত। তারা সবসময় বৈচিত্র্য ও আনন্দ চায়।

মিথুনের অনেক জাতকই অত্যন্ত বস্তুবাদী। বৈষয়িক লাভের জন্য এরা অন্যদের সাথে লেনদেনে চতুরতা ও কূট-কৌশলের আশ্রয় গ্রহণ করতে পারে। তখন এদের বুঝে উঠা খুব কঠিন। বন্ধুত্বের ব্যাপারেও এরা খুঁতখুঁতে। সহজে গভীর বন্ধুত্বে জড়াতে চায় না। বন্ধু ও সহযোগীরা যখন আরও বেশি কিছু দিতে অসমর্থ হয়, তখন এরা সহজেই তাদের ছেড়ে যেতে পারে।

মিথুনের জাতকরা বুদ্ধিমান। তাদের মন যুক্তিকে অনুসরণ করে। এরফলে তারা নিজেদের ও অন্যদের সমস্যা সমাধানের পথ সহজেই বের করতে পারে। এ ব্যাপারে তারা ঠাণ্ডা মাথায় অগ্রসর হয়। তাদের চিন্তা-পদ্ধতিতে তারা আবেগকে প্রশ্রয় দিতে চায় না।

কোন কিছুর প্রতি তারা আকৃষ্ট হলে সদা সতর্কতা ও সদা তৎপরতার ফলেও তারা ক্লান্ত-অবসন্ন হয় না। আকর্ষণ বজায় থাকা পর্যন্ত তারা অত্যন্ত তৎপর। কিন্তু আকর্ষণ শেষ হয়ে গেলে জোর করেও তাদের সে কাজে রাখা যাবে না। চলার পথে বাধা এলে এরা সহজেই পথ পরিবর্তন করে। অবশ্য এটা ঠিক দৃঢ়তার অভাবের জন্য নয়। বরং তারা অপেক্ষাকৃত সহজ পথ অনুসরণ করা পছন্দ করে। দৈহিক শক্তির ক্ষেত্রে এরা

আক্রমণাত্মক ভূমিকা নেয় না; বরং তারা যুক্তি-তর্ক দিয়েই বিরোধের নিষ্পত্তি করতে চায়।

অর্থ ও কর্মজীবন

মিথুনের জাতকরা সাধারণত বস্তুবাদী। তারা যত সম্ভব অর্থ উপার্জন করতে চায়। ব্যবসায়ে ক্রমাগত শ্রম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার পরিবর্তে দ্রুত ও চমকপ্রদ পরিকল্পনার মাধ্যমে তারা লাভবান হতে চায়। যেখানে বুদ্ধির চূড়ান্ত প্রয়োগ করা যেতে পারে, সেখানে নতুন কিছু দেখাশুনা ও শেখার সুযোগ আছে, যেখানে পরিবর্তন আছে, ভ্রমণ আছে, নতুন যোগাযোগের সুযোগ আছে সেসব পেশায় মিথুনের জাতক সবচেয়ে ভাল করবে।

মিথুনের জাতকরা কাজের সমালোচনা পছন্দ করে না। কোনকিছু তাদের মনে বিরক্তি উৎপাদন করলে তারা সে কাজ ছেড়ে দিয়ে নতুন আকর্ষণীয় কিছু খোঁজে। ব্যবসায়ে তারা দক্ষ। দ্রুত নতুন চিন্তা ও জিনিস গ্রহণ করে। অনেক কিছুর সমন্বয়ে নতুন কিছু করার ব্যাপারে তারা দক্ষ। এক্ষেত্রে তারা সত্যিকারের সৃজনশীল নয়। প্রায়ই তারা অন্যদের ধ্যান-ধারণা ও মস্তিষ্ক নিজেদের সুবিধার জন্য ব্যবহার করে। পেশার ক্ষেত্রে মিথুনের জাতক প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হলে দ্রুত বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে পারে।

মিথুনের জাতকের জীবন অত্যন্ত পরিবর্তনশীল। তবে সাধারণত কোন চরম অবস্থার দিকে যায় না। সাধারণত ২০-এর দশকেই মিথুনের সর্বাধিক সুযোগের বছর। সে সময় তাদের জীবনে দর্শনীয় সাফল্য আসতে পারে। তবে সে সাফল্য ম্লান হয়ে যায় ৩০-এর দশকে। এরপর মিথুন কার্যত স্রোতে ভেসে চলে।

শরীর ও স্বাস্থ্য

মিথুনের জাতক সাধারণত হাল্কা, পাতলা। গড়পড়তা উচ্চতার চেয়ে সাধারণত এদের উচ্চতা বেশি। মাথা লম্বা তবে দুই কান বরাবর সরু। কেশদাম সুন্দর। শরীরে অপেক্ষাকৃত লোম কম। কপাল উচুঁ ও বেশ প্রশস্ত; তবে উপরের দিকটা একটু ঢালু। ভ্রূ চিকন ও প্রায় সোজা। চেহারা একটু বক্র। নাক চিকন ও লম্বাটে। অগ্রভাগ সূচালো, কখনও একটু বক্র। মুখ চিকন কিন্তু প্রশস্ত। ওপরের ঠোঁট একটু সামনের দিকে প্রসারিত। তাদের চেহারা প্রাণবন্ত ও গতিময়। তাদের চলাফেরা দ্রুত ও তাতে একটা অস্থিরতা প্রকাশ পায়। মিথুনের জাতকরা অন্যদের চেয়ে বেশি চশমা পরে।

মিথুনের জাতকের সাধারণ স্বাস্থ্য ভাল। মানসিক ও দৈহিক উভয় দিক থেকেই তারা সক্রিয়। তবে তাদের সবসময়ই দুশ্চিন্তা এড়িয়ে চলতে এবং স্নায়বিক শক্তিকে নিয়ন্ত্রণে রাখতে হবে। এদের অনেকেই একসাথে অনেক কিছু করতে গিয়ে নিজেদের নিঃশেষ করে।

মিথুনের জাতকের স্নায়বিক রোগ ও অবসাদ, বাত, ঠাণ্ডা ও ফুসফুসজনিত রোগ যেমন নিউমোনিয়া, এজমা ইত্যাদিতে আক্রান্ত হওয়ার আশঙ্কা রয়েছে। মিথুনের জাতকরা রোগী হিসেবে সবসময় ডাক্তার ও নার্সদের সমালোচনা করে। অনেক সময় তাদের উপদেশকেও অগ্রাহ্য করে ও রোগের প্রতি অবহেলা করে।

বিভিন্ন কাজে দেহ-মনের সদা ব্যস্ততার ফলে এরা সাধারণত মোটা হওয়ার সুযোগ পায় না। এদের হজমশক্তি সাধারণত ভাল। গাড়ি চালনা বা ক্রীড়ায় অংশগ্রহণের সময় এদের সতর্ক থাকা উচিত। তারা এক্ষেত্রে ধৈর্যহীনতা ও আবেগপ্রবণতার পরিচয় দেয়। তাদের অবহেলা দুর্ঘটনার কারণ হতে পারে। মিথুনের জাতকদের বিশ্রাম নিতে শিখতে হবে।

মিথুন পুরুষ

মিথুন রাশির পুরুষের মূল বৈশিষ্ট্যই হচ্ছে মেধা, অস্থিরতা ও চঞ্চলতা। এরা সহজেই

বন্ধুত্ব করতে পারে। তবে আকর্ষণ হারিয়ে ফেললে কোন কারণ ছাড়াই এরা দ্রুত বন্ধু পরিবর্তন করতে পারে। বৈচিত্র্য ও উত্তেজনা এ রাশির প্রাণস্পন্দন। একঘেয়েমি ও ক্লান্তি এড়ানোর জন্য এরা অনেক সময় ত্যাগ স্বীকারেও কুণ্ঠিত হয় না। তাদের প্রাণ-চাঞ্চল্যের ফলে তারা সাধারণত নারী-পুরুষ নির্বিশেষে জনপ্রিয়তা লাভ করে।

মিথুন পুরুষ সহজেই একঘেয়েমিতে আক্রান্ত হয়। তাই প্রেমে অস্থিরমতি ও অবিশ্বস্ত বলে তাদের একটা অপবাদ আছে। মনের মত মহিলা খোঁজ করতে গিয়ে তারা সহজেই বিরক্ত হয়ে ওঠে এবং প্রেমে পড়ার আগেই নতুন কারও প্রতি আকৃষ্ট হয়। মহিলাদের প্রতি এদের ক্ষণিক মনোযোগ ও প্রশংসা সহজেই তাদের মন জয় করতে সাহায্য করে।

মিথুন পুরুষ বিয়ে করে সুখী হতে চায়। কিন্তু একের মধ্যে নিজেকে সীমিত রাখতে এদের বেশ কষ্ট হয়। বিয়ের মাঝে এরা যদি বৈচিত্র্য ও পরিবর্তন না পায় তবে খুব সহজেই এদের বিয়ে ভেঙ্গে যেতে পারে। তা না হলে এরা ঘরের বাইরেই উত্তেজনা ও আনন্দ খুঁজে বেড়াবে। তবে এরা সবসময়ই অবিশ্বস্ত নয়। তাদের ক্রমপরিবর্তনশীল মনের সাথে যদি কোন মহিলা সাড়া দিতে পারে, যদি পারে বৈচিত্র্য ও উত্তেজনায় জীবনকে ভরিয়ে দিতে তাহলে মিথুন পুরুষ তার প্রতি চিরজীবন বিশ্বস্থ থাকবে।

মিথুন মহিলা

মিথুন মহিলারা দ্বৈত মনের অধিকারী। আজকে হয়তো তারা সুখী, প্রাণোচ্ছ্বাসে পরিপূর্ণ। কিন্তু কালকেই হয়তো বিষণ্ণ ও ক্ষুব্ধ। তারা অত্যন্ত অস্থির। কোন রুটিন মেনে নেয়া তাদের জন্য খুবই কঠিন। তাদের জীবনে ব্যাপক বৈচিত্র্য প্রয়োজন। পরিবর্তনশীলতার জন্য তাদের আনুগত্যহীন মনে হতে পারে। তারা সহজেই নতুন বন্ধু পেতে পারে, কিন্তু আরও আকর্ষণীয় কেউ এলে এই নতুন বন্ধুকে বাদ দিতেও তার সময় লাগে না। মিথুন মহিলা ভালবাসা চায়। তারা সহজেই প্রেমে পড়ে। তবে বিয়ের ব্যাপারে অনীহা প্রদর্শন করতে পারে। তারা স্বামী হিসেবে এমন পুরুষকে খোঁজ করে যারা তাদের বুঝতে সক্ষম, বুদ্ধিবৃত্তিক দিক থেকে তাদের সমকক্ষ ও তাদের বৈচিত্র্যপ্রিয়তার অংশীদার হতে পারবে।

মিথুন মহিলারা স্বভাবতই চঞ্চল। তাদের প্রতি আগ্রহ প্রকাশ করলে তারা সহজেই সাড়া দেয়। সাধারণভাবে তাদের অবিশ্বস্ত মনে করার কারণ নেই। যদি তার স্বামী তাকে বুঝতে পারে এবং নিজেই এই বৈচিত্র্যের উৎসে পরিণত হয়, তবে মিথুন স্ত্রীর গোল্লায় যাওয়ার কোন আশঙ্কাই থাকে না।

মিথুনের অনেক মহিলার বুদ্ধিবৃত্তিক ও সামাজিক আকর্ষণ থাকে। এজন্য ঘরের বাইরেও তাদের সময় ব্যয় হয়। বাইরের চেয়ে ঘরের কাজে বেশি মন দিতে তাদের বাধ্য করার চেষ্টা করা হলে তারা বিদ্রোহী হয়ে ওঠে। তবে তারা নিজেরা যদি বুঝতে পারে যে, ঘরে তাদের আরও সময় দেয়া প্রয়োজন তাহলে অবশ্য অন্য কথা। মিথুন মহিলাদের মাতৃত্বের গুণাবলী অপেক্ষাকৃত কম তবে তারাও তাদের সন্তানদের ভালবাসে। আর সন্তানদের আনন্দে রাখতে তাদের অসুবিধা হয় না।

অবসাদ নিরাময়ে

দ্বৈত মন থাকার কারণে মিথুনের জাতকের মধ্যে একঘেয়েমিজনিত অবসাদ খুব কমই আসে। কারণ তারা একই সাথে অনেকগুলো বিষয় নিয়ে চলতে অভ্যস্ত। তবুও চরম অস্থিরতা আপনাকে পেয়ে যেতে পারে। ভ্রমণের প্রতি আপনার একটা আগ্রহ রয়েছে। একটু গ্রাম থেকে বা আকর্ষণীয় কোন স্থান থেকে ঘুরে এলে আপনার একঘেয়েমি বা অস্থিরতা দূর হতে পারে। আপনার জীবনের এই দুইদিককেই কাজে লাগান। যখন একা বিশ্রাম নিতে গিয়ে ক্লান্ত, তখন বন্ধুদের নিয়ে জটলা করুন। ঘনিষ্ঠ বন্ধুদের সাথে আলাপে মেতে উঠুন। আপনার চরম অস্থিরতা হ্রাস পেতে পারে।

ত্রুটিবিচ্যুতি

মিথুনের অনেক জাতকের মধ্যে নিম্নোক্ত ত্রুটিগুলো থাকতে পারে। তাদের মধ্যে ধৈর্য ও ধারাবাহিকতার অভাব থাকতে পারে। তাদের জ্ঞান হতে পারে অত্যন্ত ভাসাভাসা। কখনও মিথুন মিথ্যা ভাষণে দ্বিধা করে না। তখন তাদের বুঝে ওঠা কঠিন হয়ে দাঁড়ায়। তাদের জীবনে ধৈর্য ও অধ্যবসায়ের অভাব আছে। তারা অনেক সময় বন্ধু ও প্রিয়জনের কঠোর সমালোচক হয়ে ওঠে। কখনও কখনও স্নেহ-মমতার অভাব এদের মধ্যে প্রকট হয়ে দেখা দেয়। লোভ ও বৈচিত্র্যের স্পৃহা তাদের অপরাধপ্রবণ করে তুলতে পারে। তবে তারা সাধারণত রক্তপাতের মধ্যে যায় না। তারা প্রতারণা, জালিয়াতি ও ব্লাকমেল করাই পছন্দ করে।

পারস্পরিক সম্পর্ক

মিথুনের জাতক খুব সহজেই বন্ধুত্ব করতে পারে। আত্মীয়-স্বজনদের প্রতি তার প্রবল আকর্ষণ। সামাজিক পরিচিতদের সংখ্যাও অনেক। মেষ, সিংহ, তুলা ও কুম্ভের জাতকদের সাথে মিথুনের জাতকদের ভাল মিল হয়। এই চার রাশির জাতকদের সাথে লেনদেন করা সহজ। এদের সাথে মিথুনের জাতক সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এই চাররাশির জাতকদের তরফ থেকে ব্যবসায়ী বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনার দাবি রাখে।

কন্যা, ধনু ও মীন রাশির জাতকদের সাথে সম্পর্কে ঝামেলা দেখা দিতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে ধৈর্য ও সমঝোতামূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এদের সাথে বিতর্ক বাধতে পারে।

মিথুনের জাতকের সাথে একই রাশির জাতকের সম্পর্ক অত্যন্ত ক্লান্তিকর হতে পারে। কারণ উভয়েই তাদের যোগ্যতা দেখাতে ব্যস্ত হয়ে উঠবে। এরফলে তাদের মানসিক শক্তি খুব তাড়াতাড়িই উবে যেতে পারে।

বৃষ, কর্কট, বৃশ্চিক ও মকর রাশির জাতকদের সাথে সম্পর্কের ক্ষেত্রে মিথুনের জাতককে সবসময় কৌশলী হতে হবে। তাদের মধ্যে সম্পর্কে প্রায়ই একটা দূরত্ব ও অনীহা বিরাজ করতে পারে।

তাই আপনার বন্ধু ও পরিচিতদের বোঝার জন্যে তাদের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। এতে তাদেরকে বোঝা সহজ হবে।

মে ২১

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। বৃষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মিথুনের বৈশিষ্ট্য বৃষ দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও কৌশলী। উচ্চাভিলাষী হলেও আপনি ডিপ্লোম্যাসীতে বিশ্বাসী। আপনি পরিবর্তন ও চ্যালেঞ্জ ভালবাসেন। জানার আগ্রহ ও অনুসন্ধিৎসা আপনার বুদ্ধিবৃত্তিক বিকাশকে করেছে সহজ। আলাপ-আলোচনা ও মেলামেশায় আপনি স্বতঃস্ফূর্ত ও প্রাণবন্ত। তাই পরিচিতরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হয়। জীবনে সাফল্য লাভের জন্য আপনার সুনির্দিষ্ট লক্ষ্য স্থির করা উচিত।

পেশা : আপনি শিক্ষাবিদ, গবেষক, সেলসম্যান, লেখক, সাংবাদিক, শিল্পী ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। এজেন্সী ধরনের ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনার বহির্মুখী জীবনধারা পারিবারিক ক্ষেত্রে অশান্তির কারণ হতে পারে। সুখী জীবনের জন্য আপনাকে বুঝতে সক্ষম ও বুদ্ধিবৃত্তিক গুণাবলীর অধিকারী এমন কাউকে বিয়ে করা উচিত

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, হরিদ্রাভ, কমলা, ক্রীম ও আকাশী। ধাতু : প্লাটিনাম। রত্ন : এমিথিস্ট ও পান্না। সংখ্যা ৩ ও ৫। দিন বুধ ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৫, ৬, ৯, ১২, ১৪, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী এলবার্ট ডুবার, হ্যারল্ড রবিন্স, কবি আলেকজাণ্ডার পোপ, আন্দ্রেই শাখারভ।

মে ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। বৃষের প্রভাব আছে। জন্ম সংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মিথুনের বৈশিষ্ট্য বৃষ-দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী। ব্যতিক্রমধর্মী গুণ ও বৈশিষ্ট্য আছে আপনার। আপনি অস্থির চঞ্চল ও বৈচিত্র্যপ্রিয়। নতুনের প্রতি, অসাধারণের প্রতি আকর্ষণ দুর্দমনীয়। নিজের মতে ও ইচ্ছানুসারে চলতে চান। স্বচ্ছ মস্তিষ্ক ও ইনটুইনশন আপনার প্রধান চালিকা শক্তি। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ ও পরিস্থিতি আপনাকে প্রভাবিত করবে ব্যাপকভাবে।

পেশা : আপনি কারিগরি ও বুদ্ধিবৃত্তিক পেশায় ভাল করবেন। বৈচিত্র্য আছে, অভিনবত্ব আছে ব্যতিক্রমধর্মী কিছু করার আছে এমন পেশাই আপনি ভাল করবেন।

প্রেম : আপনার রুচি ও ব্যক্তিস্বাতন্ত্র্যবাদের প্রতি শ্রদ্ধাশীল কাউকে বিয়ে করলেই শুধুমাত্র সুখী হতে পারেন। রক্ষণশীল কাউকে বিয়ে করা ঠিক হবে না।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, কমলা, হলুদ, ধূসর। ধাতু : প্লাটিনাম ও ইউরেনিয়াম। রত্ন : বেরিল ও নীলা। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : শার্লক হোমসের রচয়িতা আর্থার কেনান ডয়েল, রিচার্ড ওয়াগনার, রাজা রামমোহন রায়, লরেন্স অলিভার, জ্যোতির্বিদ থমাস গোল্ড, আর্নেস্ট ওপেনহাইমার, জিড্ডু কৃষ্ণমূর্তি।

মে ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। বৃষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা দুইদিক থেকেই আপনার ওপর বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও সদা পরিবর্তনশীল। আপনি বৈচিত্র্য চান। রুটিন ও একঘেয়েমি আপনার অপছন্দ। আপনি অনেকটা মেজাজী ও খেয়ালী। ধৈর্য ও ধারাবাহিকতার অভাব আছে। নতুন কিছু করার প্রবণতা আপনাকে একটার পর একটা কাজে জড়িত করতে পারে। বন্ধুত্ব করার নতুন সম্পর্ক গড়ে তোলার অদ্ভুত গুণ আছে আপনার। ভ্রমণের প্রতিও আপনার আগ্রহ অসীম।

পেশা : আপনি সাংবাদিক, সেলসম্যান, এজেন্ট, মধ্যস্থতাকারী, জনসংযোগ, যোগাযোগ ও যানবাহনের সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : যাযাবর জীবনের প্রতি আকর্ষণ পারিবারিক জীবনে প্রথম দিকে ঝামেলা সৃষ্টি করতে পারে। নতুনের প্রতি আকর্ষণ ও পারিবারিক শান্তি বিঘ্নিত করতে পারে।

শুভ রং : সকল শেডের হালকা উজ্জ্বল রং। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন : ওপাল ও পান্না। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সম্মোহনের আবিষ্কারক পিয়ারে মেসমার, চিত্রপরিচালক ডগলাস ফেয়ার

ব্যাঙ্ক, কবি সানাউল হক, জোয়ান কলিন্স, সাংবাদিক উদয়ন চৌধুরী।

মে ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক, বৃষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৬। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মাধুর্যমণ্ডিত আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনি মেধাবী বুদ্ধিমান ও আলাপে পটু। সহজেই অন্যকে প্রভাবিত করতে পারেন। অন্যকে যে কোন কিছুতে উদ্বুদ্ধ করতে পারেন। তা সত্ত্বেও আপনি নিজে সহজেই বিষণ্ন হয়ে পড়তে পারেন। আর এই বিষণ্নতা আপনাকে ভুল বোঝানোর কারণ হতে পারে। আপনার মাধুর্য ও কথা বলার ক্ষমতা আপনাকে সাফল্যের দ্বারপ্রান্তে নিয়ে যাবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সাংবাদিকতা, সেলসম্যান, রাজনীতি, জনসংযোগ ও প্রচারমূলক পেশায় ভাল করবেন। পেশাগত অগ্রগতির ক্ষেত্রে আপনি ভাগ্যবান।

প্রেম : অন্যের সাথে দ্রুত মিশতে ও সম্পর্ক গড়ে তুলতে পারেন। বাইরের প্রতি রয়েছে আকর্ষণ। পারিবারিক জীবনে আপনাকে আরও নিবেদিত প্রাণ হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, গোলাপী, হলুদ, কমলা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** বেরিল ও ফিরোজা। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট নে উইন, বিপ্লবী মাঁরা, রাণী ভিক্টোরিয়া, ঔপন্যাসিক মিখাইল শলোখভ, বিজ্ঞানী ফারেনহাইট, কবি জোসেফ ব্রডস্কি।

মে ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক, জন্মসংখ্যা ৭। আপনার উপর নেপচুন ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের চাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির, চঞ্চল, কল্পনা ও অনুভূতিপ্রবণ। আদর্শবাদ ও চিন্তার পরিশীলন ও সৃজনশীলতা রয়েছে আপনার মধ্যে। বস্তুবাদের চেয়ে আধ্যাত্মবাদের প্রতি আপনার ঝোঁক বেশি। ইনটুইশন ও অতীন্দ্রিয় উপলব্ধি আপনার জীবনধারার গুরুত্ব রাখে। আপনি বিনয়ী, উদ্যমের অভাব থাকতে পারে। আপনার জীবনের সাথে কোন না কোনভাবে ভ্রমণ জড়িয়ে পড়তে পারে। আর আদর্শবাদীতার জন্য দাঁড়াতে হতে পারে সংঘাতের মুখোমুখি।

পেশা : আপনি সৃজনশীল বিনোদন, শিল্প, সাহিত্য, মনস্তত্ত্ব, বিজ্ঞাপন প্রচার ও যোগাযোগমূলক পেশায় ভাল করবেন। জীবনের শেষ ভাগের জন্য আগাম সঞ্চয় করতে হবে।

প্রেম : আপনি অতিরিক্ত অনুভূতিপ্রবণ বা ক্ষণিকের দুর্বলতা বশত বিয়ে করাটা ভুল করবেন। এতে পারিবারিক শান্তি বিঘ্নিত হবে।

শুভ রং: সকল শেডের সবুজ, হরিদ্রাভ, কমলা, ক্রীম, সাদা, আকাশী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** বেরিল ও ক্যাটসআই। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কাজী নজরুল ইসলাম, দার্শনিক রলফ ওয়েল্ডো ইমারসন, কথা শিল্পী রবার্ট লুডলাম, মুনতাসীর মামুন, পান্না কায়সার, নুরুল করিম নাসিম, টিনা।

মে ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৮। বৃষের প্রভাব

আছে। আপনার ওপর শনি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী দৃঢ় অনমনীয় ব্যক্তিত্বের অধিকারী। প্রাণ-প্রাচুর্য ও মাধুর্য আছে আপনার। আলোচনা তর্ক পছন্দ করেন। তবে নিজের সিদ্ধান্ত নিজেই নেন আপনার আপোসহীন বিশ্বাস খুব সহজেই সংঘাত-এর সম্মুখীন হয়। একা চলতে কোন দ্বিধা নাই। আর সংঘাতেও আপনি পিছ পা হন না। মেধাবী হলেও জীবনে সিদ্ধান্ত লাভ করার জন্য ধৈর্যের প্রয়োজন আছে আপনার।

পেশা : আপনি জনসংযোগ, চ্যালেঞ্জ ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পেশা, আইন, ও এজেন্সী ব্যবসায় ভাল করবেন। মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়ার প্রবণতা পরিহার করতে হবে।

প্রেম : আপনার একগুঁয়েমি ও অনমনীয় ব্যক্তিত্ব আপোসহীন মনোভাব পারিবারিক সুখের অন্তরায় হতে পারে। আপনাকে সহনশীল ও কৌশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, আকাশী, ক্রীম ও কমলা। **ধাতু :** প্লাটিনাম ও সীসা। **রত্ন:** বেরিল ও ইন্দ্রনীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : জানস কাদের , মেজর এম. টি হোসেন, মঈনুল আহসান সাবের, পিটার কুশিং, চিত্রশিল্পী বাশিরুল হক।

মে ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি প্রখর বুদ্ধিবৃত্তির অধিকারী। আপনি দিলখোলা এবং বিতর্কপ্রিয়। আপনি স্পষ্টভাষী, যা বিশ্বাস করেন তাই বলেন। সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার মধ্যে। যে কোন বিষয়ের খুঁটিনাটি দিক আপনি আগ্রহের সহিত পর্যবেক্ষণ করেন। পর্যবেক্ষণ ক্ষমতা আপনার জীবনে সাফল্যের ভিত্তি হিসেবে কাজ করতে পারে। আপনাকে আত্মসংযমী হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, কারিগরি, জনসংযোগ ও পরিবহনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনার স্পষ্টবাদিতা ও কৌতুকবোধ পারিবারিক সম্পর্কের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি করতে পারে। আপনাকে সংযমী ও সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের গোলাপী, বেগুনী, লাল, নীল, কমলা ও আকাশী। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** বেরিল ও সিলোনী গোমেদ। **সংখ্যা:** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কূটনীতিক হেনরী কিসিঞ্জার, কথাশিল্পী হেরম্যান ওক, ঐতিহাসিক ইবনে খালদুন, ক্রিস্টোফার লি, বিজ্ঞানী জন ডগলাস ককক্রফট, উর্মি রহমান, জন বার্থ।

মে ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, অস্থির ও চঞ্চল। আপনি ভদ্র হলেও সহজেই ক্ষুব্ধ হন। আপনি সহানুভূতিশীল প্রশংসা সহজেই আপনাকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। আপনি সবসময়ই ব্যস্ত থাকতে চান। যুক্তিবাদ ও বিশ্লেষণী ক্ষমতার সাথে আপনার আছে স্মরণশক্তি। জীবনে সাফল্যলাভের জন্য আপনাকে ধৈর্যশীল হতে হবে এবং চাটুকারদের

ব্যাপারে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি কারিগরি, বৈজ্ঞানিক গবেষণা, অনুসন্ধান, আইন ও জনপেশায় ভাল করবেন। আপনি একাধিক পেশায় জড়িত হয়ে পড়তে পারেন।

প্রেম : আপনি স্নেহের কাঙাল, পারিবারিক শান্তি আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য আপনাকে হঠাৎ ক্ষুব্ধ হওয়ার প্রবণতা পরিহার করতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, কমলা, আকাশী সোনালী, নীল। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও বেরিল। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব কথাশিল্পী আয়ান ফ্লেমিং, সান্ড্রা লক, জ্যোতিষী উইলিয়াম লিলি, ক্যারল বেকার, কাজী আবিদ, চিন্ময় মুৎসুদ্দী।

মে ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার উপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ ও ডিপ্লোম্যাটিক। আপনি আকর্ষণীয় ও সহানুভূতিশীল ব্যক্তিত্বের অধিকারী। আপনি ভ্রমণ ভালবাসেন। আর শান্তি ও বৈচিত্র্যের প্রত্যাশা আপনার জন্মগত। আপোস ও মধ্যস্থতাকারী হিসেবে আপনি অনন্য। আপনার ইনটুইশন ও সৃজনশীলতা বাস্তব জটিলতা থেকে দূরে থাকতে উদ্বুদ্ধ করতে পারে। আপনার অনুসন্ধিৎসা প্রবল, আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি লেখক, বুদ্ধিজীবী, শিক্ষক, কারিগরি, শিক্ষা ও সৃজনশীল পেশায় ভাল করবেন। রাজনীতির সাথেও আপনি জড়িয়ে পড়তে পারেন।

প্রেম : আপনি আদর্শবাদী। দ্বন্দ্ব সংঘাত এড়িয়ে শান্তি রক্ষা করার সহজাত প্রবণতা পারিবারিক সুখের কারণ হতে পারে। ব্যক্তিগত ও পারিবারিক দায়িত্ব সম্পর্কে আপনাকে আরও সচেতন হতে হবে।

শুভ রং: সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ক্রীম, কমলা, আকাশী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পেরিডট ও মুক্তা। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট কেনেডী, অভিনেতা বব হোপ, অমলেন্দু বিশ্বাস, হুমায়ুন ফরিদি, সাংবাদিক অরুনাভ সরকার, সাংবাদিক এ. কে. এম. মহিউদ্দিন, রাজনীতিক এ. কে. এম মায়েদুল ইসলাম, ড. ইনামুল হক।

মে ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কর্তব্যপরায়ণ, মেধাবী ও উচ্চাভিলাষী। আপনি ডিপ্লোম্যাসী ও কৌশলে বিশ্বাসী। সরাসরি দ্বন্দ্ব ও সংঘাত আপনি এড়িয়ে চলতে চান। কৌশলেই সব চ্যালেঞ্জের মোকাবিলা করতে চান। আপনি প্রাণোচ্ছল, সহজে মিশতে পারেন, বন্ধুত্ব করতে পারেন, বুদ্ধিবৃত্তিক মন আছে আপনার। জ্ঞানের তৃষ্ণাও প্রবল। জীবনে আপনার সুনির্দিষ্ট লক্ষ্য থাকা প্রয়োজন।

পেশা : আপনি বুদ্ধিজীবী, গবেষক, শিক্ষক ও লেখক হিসেবে এবং যোগাযোগমূলক পেশায় ভাল করবেন। এজেন্সী ও পরিবহন ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার জীবনের গতি বহির্মুখী, আপনার সাথে তাল মিলিয়ে চলতে পারে

এমন বুদ্ধিবৃত্তিক জীবন সঙ্গীই আপনার প্রয়োজন।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, নীল, আকাশী, কমলা। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** এমিথিস্ট ও পান্না। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন :** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১ ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব দার্শনিক মিখাইল বাকুনিন, লেখক দ্বিজেন শর্মা, দার্শনিক ডিনেটিলি গিয়োভানি।

মে ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি নতুন কিছু ভাবতে চান, নতুন কিছু করতে চান। উদ্ভাবনী ক্ষমতা ও বৈচিত্র্যপ্রিয়তা আপনাকে ব্যতিক্রম ব্যক্তিত্ব হিসেবে চিহ্নিত করতে পারে। চিরায়ত পথে না চলে আপনি নিজের মতানুসারে চলতে চান। এক্ষেত্রে আপনি আপোসহীন বিশ্লেষণ ক্ষমতা ও ইনটুইশন জীবন সংগ্রামেই আপনার প্রধান হাতিয়ার। আপনার মধ্যে ধৈর্য ও অধ্যবসায়ের অভাব আছে। অপ্রত্যাশিত ঘটনা আপনার জীবনকে গভীরভাবে প্রভাবিত করবে।

পেশা : আপনি সাংবাদিকতা, বুদ্ধিবৃত্তিক জনসংযোগমূলক ও কারিগরি পেশায় ভাল করবেন। যোগাযোগ, পরিবহন মুদ্রণ ও এজেন্সি ব্যবসা আপনার জন্য ভাল।

প্রেম : আপনার বৈচিত্র্যপ্রিয়তা পারিবারিক জীবনে ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। উদার ও বুদ্ধিবৃত্তিক বিকাশে সমকক্ষ এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, কমলা, হলুদ, সোনালী, ধূসর। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** বেরিল ও ইন্দ্রনীলা। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি ওয়াল্ট হুইটম্যান, অভিনেতা ক্লিন্ট ইস্টউড, শেখ সাদী, ব্রুক শীল্ড, নরম্যান ভেন্টসেন্ট পিল, সুবর্ণা শিরিন।

জুন ১

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ১। রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় অস্থির, চঞ্চল ও সদাব্যস্ত। পরিবর্তন, বৈচিত্র্য ও ভ্রমণের প্রতি আকর্ষণ দুর্নিবার। আপনি অনুভূতিপ্রবণ, আদর্শবাদী ও কল্পনাপ্রবণ। সহানুভূতিশীল। দ্বৈত চরিত্রের জন্যে আপনাকে বুঝে ওঠা কঠিন। উচ্চাভিলাষী। নিজের মতানুসারে কাজ করতে চান। যুক্তি অনুসন্ধিৎসা ও ডিপ্লোম্যাসী আছে আপনার। জীবনে অনেক বাধা অতিক্রম করতে হবে।

পেশা : আপনি লেখক, বুদ্ধিজীবী, শিক্ষক, দালাল, গবেষক ও অনুসন্ধানকারী হিসেবে ভাল করবেন। একসাথে দুই পেশায় জড়িত হওয়ার সম্ভাবনা আছে।

প্রেম : আপনি স্বামী বা স্ত্রী হিসেবে সুবিবেচক। পারিবারিক সুখ ও শান্তি বজায় রাখার জন্যে অনেক করবেন। তারপরও অনেক ঝামেলা পোহাতে হতে পারে।

শুভ রং: সকল শেডের হলুদ, সোনালী, সাদা, কমলা ও আকাশী। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও পান্না। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি জন মেইসফিল্ড, কবি আবদুল কাদির, অভিনেত্রী মেরিলিন মনরো, কার্টুনিস্ট জেরাল্ড স্ক্র্যাফ, শিব প্রসন্ন লাহিড়ী, জ্যোতির্বিদ মোহাম্মদ আবদুল জাব্বার, তুর্কী সাহিত্যিক শামসুদ্দীন সামী ফ্রাসেরী, অনুপম হায়াৎ, জ্যোতিষী মোহাম্মদ আনিসুল হক।

জুন ২

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ২। চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মানবতাবাদী, সহানুভূতিশীল ও উষ্ণ হৃদয়ের অধিকারী, বুদ্ধি প্রখর। ভদ্র, তবে মনের ভিতর অশান্ত কল্পনা সব সময় প্রভাব বিস্তার করে। দ্বন্দ্ব, সংঘাত ও ঝামেলা এড়িয়ে চলতে চান। ডিপ্লোম্যাসী আছে আপনার। ইতিহাস ও সাহিত্যের প্রতি অনুরক্ত, বাসস্থান পরিবর্তন ও ভ্রমণের প্রতি ঝোঁক আছে। সাফল্য লাভে আরও বৈষয়িক হতে হবে।

পেশা : আপনি লেখক, কূটনীতিবিদ, জনসংযোগ ও সৃজনশীল পেশায় সফল হবেন।

প্রেম : আপনি অত্যন্ত অনুভূতিপ্রবণ। বৈষয়িক বিচারবুদ্ধির অভাব পারিবারিক ও দাম্পত্য শান্তির অন্তরায় হতে পারে।

শুভ রং: সকল শেডের সবুজ, ক্রীম, হলুদ, সাদা, আকাশী, কমলা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : বেরিল ও মুক্তো। সংখ্যা : ২ ও ৫। দিন : সোম ও বুধবার। তারিখ : ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী টমাস হার্ডি, সুরকার এডওয়ার্ড এলগার, অভিনেত্রী নার্গিস, সাংবাদিক বোরহান আহমেদ।

জুন ৩

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় উচ্চাভিলাষী ও কর্তৃত্বপরায়ণ। সহজে মিশতে পারেন। বন্ধুত্ব করতে পারেন, প্রভাবিত করতে পারেন। মেধাবী ও বাকপটু। যে কোনো বিষয়ে আলোচনা করতে সক্ষম। দ্রুত যেকোন সঙ্কট মোকাবিলা করতে পারেন। উচ্চাভিলাস ও কর্মতৎপরতা সাফল্য, সুনাম ও খ্যাতি আনতে পারে। কিন্তু তা পরিতৃপ্তি দিতে পারবে না। পরিতৃপ্ত হতে শিখতে হবে।

পেশা : আপনি বৃহৎ ব্যবসা প্রতিষ্ঠানে এবং আইন ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। পরিবহন, রেডিও, টিভির সাথে জড়িত পেশাও ভাল।

প্রেম : আপনার কর্তৃত্বপরায়ণ মনোভাব দাম্পত্য সুখের অন্তরায় হতে পারে। কৌশলী ও সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, পদ্ম বেগুনী, আকাশী, গোলাপী, হলদে কমলা। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন: পোখরাজ ও পেরিডট। সংখ্যা ৩ ও ৫। দিন : বুধ ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : রাজা পঞ্চম জর্জ, মার্কিন কবি এলেন গিন্সবার্গ, অভিনেতা টনি কার্টিস, চিকিৎসাবিজ্ঞানী জর্জ ভন বেক্রে, রাজনীতিক শাহিনা খান।

জুন ৪

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর

ইউরেনাস ও বুধের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও উদ্ভাবনী গুণের অধিকারী। নতুন ধ্যান ধারণার প্রতি আপনি সহজে আকৃষ্ট হবেন। জীবন ও ধর্ম সম্পর্কে আপনার ধারণাও হবে ব্যতিক্রমধর্মী। ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ ও স্বাধীনচেতা মনোভাবের ফলে আত্মীয় ও বন্ধুরা ভুল বুঝবে। মামলা-মোকদ্দমায় জড়ানোর ব্যাপারে সতর্ক থাকতে হবে। আপনার জীবন ধারা প্রবাহিত হবে একটা স্বতন্ত্র খাতে। অপ্রত্যাশিত ঘটনা প্রবাহ দ্বারা তা নিয়ন্ত্রিত হবে।

পেশা : আপনি জনসংযোগ, পরিবহন, বিদ্যুৎ, ইলেক্টোনিক্স, রেডিও, টিভি ও সৃজনশীল পেশায় ভাল করবেন। আর্থিক অবস্থা ওঠানামা করবে।

প্রেম : আপনার চিন্তাধারার সাথে মিল রয়েছে এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত। তা না হলে দাম্পত্য সুখের আশা সুদূর পরাভূত।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হলুদ, কমলা। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্র নীলা ও টরমালিন। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ফজলে রাব্বী, গায়ক আনোয়ার উদ্দীন খান, চলচ্চিত্রকার বাদল রহমান, অধ্যাপক শাহেদ আলী।

জুন ৫

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর বুধের বিশেষ প্রভার রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির ও সদা ব্যস্ত। মেধাবী, দ্রুত চিন্তা করতে পারেন, দ্রুত কাজ করতে পারেন। কাজের শ্লথগতি আপনার আদৌ পছন্দনীয় নয়। দ্রুত ফল লাভ করতে চান। দীর্ঘদিন কোন কাজে বা কারও সাথে লেগে থাকা আপনার জন্যে কষ্টকর। ক্রমাগত কাজ পরিবর্তন, নতুন সম্পর্ক গড়ে তোলা, নতুন বিষয়ে আগ্রহী হওয়ার মধ্যেই আপনার আনন্দ। অল্প সময়ে সাফল্য লাভের জন্যে কোন ঝুঁকি নিতে কুণ্ঠিত নন। আপনাকে আরও ধৈর্যশীল ও অধ্যবসায়ী হতে হবে।

পেশা : আপনি জনসংযোগ, বিনোদন, বীমা, দালালী, যোগাযোগ, কারিগরি পেশা ও ফটকাবাজারীতে ভাল করবেন। একাধিক পেশায় একই সাথে জড়িত থাকবেন। পেশা পরিবর্তন হতে পারে।

প্রেম : বৈচিত্র্যপ্রিয়তা আপনার রক্তে মেশানো। দাম্পত্য জীবন একঘেয়েমি মনে হতে পারে। একাধিক বিয়েরও সম্ভাবনা।

শুভ রং : সকল শেডের আকাশী, হলদে, কমলা ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** রূপা ও প্লাটিনাম । **রত্ন :** পান্না ও ওপাল। **সংখ্যা :** ৫। **দিন :** বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : পুঁজিবাদের জনক এডাম স্মিথ, কবি ফেদেরিকো গার্সিয়া লোরকা, নাট্যকার টনি রিচার্ডসন, বিপ্লবী পানচো ভিলা।

জুন ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে

ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার অস্থিরতা, মেধা, মন ও মানসিকতা প্রভাবিত হয়েছে কল্পনা সৃজনশীলতা ও সৌন্দর্যের অনুভূতি দ্বারা। শিল্প, সাহিত্য, সঙ্গীত ও অভিনয়ের প্রতি আপনার রয়েছে সহজাত ঝোঁক। আর আকর্ষণীয় ব্যক্তিত্ব ও বাকপটুতার জন্যে আপনি জনপ্রিয়তা লাভ করবেন সহজেই। কাজে কোন বাধা আপনি পছন্দ করেন না। আপনি স্বাধীনচেতা আর উচ্চাভিলাষের সাথে সাথে অধ্যবসায়ী হতে পারলে আপনার সাফল্যের স্বর্ণদ্বার কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি যে কোন ধরনের জনসেবা ও সৃজনশীল পেশায় সহজে সাফল্য লাভ করবেন। পেশাগত জীবনে বিপরীত লিঙ্গের সহযোগিতা পাবেন বেশি।

প্রেম : আপনি প্রেমিক। আর বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আকৃষ্ট হবে আপনার প্রতি। পারিবারিক ভুল বুঝাবুঝি এড়াতে হলে আপনাকে এ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, ফিরোজা, হলদে'কমলা, সবুজ। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও পেরিডট। **সংখ্যা** ৫ ও ৬। **দিন** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : ওপন্যাসিক টমাস মান, আলেকজাণ্ডার পুশকিন, রাজিয়া মাহবুব, প্রেসিডেন্ট সুয়েকর্ন, সুনীল দত্ত, ক্যাপ্টেন রবার্ট স্কট, লেখক মাহবুবুল হক।

জুন ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী পরিশীলিত চিন্তা ও মন মানসিকতার অধিকারী। অন্যের ধ্যান-ধারণা সহজে বুঝতে পারেন। আর তা আপনাকে প্রভাবিত করে। অতীন্দ্রিয় ও অস্বাভাবিক বিষয়ের প্রতি ঝোঁক আছে আপনার। ভ্রমণ সমুদ্র ও দূরের দেশ আপনাকে নিয়ত আকর্ষণ করে। বৈষয়িক দিক থেকে আপনি নিকটাত্মীয়দের দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন। প্রকৃতি ও সুন্দরের প্রতি আপনার আকর্ষণ হবে দুর্নিবার। জীবনে সাফল্য লাভের জন্য আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি সাংবাদিক, লেখক, ডাক্তার, অভিযাত্রী, ভ্রমণকারী, সেবিকা, মনস্তাত্ত্বিক হিসেবে ভাল করবেন। ব্যবসায় আপনার ইনটুইশন সাফল্যের সোপান রচনা করতে পারে।

প্রেম : আপনার মন অস্থির আর বই পড়া ও ভ্রমণের নেশা পারিবারিক জীবনে একটা ঠাণ্ডা সম্পর্কের সৃষ্টি করতে পারে। হৃদয়বৃত্তিক ক্ষেত্রে আপনাকে আরও উষ্ণ হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, আকাশী, পীত, ক্রীম, কমলা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পেরিডট ও ক্যাটস আই। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : চিন্তাবিদ মাওলানা আকরাম খাঁ, খাজা আহমদ আব্বাস, পদার্থ বিজ্ঞানী ফিলিপ লেনার্ড, মনস্তাত্ত্বিক কার্ল এস লেসলি, প্রিন্স।

জুন ৮

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও বুধের বিশেষ প্রভার রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি একটু রিজার্ভ, চিন্তাশীল ও ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী। আপনার বুদ্ধিবৃত্তিক ক্ষমতা প্রখর। খুটিনাটি বিষয়সহ পর্যবেক্ষণ করার ক্ষমতা প্রখর।

দার্শনিক দৃষ্টিভঙ্গি ও আগাম চিন্তা-ভাবনার ফলে ঘনিষ্টজনেরাও আপনাকে ভুল বুঝতে পারে। পরিস্থিতি পরিবেশ, মামলা মোকদ্দমা ও শত্রুতা আপনার জীবনকে গভীরভাবে প্রভাবিত করতে পারে। জীবনে এককভাবে লক্ষ্যপথে এগুলেই আপনি বেশি সফল হবেন।

পেশা : আপনি অংক, বিজ্ঞান, দর্শন, ধর্ম, সাহিত্য ও কারিগরি পেশায় ভাল করবেন। অংশীদারী ব্যবসা ও উদ্যোগ আপনার জন্য শুভ নাও হতে পারে।

প্রেম : আন্তরিকভাবে ভালবাসলেও প্রিয়জনেরা আপনাকে বেশি ভুল বুঝতে পারে। প্রিয়জনের কাছে নিজেকে আরও সহজভাবে তুলে ধরুন।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, বাদামী, ধূসর ও হলদে কমলা। ধাতু প্লাটিনাম ও সীসা। রত্ন : পেরিডট ও নীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : ঔপন্যাসিক চার্লস রীড, বিজ্ঞানী ফ্রান্সিস ক্রীক, প্রেসিডেন্ট সুহার্তো, ন্যান্সি সিনাত্রা, নৃত্যশিল্পী জি. এ. মান্নান, ডিম্পল কাপাডিয়া।

জুন ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগ প্রবণ, স্পষ্টবাদী, দিলখোলা ও কর্মতৎপর। আপনি প্রখর বুদ্ধিবৃত্তি ও জঙ্গি মনের অধিকারী। আপনি সাহসী, স্বাধীনতা প্রিয়, আত্ম নির্ভরশীল ও চতুর। কর্মক্ষেত্রে দ্বন্দ্ব, সংঘাত ও শত্রুতা আপনার নিত্য সঙ্গী হতে পারে। আত্মীয়দের তরফ থেকে শত্রুতা এবং অনেক উত্থান পতন হবে আপনার। জীবনে সাফল্য লাভের জন্য আপনাকে ধৈর্যশীল, সংযমী ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি প্রতিদ্বন্দ্বিতামূলক পেশায় ভাল করবেন। বিজ্ঞান, রসায়ন, প্রশাসনিক কারিগরি, রাজনীতি ও জনসংযোগমূলক পেশা আপনার জন্য ভাল। আর্থিক অবস্থা উঠানামা করবে।

প্রেম : আপনার মেজাজ ও হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা পারিবারিক শান্তি বার বার বিঘ্নিত করতে পারে। একাধিক প্রেম ও বিপরীত লিঙ্গের জন্য ঝামেলা যোগ আছে।

শুভ রং : সকল শেডের আকাশী, লাল, বেগুনী, গোলাপী ও হলদে, কমলা। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** গোমেদ ও পেরিডট। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : রবার্ট ম্যাকনামারা, আবিষ্কর্তা জর্জ স্টিভেনশন, রুশ সম্রাট প্রথম পিটার, জ্যোতির্বিদ জোহান গেলী।

জুন ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, সৃজনশীল ও অনুভূতিপ্রবণ। কল্পনা ও আবেগ আপনাকে করেছে অস্থির। ভদ্র ও বিনয়ী হলেও আপনি সহজেই ক্ষুব্ধ ও ক্রোধান্বিত হয়ে উঠতে পারেন। আপনি কর্মঠ। নিজের মত প্রকাশে দৃঢ়। স্মরণশক্তি ও বিশ্লেষণী ক্ষমতার জন্য যে কোন বিষয় আপনি সহজেই আয়ত্ত করতে পারেন। আপনার চরিত্রে এক ধরনের একগুঁয়েমি থাকতে পারে। আপনাকে আরও কৌশলী ও ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, জনসংযোগ, শিল্প, সাহিত্য, মুদ্রণ ও কারিগরি পেশায় ভাল করবেন। আপনি একাধিক পেশায় জড়িত হতে পারেন।

প্রেম : জীবনে সাফল্য লাভ করার জন্যে পারিবারিক শান্তি আপনার একান্ত প্রয়োজন। আপনাকে এক্ষেত্রে একগুঁয়েমি পরিহার করে সমঝোতামূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, কমলা, সোনালী, ধূসর, আকাশী। ধাতু : সোনা ও প্লাটিনাম। রত্ন : পোখরাজ ও বেরিল। সংখ্যা : ১ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি ফররুখ আহমদ, প্রিন্স ফিলিপ, প্রকৌশলী নিকোলাস অটো, ঔপন্যাসিক লুইস কনফারস, কথাশিল্পী মতিনউদ্দীন আহমেদ, জুডি গারল্যাণ্ড।

জুন ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য: আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি ভদ্র, বিনয়ী, কল্পনাপ্রবণ, সৃজনশীল। মনের দিক থেকে আপনি অস্থির অশান্ত। আপনি শান্তিপ্রিয় ও সহানুভূতিশীল। দ্বন্দ্ব সংঘাত এড়িয়ে কৌশলে কাজ করতে চান। আপনার বুদ্ধিদৃপ্ত মন সহজেই সবকিছু বুঝতে পারে। আপনার ইনটুইশন প্রখর। শিল্প, সাহিত্য, ইতিহাস ও ভ্রমণের প্রতি আপনার রয়েছে গভীর অনুরাগ। জীবনে সাফল্য লাভের জন্য আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি শিল্পী, লেখক, সাহিত্যিক, সাংবাদিক, কূটনৈতিক, জনসংযোগ ও সৃজনশীল পেশায় ভাল করবেন। সহজ অর্থ উপার্জনের দিকে আপনার ঝোঁক থাকতে পারে।

প্রেম : আপনি অত্যন্ত অনুভূতিপরায়ণ। বিপরীত লিঙ্গের প্রতি সহজেই দুর্বল হয়ে পড়তে পারেন, তবে প্রেমে আপনার একাগ্রতার অভাব থাকতে পারে। পারিবারিক ক্ষেত্রে আপনাকে বৈষয়িক হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলুদ, কমলা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : পান্না ও মুক্তা। সংখ্যা : ২ ও ৫। দিন : সোম ও বুধবার। তারিখ : ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী উইলিয়াম স্টাইরন, আনোয়ার জাহিদ, ঔপন্যাসিক ইয়াসুনারি কাওয়াবাতা, সুরকার রিচার্ড স্ট্রাউস, দার্শনিক আলেকজাণ্ডার ভেইন, ফেরদৌসি মজুমদার, প্রাণিবিদ আলফ্রেড নিউটন, প্রমথ নাথ বিশি।

জুন ১২

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, মেধাবী ও উচ্চাভিলাষী। পরিচিত অপরিচিত সবাইকে আপনি সহজেই প্রভাবিত করেন। নেতৃত্ব ও সাংগঠনিক যোগ্যতা আছে আপনার। সংকটে দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। কর্তৃত্বপরায়ণ হলেও আপনি ডিপ্লোম্যাসীতে বিশ্বাসী। আপনার বুদ্ধিদৃপ্ত মন সহজেই যে কোন বিষয় অনুধাবন করতে পারে। আপনি খ্যাতি ও সুনামের অধিকারী হলেও সহজে পরিতৃপ্ত হবেন না।

পেশা : আপনি বুদ্ধিজীবী, গবেষক, প্রশাসক, বাণিজ্য প্রতিনিধি, জনসংযোগ, আইন সৃজনশীল পেশায় ভাল করবেন। আপনার সবসময় বড় সংস্থার সাথে কাজ করা উচিত।

প্রেম : আপনি কর্তৃত্বপরায়ণ। তাছাড়া বাইরের বৈচিত্র্যের প্রত্যাশী এটা দাম্পত্য সুখের অন্তরায় হতে পারে। আপনাকে সমঝোতা ও সহনশীলতার পথে যেতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, পদ্ম বেগুনী, গোলাপী, আকাশী, নীল ও কমলা। **ধাতু :** প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও পেরিডট। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : রাজনীতিক এন্থনী এডেন, বিজ্ঞানী অলিভার লজ, প্রেসিডেন্ট জর্জ বুশ, ঐতিহাসিক আল উমারী।

জুন ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার বিশ্লেষণী ক্ষমতা ও ইনটুইশন প্রখর। মৌলিক উদ্ভাবনী গুণ আছে আপনার। আপনি বৈচিত্র্যপ্রিয় আর নতুনের প্রতি সব সময় আকৃষ্ট। চিরায়ত পথে না চলে আপনি নিজের পথে, নতুনের পথে চলতে চান। আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ ও স্বাধীনচেতা মনোভাবের জন্য পরিচিতরা আপনাকে ভুল বুঝবে। দ্বন্দ্ব-সংঘাত ও মামলা-মোকদ্দমা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে। অপ্রত্যাশিত ঘটনাবলী আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, জনসংযোগমূলক পেশা, কারিগরি, বিদ্যুৎ, ইলেকট্রনিক্স ও পরিবহনের সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার মত ও চিন্তাধারার সাথে মিল রয়েছে এমন কাউকেই বিয়ে করা উচিত। তা না হলে আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ ও বৈচিত্র্যপ্রিয়তা পারিবারিক ভুল বুঝাবুঝির কারণ হবে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলদে, কমলা ও উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও টর্মালিন। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি ডব্লিউ বি. ইয়েটস, লেখিকা হেরিয়েট রিচার্ড স্টো, চিকিৎসা বিজ্ঞানী জোলস ব্রোটেড, প্রিন্স আলী খান, চার্লস পার্সনস।

জুন ১৪

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী অস্থির ও সদা পরিবর্তনশীল। আপনি দ্রুত চিন্তা করতে ও দ্রুত কাজ করতে পারেন। আর কাজে দ্রুত ফল লাভ করতে চান। রুটিন ও একগুঁয়েমি আপনার অপছন্দ। কাজে ধৈর্য ও ধারাবাহিকতার অভাব আছে। তাই দ্রুত সাফল্য লাভের জন্য আপনি ঝুঁকি নিতেও কুণ্ঠিত হন না। ভ্রমণ, পরিবর্তন, নতুন, বন্ধুত্ব, নতুন বিষয় শেখার মধ্যেই আপনার আনন্দ। আপনার জীবনে ধৈর্য ও অধ্যবসায়ের প্রয়োজন।

পেশা : আপনি সাংবাদিকতা, জনসংযোগ ও বিনোদনমূলক পেশায় এজেন্ট, দালাল, মধ্যস্থতাকারী এবং ব্যবসায়ী হিসেবে ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হতে পারে।

প্রেম : বহির্মুখী জীবন জ্ঞান বৈচিত্র্যপ্রিয়তার জন্য দাম্পত্য জীবন আপনার কাছে একঘেয়ে মনে হতে পারে। একাধিক বিয়ের সম্ভাবনা আছে।

শুভ রং : সকল শেডের আকাশী, সবুজ, কমলা ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** হীরক ও ওপাল। **সংখ্যা :** ৫। **দিন :** বুধবার। **তারিখ :** ১, ৫,

৬, ১০, ১৪, ১৫, ১৯, ২৩, ২৪, ২৮।

ব্যক্তিত্ব: হাসান হাফিজুর রহমান, সেলিনা হোসেন, চে গুয়েভারা, জেরজি কসিনস্কি, ফরাসী বিজ্ঞানী চার্লস অগাস্টিন, গণিতজ্ঞ আনদ্রে মার্কভ।

জুন ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। প্রেম ও সৌন্দর্যের অনুভূতি দ্বারা আপনার চিন্তাধারা মূলত প্রভাবিত। আপনি কল্পনাপ্রবণ, মিশুক ও সৃজনশীল। শিল্পকলার প্রতি রয়েছে সহজাত ঝোঁক। আপনি বুদ্ধিমান ও কৌশলী। যে কোন বিষয়ের আলোচনায় সহজে অংশ নিতে পারেন, সহজে অন্যকে প্রভাবিত করতে পারেন। তবে নিজের মত থেকে সহজে বিচ্যুত হতে চান না। ধৈর্যশীল ও অধ্যবসায়ী হলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সাংবাদিকতা, দালালী, সেলসম্যান ও জনসংযোগ-মূলক পেশায় ভাল করবেন। ভাগ্য ও পরিস্থিতির আনুকূল্য পাবেন আপনি।

প্রেম : আপনি মিশুক ও আলাপী। কিন্তু এক ধরনের অব্যক্ত বিষণ্নতার জন্যে প্রিয়জন আপনাকে ভুল বুঝতে পারে। বাইরের আকর্ষণ ভুলে পারিবারিক জীবনে আপনাকে আরও নিবেদিত হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, গোলাপী, আকাশী, বেগুনী, ফিরোজা ও হালকা কমলা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও পেরিডট। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : জার্মান মনস্তত্ত্ববিদ এরিক এরিকসন, জাপানী ধর্মীয় নেতা কুকাই, সম্রাট হোসেন এমিলি, নায়িকা শাবানা।

জুন ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও আদর্শবাদী। সংবেদনশীল চিন্তা, মানসিকতা ও ধ্যানধারণার অধিকারী। কল্পনা ও অস্থিরতা রয়েছে আপনার মধ্যে। অন্যকে সহজে বুঝতে পারেন, আর অন্যের দ্বারা সহজে প্রভাবিত হন। অতীন্দ্রিয় ও আধ্যাত্মিক বিষয়, ভ্রমণ, সৃজনশীলতা ও বিদেশের প্রতি আপনার আকর্ষণ তীব্র। আপনার মধ্যে উদ্যমের অভাব থাকতে পারে। নিকটাত্মীয়ের দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন। আদর্শবাদের জন্যে সংঘাত হতে পারে। আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, চিকিৎসা, মনস্তত্ত্ব, বিজ্ঞাপন, জনসংযোগ, ভ্রমণ ও অভিযাত্রার সাথে জড়িত পেশায় ভাল করবেন। আপনাকে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : বাইরের নেশা আপনার দাম্পত্য সম্পর্কে উষ্ণতার অভাব সৃষ্টি করতে পারে। সংবেদনশীলতা ও ক্ষণিকের দুর্বলতাবশত বিয়ে করলে আপনি ভুল করবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, আকাশী, কমলা ও সাদা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পান্না ও ক্যাটস আই। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৪, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জয়েস ক্যারল ওটস, ইরিখ সেগাল, বিজ্ঞানী জুলিয়াস শ্লুকার, হেমন্ত মুখোপাধ্যায়, শহীদ আবুল বরকত, সাংবাদিক মন্মথ রায়।

জুন ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের প্রভাব সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল, সাহসী ও দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। প্রাণ-প্রাচুর্য, মাধুর্য ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতা আছে আপনার। বিতর্ক ও আলোচনা আপনার পছন্দ। নিজের মতে আপনি আপোসহীন। আপনার দৃষ্টিভঙ্গি দার্শনিক। স্বভাবে অনেকটা চাপা। অনেকে আপনাকে ভুল বুঝবে। পরিস্থিতি, পরিবেশ, বাধা ও সংঘাত আপনার জীবন ধারাকে গভীরভাবে প্রভাবিত করবে। আপনাকে ধৈর্যশীল হতে হবে। লক্ষ্যপানে একাই এগিয়ে যেতে হবে।

পেশা : আপনি বিজ্ঞাপন, দর্শন, ধর্ম, সাহিত্য, আইন ও বিচার বিভাগের সাথে জড়িত পেশায় ভাল করবেন। এককভাবে কাজ করা যায় এমন পেশা আপনার জন্যে ভাল।

প্রেম : ভালবাসায় আপনি আন্তরিক। কিন্তু আপনার অনমনীয় ও আপোসহীন মনোভাব পারিবারিক সমঝোতার অভাব সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, খয়েরী, বাদামী, আকাশী ও কমলা। **ধাতু :** প্লাটিনাম ও সীসা। **রত্ন:** নীলা ও টর্মালিন। **গুরুত্বপূর্ণ সংখ্যা** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী উইলিয়াম ক্রুকস, কথাশিল্পী জন হেরসে, উইলিয়াম রস, ডীন মার্টিন।

জুন ১৮

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মিথুনের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী ও জঙ্গী ব্যক্তিত্বের অধিকারী। আপনি আবেগপ্রবণ ও স্পষ্টভাষী, আপনার তীব্র বাক্যবাণ অনেক দ্বন্দ্ব সংঘাতে জড়িত করতে পারে। আপনি চতুর ও প্রখর বুদ্ধির অধিকারী। কারিগরি ও খুঁটিনাটি জটিলতা আপনি সহজে ধরতে পারেন। সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। জীবনে সাফল্য লাভের জন্য জঙ্গী মনোভাবের পরিবর্তে আপনাকে সংযমী ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি কারিগরি, বিজ্ঞান, রসায়ন, জনসংযোগ ও রাজনীতিতে ভাল করবেন। চ্যালেঞ্জ ও পেশাগত প্রতিদ্বন্দ্বিতায় আপনি বারবার জড়িয়ে পড়তে পারেন।

প্রেম : আপনার কৌতুক ও বিতর্ক প্রিয়তা প্রিয়জনের সাথে ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। মহিলা ও আত্মীয়দের জন্য ঝামেলায় পড়তে পারেন।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, বেগুনী, কমলা ও আকাশী। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও বেরিল। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : বিটল গায়ক পল ম্যাক কার্টনি, চিকিৎসা বিজ্ঞানী আলফস লেভার্ন।

জুন ১৯

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। জন্মসংখ্যা ১। রবি ও বুধের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র মিথুনের বৈশিষ্ট্য কর্কট দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী সৃজনশীল ও উচ্চাভিলাষী। আপনার

স্মরণশক্তি ও বিশ্লেষণী ক্ষমতা প্রচুর। বিজয়ী হলেও আবেগের মধ্যে আপনি আদর্শবাদী ও সহানুভূতিশীল। নিজের মতে আপনি অনড়। যে কোন কাজে লেগে থাকার গুণ আছে আপনার। উচ্চাভিলাষী, অনুসন্ধিৎসা, ডিপ্লোম্যাসী ও অধ্যবসায় আপনাকে সাফল্যের স্বর্গদ্বারে নিয়ে যেতে পার।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, সৃজনশীল ও সংযোগমূলক পেশায় ভাল করবেন। গবেষণা ও অনুসন্ধানী হিসেবেও আপনি সফল হবেন। একাধিক পেশায় জড়িত না হওয়াই ভাল।

প্রেম : পরিবার পরিজনের গুরুত্ব আপনার কাছে অনেক। পারিবারিক সুখ-শান্তির জন্য আপনি অনেক কিছু করবেন আপনাকে বেশ কিছু গুরুতর ঝামেলায় পড়তে হতে পারে।

শুভ রং : সকল শেডের সোনালী, হলুদ, আকাশী, কমলা, ধূসর, সাদা। ধাতু : সোনা ও প্লাটিনাম। রত্ন : হীরক ও টর্মালিন। সংখ্যা : ১ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ফিল্ড মার্শাল আর্ল হেইগ, সাহিত্যিক ওসামু দাজাই, ফিলিপ ডিউক অব এডেনবরা, দিলারা জামান, এ. কে. এম. মোস্তাফিজুর রহমান।

জুন ২০

আজ জন্মদিন হলে আপনি মিথুন রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র মিথুনের বৈশিষ্ট্য কর্কট দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মানবতাবাদী ও সহানুভূতিশীল ব্যক্তিত্বের অধিকারী। আপনি কল্পনাপ্রবণ, সৃজনশীল ও কৌশলী। আপনার বুদ্ধি ও ইনটুইশন প্রখর। ভ্রমণ ও বৈচিত্র্য আপনি ভালবাসেন। আপনি শান্তির প্রত্যাশী। তাই দ্বন্দ্ব সংঘাত এড়িয়ে চলতে চান। মনের বিরোধই আপনি আপোস ও মধ্যস্থতাকারী ভূমিকা পালন করতে পারেন। আত্মীয়-স্বজনদের জন্য অনেক কিছু করতে চাইলেও তারাই আপনাকে ভুল বুঝতে পারে।

পেশা : আপনি বুদ্ধিজীবী, লেখক, শিল্পী, সাংবাদিক, কূটনীতিবিদ, ঐতিহাসিক ও সেবামূলক পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি অনুভূতিপ্রবণ ও সহানুভূতিশীল। প্রিয়জনের সুখের জন্য আপনি অনেক ত্যাগ স্বীকারেও প্রস্তুত। তবুও এ ক্ষেত্রে আপনাকে উদার দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ক্রীম, সাদা, আকাশী ও কমলা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : টর্মালিন ও মুক্তা। সংখ্যা : ২ ও ৫। দিন : সোম ও বুধবার। তারিখ : ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : ওস্তাদ মোস্তাক আলী খান, বিজ্ঞানী ফ্রেডরিখ হপকিন্স, লিনিয়ার হেলম্যান, অডি মারফি।

Cancer

২১ জুন–২০ জুলাইয়ের মধ্যে জন্ম হলে আপনার রাশি

কর্কট

কর্কটের জাতকরা অত্যন্ত আবেগ ও অনুভূতিপ্রবণ। তাদের হৃদয় উষ্ণ ও সহানুভূতিশীল। তারা মূলত চাপা স্বভাবের। তাই তাদের বুঝা বেশ কঠিন। তারা যদিও বন্ধু ও আত্মীয়দের ব্যাপারে আন্তরিক ও অত্যন্ত সহানুভূতি সম্পন্ন তবুও তারা এই স্নেহমমতা বাহ্যিকভাবে প্রদর্শন করে না। তবে স্বভাবে চাপা হলেও তাদের অনুভূতি তীক্ষ্ণ। তাদের মন সহজেই আহত হয়। তারা অনেকটা সন্দেহপ্রবণ। তাই কখনও তারা মানসিক দুঃখ পেলে ভাবে লোকেরা তাদের বিরুদ্ধে পেছনে কথা লাগাচ্ছে। তাদের কাল্পনিক বা বাস্তব বিরোধীদের তারা কখনও ভুলে যায় না। তাদের তারা ক্ষমা করতে পারে না।

ধৈর্য ও অধ্যবসায় কর্কটের জাতকের মূল বৈশিষ্ট্য। জীবন সম্পর্কে তাদের ধারণা নিয়তি-নির্ভর। কোন কিছু সহজে না পেলে তারা অপেক্ষা করতে থাকে। এই অপেক্ষায় তাদের কোন ক্লান্তি নেই। তাদের এই নিয়তি-নির্ভর ধ্যান-ধারণার কারণে অনেকের মধ্যেই আলস্য বাসা বাঁধে, তারা তখন উদ্যম হারিয়ে ফেলে আর নিজেদের ভাবে ভাগ্যের ক্রীড়নকরূপে।

কর্কটের জাতকরা রক্ষণশীল। নতুন কোন কিছুকেই তারা সহজে গ্রহণ করতে পারে না। তারা সব সময় নিজেদের মত করে সবকিছুকে পেতে চায়। তারা ঝামেলামুক্ত জীবন পছন্দ করে। তবে তাদের চারপাশের লোকজনদের দ্বারা তাদের জীবন ব্যাপকভাবে প্রভাবিত হয়।

কর্কটের জাতকরা সাধারণত দয়ালু। প্রয়োজনে সহানুভূতির হাত বাড়াতে তারা সব সময় প্রস্তুত। যে কারও দুঃখ-কষ্ট তাদের সহজে প্রভাবিত করে। তাই তারা দুঃখ-কষ্টকে ভয় পায় এবং দুঃখ-কষ্টের বিরুদ্ধে নিজস্ব একটা প্রতিরোধ গড়ে তুলতে সচেষ্ট থাকে।

কর্কটের জাতকরা মূলত লাজুক ও বিনম্র। অনেকে যদিও বেশ সামাজিক, তবুও এই ভাবটা তাদের মধ্যে থেকে যায়। লজ্জা ও জড়তা কাটিয়ে উঠতে পারলে এরা চমৎকার বক্তৃতা দিতে পারে। এদের মন আবেগের মধ্যে দিয়ে কাজ করে। এদের অন্তর্দৃষ্টি ও ইনটুইশন অনেক ক্ষেত্রেই অত্যন্ত প্রখর। এদের কল্পনাশক্তিও প্রচণ্ড। এরা সাধারণত যুক্তিতে আবদ্ধ থাকতে চায় না। তাদের আশা-আকাঙ্ক্ষার ক্ষেত্রে আদর্শের ছোয়া থাকে। একবার মনস্থির করলে তারা অসীম ধৈর্যের সাথে লেগে থাকতে পারে।

কর্কটের জাতকরা সহজ-সরল জীবনধারার অনুসারী। তবে অনেক সময় তারা অপরের জাঁকজমক ও জৌলুস দ্বারা প্রভাবিত হয়। অসচেতনভাবেই তারা অনেক সময় পরিচিতদের অভ্যাস ও আচরণ নিজেরা অনুসরণ করে। এর ফলে তাদের অজ্ঞাতেই নিজস্ব নয়, এমন আচরণধারায় তারা অভ্যস্ত হয়ে উঠতে পারে।

কর্কটের জাতকদের দৃষ্টিভঙ্গি অন্তর্মুখী। একটু ভীত ও সতর্ক। তারা সব সময় নিরাপদ থাকতে চায়। আবার অভিজ্ঞতা লাভের একটা অশ্রান্ত ইচ্ছাও তাদের রয়েছে। এই দুই শক্তির সংঘাতে তারা প্রায়ই মেজাজ-নির্ভর হয়ে ওঠে। তা সত্ত্বেও লক্ষ্য অর্জনে অবিচল নিষ্ঠা থেকে তারা কখনও বিচ্যুত হয় না।

অর্থ ও কর্মজীবন

অর্থের প্রতি কর্কটের আকর্ষণ সহজাত। কর্কটের একদিকে আছে জমানোর ঝোঁক আর অন্যদিকে তারা মিতব্যয়ী। অর্থকে তারা নিরাপত্তার মাধ্যম মনে করে। তাই পৃথিবীর জমাকৃত সম্পদের সিংহভাগই কর্কটের হাতে। কর্কটের অনেকেই মৌলিক ও উদ্ভাবনী গুণের অধিকারী। তাই তারা ব্যবসায়ে ভাল করে।

ব্যবসায়ে কর্কটের জাতক নিষ্ক্রিয় অংশীদার হিসেবে ভাল। সক্রিয় অংশীদার হলে এরা রুটিন অনুসারে কাজ করে। আর্থিক লেনদেনে তারা সতর্ক। সহানুভূতির জন্য অধীনস্থদের পরিচালনায় এদের অসুবিধা হয় না। দীর্ঘমেয়াদী পরিকল্পনার ফলাফলের জন্য অপেক্ষা করতে, ধৈর্য ধরতে এদের জুড়ি নেই।

সতর্কতা, মিতব্যয়িতা ও খুঁটিনাটি বিষয়ের প্রতি সজাগ দৃষ্টি যেসব পেশায় প্রয়োজন সেসব পেশায় এরা ভাল করে।

কর্কটের জাতকদের খাদ্যের প্রতি একটা আসক্তি আছে। তাই খাদ্যের সাথে জড়িত পেশায় এরা ভাল। হোটেল ব্যবসা, তরল জিনিসের ব্যবসা, বাগান-নার্সারী, রান্না ও খাবারের তৈজসপত্রের ব্যবসা এদের জন্য ভাল। এদের মধ্যে সহজাত সৃজনশীলতা রয়েছে। আবেগপ্রধান সৃষ্টিকর্মে এরা অনেকেই সফল হয়। প্রাণিবিদ্যা ও রসায়নের গবেষণায় এরা ভাল। পরিবারের প্রতি আনুগত্যের কারণে এরা অনেক সময়ই পারিবারিক পেশায় লেগে যায়।

কর্কটের জাতকের জীবনে পরিবর্তনের প্রভাব পড়ে ধীরে। তাদের জীবনে ৭ বছর মেয়াদী চক্র কাজ করে। তাদের ২৮ ও ৪৯ বছর বয়স জীবনধারার পরিবর্তনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এরা প্রচুর ভ্রমণ করতে পারে। কিন্তু মাতৃভূমিতে ফিরে আসা ছাড়া এদের উপায় নেই।

শরীর ও স্বাস্থ্য

কর্কটের জাতক তুলনামূলকভাবে বেঁটে। এরা খুব কমই লম্বা হয়। অল্প বয়সে এদের গড়ন থাকে ছিপছিপে। ক্রমান্বয়ে এরা গোলগাল হতে থাকে। এদের মাথা অনেকটা ডিম্বাকৃতির, কানের দিকে প্রশস্ত। এদের চিবুক গোল। কেশদাম সোজা ও মাঝারি ধরনের। শরীরে লোম অপেক্ষাকৃত কম। এদের মুখমণ্ডল গোলাকৃতির শিশুকালে তা থাকে অত্যন্ত কমনীয়। আস্তে আস্তে এ কমনীয়তা কমতে থাকে। মুখ পরিপূর্ণ। ঠোঁটের আকার সুন্দর। কর্কটের চোখ একটু বড়। চোখের রং হালকা ও সবসময়ই ভেজা থাকে। দাঁত তেমন শক্ত নয়। এদের হাত একটু মোটা ও আঙ্গুল ছোট। এরা দেখতে নম্র। প্রতিটি ভাবের সাথে সাথে চেহারা পরিবর্তিত হয়। চোখের জন্য এদের চেহারা স্বপ্নিল মনে হতে পারে। এদের কণ্ঠস্বর মোলায়েম। এরা ধীরে কথা বলে।

কর্কটের জাতক রসনা সংযত রাখতে পারলে সুস্বাস্থ্যের অধিকারী হতে পারে। তাদের দৈহিক পদ্ধতি অনেকটা স্পঞ্জের মত। নিম্ন ও আর্দ্র এলাকায় তাদের স্বাস্থ্য অধিকতর ভাল থাকে। আবহাওয়ার পরিবর্তন তাদেরকে বেশ প্রভাবিত করে। চন্দ্রকলা পরিবর্তন তাদের শরীরে লক্ষ্যণীয় প্রভাব বিস্তার করে।

কর্কটের জাতকরা প্রায়ই গ্যাস্ট্রিক ও পেটের পীড়ায় আক্রান্ত হয়। দুশ্চিন্তা ও খুঁতখুঁতে স্বভাব এর অন্যতম কারণ। তবে এর প্রধান কারণ হচ্ছে ভোজন বিলাস। সুস্বাদু ও গুরুপাক খাবারের প্রতি এদের দুর্দমনীয় আকর্ষণ রয়েছে। অতিরিক্ত খাওয়ার ফলে এরা প্রায়ই মোটা হয়ে যায়। মিষ্টির প্রতি এদের প্রচণ্ড আকর্ষণ রয়েছে। তাই শেষ বয়সে এদের অনেকেই বহুমূত্রে আক্রান্ত হয়।

কর্কটের জাতকরা দৈহিক কষ্ট ও ব্যথা সহ্য করতে পারে না। অধিকাংশ সময়ই তারা রোগের লক্ষণকে বাড়িয়ে বলে। তারা রোগ নিয়ে দুশ্চিন্তা করে বেশি। দুশ্চিন্তা

করতে করতে সেই রোগে আক্রান্ত হওয়াও বিচিত্র নয়। এজন্যে কর্কট রোগীদের সামলানো একটু মুশকিল। কর্কট মহিলারা বক্ষ, স্তন ও জরায়ুর রোগে আক্রান্ত হতে পারে।

কর্কটের জাতক দুশ্চিন্তা না করে দৈনন্দিন কাজকর্মে পরিতৃপ্ত ও শান্ত থাকতে পারলে অনেক রোগ থেকে মুক্ত থাকতে পারবে। খাদ্যের ব্যাপারে তাদের সংযমী হওয়া উচিত।

কর্কট পুরুষ

কর্কট পুরুষের নিকট বিয়ে ও পারিবারিক জীবন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি তাদের মনে নিরাপত্তা ও মহৎ কর্ম সম্পাদনের অনুভূতি ও আনন্দ দেয়। তারা রোমান্টিক ও স্নেহ-মমতায় পরিপূর্ণ। কিন্তু আরও মানানসই বিয়ের প্রস্তাব গ্রহণ করতে গিয়ে এরা সহজেই রোমান্সকে ভুলে যেতে পারে। এরা স্বামী হিসেবে স্ত্রীর প্রতি অত্যন্ত সহানুভূতিশীল ও নিবেদিতপ্রাণ। এরা স্ত্রীর প্রয়োজনের প্রতি সবসময় দৃষ্টি রাখে। স্ত্রীর নিকট থেকেও সার্বক্ষণিক মনোযোগ দাবি করে।

কর্কট পুরুষ স্ত্রীকে সাধারণত মায়ের প্রতিমূর্তি হিসেবে দেখতে চায়। সে স্ত্রীর দ্বারা সহজেই প্রভাবিত হতে পারে। কিন্তু মতবিরোধ দেখা দিলে অনেক সময়ই এরা একগুঁয়েমির পরিচয় দেয়।

কর্কট পুরুষ অত্যন্ত রুচিশীল। তার স্ত্রী অন্য কোন পুরুষের প্রতি কোন আগ্রহ প্রকাশ করলে তা তার মন-মানসকে মারাত্মকভাবে আঘাত করবে। তখন সে প্রতিহিংসাপরায়ণ হয়ে উঠতে পারে।

কর্কট পুরুষরা সাধারণত ২৮ বছর বয়সের দিকে বিয়ে করে। তবে পারিবারিক জীবন থেকে বিচ্ছিন্ন থাকলে তারা আরও আগে বিয়ে করতে পারে। স্বামীর প্রতি অনুগত ও ঘরোয়া মহিলাদের জন্য কর্কট পুরুষ হচ্ছে আদর্শ স্বামী।

কর্কট মহিলা

কর্কট মহিলারা মাতৃত্বের যথার্থ গুণাবলীতে ভূষিত। ঘর ও পরিবার এদের জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। পারিবারিক জীবনের সাথে এরা সহজেই খাপ খাইয়ে নিতে পারে। মূলত সে নিরাপত্তা চায়। সাধারণত বিয়েই তাকে এই নিরাপত্তা দিতে পারে।

কর্কট মহিলাদের মুখাবয়বেই মাতৃত্বের মায়াময় ভাব থাকে। এরা স্ফীতবক্ষা। তাদের আবেগ-অনুভূতি অত্যন্ত দ্রুত উঠানামা করে। তাই কখনও এরা অত্যন্ত রোমান্টিক ও প্রেমময়। আবার কখনও অত্যন্ত বিষণ্ণ।

স্বামী সম্পর্কে কর্কট মহিলারা উচ্চ ধারণা পোষণ করে। নিরাপত্তাবোধের অভাব তাদেরকে স্বামীর ওপর অত্যন্ত নির্ভরশীল করে তোলে। তারা স্বামীর কাছ থেকে অনেক কিছুই দাবি করে। এতে ব্যর্থ হলে তার মোহমুক্তি অত্যন্ত মারাত্মক হতে পারে। সে তার পরিবার ও বন্ধু-বান্ধবদের দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হতে পারে। যেকোন অপমান তাকে বিক্ষুব্ধ ও একগুঁয়ে করে তুলতে পারে।

নিরাপদবোধ করলে কর্কট মহিলার পরিবর্তনশীলতা স্থিতিশীলতায় পরিণত হয়। একবার কাউকে হৃদয় দিলে সে তাকে ছেড়ে যেতে পারে না। সাধারণত সে স্বামীর প্রতি বিশ্বস্ত ও নিবেদিত। কর্কট মহিলা অত্যন্ত সন্তানবৎসল মা। প্রয়োজনে বাইরের সবকিছু ছেড়ে তার সকল সময় পরিবারের জন্য নিয়োজিত করতে কোন দ্বিধা করে।

অবসাদ নিরাময়ে

প্রিয়জন থেকে দীর্ঘদিন বিচ্ছেদের সম্মুখীন হলে আপনার মন বিষাদে ভরে ওঠে। পরিচিতদের উচ্চস্বরের কথাবার্তা, চরম খেয়ালীপনা, প্রচণ্ড কোলাহল, অযৌক্তিক দাবি ও

অপছন্দনীয় বিষয়ের আলোচনা আপনাকে ক্লান্ত-অবসন্ন করে দিতে পারে। তাই আপনার পেশা সম্পর্কে আগ্রহী, রাজনৈতিক ও সামাজিক চিন্তার ক্ষেত্রে যাদের সাথে মিল রয়েছে, যাদের জীবনধারা আপনারই অনুরূপ, এমন লোকদের সাথে আপনার ওঠাবসা করা উচিত। আপনি পরিবারের লোকদের সাথেই বেশি ঘনিষ্ঠতা গড়ে তুলুন, রেডিও শুনুন, গান শুনুন, আপনার সমস্যা সম্পর্কে তাদের সাথে আলাপ করুন, অবসর সময়ে বাগান করুন, অবসাদ কেটে যাবে। আপ্যায়িত করতে আপনি ভালবাসেন, তাই বন্ধু ও আত্মীয়দের আপ্যায়ন আপনার জন্য অবসাদ এড়ানোর মোক্ষম পন্থা।

ত্রুটিবিচ্যুতি

কর্কটের অনেক জাতক সমালোচনার ব্যাপারে অত্যন্ত নার্ভাস। অন্যরা তাদের সম্পর্কে কি চিন্তা করতে পারে তা কল্পনা করে এরা প্রচুর সময় নষ্ট করে। তাদের মুডও ঘন ঘন পরিবর্তিত হয়। বাহ্যিক কোন কারণ ছাড়াই তারা বিষাদক্লিষ্টতায় আক্রান্ত হতে পারে। এরা অত্যন্ত অলস ও অদৃষ্টবাদী বাস্তব বা কল্পিত কোন অপরাধকে তারা ভুলে যেতে বা ক্ষমা করতে পারে না। ভীরুতা, দোদুল্যমানতা, উদ্যমের অভাব, কৃপণতা ও অনুকরণপ্রিয়তা অনেকের মধ্যে দেখা দিতে পারে। লোকজন তাদের বিরুদ্ধে লেগে আছে এটা অনেকেই ভাবে। এদের অনেকেই আবার কুসংস্কারাচ্ছন্ন। অনেকে অতিরিক্ত আবেগপ্রবণ ও হীনমন্যতায় ভোগে। এদের মধ্যে গোত্র-প্রীতি প্রবল।

পারস্পরিক সম্পর্ক

কর্কটের জাতকরা প্রধানত পরিবার কেন্দ্রিক। গোত্র ও আত্মীয়দের সাথেই এদের বন্ধুত্ব ও সম্পর্ক জমে ওঠে। বৃষ, কন্যা, বৃশ্চিক ও মীনের জাতকদের সাথে কর্কটের জাতকদের ভাল মিল হয়। এই চার রাশির জাতকদের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের তরফ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

কর্কটের সাথে কর্কটের জাতকের সমঝোতা খুব ভাল হতে পারে। কারণ পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে উভয়ই সতর্ক ও ধৈর্যশীল।

মেষ, তুলা ও মকর রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি সৃষ্টি হতে পারে। এক্ষেত্রে কর্কটের জাতককে তার সহজাত ধৈর্যের পন্থা অবলম্বন করতে হবে। তা না হলে ভুল বুঝাবুঝি সংঘাতের পর্যায়ে যেতে পারে।

মিথুন, সিংহ, কুম্ভ ও ধনুর জাতকদের সাথে সম্পর্কের ক্ষেত্রে কর্কটের জাতককে ধৈর্যশীল, সতর্ক ও কৌশলী হতে হবে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে একটা পারস্পরিক অনীহা থাকতে পারে। তাই আপনার পরিচিতদের বোঝার জন্যে তাদের রাশি ও জন্ম-দিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। এতে তাদেরকে বোঝা সহজ হবে।

জুন ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর চন্দ্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কর্কটের বৈশিষ্ট্য মিথুন দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, মেধাবী ও উচ্চাভিলাষী। আপনি স্বাধীনতাপ্রিয় ও দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। নিজের মত প্রকাশে কখনই দ্বিধা করেন না। আপনার কঠিন বহিরাবরণের নিচে রয়েছে একটা উষ্ণ ও কোমল মন। আপনি কর্মঠ। আর নেতৃত্ব দেয়ার গুণও আছে আপনার। তাছাড়া রয়েছে লক্ষ্যপানে অবিচল থাকার ক্ষমতা, সুনির্দিষ্ট পরিকল্পনা অনুসারে এগুলে সাফল্য আপনার পদচুম্বন করবে।

পেশা : আপনি সৃজনশীল পেশা, রাজনীতি, চিকিৎসা, ব্যবস্থাপনার সাথে জড়িত পেশায় ভাল করবেন। ৩৪ বছরের দিকে গুরুত্বপূর্ণ পেশাগত পরিবর্তন হতে পারে।

প্রেম : আপনার মধুর ও কিছুটা কর্তৃত্বপরায়ণ ব্যক্তিত্ব পরিবারের শর্তহীন আনুগত্য লাভে সহায়ক হবে। আপনার সৃজনশীলতা দাম্পত্য জীবনকে আরও আনন্দময় করে তুলতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, সবুজ, হলদে, কমলা ও ক্রীম। **ধাতু:** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** মুক্তো ও পোখরাজ। **সংখ্যা** ২ ও ৩। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৬, ৯, ১১, ১২, ১৫, ১৮, ২০, ২১ ২৪, ২৭, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : বেনজীর ভুট্টো, জাঁপল সার্ত্রে, জ্যোতির্বিদ ম্যাক্স উলফ, ঔপন্যাসিক মেরী মেককার্থী, মিশেল প্লাতিনি, সাংবাদিক সাদেক খান, বেবী মওদুদ।

জুন ২২

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৪। ইউরেনাস ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কর্কটের বৈশিষ্ট্য মিথুন দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ। প্রবল মানসিক ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। তবে হঠাৎ উত্তেজিত হয়ে পড়াও বিচিত্র নয়। আপনার আত্মবিশ্বাস প্রগাঢ়। তাই দোদুল্যমান ও কম বুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের সাথে মিল হবে না। সাফল্য লাভের জন্যে কুশলী ও ডিপ্লোম্যাটিক হতে হবে। কাজ সম্পাদনের ক্ষেত্রে আপনি দৈহিক, মানসিক ও স্নায়ুবিক শক্তিকে অনায়াসে সমন্বিত করতে পারেন।

পেশা : বুদ্ধিবৃত্তিক ও কারিগরি পেশায় ভাল করবেন। ব্যবসায়িক ক্ষেত্রে উদ্ভাবনী ক্ষমতা ও ইনটুইশন ফলদায়ক হতে পারে। আর্থিক প্রশ্নে হিসেবী হতে হবে।

প্রেম : স্বামী বা স্ত্রী হিসেবে নিবেদিত প্রাণ। তবে বিয়ের বাইরেও আনন্দ খুঁজে বেড়ানোর আকাঙ্ক্ষা মাথা চাড়া দিয়ে উঠতে পারে। এ সম্পর্কে সতর্ক হোন।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ সোনালী,হলদে, কমলা ও ক্রীম। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** মুক্তো ও ইন্দ্রনীলা। **সংখ্যা :** ২ ও ৪। **দিন** রবি ও সোমবার। তারিখ : ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কবি নির্মলেন্দু গুন, অমরেশপুরী, ক্রিস্ট ক্রিস্টোফারসন, জয়শ্রী কবির, শিক্ষাবিদ সিকান্দর হায়াত খান ইউসুফজাই, শিক্ষাবিদ মোফাজ্জল হায়দার চৌধুরী, ইরিক মারিয়া রেমার্ক।

জুন ২৩

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৫। বুধ ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কর্কটের বৈশিষ্ট্য মিথুন দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি নিয়ম শৃঙ্খলার অনুসারী। স্মরণশক্তি ও বিশ্লেষণী শক্তি প্রখর হলেও পরিবেশ ও বন্ধুদের দ্বারা প্রভাবিত হন। তবে আদেশ দ্বারা আপনাকে পরিচালিত করা কঠিন। নিজের কাজের ব্যাপারে রয়েছে অনমনীয় মনোভাব। তবু চাটুকারিতার সামনে অনেকটা অসহায়। এদের সম্পর্কে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি গবেষণা, চিকিৎসা, নার্সারী ও তরল পদার্থের সাথে জড়িত পেশায় ভাল করবেন। অল্প বয়সেই পেশাগত লক্ষ্যে স্থির থাকতে হবে।

প্রেম : আপনি মিশুক। বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হন। সহজেই বন্ধুত্ব করতে পারেন। মৌখিক প্রশংসা ও অন্তরের অভিব্যক্তির পার্থক্য বুঝতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, সবুজ, হলদে কমলা, ক্রীম ও হালকা উজ্জ্বল রং। **ধাতু:** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** মুক্তো ও ওপাল। **সংখ্যা :** ২ ও ৩। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : সম্রাজ্ঞী জোসেফিন, রাজা অষ্টম এডওয়ার্ড ড. সিরাজুল ইসলাম চৌধুরী, ভাস্কর কার্ল মিলার, আন্না আখমোতোভা, অভিনেতা রাজ বাব্বার, সাংবাদিক মাসুদুল হক।

জুন ২৪

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৬। শুক্র ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় শান্তিপ্রিয় উদার ও মিশুক। আপনজনদের নিয়েই আপনি ভাবতে চান। দ্বন্দ্ব-সংঘাতে না গিয়ে সহযোগিতার মাধ্যমে সব কিছু করতে চান। কাজে পরিশ্রমী ও নিবেদিত প্রাণ। পিতা-মাতা ও পরিবারের প্রতি আপনার আনুগত্য শর্তহীন। ডিপ্লোম্যাসী ও ট্যাক্ট আছে আপনার। জীবনের প্রতি আশাবাদী দৃষ্টিভঙ্গি যে কোন হতাশা কাটিয়ে উঠতে সাহায্য করবে।

পেশা : আপনি মধ্যস্থতাকারী, এজেন্ট, সেলসম্যান, চিকিৎসা ও সেবামূলক পেশায় ভাল করবেন। শান্তিপ্রিয়তার জন্য অনেক সুযোগ হাতছাড়া হয়ে যেতে পারে।

প্রেম : সবার প্রয়োজন ও মানসিকতা বুঝতে পারেন আপনি। বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ সংযত রাখতে পারলে আপনি সুখী হবেন।

শুভ রং: সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, হলদে কমলা ও ক্রীম। **ধাতু :** রূপা ও তামা। **রত্ন :** ফিরোজা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : শিখ নেতা মাস্টার তারা সিং, জ্যোতির্বিদ ফ্রেড হোয়েল, প্রধানমন্ত্রী ভিক্টর ফ্রান্সিস হেস, চিকিৎসাবিদ ফ্রেডারিক লফলার।

জুন ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্ম সংখ্যা ৭। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ ও সৌন্দর্যপ্রিয়। বুদ্ধিবৃত্তিক ও শৈল্পিক যোগ্যতা আছে আপনার। ইনটুইশন প্রখর, সুকুমার বৃত্তি ও সৃজনশীলতার প্রতি রয়েছে আপনার প্রবল আকর্ষণ। জীবনের লক্ষ্য সম্পর্কে মনের ডাকে আপনার সাড়া দেওয়া উচিত। আপনার মনের ডাকে সাড়া দিতে গিয়ে প্রাথমিকভাবে দুঃখ-কষ্ট এলেও দৃঢ়তা ও ধৈর্য আপনাকে সাফল্যের সোপানে নিয়ে যাবে।

পেশা : আপনি সঙ্গীত, শিল্প, সাহিত্য, বুদ্ধিবৃত্তিক ও সেবামূলক পেশায় ভাল করবেন। রসায়ন ও তেলের সাথে জড়িত পেশাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি সহজাতভাবেই বিপরীত লিঙ্গের প্রতি আকৃষ্ট। অপেক্ষাকৃত অল্প বয়সে বিয়ে করার প্রবণতা আপনার পেশাগত অগ্রগতি ব্যাহত করতে পারে। পুরুষরা ২৯ বছর বয়সের পর বিয়ে করলে বেশি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, হলদে কমলা, সাদা ও ক্রীম। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** মুক্তো ও জেড। **সংখ্যা :** ২ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : ওস্তাদ আমীর খসরু, কবি সুফিয়া কামাল, ভি. পি. সিং, সাংবাদিক কামাল

লোহানী, পূর্ণেন্দু দস্তিদার, মাউন্ট ব্যাটন, বিপুল ভট্টাচার্য, পদার্থ বিজ্ঞানী জোহান্স জেনসেন, আবু হাসান শাহরিয়ার।

জুন ২৬

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। মিথুনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৮। শনি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় দৃঢ় মানসিক শক্তির অধিকারী, ধৈর্যশীল ও অধ্যবসায়ী। নিজের কষ্ট বা ঝামেলার ব্যাপারে সাধারণত অভিযোগ করেন না। নিঃস্বার্থভাবে কর্তব্য করে যান। ব্যক্তিগত আকর্ষণী ক্ষমতা প্রবল। সাংগঠনিক ও প্রশাসনিক দক্ষতা রয়েছে। পারিপার্শ্বিক ঘটনা সাফল্যকে বিলম্বিত করবে। লক্ষ্যপথে এগুনোর পরিবর্তে অন্য কাজে নিজেকে লিপ্ত দেখতে পারেন। বিলম্বে হলেও আপনার হতাশ হওয়ার কিছু নেই।

পেশা : আপনি শিক্ষক, বুদ্ধিজীবী, লেখক, প্রশাসক, চাষাবাদ ও পারিবারিক পেশায় ভাল করবেন।

প্রেম : প্রিয়জনের কল্যাণে সবকিছু নিবেদিত করবেন। তবুও পারিপার্শ্বিকতা অনেক দুঃখ বয়ে আনতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, হরিদ্রাভ, হলদে কমলা, ক্রীম। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** মুক্তো ও নীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ২ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও সোমবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৪, ৮, ১১, ১৩, ১৭, ২০, ২২, ২৬, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী পার্ল বাক, জ্যোতির্বিদ লর্ড কেলভিন, বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়, ইলিনর পার্কার, দার্শনিক ফ্রেডরিখ ইভান্স, শফি কামাল, কৃষ্ণ রাও পণ্ডিত।

জুন ২৭

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার উপর মঙ্গল ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সাহসী ও নির্ভীক। নিজের চিন্তা ও কথা দৃঢ়তার সাথে ব্যক্ত করতে পারেন। দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। কাজের ফলাফলকে নির্দ্বিধায় গ্রহণ করতে পারেন। সরাসরি লক্ষ্যে পৌঁছতে চান। ব্যক্তিগত অগ্রগতি আপনার কাছে গুরুত্বপূর্ণ। সফল, খ্যাতিমান ও জনপ্রিয় হওয়ার জন্যে লক্ষ্য রাখতে হবে যেন আপনার দৃঢ়তা একগুঁয়েমিতে পরিণত না হয়। আপনাকে কুশলী ও সতর্ক হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক, রাজনৈতিক ও সমুদ্রের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা এবং শিল্পও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি প্রিয়জনকে ভালবাসবেন। কিন্তু বাইরের নেতৃত্বের ন্যায় পারিবারিক নেতৃত্ব পরিচালনা করা আপনার জন্যে কঠিন হতে পারে। হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা সংযত রাখতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, গোলাপী, বেগুনী, হলদে কমলা ও ক্রীম। **ধাতু :** লোহা ও রূপা। **রত্ন :** মুক্তো ও প্রবাল। **সংখ্যা :** ২ ও ৩। **দিন** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৩, ৯, ১১, ১২, ১৮, ২০, ২১, ২৭, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী ফিলিপ গেস্টন, নাট্যকার ডেভিড মার্কার, রাহুল দেব বর্মন, ইলিয়াস কাঞ্চন, অঞ্জনা।

জুন ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর

রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি শান্ত, চাপা ও বিনয়ী। আপনার বিনয় অন্যদের আকৃষ্ট করে আপনার প্রতি। আপনি কর্তব্যপরায়ণ ও বিশ্বস্ত তাই অন্যরা নির্ভর করে। আপনি সহানুভূতিশীল। অন্যদের পরামর্শ দিতে, তাদের উপকারে আসতে দ্বিধা করেন না। আপনার আবেগ সৃজনশীলতা ও বিবেচনা অন্যের কল্যাণে নিয়োজিত। একটু কৌশলী হলে আপনার সাফল্যের স্বর্ণদ্বার কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি ডাক্তার, রসায়নবিদ, কূটনীতিক, শিক্ষা, বুদ্ধিজীবী ও নার্স হিসেবে ভাল করবেন। জীবনে একবার বড় ধরনের পেশাগত পরিবর্তন হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ধূসর, আকাশী, হলদে কমলা। **ধাতু** সোনা ও রূপা। **রত্ন :** হীরক ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : দার্শনিক জাঁ জ্যাক রুশো, সঙ্গীতকার রিচার্ড রজার্স, গায়িকা ফেরদৌসী বেগম, নরসিমা রাও, প্রিন্সিপাল আবুল কাশেম, মাশুকুল হক।

জুন ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার আগ্রহ ও প্রতিভা বহুমুখী। আপনি অস্থির ও বৈচিত্র্যপ্রিয়। ধৈর্যের অভাব আছে আপনার। আপনার কল্পনা ইনটুইশন ও স্মরণশক্তি প্রখর। আপনার মন একদিকে বহির্মুখী আগ্রহ ও তৎপরতায় ব্যস্ত। অন্যদিকে তা আবার ভালবাসে নিজের গৃহ পরিবারপরিজনকে। এই পরস্পর বিরোধী প্রবণতা আপনার লক্ষণীয় বৈশিষ্ট্য। নিয়ম শৃঙ্খলারও অভাব আছে আপনার মধ্যে। আপনাকে নিয়মানুবর্তী ও একক লক্ষ্যাভিসারী হতে হবে।

পেশা : বৈচিত্র্য ও নতুন ধরনের কাজের সুযোগ আছে এমন পেশায় আপনি ভাল করবেন। সৃজনশীল পেশা আপনার জন্যে ভাল।

প্রেম : প্রিয়জনের জন্যে আপনি নিবেদিতপ্রাণ। তবে মানসিক অস্থিরতা ও বৈচিত্র্য প্রিয়তা পারিবারিক সুখের অন্তরায় হতে পারে। আপনাকে টিপটপ ও বৈষয়িক হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, হলদে কমলা, ক্রীম, আকাশী। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** মুক্তো ও পান্না। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২,৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী আশুতোষ মুখোপাধ্যায়, বুদ্ধদেব গুহ, ঐতিহাসিক জেমস হারভে রবিনসন, জ্যোতির্বিদ জর্জ এলরি হেইল।

জুন ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর চন্দ্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি নির্ভীক ও উচ্চাভিলাষী। ব্যক্তিস্বাধীনতা আপনার কাছে গুরুত্বপূর্ণ। আকর্ষণীয় ব্যক্তিত্বের সাথে রয়েছে নেতৃত্ব ও কর্তৃত্ব করার গুণ। নিজের মতও পথে আপনি অনেকটা অনড়। আপনি মেধাবী ও সৃজনশীল। যেকোন বিষয় সহজে বুঝতে পারেন। তবে আপনার হৃদয় উষ্ণ ও কোমল। সুস্বাদু খাদ্য দ্রব্যের প্রতি আকর্ষণ রয়েছে। জীবনে সাফল্য লাভের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা অনুসারে অগ্রসর হতে হবে।

পেশা : আপনি রাজনৈতিক, চিকিৎসক, ব্যবস্থাপক, প্রশাসক, লেখক ও শিল্পী হিসেবে ভাল করবেন। একাধিক পেশাগত পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব ও নিবেদিত প্রাণ মনোভাব পরিবারের পুরো আনুগত্য লাভের সহায়ক হতে পারে। দাম্পত্য জীবনে আপনাকে আরও সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ক্রীম, হলদে কমলা ও হরিদ্রাভ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন** পোখরাজ ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৩। **দিন** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : অভিনেত্রী সুসান হাওয়ার্ড, চিন্তাবিদ হ্যারল্ড লাস্কি, আহমেদ ছফা, মতিয়া চৌধুরী, শিল্পপতি কাজী আশরাফ উদ্দিন আহমেদ।

জুলাই ১

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ১। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি একটু চাপা ও রিজার্ভ। কিন্তু অত্যন্ত অনুভূতি প্রবণ, সংবেদনশীল ও বুদ্ধিমান। আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রখর। পারিবারিক ও গোত্রের প্রতি আপনার আনুগত্য অনেকটা শর্তহীন। আপনার রাশির নেতিবাচক গুণাবলীর চেয়ে ইতিবাচক গুণাবলীর প্রাধান্য আপনার মধ্যে বেশি। ধর্ম ও নৈতিকতার অনুভূতিও আপনার মধ্যে প্রবল। পরিবেশ আপনার উপর দর্শনীয় ছাপ ফেলবে। নিজেকে লুকিয়ে রাখতে চাইলেও আপনার পরিচয়ের ব্যাপ্তি ঘটবে। জীবনে কিছু করার সুস্পষ্ট সম্ভাবনা আছে আপনার।

পেশা : আপনি প্রশাসনিক, সৃজনশীল ও পারিবারিক পেশায় ভাল করবেন। জীবনে একাধিক পেশা ও মর্যাদাগত পরিবর্তন ঘটবে। অর্থও আসবে প্রচুর।

প্রেম : আপনি পরিবারের সুখ-শান্তির জন্যে কোন চেষ্টার ত্রুটি করবেন না। তবে স্ত্রী বা স্বামী নির্বাচনে আপনাকে সাবধানী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ক্রীম, সাদা, নীল, হলদে কমলা। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** কনক পোখরাজ ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জর্জ সাঁদ, আবুল ফজল, সৈয়দ মুর্তজা আলী, দার্শনিক লিবনিজ, সাংবাদিক কে. জি. মোস্তফা, চিত্রশিল্পী হাসেম খান, সৈয়দ আবদুল হাদী, মনিরুজ্জামান রাজ, রিয়াজ উদ্দিন বাদশা, সাদাত আলী আখন্দ, আজিজুর রহমান বুলি।

জুলাই ২

আজ আপনার জন্ম তারিখ হলে আপনি কর্কট রাশির জাতক। জন্মসংখ্যা ২। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির, চঞ্চল, কল্পনা-প্রবণ ও রোমান্টিক। আপনি বিনয়ী হলেও একটা দ্বন্দ্ব ও সন্দেহ আপনার মনে প্রায়ই কাজ করে। আবেগ ও অনুভূতি আপনাকে দোলা দিবে বেশি। একগুঁয়েমি একদম পছন্দ নয়। ভ্রমণ, বৈচিত্র্য ও সমুদ্রের প্রতি রয়েছে আকর্ষণ। আপনি জীবন সম্পর্কে অনেক স্বপ্ন দেখবেন। প্রচণ্ড আগ্রহ ও উদ্দীপনা নিয়ে আপনি কাজে ঝাঁপিয়ে পড়বেন। আর একাগ্রতা থাকলে যে কোন পেশায়

থাকুন না কেন খ্যাতি ও প্রতিষ্ঠা আসবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সঙ্গীত, নৌ-চলাচল ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। সংগ্রহ ও সঞ্চয়ের প্রতি আপনার ঝোঁক আর্থিক দুর্বিপাক থেকে আপনাকে রক্ষা করতে পারে।

প্রেম : প্রিয়জনের প্রতি ভালবাসায় আপনার কোন খাদ নেই। কিন্তু অস্থিরতা ভাবাবেগ ও সেন্টিমেন্ট মারাত্মক জটিলতা সৃষ্টির কারণ হতে পারে। এ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলদে কমলা, সাদা। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** হীরক ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী হেরম্যান হেস, প্যাট্রিক লুমুম্বা, বৃটিশ প্রধানমন্ত্রী এলিক ডগলাস হোম, বিজ্ঞানী ড্রাইডেন।

জুলাই ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি নির্ভীক ও স্বাধীনচেতা। দয়ালু ও সহানুভূতিশীল হলেও আপনি স্পষ্টভাষী ও উচ্চাভিলাষী। জীবন সম্পর্কে আপনি উচ্চতর দৃষ্টিভঙ্গির অধিকারী। নিজস্ব পরিমণ্ডলে ও নিপীড়িতদের মাঝে আপনি সহজেই জনপ্রিয়তা লাভ করবেন। জ্ঞান ও অভিজ্ঞতা লাভের জন্যে ভ্রমণের প্রতি আপনার থাকবে আগ্রহ। জীবনে আপনি সুযোগ পাবেন। তবে আপনার পথ আপনাকেই গড়ে নিতে পারে। দায়িত্ব গ্রহণে অনীহা না থাকলে আপনার অগ্রগতি কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি প্রশাসনিক ও বুদ্ধি বৃত্তিক পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে তোলার চেষ্টায়ও সফল হবেন। আর্থিক ভবিষ্যৎ সম্পর্কে ভীত হওয়ার কিছু নেই।

প্রেম : আপনি পারিবারিক জীবনের প্রতি সহজাতভাবেই দুর্বল। নিবেদিত প্রাণ মনোভাব ও কৌশল এক্ষেত্রে আপনাকে সফল করতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, লালচে বেগুনী, ক্রীম, হলদে কমলা, নীল, গোলাপী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৩। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : সাহিত্যিক ফ্রাঞ্জ কাফকা, পোলিশ দার্শনিক আলফ্রেড কর্জিস্কি, খালেদা এদিব চৌধুরী, কেন রাসেল, নাট্যকার এস. কে. এম. শামছুল হক, জিনাত রেহানা, শাহজাহান চৌধুরী।

জুলাই ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর চন্দ্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রবল। আপনি চিন্তা ও ধ্যানধারণায় মৌলিকত্বের অধিকারী। অন্যদের চেয়ে আপনি আলাদা। আপনার অনুভূতি আবেগ ও সেন্টিমেন্টের সাথে জড়িত যে কোন বিষয়েই আপনি সংবেদনশীল। আপনার ইনটুইশন প্রখর। আধ্যাত্মিকতার প্রতি রয়েছে প্রবল অনুরাগ। আর মানসিক শক্তি আপনাকে

অন্যদের চেয়ে উচ্চস্তরে উন্নীত করবে। অপ্রত্যাশিত ঝামেলা আসবে আপনার জীবনে। মামলা মোকদ্দমা ও ভুল বুঝাবুঝি সম্পর্কে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, বুদ্ধিবৃত্তিক ও প্রশাসনিক পেশায় ভাল করবেন। জন-জীবনের প্রতি আপনার ঝোঁক থাকবে। ব্যতিক্রমী পথে আসবে আপনার সাফল্য।

প্রেম : আপনি প্রিয়জনকে ভালবাসবেন। কিন্তু আত্মীয় স্বজনদের জন্যে আপনাকে অনেক ঝামেলা পোহাতে হতে পারে। তারা আপনাকে ভুলও বুঝতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলুদ, ধূসর, হলদে কমলা, ক্রীম। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৪। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : রাষ্ট্রনায়ক গ্যারিবল্ডি, কথাশিল্পী ন্যাথানিয়েল হ্যাথোন, খান জয়নুল, জিনা লোলো ব্রিজিদা, বাদল রায়, লুই আর্মস্ট্রং।

জুলাই ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অত্যন্ত অনুভূতিপ্রবণ। পরিবেশ ও পরিচিতরা আপনাকে প্রভাবিত করে গভীরভাবে। নিজের যোগ্যতা ও দক্ষতা সম্পর্কে আত্মবিশ্বাসের অভাব থাকতে পারে। আপনি মেধাবী। বুদ্ধিবৃত্তিক বিষয়ের প্রতি রয়েছে গভীর আকর্ষণ। তবে আপনি কিছুটা চরমপন্থী। নিজের মতকে প্রতিষ্ঠিত করার জন্যে একগুঁয়ে হয়ে উঠতে পারেন। ভ্রমণের প্রতি থাকবে আপনার প্রবল ঝোঁক। ক্রমান্বয়ে আপনার মধ্যে আত্মবিশ্বাস ও দৃঢ় ইচ্ছাশক্তি জন্ম নিতে পারে। কৌশল ও ডিপ্লোম্যাসী আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি বুদ্ধিজীবী, কূটনীতিবিদ, শিক্ষক, ভ্রমণকারী, অভিযাত্রী হিসাবে ভাল করবেন। ব্যবসায়ে আপনার ইনটুইশন আপনাকে প্রবলভাবে সহায়তা করতে পারে।

প্রেম : আপনার একগুঁয়েমি প্রিয়জনের সাথে আপনার সম্পর্ককে ক্ষতিগ্রস্ত করতে পারে। আপনাকে সহনশীল ও গৃহের ব্যাপারে মনোযোগী হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, ক্রীম, হলদে কমলা ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** ওপাল ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। তারিখ : ২, ৩, ৫, ১১, ১২, ১৪, ২০, ২১, ২৩, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : সিসিল রোডস, হাবার্ট স্পেনসার, সমাজতাত্ত্বিক রবার্ট মার্টন, রসায়নবিদ জন নর্থরোপ, বিজ্ঞানী উইলিয়াম রেনকিন।

জুলাই ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, সামাজিক ও দয়ালু। আপনি কর্মঠ। সেই সাথে আছে কাজ করার জজবা ও উদ্দীপনা। আপনার হৃদয় উষ্ণ। আপনি বিপরীত লিঙ্গের প্রতি আকৃষ্ট। আপনি সহানুভূতিশীল। অন্যের সাহায্যের আবেদনে সহজেই সাড়া দেন। আপনি সৃজনশীল। শিল্প, সাহিত্য, বিনোদন ও ভ্রমণের প্রতি রয়েছে আপনার সহজাত অনুরাগ। অমিতব্যয়, বিলাস ও ইন্দ্রিয়সুখ পরায়ণতার দিকে আপনার ঝোঁক থাকতে পারে। জীবনে সাফল্য লাভের জন্যে আপনাকে সংযমী ও হিসেবী হতে হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, জনসংযোগ, বিনোদন ও রাজনীতির সাথে জড়িত

পেশায় ভাল করবেন। অমিতব্যয় শেষ বয়সে দুর্ভোগের কারণ হতে পারে।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি সহজাত আকর্ষণ তুলনামূলকভাবে কমবয়সে আপনাকে বিয়ে করতে উদ্বুদ্ধ করতে পারে। তবে একটু দেরি করে বুঝে শুনে আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, হলদে কমলা ও ক্রীম। ধাতু : রূপা ও তামা। রত্ন : ফিরোজা ও মুক্তো। সংখ্যা : ২ ও ৬। দিন : সোম ও শুক্রবার। তারিখ: ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : রুশ প্রেসিডেন্ট আঁন্দ্রে গ্রোমিকো, ন্যান্সি রিগান, সিলভস্টার স্ট্যালোন, অসীম চক্রবর্তী, এম তাজুল ইসলাম, জীব রসায়নবিদ এক্সেল থিওরেল।

জুলাই ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি সৃজনশীল, আবেগ ও কল্পনাপ্রবণ। আপনার মেধা ও ইনটুইশন প্রখর। আপনি অস্থির চিত্ত, ভ্রমণ ও সুদূরের পিয়াসী। আপনি পরিশীলিত রুচির অধিকারী। দৃঢ় ইচ্ছাশক্তি অর্জন করতে পারলে আপনি বুদ্ধিবৃত্তিক বিকাশে অন্যদের ছাড়িয়ে যাবেন। যে পরিবেশেই আপনার জন্ম হোক না কেন আপনি সবসময়ই বড় কিছু করতে উদ্বুদ্ধ হবেন।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী ও চিকিৎসক হিসেবে ভাল করবেন। বয়স বাড়ার সাথে সাথে আপনার আর্থিক ভাগ্য অনুকূল হবে।

প্রেম : পরিবারের প্রতি আপনার রয়েছে গভীর মমত্ববোধ। কিন্তু বিয়ের সাথে কোন অসাধারণ পরিস্থিতি জড়িয়ে থাকতে পারে। পারিবারিক শান্তির জন্যে আপনাকে বৈষয়িক হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলদে কমলা, সাদা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : একোয়ামেরিন ও মুক্তো। সংখ্যা ২ ও ৭। দিন : সোম ও বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : প্রবোধ কুমার সান্নাল, কে. এস. ফিরোজ, রিঙ্গোস্টার, সুরকার বেনিটো ডি সিকা, চিকিৎসাবিদ ক্যামিলো গোলজি।

জুলাই ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সিরিয়াস, চিন্তাশীল ও দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী, নিজের মতে আপনি আপোসহীন। আপনি উষ্ণ হৃদয়ের অধিকারী। অন্যের জন্য অনেক ত্যাগ স্বীকার করবেন। কিন্তু প্রতিদানে তেমন কিছু পাবেন না। মধ্যবয়সের আগে পর্যন্ত জীবনে অনেক বাধা ও প্রতিবন্ধকতা আসবে। পারিবারিক দায়িত্বও অর্পিত হতে পারে। তবে দৃঢ়তা ও অধ্যবসায় দ্বারা আপনি সকল প্রতিবন্ধকতা কাটিয়ে উঠবেন। অনেকটা নিয়তি নির্ভর হতে পারে আপনার জীবন।

পেশা : আপনি ডাক্তার, প্রশাসনিক পেশা ও ধীরে ধীরে প্রতিষ্ঠালাভ করা যায় এমন পেশায় ভাল করবেন। তেল, কয়লা, কৃষি ফার্ম ও কেমিক্যালের ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি প্রেম ও ভাবাবেগে আন্তরিক। কিন্তু নিজেকে যথাযথভাবে প্রকাশ করতে পারেন না। প্রিয়জনের জন্যে অনেক মূল্য দিতে হতে পারে আপনাকে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, চকলেট, বাদামী ও ক্রীম। ধাতু রূপা ও সীসা। রত্ন : নীলা ও মুক্তো। গুরুত্বপূর্ণ সংখ্যা : ২ ও ৮। গুরুত্বপূর্ণ দিন শনি ও সোমবার। গুরুত্বপূর্ণ তারিখ : ২, ৪, ৮, ১১, ১৩, ১৭, ২০, ২২, ২৬, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : বিমানপোত ডিজাইনার কাউন্ট ভন জেপলিন, মার্কিন স্থপতি ফিলিপ জনসন, পদার্থবিদ ইগরটাম, জ্যোতি বসু, শিল্পী রফিকুন নবী, ড. আব্রাহাম ওয়াক্সম্যান।

জুলাই ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি প্রাণবন্ত ও উদ্যোগী। আপনি ভয় পান না। কোন বাধাধরা গণ্ডীর মধ্যে থাকতে চান না। ঝুঁকি নিতে ভালবাসেন, ভালবাসেন স্থান থেকে স্থানান্তরে বেড়াতে। আপনি মেজাজী ও আবেগপ্রবণ। অল্পেই রেগে যেতে পারেন। তাই আত্মীয় ও বন্ধুদের সাথে প্রায়ই মতবিরোধ হতে পারে। দ্বন্দ্ব সংঘাত বিরোধ ও মামলা মোকদ্দমায় জীবন হয়ে উঠতে পারে ঘটনাবহুল। জীবনের লক্ষ্যে পৌঁছতে হলে আপনাকে ইচ্ছাশক্তি সুদৃঢ় করতে হবে এবং আরও ডিপ্লোম্যাটিক ও কুশলী হতে হবে।

পেশা : আপনি সেনাবাহিনী, বিজ্ঞান, কারিগরি তেল ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। আর্থিক প্রশ্নে যে কোন ঝুঁকি নেয়ার আগে আপনার গভীরভাবে চিন্তা করা উচিত।

প্রেম : আপনি প্রিয়জনকে ভালবাসেন, কিন্তু আপনার হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা পারিবারিক ঝামেলার কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, গোলাপী, নীল, হলদে, কমলা। ধাতু : লোহা ও রূপা। রত্ন : রক্তপ্রবাল ও মুক্তো। সংখ্যা : ২ ও ৯। দিন : সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৩, ৯, ১১, ১২, ১৮, ২০, ২১, ২৭, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : রাজনৈতিক এডওয়ার্ড হীথ, মরক্কোর বাদশাহ হাসান, সাংবাদিক প্রশান্ত ঘোষ, মশীউর রহমান যাদু মিয়া, মাহমুদ শাহ কোরেশী।

জুলাই ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিমান, মেধাবী ও ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী। আপনি দৃশ্যত চাপা ও রিজার্ভ হলেও অত্যন্ত অনুভূতিপ্রবণ ও সংবেদনশীল। আপনার ধর্মীয় অনুভূতি ও নৈতিকতাবোধ প্রখর। পরিবার, গোত্র ও দেশের প্রতি আপনার আনুগত্য শর্তহীন। সৃজনশীলতা ও সাহস দুই আছে আপনার মধ্যে। উচ্চাভিলাসী হলেও আপনি নীরবে ও অলক্ষ্যে লক্ষ্যপানে এগুতে চান। ইতিবাচক গুণাবলীর প্রাধান্য আপনাকে সাফল্যের সোপানে উন্নীত করবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, সৃজনশীল ও প্রশাসনিক পেশায় ভাল করবেন। পারিবারিক ব্যবসায় যোগদানও আপনার জন্য ভাল। পেশাগত সাফল্য ও মর্যাদা আসবে আপনার।

প্রেম : স্বামী বা স্ত্রী হিসাবে আপনি সহানুভূতিশীল ও বিশ্বস্ত। তবে বিয়ের সিদ্ধান্তে কোন ধরনের আবেগের প্রশ্রয় দেয়া উচিত হবে না।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, নীল, ধূসর ও ক্রীম। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** পোখরাজ ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : ড. মুহাম্মদ শহীদুল্লাহ, কথাশিল্পী সল বেলো, ঔপন্যাসিক মারসেল প্রাউস্ট, ক্রিকেটার সুনীল গাভাস্কার, ব্ল্যাক আনোয়ার।

জুলাই ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার আগ্রহ ও প্রতিভা বহুমুখী। আপনি অস্থির ও বৈচিত্র্যপ্রিয়। ধৈর্যের অভাব আছে। আপনার কল্পনা ইনটুইশন ও স্মরণশক্তি প্রখর। আপনি একদিকে বহির্মুখী তৎপরতা ভালবাসেন, অন্যদিকে বাসস্থান ও পরিবার পরিজনের প্রতিও আপনার আগ্রহ প্রবল। এই পরস্পর বিরোধী প্রবণতা আপনার লক্ষণীয় বৈশিষ্ট্য। নিয়মশৃঙ্খলার অভাব আছে আপনার মধ্যে। আপনাকে আত্মবিশ্বাসী, নিয়মানুবর্তী ও একক লক্ষ্যাভিসারী হতে হবে।

পেশা : বৈচিত্র্য ও নতুন ধরনের কাজের সুযোগ আছে, এমন পেশায় আপনি ভাল করবেন। সৃজনশীল পেশা আপনার জন্যে ভাল।

প্রেম : প্রিয়জনের জন্যে আপনি নিবেদিত প্রাণ। তবে মানসিক অস্থিরতা ও বৈচিত্র্যপ্রিয়তা পারিবারিক সুখের অন্তরায় হতে পারে। আপনাকে টিপটপ ও বৈষয়িক হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলদে কমলা, হলুদ। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** পান্না ও মুক্তা। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : উইলিয়াম গ্রোভ, বিজ্ঞানী আলেকজাণ্ডার প্রখোরভ, অভিনেতা ইয়ুল ব্রাইনার, জ্যোতির্বিদ জোসেফ লেলেনডি।

জুলাই ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও চন্দ্রের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, নির্ভীক ও উচ্চাভিলাষী। সৃজনশীল, দয়ালু ও সহানুভূতিশীল হলেও আপনি স্পষ্টভাষী ও স্বাধীনচেতা। আপনি কর্মঠ। নেতৃত্ব দেয়া ও অন্যকে পরিচালিত করার গুণ আছে আপনার। সহজেই আপনি জনপ্রিয়তা লাভ করবেন। জ্ঞান ও অভিজ্ঞতা লাভের জন্যে ভ্রমণের প্রতি থাকবে আপনার অসীম আগ্রহ। জীবনের লক্ষ্যে আপনি অবিচল। সুনির্দিষ্ট পরিকল্পনা অনুসারে এগুলে সাফল্য আপনার পদচুম্বন করবে।

পেশা : আপনি প্রশাসনিক, চিকিৎসা ও ব্যবস্থাপনার সাথে জড়িত পেশায় ভাল করবেন নিজস্ব ব্যবসাও ভাল। আর্থিক ভবিষ্যৎ সম্পর্কে ভীত হওয়ার কিছু নেই।

প্রেম আপনার সহানুভূতিশীল ও কর্তৃত্বপরায়ণ ব্যক্তিত্ব পরিবারের আনুগত্য লাভে সহায়ক হবে। নিবেদিতপ্রাণ মনোভাব ও কৌশল এক্ষেত্রে আপনাকে সফল করে তুলবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, নীল, গোলাপী, হরিদ্রাভ ও হলদে কমলা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন** পোখরাজ ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৩। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯ ৩০।

ব্যক্তিত্ব : জুলিয়াস সিজার, সুরকার অস্কার হ্যামারস্টেইন, কবি পাবলো নেরুদা, নাট্যকার আব্দুল্লাহ আল মামুন, অভিনেতা বিল কসবি, স্থপতি বাক মিনিস্টার ফুলার, রাজনীতিক এ. কে. এম গোলাম কবীর।

জুলাই ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। ইউরেনাস ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : চরিত্র বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মৌলিক চিন্তা ও ধ্যান-ধারণার অধিকারী। অনুভূতিপ্রবণ ও সৃজনশীল। আত্মবিশ্বাস প্রগাঢ়। দোদুল্যমান ও কম বুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের সাথে আপনার মিল হবে না। আধ্যাত্মিকতার প্রতি রয়েছে প্রবল অনুরাগ। অপ্রত্যাশিত ঝামেলা আসবে। মামলা মোকদ্দমা ও ভুল বুঝাবুঝি হতে পারে। সাফল্য লাভের জন্য কৌশলী হতে হবে।

পেশা : আপনি বুদ্ধি বৃত্তিক ও কারিগরি পেশায় ভাল করবেন। ব্যবসায়িক ক্ষেত্রে আপনার ইনটুইশন ভাল।

প্রেম : আপনি আবেগ ও সেন্টিমেন্টের ক্ষেত্রে সংবেদনশীল। প্রিয়জনদের জন্যে অনেক ঝামেলা পোহাতে ও ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, ক্রীম, হলদে কমলা। ধাতু : রূপা ও ইউরেনিয়াম। রত্ন : ইন্দ্রনীলা ও মুক্তো। সংখ্যা : ২ ও ৪। দিন : রবি ও সোমবার। তারিখ : ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : এস্ট্রলজার ড. জন ডী, সাহিত্যিক ওল সোয়োঙ্কা, অস্ত্রনির্মাতা সিমন নর্থ, জ্যোতিষী শাফাত খৈয়াম, হ্যারিসন ফোর্ড, রাতিন আহমেদ।

জুলাই ১৪

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। জন্মসংখ্যা ৫। বুধ ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় অনুভূতিপ্রবণ ও আত্মবিশ্বাসী। স্মরণশক্তি ও বিশ্লেষণী ক্ষমতা প্রখর। পরিকল্পনা ও নিয়মানুসারে কাজ করতে পারেন। বন্ধু, পরিচিত জন ও পরিবেশ আপনাকে বেশ প্রভাবিত করতে পারে। মূলত আপনি চরমপন্থী। নিজের কাজের ক্ষেত্রে অনমনীয়। চাটুকারিতা ক্ষতির কারণ হতে পারে। ভ্রমণ ও পরিবর্তনের প্রতি ঝোঁক আছে। সাফল্য লাভের জন্যে আরও কৌশলী হতে হবে।

পেশা : আপনি গবেষণা, চিকিৎসা, বুদ্ধিবৃত্তিক, কূটনৈতিক ও সামরিক পেশায় ভাল করবেন। একটি পেশায় স্থির থাকা উচিত।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনি সহজেই আকৃষ্ট হন। আপনাকে গৃহের প্রতি মনোযোগী হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, ক্রীম, হলদে কমলা ও হালকা উজ্জ্বল রং। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : হীরক ও মুক্তো। সংখ্যা : ২ ও ৫। দিন : সোম ও বুধবার। তারিখ : ১, ২, ৫, ১০, ১১, ১৪, ১৯, ২০, ২৩, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : আরভিং স্টোন, আইজাক বশোভিজ সিংগার, জেরাল্ড ফোর্ড, রানী হামিদ, আমজাদ হোসেন, জেনারেল টিক্কা খান, মোস্তফা আনোয়ার।

জুলাই ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬।

আপনার ওপর শুক্র ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায়, আপনি সৃজনশীল, মিশুক ও সৌন্দর্য প্রিয়। আপনার হৃদয় উষ্ণ ও উদ্দীপনায় পূর্ণ। আপনি কর্মঠ। তবে দ্বন্দ্ব-সংঘাতে না গিয়ে সহানুভূতি, সহযোগিতা ও ডিপ্লোম্যাসীর মাধ্যমে সব কিছু করতে চান। শিল্প, সাহিত্য, বিনোদন ও ভ্রমণের প্রতি রয়েছে সহজাত আকর্ষণ। বিপরীত লিঙ্গ আপনাকে সহজেই প্রভাবিত করতে পারে। পরিবারের প্রতি আপনার আনুগত্য শর্তহীন। অমিত ব্যয় ও ইন্দ্রিয় সুখ পরায়ণতা ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। আশাবাদী দৃষ্টিভঙ্গি আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

প্রেম : আপনজন ও পরিবারের প্রতি আপনি নিবেদিতপ্রাণ। তবে বাইরের প্রতি আকর্ষণ পারিবারিক সুখের বিঘ্ন ঘটাতে পারে। আপনাকে সংযমী হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, ক্রীম, হলদে কমলা। **ধাতু :** রূপা ও তামা। **রত্ন :** ফিরোজা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯ ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্প রেমব্রাণ্ড, আয়াতুল্লাহ আলী খামেনী, রশীদ হায়দার, সাহিত্যিক কাজী আবদুস সাত্তার, রাইসুল ইসলাম আসাদ।

জুলাই ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ, মেধাবী, সৃজনশীল ও কল্পনাপ্রবণ। বুদ্ধিবৃত্তিক ও শৈল্পিক যোগ্যতা আছে আপনার। আপনার চিন্তাধারা পরিশীলিত। মন উদার। ভ্রমণ ও দূরদেশ আপনাকে আকর্ষণ করে প্রবলভাবে। জীবনের লক্ষ্য স্থির ও দৃঢ় ইচ্ছাশক্তি অর্জন করতে পারলে আপনি বুদ্ধিবৃত্তিক বিকাশে সবাইকে ছাড়িয়ে যাবেন। বড় কিছু করার সম্ভাবনা আছে আপনার।

পেশা : আপনি সৃজনশীল, বুদ্ধিবৃত্তিক ও সেবামূলক পেশায় ভাল করবেন। প্রথম জীবনে আর্থিক সঙ্কট হলেও শেষ জীবনে অর্থভাগ্য সুপ্রসন্ন হতে পারে।

প্রেম : পরিবারের প্রতি আপনার মমত্ববোধ গভীর। তবে বিপরীত লিঙ্গের প্রতি সহজাত আকর্ষণ পারিবারিক ও পেশাগত ক্ষেত্রে ক্ষতিকর হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ,হরিদ্রাভ, ক্রীম, আকাশী ও হলদে কমলা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** একোয়ামেরিন ও মুক্তো। **সংখ্যা** ২ ও ৭। **দিন** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : বারবারা স্ট্যানউইক, মার্গারেট ফোর্ট, সরকার কবির উদ্দিন, মঞ্জুশ্রী চৌধুরী, অমিতাভ চৌধুরী।

জুলাই ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল ধৈর্যশীল ও অধ্যাবসায়ী। দৃঢ় ইচ্ছা শক্তি রয়েছে আপনার। আপনি কর্তব্য পরায়ণ ও আপোসহীন মনোভাবের অধিকারী। নিজের দুঃখ-কষ্ট ও ঝামেলা সম্পর্কে অভিযোগ করা আপনি পছন্দ করেন না। আপনি সহজেই অন্যদের দৃষ্টি আকর্ষণে সক্ষম হন। পরিবেশ ও ঘটনাপ্রবাহ আপনার সাফল্যকে বিলম্বিত

করবে। আপনার জীবন হয়ে উঠতে পারে নিয়তি নির্ভর।

পেশা : আপনি প্রশাসনিক, বুদ্ধিবৃত্তিক ও পারিবারিক পেশায় ভাল করবেন। তেল ও রসায়নের সাথে জড়িত পেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি প্রেমে আন্তরিক। প্রিয়জনের কল্যাণে সবকিছু নিয়োজিত করবেন। আর প্রিয়জনের জন্যে অনেক মূল্যও দিতে হতে পারে আপনাকে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, চকলেট, বাদামী, ক্রীম। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৮। **দিন :** শনি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৮, ১১, ১৩, ১৭, ২০, ২২, ২৬, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী আল স্টেইনলি গার্ডনার, জেমস ক্যাগনি, জ্যোতির্বিদ জর্জ ল্যামার্ত্রে, ইসমাইল হোসেন সিরাজী, ডলি জহুর।

জুলাই ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কর্কটের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি প্রাণবন্ত, উদ্যোগী ও সাহসী। কোন নিয়ম ও গণ্ডীর মধ্যে আপনি থাকতে চান না। নিজের মত ও চিন্তা দৃঢ়তার সাথে ব্যক্ত করতে পারেন। ঝুঁকি নিতে পারেন। দ্রুত সিদ্ধান্ত নিয়ে কাজে নেমে পড়তে পারেন। আপনি মেজাজী ও আবেগপ্রবণ। তাই অনেক দ্বন্দ্ব বিরোধ সংঘাতে জড়িয়ে পড়তে পারেন। ব্যক্তিগত অগ্রগতি আপনার কাছে গুরুত্বপূর্ণ। তাই সরাসরি লক্ষ্যে পৌঁছতে চান। আপনাকে আরও সাবধানী ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক ও কারিগরি পেশায় ভাল করবেন। ঝুঁকি নেয়ার প্রবণতা আপনার অর্থনাশের কারণ হতে পারে।

প্রেম : আপনি প্রিয়জনকে ভালবাসেন, ভালবাসেন পরিবার ও পরিজনকে কিন্তু মেজাজ ও আবেগ প্রবণতা অনেক ভুল বুঝাবুঝি সৃষ্টির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, গোলাপী, বেগুনী, ক্রীম, হলদে কমলা। **ধাতু :** লোহা ও রূপা। **রত্ন :** রক্তপ্রবাল ও মুনস্টোন। **সংখ্যা :** ২ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৩, ৯, ১১, ১২, ১৮, ২০, ২১, ২৭, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী উইলিয়াম থেকারী, নেলসন ম্যাণ্ডেলা, নভোচারী জন গ্লেন, কবি বিষ্ণু দে, নৃত্যশিল্পী শামীম আরা নীপা।

জুলাই ১৯

আজ জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। সিংহের প্রভাব আছে। জন্ম সংখ্যা ১। রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কর্কটের বৈশিষ্ট্য সিংহ দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী, অনুভূতিপ্রবণ আত্মসচেতন, মেধাবী, কর্তব্যপরায়ণ ও বিশ্বাসী। সহজেই পরিচিতদের আস্থালাভে সক্ষম হন। অন্যদের পরামর্শ দিতে ও তাদের উপকারে আসতে দ্বিধা করেন না, নাটকীয়তা রয়েছে আপনার ব্যক্তিত্বে। জীবনে প্রতিষ্ঠিত হওয়ার জন্য কৌশলী ও সতর্ক হতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। পারিবারিক ব্যবসায়ও ভাল। মধ্য বয়সে পেশাগত পরিবর্তন হতে পারে।

প্রেম : আপনার কর্তব্যপরায়ণতা পারিবারিক শান্তির ভিত্তি হিসেবে কাজ করতে পারে। তবে আত্মীয় ও বন্ধুদের পেছনে অতিরিক্ত সময় ব্যয় সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, সবুজ, ক্রীম, সাদা, হলদে কমলা। **ধাতু** রূপা ও সোনা। **রত্ন :** পোখরোজ ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : খাজা নাজিমুদ্দীন, দিজেন্দ্র লাল রায়, ব্লাদিমির মায়াকোভস্কি, কাজী আনোয়ার হোসেন, বনফুল, অভিনেতা নাদিম, নিপা মোনালিসা, সুলতানা ফয়জুন নাহার।

জুলাই ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি কর্কট রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। রাশি ও সংখা দুই দিক থেকেই আপনার ওপর চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কর্কটের বৈশিষ্ট্য সিংহ দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অস্থির, রোমান্টিক ও নাটকীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনার আগ্রহ ও প্রতিভা বহুমুখী। আপনার কল্পনা ইনটুইশন ও স্মরণশক্তি প্রখর। আপনি বৈচিত্র্যপ্রিয়। একঘেয়েমি একেবারে অপছন্দ। আপনার মধ্যে অন্তর্মুখী ও বহির্মুখী প্রবণতার একটা দ্বন্দ্ব আছে। জীবন সম্পর্কে আপনার স্বপ্ন, আগ্রহ ও উদ্দীপনার কোন অভাব নেই। তাই আবেগে ভেসে যাওয়ার একটা প্রবণতা থাকতে পারে। আপনার জীবনে নিয়ম-শৃঙ্খলা একাগ্রতা ও ধৈর্য প্রয়োজন।

পেশা : আপনি সৃজনশীল ও বিনোদনমূলক পেশায় ভাল করবেন। তেল, রসায়ন ও নৌপরিবহনের সাথে জড়িত ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : প্রিয়জনের জন্যে আপনার মনে ভালবাসার কোন অভাব নেই। কিন্তু ভাবাবেগ ও সেন্টিমেন্ট এ সম্পর্কে মারাত্মক জটিলতার সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, বাদামী, হলদে কমলা। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** মুক্তো ও পোখরোজ। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : বেনিটো মুসোলিনি, অভিনেত্রী নাটালী উড, অভিযাত্রী এডমণ্ড হিলারী, ডায়না বিগ।

Leo

২১ জুলাই—২১ আগস্টের মধ্যে জন্ম হলে আপনার রাশি

সিংহ

সিংহের জাতক উদার ও গতিশীল ব্যক্তিত্বের অধিকারী। জন্মগতভাবেই এরা নেতৃত্বের গুণাবলীতে ভূষিত। এদের সাংগঠনিক যোগ্যতা পুরোমাত্রায় রয়েছে। কোথাও কর্তৃত্ব করতে এদের কোন অসুবিধা হয় না। এদের তাই নিচে দাবিয়ে রাখা কঠিন। নিজের ইচ্ছা অন্যের ওপর চাপিয়ে দেয়া এদের সহজাত অভ্যাস। প্রিয়জনদের নিয়ে এরা গর্ব করতে চায়। সবাই তাদের প্রশংসা করুক এটা তারা কামনা করে। তাদের কেউ প্রত্যাখ্যান করলে তারা ক্ষুব্ধ হয়ে উঠতে পারে। সাধারণতঃ তারা খুব সহজেই রেগে যায়। আবার তাদের ক্ষোভ সহজেই প্রশমিত হয়। সহজেই তারা বিরোধীদের ক্ষমা করতে পারে। কিন্তু আত্মমর্যাদাবোধের ব্যাপারে তারা অত্যন্ত স্পর্শকাতর। তাদের মর্যাদাবোধকে আহত করলে তারা সহজে তা ভুলতে পারে না।

সিংহের জাতক অত্যন্ত কর্মচঞ্চল ও নিজেকে জাহির করতে ওস্তাদ। সাধারণতঃ তারা সদগুণাবলীতে ভূষিত। কোন কারণে তাদের মেজাজ বিগড়ে গেলেও তা স্বল্প সময়ের জন্য। নিজেদের কর্মক্ষমতা ও সাফল্য নিয়ে তারা গর্ববোধ করে। তবে অনেকের মধ্যে অতিরিক্ত কর্তৃত্বপরায়ণতার মনোভাব দেখা দিতে পারে। এটা ঔদ্ধত্য ও অবজ্ঞায় পরিণত হওয়াও বিচিত্র নয়। ঔদ্ধত্য ও দাম্ভিকতার ফলে তারা যা নয়, এমন ভাবও প্রকাশ করতে পারে। সিংহের জাতক অত্যন্ত স্পষ্টভাষী। মত প্রকাশে তাদের দ্বিধা-দ্বন্দ্ব নেই বললেই চলে। অন্যের সমালোচনায় তারা ওস্তাদ। তাদের কঠোর সমালোচনার পেছনেও বিদ্বেষপরায়ণতা খুব কমই থাকে। তবে তারা কখনও নিজেদের সমালোচনা সহ্য করতে পারে না।

সিংহের জাতক সৃজনশীল। নাটকীয়তার প্রতি তাদের ঝোঁক আছে। তারা প্রাণবন্ত ও সদা-হাস্যময়। সব সময়ই সর্বজনের কেন্দ্রবিন্দুতে থাকতে চায়। তাদের প্রতি সবাই মনোযোগ দিলেই তারা খুশি হয়। সিংহ জাতকরা বাস্তববাদী ও উদ্ভাবনী গুণের অধিকারী। তারা উচ্চাভিলাষী। সর্বোচ্চ সম্মান ও সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজই তাদের পছন্দ। সবকিছুর শীর্ষস্থান তাদের জন্যে, এটাই তাদের বিশ্বাস। অনেকেই তাদের প্রাণবন্ত ও আকর্ষণীয় ব্যক্তিত্ব দ্বারা শীর্ষস্থানে পৌঁছতে সক্ষম হয়।

সিংহের জাতক অত্যন্ত আত্মবিশ্বাসী। এজন্যে অনেকেই তাদের যোগ্যতা সম্পর্কে অতিরিক্ত ধারণা পোষণ করে। তবে এরা অনেক সময়ই তাদের চিন্তাসমূহকে সমন্বিত রূপ দিতে পারে। নিজ মতের সপক্ষে তারা দৃঢ়ভাবে দাঁড়াতে পারে।

বিলাস ও আনন্দ সিংহের জাতকের সর্বাধিক পছন্দ। পরিধেয় বস্ত্রের ক্ষেত্রেও তারা জৌলুস পছন্দ করে। তারা সব সময় প্রথম শ্রেণীর জিনিস কিনতে চায়। এজন্য তারা প্রায়ই দেনায় জড়িয়ে পড়ে। সিংহের অনেক জাতক বাহ্যত আত্মপ্রত্যয়ী, এমনকি দাম্ভিক হলেও মনে মনে নিজের যোগ্যতা সম্পর্কে সন্দেহ পোষণ করে। অন্যেরা তার প্রত্যাশিত স্বীকৃতি দান ও প্রশংসা না করলে সে সহজেই হতাশ ও ক্ষুব্ধ হয়। তোষামোদ ও প্রশংসার মধ্যে এরা সহজে পার্থক্য করতে পারে না। এ কারণে অনেক সময় তারা ঠকে। তবে তাদের নেতৃত্ব দানের সামর্থ্য রয়েছে। নিজের ইতিবাচক গুণাবলীর যথাযথ

প্রয়োগের মাধ্যমে এরা সহজেই অন্যকে প্রভাবিত করে লক্ষ্যপানে এগিয়ে যেতে পারে।

অর্থ ও কর্মজীবন

সিংহের জাতক জৌলুস ও বিলাস পছন্দ করে। এজন্য অর্থের প্রয়োজন। আর এ ব্যাপারে এরা ভাগ্যবান। তবে খরচে বেহিসেবী। জৌলুসের মাঝে দেখা গেলেও এদের জমার খাতা প্রায়ই শূন্য থাকে।

সিংহের জাতকের উদ্ভাবনী ক্ষমতা ও সাংগঠনিক যোগ্যতা রয়েছে। তাই তারা প্রশাসনিক কাজে দক্ষ। যেকোন পরিস্থিতিতে এরা আদেশ দিতে সক্ষম। কঠোর শ্রম, মেধা ও আত্মবিশ্বাসের ফলে এরা তাদের পেশার শীর্ষস্থানে পৌঁছতে সক্ষম হয়।

ব্যবসায়িক ক্ষেত্রে এরা বিলাস সামগ্রী ও উৎপাদন শিল্পে আগ্রহী হয়। অংশীদারি ব্যবসায়ে এরা কখনও নিষ্ক্রিয় অংশিদার হিসেবে থাকতে পারে না। এরা পূর্ণ কর্তৃত্ব করতে না পারলে অংশীদারি টেকে না। সিংহের জাতক খুঁটিনাটি কাজে অভ্যস্ত নয়। তদারকী ও ব্যবস্থাপনায় এরা দক্ষ। এদের সমালোচনায় অধীনস্থরা খুব একটা আহত হয় না। কারণ এদের মনে বিদ্বেষভাব কম। তাই প্রতিদ্বন্দ্বীরাও অনেক সময় এদের শ্রদ্ধার চোখে দেখে।

সিংহের জাতক ধীরে ধীরে সিঁড়ি ডিঙ্গিয়ে উপরে ওঠে। এদের জীবনে ১০ বছর মেয়াদী চক্র কাজ করে। ৪০ থেকে ৫০ এবং ৬০ থেকে ৭০ বছর বয়সে এরা সাফল্যের শীর্ষে অবস্থান করে।

শরীর ও স্বাস্থ্য

সিংহের জাতকের উচ্চতা গড়পড়তা। কেউ কেউ বেশ লম্বা। শক্ত, সুগঠিত ও সুষম গড়ন। এদের মাথা গোল, তবে মাথার পেছনটা চেপ্টা। চুল সুন্দর ও হালকা। তবে অল্প বয়সেই এদের চুল পড়ে যায়। এদের কপাল গোলাকৃতির ও মাঝারি ধরনের। নাক সুগঠিত. তবে নাসারন্ধ্র বড়। এদের মুখাবয়ব সুগঠিত, নিচের ঠোঁট একটু বড়। এদের চোয়াল ও চিবুক শক্ত। এদের ভ্রূ সুন্দর ও একটু গোলাকৃতির। চোখ বড়, ভাসাভাসা এবং প্রাণদীপ্ত। চামড়া অত্যন্ত সংবেদনশীল। এদের দাঁত তেমন শক্ত বা আকর্ষণীয় নয়। হাত সুগঠিত ও প্রশস্ত। এদের শরীর সব সময় উষ্ণ। এদের চেহারায় একটু রাজসিক ভাব আছে। তাঁদের কণ্ঠস্বরেও রয়েছে বলিষ্ঠতা। এদের চেহারা ও চালচলনের আভিজাত্য সহজেই অন্যের দৃষ্টি আকর্ষণ করে।

সিংহের জাতক সুস্বাস্থ্যের অধিকারী। এদের জীবনীশক্তি প্রচুর। এদের দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা যথেষ্ট। এরা সহজেই অসুখের ধাক্কা সামলে নিতে সক্ষম। সুস্বাদু খাবারের প্রতি সহজাত আকর্ষণের ফলে এদের শরীরে সহজেই মেদ জমে। ফলে মধ্য বয়সে এরা প্রায়ই হৃদরোগ, উচ্চ রক্তচাপ ও বহুমূত্রে আক্রান্ত হয়। এরা মেরুদণ্ড ও পিঠে বাত ব্যথাজনিত রোগে সহজেই আক্রান্ত হয়।

রোগের আগমনী সংকেত সিংহের জাতক সহজেই বুঝতে পারে। তাই এরা দ্রুত রোগ থেকে মুক্তি লাভ করে। এদের ক্রীড়া ও ঘরের বাইরের তৎপরতার প্রতি একটা ঝোঁক আছে। ক্রীড়ার প্রতি এই ঝোঁককে অভ্যাসে পরিণত করলে এরা সহজেই নিজেদের রোগের হাত থেকে বাঁচাতে সক্ষম হবেন।

কর্মক্ষেত্রে নিজেদের কর্তৃত্ব বজায় রাখতে গিয়ে অতিরিক্ত কাজ করে এরা স্নায়বিক রোগে আক্রান্ত হতে পারে। এরা আত্মগর্বী। তাই বীরত্ব দেখাতে গিয়ে অনেক সময় এরা দুর্ঘটনার সম্মুখীন হয়। রোগী হিসেবে এরা খুঁতখুঁতে। রোগ ও কষ্টকে এরা প্রায়ই নাটকীয় রূপ দিয়ে সবার দৃষ্টি আকর্ষণ করতে চায়। তাদের সাহায্যে আগত ডাক্তার, নার্স ও পরিচর্যাকারীদের সমালোচনা করতে ছাড়ে না। এরা কখনোই দীর্ঘদিন শয্যাশায়ী থাকতে চায় না। তাই এরা দ্রুত আরোগ্য লাভ করে।

সিংহ পুরুষ

সিংহ পুরুষ মূলতঃ আত্ম মর্যাদাবোধ সম্পন্ন ও চলতি রীতির অনুসারী। কিন্তু প্রেমিক হিসেবে এরা উষ্ণ, আবেগপ্রবণ, সেন্টিমেন্টাল, রোমান্টিক। ফলে বাহ্যিক রূপ-লাবণ্যের প্রতি এরা আকৃষ্ট হয় বেশি। আর প্রিয়জনের ত্রুটি ধরা পড়লে এদের খুব সহজেই মোহমুক্তি ঘটে। তবে প্রেমের ব্যাপারে এরা সিরিয়াস।

সিংহ পুরুষ যেকোন সামাজিক অনুষ্ঠানে আকর্ষণের কেন্দ্রবিন্দু-রূপে থাকতে চায়। মহিলারা এদের প্রতি সহজেই আকৃষ্ট হয়। মহিলাদের সাথে আলাপ জমাতে এদের অসুবিধা হয় না। তবে এদের স্ত্রীদের অবশ্যই আকর্ষণীয় হতে হবে। কারণ প্রত্যেক সিংহ স্বামীই সহযোগী ও বন্ধুদের সাথে স্ত্রীকে পরিচয় করিয়ে দিয়ে গর্ববোধ করতে চায়।

সিংহ পুরুষের জীবনে গ্ল্যামার ও জৌলুসের প্রভাব থাকে। স্ত্রীকে তারা সবসময় আকর্ষণীয় সাজে সজ্জিত রাখতে চায়। এরা কর্তৃত্বপরায়ণ। কোন ব্যাপারে স্ত্রীরা তাদের সমালোচনা করুক এটা তারা পছন্দ করে না। বিয়ের পরে এরা প্রেমে জড়িয়ে পড়লেও দাম্পত্য জীবনে এর কোন ছাপ পড়ুক তা তারা চায় না। স্ত্রীর কাছ থেকে শ্রদ্ধা ও প্রশংসা পেলে এরা স্বামী হিসেবে অত্যন্ত বিশ্বস্ত থাকে।

সিংহ মহিলা

সিংহ মহিলারা আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারিণী। ব্যক্তিগত মাধুর্য ও আকর্ষণীয় ক্ষমতার জন্য এরা সহজেই পুরুষের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়। দামী চটকদার পোশাক ও দামী অলংকারের প্রতি তাদের দুর্নিবার আকর্ষণ রয়েছে। এঁরা সব সময় সুসজ্জিত ও আকর্ষণীয়ভাবে থাকতে ভালবাসে। সফল ও উচ্চাভিলাষী ব্যবসায়ী ও কর্মকর্তাদের এরা হচ্ছে আদর্শ স্ত্রী। গৃহ কাজে এরা পটু। বন্ধু ও পরিবারের জন্য এরা গৃহকে আকর্ষণীয় ও আরামদায়ক করে রাখে। এরা সামাজিক চৌহদ্দির কেন্দ্রবিন্দুতে অবস্থান করতে চায়। ঘরের বাইরের তৎপরতার প্রতিও এদের একটা সহজাত আকর্ষণ রয়েছে। স্বামীর ব্যবসায়িক বন্ধু বা সহকর্মীদের আপ্যায়নেও এরা সিদ্ধহস্ত।

সিংহ মহিলাদের প্রতি পুরুষরা সহজেই আকৃষ্ট হয়। এরা অনেক সময়ই নিজেদের ভক্তপরিবৃত্ত দেখতে পায়। তবে তারা সাধারণতঃ প্রেমের ভান করে বেড়ায় না। অধিকাংশ ক্ষেত্রেই এরা স্বামীর প্রতি বিশ্বস্ত ও অনুগত থাকে। এদের জন্য সাধারণতঃ প্রেমের বন্যা প্রয়োজন। এদের যৌন আবেদন রয়েছে। একটু উষ্ণ স্বামীর জন্যে এরা আদর্শ স্ত্রী। এরা অত্যন্ত আবেগপ্রবণ, সেন্টিমেন্টাল। স্বামীকে গভীর আন্তরিকতা নিয়ে এরা ভালবাসে। মা হিসেবে এরা সন্তানবৎসল। সন্তানকে সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন ও অন্যের চেয়ে আকর্ষণীয় করে রাখতে চায়।

অবসাদ নিরাময়ে

আপনি আগ্রহী এমন কোন উদ্যোগে কখনও পেছনের সারিতে অবস্থান নেবেন না। সিংহের জাতকের স্থান সবসময় শীর্ষে। সিদ্ধান্ত নেয়া, অন্যদের নিজের ধ্যান-ধারণা দ্বারা প্রভাবিত করা, নিজের অংশের চেয়ে বেশি কাজ করার মধ্যেই আপনার আনন্দ। জীবন সম্পর্কে হাস্যোজ্জ্বল মানুষদের মাঝে থাকুন। হতাশ লোকদের এড়িয়ে চলুন। যখনই পারেন ভ্রমণ করুন। একঘেয়েমি এলে নতুন দৃশ্য দেখুন। নতুন জীবনধারার সাথে পরিচিত হোন। বন্ধুত্ব, স্নেহ-মমতায় গতিহীনতা আপনার পছন্দনীয় নয়। তাই একে আরও বেগবান করুন। নতুন বন্ধুত্ব করে বন্ধুদের মাঝে আরও জনপ্রিয়তা লাভের চেষ্টা করুন।

ত্রুটিবিচ্যুতি

সিংহের জাতক উদ্ধত ও দাম্ভিক হতে পারে। অনেক ক্ষেত্রে তা স্বেচ্ছাচারিতায় পরিণত হয়। তাদের মধ্যে কৌশলের অভাব থাকতে পারে। তাই অহেতুক এরা অন্যের সমালোচনা করে তাকে আঘাত দিতে পারে। জাঁকজমক দেখিয়ে এরা আকর্ষণের কেন্দ্রবিন্দু হতে চেষ্টা করতে পারে। নিজে যা নয়, অনেক সময় নিজেদের সম্পর্কে তেমন উচ্চ ধারণা পোষণ করে। এরা সত্যিকার বন্ধু ও চাটুকারের মধ্যে পার্থক্য করতে পারে না। অনেক সিংহই যৌন আনন্দ ও ইন্দ্রিয়সুখপরায়ণতার জন্যে প্রচুর মূল্য দিয়ে থাকে। বিলাসী জীবনের জন্যে এরা অসদুপায় অবলম্বনেও দ্বিধা করে না। অতিরিক্ত রক্ষণশীলতা, মতামতে অনড়তা, আলস্য এদের পেয়ে বসতে পারে। এরা সহজে প্রতারিত হয়।

পারস্পরিক সম্পর্ক

সিংহের জীবনে অন্যদের সাথে সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা বন্ধুত্বে বিশ্বস্ত। এরা বন্ধুদের কেন্দ্রবিন্দু। এদের বন্ধুর সংখ্যাও বেশি। তাই এদের ব্যাপারে বন্ধুদের মনেও গোপন ঈর্ষা থাকে। সাধারণতঃ মেষ, মিথুন, তুলা ও ধনুর জাতকের সাথে এদের ভাল মিল হয়। এই চার রাশির জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে কোন বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারি প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি। দুই সিংহের জাতকের সম্পর্ক অনেক সময়ই এক বনে দুই সিংহ থাকার মত হয়ে দাঁড়ায়। এদের পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে সতর্কতা প্রয়োজন।

বৃষ, বৃশ্চিক ও কুম্ভ রাশির জাতকদের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝির সৃষ্টি হতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে ধৈর্য ও সমঝোতার পথ অবলম্বন করতে হবে।

কর্কট, কন্যা, মকর ও মীন রাশির জাতকদের সাথে সম্পর্কের ক্ষেত্রে একটু কৌশলী হওয়া উচিত। তাদের সাথে কোন রকম গর্বিত আচরণ অত্যন্ত ক্ষতিকর হবে।

তাই আপনার বন্ধু ও পরিচিতদের রাশি ও জন্ম দিনের বৈশিষ্ট্য পড়ে নিন। তাহলে তাদেরকে আপনি সহজে বুঝতে পারবেন।

জুলাই ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার মধ্যে সিংহের বৈশিষ্ট্য কর্কট দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও কর্ম চঞ্চল। আপনি দৃঢ়চেতা। নেতৃত্ব করার গুণাবলী আছে আপনার। আগ্রহী হলে যেকোন বিষয় সহজেই রপ্ত করতে পারেন আপনি। কাজ সম্পন্ন করে আপনি আনন্দ পান। ব্যস্ত থাকতে ভালবাসেন। অনেক কাজ একদিনে করে ফেলতে চান। আপনি বন্ধুত্বে বিশ্বস্ত, আন্তরিক ও নির্ভরযোগ্য। এজন্যে অনেকের দায়িত্বই আপনার কাঁধে চাপতে পারে, আপনার কখনও ভুল হতে পারে না, এ ধারণা নিজের মধ্যে বদ্ধমূল হতে দেয়া উচিত নয়।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক ও রাজনৈতিক পেশায় ভাল করবেন। আগ্রহ ও অনুসন্ধিৎসা আপনাকে বিভিন্ন পেশায় নিয়ে যেতে পারে।

প্রেম : আপনি পরিবারের সবকিছু নিজে করতে চান, সকল দায়িত্ব নিজের কাঁধে নিতে চান। এতে পরিবারের অন্যরা নিজেদের গুরুত্বহীন মনে করতে পারে। এ সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং সকল শেডের বেগুনী, পদ্ম বেগুনী, হলুদ, সোনালী। **ধাতু** সোনা ও

প্লাটিনাম। রত্ন : পোখরাজ ও আম্বর। সংখ্যা : ১ ও ৩। দিন : রবি ও বৃহস্পতিবার। তারিখ : ১, ৩, ৬, ১০, ১২, ১৫, ১৯, ২১, ২৪, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : অমর কথাশিল্পী আর্নেস্ট হেমিংওয়ে, সাংবাদিক পল রয়টার, গিয়াস কামাল চৌধুরী, বিজ্ঞানী হেনরী ভিক্টর রোনাল্ট, রাজনীতিক খালেদ মোহাম্মদ আলী।

জুলাই ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ৪। আপনার ওপর রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে সিংহের বৈশিষ্ট্য কর্কট দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা। বন্ধন ও নিয়ম শৃঙ্খলার প্রতি রয়েছে সহজাত অনীহা। আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী হলেও আপনি সেন্টিমেন্টাল। চিন্তা ও কর্মে মৌলিক। যুক্তিতে বুদ্ধিদৃপ্ত। ঝুঁকি নিতে কখনও পিছপা হন না। তবে আপনি খেয়ালী ও মেজাজী হয়ে উঠতে পারেন। অস্থিরতা ও ধৈর্যহীনতা আপনার ক্ষতি করতে পারে। আপনার স্বাধীনচেতা মনোভাব যেন বেপরোয়া ঔদ্ধত্যে পরিণত না হয় সে সম্পর্কে নজর রাখতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। প্রশাসক হিসেবেও আপনি সফল হবেন। আর্থিক ঝুঁকি গ্রহণে আপনাকে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনি রোমান্টিক ও সেনটিমেন্টাল। বিপরীত লিঙ্গের প্রতি রয়েছে সহজাত দুর্বলতা। কর্তৃত্বপরায়ণ মনোভাব ও সেন্টিমেন্ট পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলুদ, সোনালী। ধাতু : সোনা ও ইউরেনিয়াম। রত্ন : ইন্দ্রনীলা ও রুবী। সংখ্যা : ১ ও ৪। দিন : রবিবার। তারিখ : ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সাহিত্যিক প্যারী চাঁদ মিত্র, কূটনীতিক আদম মালিক, চিত্রশিল্পী এডওয়ার্ড হুপার, বিজ্ঞানী গ্যাস্টন হার্টস, মোফাজ্জল হায়দর চৌধুরী।

জুলাই ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার উপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, উদ্যমী ও মেধাবী। আপনি দ্রুত চিন্তা করতে, দ্রুত কাজ করতে ভালবাসেন। ভালবাসেন জীবনের গতি ও দ্রুততা। আপনি সবসময় নতুন কাজ ও নতুন চ্যালেঞ্জের মোকাবিলা করতে চান। দ্রুত আবেগপ্রবণ সিদ্ধান্তে আপনার জীবনের গতিকে কয়েকবার পাল্টে দিতে পারে। অল্প বয়সেই জীবনের লক্ষ্য সম্পর্কে আপনার সিদ্ধান্ত নেয়া উচিত। লক্ষ্যে অবিচল থাকলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্র করতে পারবে না।

পেশা : আপনি সৃজনশীল পেশা, অভিনয়, সাংবাদিকতা, প্রশাসনিক ও ব্যবসায়িক উদ্যোগে ভাল করবেন। আর্থিক ঝুঁকি নেয়ার প্রবণতা সম্পর্কে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনার মাধুর্য কর্মস্পৃহা ও সাহস বিপরীত লিঙ্গকে সহজেই আপনার দিকে আকৃষ্ট করবে। তবে মত ও মনের মিল আছে এমন কারও সাথে বিয়ে হলে আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, সোনালী, ক্রীম ও উজ্জ্বল রং। ধাতু : সোনা ও প্লাটিনাম। রত্ন : ওপাল ও আম্বর। সংখ্যা : ১ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ ১, ৫, ৭, ১০, ১৪, ১৬, ১৯, ২৩, ২৫, ২৮।

ব্যক্তিত্ব : সাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, সম্রাট হেইলি সেলাসি, রাজনীতিক বাল গঙ্গাধর তিলক, হাফেজ হাবিবুর রহমান।

জুলাই ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ, সৃজনশীল ও সহানুভূতিশীল। আপনি উদার। সামাজিক জীবন ভালবাসেন। প্রাচুর্যের মধ্যে লোকজন পরিবেষ্টিত অবস্থায় থাকতে চান। সানশওকত প্রদর্শনের চেষ্টা আপনার একটা বাতিক। তবে মানুষের আবেগ অনুভূতির সহজ উপলব্ধি অনায়াসে অন্যের সাথে বন্ধুত্ব করতে সাহায্য করে। জীবনে পরিপূর্ণ সাফল্য লাভের জন্য আপনাকে বিনয়ী হতে হবে এবং ইন্দ্রিয়সুখ পরায়ণতা সম্পর্কে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, অভিনয়, চিকিৎসা ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। তবে পারিবারিক সৃজনশীল ক্ষেত্রে আপনার সাহায্যের অন্তরায় হতে পারে।

প্রেম : আপনি আবেগ ও অনুভূতিপ্রবণ, বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। পারিবারিক শান্তির ক্ষেত্রে এটি সমস্যার কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, নীল, ফিরোজা, গোলাপী। **ধাতু :** সোনা ও তামা। **রত্ন :** ফিরোজা ও রুবী। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৩, ৬, ১০, ১২, ১৫, ১৯, ২১, ২৪, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : আলেকজাণ্ডার ডুমাস, ধনকুবের আদনান খাশোগী, গুর্খা নেতা সুভাষ ঘিষিং, ফুটবলার বোরহান জাদেহ, লিণ্ডা কার্টার।

জুলাই ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কর্কটের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মনির্ভরশীল। আপনার ব্যক্তিত্বে রয়েছে সৃজনশীলতা ও আধ্যাত্মিকতার ছাপ। আপনার চিন্তাধারা অন্তর্মুখী। অনেক যোগ্যতা থাকা সত্ত্বেও প্রকাশ্যে না এসে নেপথ্যে থাকার প্রবণতা রয়েছে আপনার। তাই অনেক কাজ করা সত্ত্বেও আপনার অবদান লোকচক্ষের অন্তরালে থেকে যেতে পারে। নিজের আবেগ অনুভূতি প্রকাশ করাও আপনার জন্য কঠিন। জীবনে সাফল্যের জন্য আপনার আত্মপ্রকাশে যত্নবান হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল সেবামূলক পেশা, শিক্ষকতা ও ধর্ম প্রচারক হিসেবে ভাল করবেন। অধিক আয় করার প্রতি নিস্পৃহ মনোভাব আপনার আর্থিক কষ্টের কারণ হতে পারে।

প্রেম : আপনার অন্তর্মুখী চিন্তা ও আবেগ-অনুভূতি প্রকাশে সংকোচ পারিবারিক জীবনে অশান্তি সৃষ্টির কারণ হতে পারে। একটু বেশি বয়সে বিয়ে আপনার জন্য ভাল।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, আকাশী, হলুদ, সোনালী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** আম্বর ও পান্না। **সংখ্যা :** ১ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : রাজনীতিক লর্ড বেলফোর, মনোজ বসু, আবদুল্লাহ আবু সাঈদ, অধ্যাপিকা রাজিয়া সুলতানা।

জুলাই ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চরমপন্থী। পরস্পর বিরোধী গুণাবলীতে ভূষিত। নিজের মতে নিবেদিত প্রাণ। আর মত প্রকাশে দ্বিধা নেই। মত পরিবর্তন করলেও তা নির্দ্বিধায় ব্যক্ত করেন। আপনার হৃদয় উষ্ণ। মনের দিক থেকে উদার জীবনে উচ্চ লক্ষ্য অর্জনে নিজের কাজ আপনি সুচারু রূপে করতে চান। লক্ষ্য অর্জনের জন্য আপনি যে কোন সম্পর্ক ও কার্যকর পরিবর্তন করতে পারেন।

পেশা: আপনি প্রশাসনিক, বিনোদন ও সৃজনশীল পেশায় ভাল করবেন। এককভাবে লক্ষ্য অর্জনে কাজ করা যায়, এমন পেশাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি মিশুক ও স্নেহপরায়ণ। তাই অনেকটা নিজের অজান্তেই প্রেমে পড়ে যেতে পারেন বা বিয়ের দ্বারপ্রান্তে উপনীত হতে পারেন। জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, ব্রোঞ্জ, চকলেট, বাদামী, হলুদ, সোনালী। **ধাতু:** সোনা ও সীসা। **রত্ন :** নীলা ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ড. কার্ল গুস্তভ জাং, জর্জ বার্নার্ড শ, সালভেদার আলেন্দে, ফখরুল হাসান বৈরাগী, জেসন রবার্টস, মাইক জ্যাগার।

জুলাই ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, স্বাধীনচেতা ও জঙ্গী মনোভাবের অধিকারী। আপনি স্পষ্টভাষী, সরাসরি লক্ষ্যে পৌঁছতে চান। সর্বক্ষেত্রে ন্যায় বিচার চান। নেতৃত্বের গুণাবলীও আছে আপনার। তাই সহজেই যে কোন আন্দোলনের সাথে জড়িয়ে পড়তে পারেন। আপনি মিশুক, বন্ধুত্বের গণ্ডী ব্যাপক। উদ্ভাবনী ক্ষমতা ও কারিগরি দক্ষতা রয়েছে আপনার। বিনয়ী, ধৈর্যশীল ও কৌশলী হলে আপনার সাফল্য সুনিশ্চিত।

পেশা : আপনি সংগঠনমূলক, প্রশাসনিক ও কারিগরি পেশায় ভাল করবেন, আইন ও জনপেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি দিলখোলা ও স্পষ্টভাষী, বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। কিন্তু কৌশলের অভাব পারিবারিক অশান্তি সৃষ্টির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, খয়েরি, বাদামী, হলুদ, সোনালী। **ধাতু :** সোনা ও লোহা। **রত্ন :** রুবী ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ১ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। তারিখ : ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : রসায়নবিদ হ্যানৃস ফিশার, গায়ক আবদুল আলীম, সৈয়দ হাসান ইমাম, রাজনীতিক মঞ্জুর কাদের।

জুলাই ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। রাশি ও সংখ্যা দুই দিক থেকেই আপনার ওপর রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, উৎসাহী ও বহির্মুখী ব্যক্তিত্বের অধিকারী।

প্রথম সাক্ষাতেই আপনি অন্যদের আকৃষ্ট করতে সক্ষম। আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্যে আপনি সহজেই অন্যদের সাথে একটা আত্মিক ও আবেগের সম্পর্কে জড়িত হয়ে পড়তে পারেন। আপনি কর্তব্যপরায়ণ, নিবেদিতপ্রাণ ও স্নেহপরায়ণ। মেজাজ সংযত রাখা আপনার জন্য সমস্যা হতে পারে। তবে সহজাতভাবেই আপনি বিপদের পূর্বাভাস পান। একটু কৌশলী ও অন্যের কাজকর্মে শ্লথগতিকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখতে পারলে আপনি সফল হবেন।

পেশা : আপনি প্রশাসনিক, চিকিৎসা ও সৃজনশীল পেশায় ভাল করবেন। আর্থিক দিক থেকে আপনি ভাগ্যবান। কোন সঙ্কটেই আটকে থাকবেন না।

প্রেম : আপনি সহজাতভাবেই রোমান্টিক ; বিপরীত লিঙ্গের সদস্যদের প্রতি সহজে দুর্বলতা অনুভব করেন। আপনাকে সংযমী হতে হবে। নইলে পারিবারিক অশান্তির শিকার হবেন।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, নীল ও বাদামী। **ধাতু:** সোনা ও রূপা। **রত্ন:** রুবী ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ৪। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : জ্যাকুলিন ওনাসিস, কমরেড মনি সিং, দার্শনিক ইবনাল আরাবী, শাহাদাত চৌধুরী, ক্রিকেটার সোবার্স, সুরকার কমল দাস গুপ্ত, প্রকৌশলী এ. কে আজাদ।

জুলাই ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অমায়িক ব্যক্তিত্বের অধিকারী। আপনি অনুভূতিপ্রবণ ও রোমান্টিক। সহজে অন্যের দৃষ্টি আকর্ষণের জন্যে আপনার রয়েছে সহজাত নাটকীয়তা, আর চমৎকারভাবে নিজের কথা বলতে পারেন। বুদ্ধিবৃত্তিক মেধা রয়েছে আপনার। যেকোন আলোচনার সারবত্তা আপনি সহজেই ধরতে পারেন, সত্য-মিথ্যার পার্থক্য সহজেই বুঝতে পারেন। জীবনে আপনাকে উদ্যোগী হতে হবে, মেধাকে কাজে লাগাতে হবে।

পেশা আপনি সৃজনশীল জনপেশা, অভিনয়, নাটক ও কূটনীতিতে ভাল করবেন। ব্যবসায়িক সাফল্য লাভও আপনার জন্যে সহজ।

প্রেম : আপনার অনুভূতিপূর্ণ রোমান্টিক মন একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারে। বিয়ের পর প্রেম এড়াতে পারলে সুখী পারিবারিক জীবনের অধিকারী হবেন আপনি।

শুভ রং : সকল শেডের সবুজ, হলুদ, সোনালী, হরিদ্রাভ, ক্রীম। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** রুবী ও মুক্তা। **সংখ্যা:** ১ ও ২। **দিন:** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : কূটনীতিক দ্যাগ হ্যামারশোল্ড, নৃত্যশিল্পী পল টেইলর, পদার্থ বিজ্ঞানী আইজাক রাবী, সাহিত্যিক শৈলেন ঘোষ, শরীফ হারুন, রোজিনা।

জুলাই ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও নেতৃত্বের গুণাবলীতে ভূষিত। আপনি স্বাধীনচেতা ও স্পষ্টভাষী। আপনি কাজ ও ব্যস্ততা ভালবাসেন। আপনার কর্তব্য ও দায়িত্ববোধ প্রখর। আপনি বন্ধুত্বে আন্তরিক ও বিশ্বস্ত। সে জন্যে অন্যের অনেক কাজও

নিজের কাঁধে এসে চাপতে পারে। আপনি মেধাবী। সহজেই যে কোন বিষয় আয়ত্ত করতে পারেন। অতিরিক্ত আত্মবিশ্বাস আপনার জন্যে ক্ষতিকর হতে পারে।

পেশা : আপনি সামরিক, প্রশাসনিক ও রাজনৈতিক পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা ও শিল্প উদ্যোগেও আপনি সফল হবেন।

প্রেম : আপনার কর্তৃত্বপরায়ণ মনোভাব পরিবারের অন্যান্য সদস্যদের মধ্যে ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। পারিবারিক জীবনে আপনাকে আগে কৌশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের সোনালী, হলুদ, বেগুনী, মেরুন, গোলাপী ও নীল। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৩। **দিন** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : ধনকুবের হেনরী ফোর্ড, শিক্ষাবিদ কাজী মোতাহার হোসেন, ভাস্কর হেনরী মূর, শিল্পপতি মোহাম্মদ আনোয়ারুল হক, মুন্নী, ববিতা।

জুলাই ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিদৃপ্ত ও মৌলিক চিন্তাধারার অধিকারী। ব্যক্তি-স্বাধীনতা আপনার সবচেয়ে প্রিয়। নিয়ম, শৃঙ্খলা ও গতানুগতিকতার প্রতি রয়েছে আপনার অনীহা। আকর্ষণীয় ব্যক্তিত্ব আছে আপনার। আপনি কিছুটা বেপরোয়া ও সেন্টিমেন্টাল। ঝুঁকি নিতে ভয় পান না। মেজাজ, অস্থিরতা ও ধৈর্যহীনতা আপনার সাফল্যের অন্তরায় হতে পারে। জীবনে সাফল্য লাভের জন্যে আপনাকে ধৈর্যশীল ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি কারিগরি, বুদ্ধিবৃত্তিক, প্রশাসনিক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। অতিরিক্ত ঝুঁকি গ্রহণের প্রবণতা আপনার ক্ষতির কারণ হতে পারে।

প্রেম : আকর্ষণীয় ব্যক্তিত্ব বিপরীত লিঙ্গকে সহজেই আপনার প্রতি আকৃষ্ট করে। কিন্তু সেন্টিমেন্ট ও কর্তৃত্বপরায়ণ মনোভাব পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলুদ, সোনালী, বাদামী। **ধাতু :** সোনালী ও ইউরেনিয়াম। **রত্ন :** রুবী ও ইন্দ্রনীলা। **সংখ্যা :** ১ ও ৪। **দিন :** রবি ও সোমবার। তারিখ : ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : অতিন্দ্রীয়বাদী হেলেনা ব্লাভটস্কি, কথাশিল্পী প্রেম চাঁদ, চিত্রশিল্পী এরিক হ্যাসল, অর্থনীতিবিদ মিল্টন ফ্রাইডম্যান, আবুল কাশেম ফজলুল হক।

আগস্ট ১

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, কর্মঠ ও কর্তব্যপরায়ণ, দ্রুত চিন্তা করতে পারেন। আপনি উচ্চাভিলাষী, পরিকল্পনা বাস্তবায়নে দৃঢ়, ওয়াদা সচেতন। আপনি হাস্যোজ্জ্বল ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী, আপনার ইনটুইশন প্রখর। দৃষ্টিভঙ্গিতে মৌলিকত্ব আছে। আপনার পছন্দ ও অপছন্দ তীব্র। সহজেই রেগে যান। আবার সহজেই ঠাণ্ডা হন। চাটুকারিতায় ভুলে না গেলে জীবনে আপনার বড় কিছু করার সম্ভাবনা আছে।

পেশা : আপনি প্রশাসনিক, আইন, বিচার ও জনপেশায় ভাল করবেন। সৃজনশীল, বিনোদন ও অভিনয়ের সাথে জড়িত পেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব বিপরীত লিঙ্গকে আকৃষ্ট করবে। অল্প বয়সেই

বিয়ে হতে পারে আপনার। তবে তীব্র পছন্দ-অপছন্দ পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ক্রীম, ব্রোঞ্জ, বাদামী, নীল। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** রুবী ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৪। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : শিক্ষাবিদ নাজমুল করীম, মীনা কুমারী, কবি মোহন রায়হান, দেবু ভট্টাচার্য, ফুটবলার চুন্নু, অরুণা বিশ্বাস, এম আবদুল কাদের।

আগস্ট ২

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, মেধাবী ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। আপনি সহজেই অন্যদের বিশ্বাস ও আস্থা লাভ করবেন। কৌশল, ডিপ্লোম্যাসি ও ব্যবস্থাপনায়ও আপনি দক্ষ। শিল্প, সাহিত্য ও সঙ্গীতের প্রতি থাকবে গভীর অনুরাগ। আপনি উদারমনা আর বন্ধুদের প্রতি অনুগত। আপনি অন্যদের সদগুণের প্রতি দৃষ্টি দেন বেশি। অন্যদের বিচার করার ব্যাপারে আপনার ইনটুইশন দ্রুত কাজ করে। অধ্যবসায়ী হলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, শিক্ষক, প্রশাসক, বিচারক ও কূটনীতিবিদ হিসেবে ভাল করবেন। জীবনে সুযোগ পাবেন আপনি। পেশাগত জীবনে উল্লেখযোগ্য সাফল্য লাভ করবেন।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের সদস্যদের মধ্যে সহজেই জনপ্রিয়তা লাভ করবেন। সংযমী না হলে এজন্যে পারিবারিক জীবনে ঝামেলা হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ , ক্রীম, সাদা, হলুদ, সোনালী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** রুবী ও মুক্তো। **সংখ্যা :** ১ ও ২। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জেমস বণ্ড উইন, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, পিটার অতুল, স্থপতি ম্যাক্সল ফ্রাই, সাংবাদিক শাহাব উদ্দিন ভুঞা, নূরুল হাসান খান।

আগস্ট ৩

আজ জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। জন্মসংখ্যা ৩। রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য: আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী। ক্ষমতা, কর্তৃত্ব ও জনপ্রিয়তার প্রতি রয়েছে বিশেষ মোহ। আপনি কর্মঠ। বন্ধুত্বে আপনি আদর্শবাদী। সহজাতভাবেই অন্যদের নেতৃত্ব পাবেন। পুরোপুরি সাফল্যের জন্যে প্রয়োজন পরিচিতদের প্রশংসা ও উৎসাহ। স্বীয় পেশায় উচ্চাসনে অবস্থান করবেন। কারণ সাধারণ সাফল্য আপনাকে কখনোই তৃপ্তি দিতে পারবে না।

পেশা: আপনি প্রশাসনিক, বিচার বিভাগীয় ও রাজনৈতিক ক্ষেত্রে সহজে সাফল্য লাভ করবেন। নিজস্ব ইনটুইশন কাজে লাগালে ব্যবসায়ও ভাল করবেন।

প্রেম: আপনি অত্যন্ত স্নেহপরায়ণ। কিন্তু প্রেমে একাধিক দুঃখ পেতে পারেন। পারিবারিক জীবনেও অতিরিক্ত কর্তৃত্বপরায়ণতা ক্ষতিকর প্রভাব ফেলতে পারে।

শুভ রং: সকল শেডের বেগুনী, গোলাপী, নীল, হলুদ, সোনালী। **ধাতু:** সোনা ও প্লাটিনাম। **রত্ন:** পোখরাজ ও এমিথিস্ট। **সংখ্যা:** ১ ও ৩। **দিন:** রবি ও বৃহস্পতিবার।

তারখ : ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব: কথাশিল্পী লিউন উরিস, আব্দুল মান্নান সৈয়দ, নূরুল ইসলাম খান, সাংবাদিক আলমগীর মহিউদ্দিন, সঙ্গীতকার জয়দেব।

আগস্ট ৪

আজ জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে আপনার ওপর।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় চিন্তা ও কর্মে স্বাধীনতা প্রিয়। নিজের পরিকল্পনা অনুসারে চলতে চাইবেন। সৃজনশীল, মেধাবী ও উদ্ভাবনী ক্ষমতার অধিকারী। জীবন ও ধর্ম সম্পর্কে ধ্যান ধারণাও হবে অন্যদের চেয়ে আলাদা। প্রচলিত রীতিনীতির প্রতি থাকবে সহজাত অনীহা। এতে অনেক ভুল বুঝাবুঝি ও শত্রুতা সৃষ্টি করতে পারে। তাই ধৈর্যশীল ও কৌশলী হতে হবে।

পেশা: আপনি সৃজনশীল কারিগরি ও নিজে এককভাবে করা যায় এমন পেশায় ভাল করবেন। আর্থিক অবস্থা বেশ ওঠানামা করতে পারে।

প্রেম: আপনার খেয়ালীপনা একান্ত অন্তরঙ্গ সম্পর্কেও ভুল বুঝাবুঝির কারণ হবে। প্রিয়জনের জন্যে বেশ দুঃখ ও ঝামেলা পোহাতে হতে পারে।

শুভ রং: সকল শেডের নীল, আকাশী, হলুদ, সোনালী ও ক্রীম। ধাতু: সোনা ও ইউরেনিয়াম। রত্ন: ইন্দ্রনীলা ও আম্বর। সংখ্যা : ১ ও ৪। দিন: রবি ও সোমবার। তারিখ: ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব: কবি পি. বি. শেলী, কবি আল মাহমুদ, সাংবাদিক ফখরুল আলম, গুস্তফ ফ্লোরেন্স, সাহিত্যিক নুট হামসুন।

আগস্ট ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি বিচার ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। নিজের যোগ্যতা ও দক্ষতার ওপর আস্থাশীল। দ্রুত লক্ষ্যে উপনীত হতে চান। এ জন্যে কঠোর পরিশ্রম করতেও আপনি প্রস্তুত। কিন্তু দীর্ঘস্থায়ী প্রচেষ্টার প্রতি আপনার অনীহা রয়েছে। দ্রুত ঝুঁকি নিয়ে চমক লাগিয়ে কাজ করতে চান। সাফল্য লাভের জন্যে আপনাকে আরও ধৈর্যশীল ও অধ্যবসায়ী হতে হবে। মেজাজ ও খেয়াল সংযত করে হিসেবী ও কুশলী হতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, সৃজনশীল, বিনোদন, ভ্রমণ ও বৈচিত্র্যমূলক পেশায় ভাল করবেন। ব্যবসায়িক ও পেশাগত ঝুঁকি নিতে আপনার কোন দ্বিধা নেই। তাই ফটকাবাজারীতেও জড়িয়ে পড়তে পারেন।

প্রেম : একান্ত ব্যক্তিগত সম্পর্কেও বুদ্ধিবৃত্তিক দিকটি প্রাধান্য পায় আপনার। তাই আবেগবশত জীবনসঙ্গী নির্বাচন না করে বুদ্ধিবৃত্তিক মানদণ্ডেই সিদ্ধান্ত নেয়া উচিত।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, সোনালী ও হালকা উজ্জ্বল রং। ধাতু: সোনা ও প্লাটিনাম। রত্ন: ওপাল ও রুবী। সংখ্যা: ১ ও ৫। দিন: রবি ও বুধবার। তারিখ: ১, ৫, ৯, ১০, ১৪, ১৮, ১৯, ২৩, ২৭, ২৮।

ব্যক্তিত্ব: কথাশিল্পী গী দ্য মোপাসাঁ, কবি মহাদেব সাহা, কমরেড মোজাফ্ফর আহমেদ, জহির রায়হান, নীল আর্মস্ট্রং, রবার্ট টেইলর, সিডনী ওমর, শিল্পপতি গিয়াস উদ্দিন চৌধুরী, রোকসানা শিরীন।

আগস্ট ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য: চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি উদার, সহানুভূতিশীল ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। স্নেহ ও ভালবাসার অনুভূতি প্রবল। সৃজনশীল ও নাটকীয় মন আছে আপনার। সহজেই বন্ধুত্ব করতে পারেন। নতুন বন্ধু ও পরিমণ্ডলের প্রতি আকৃষ্ট হবেন সহজে। সহজেই অন্যদের প্রভাবিত করে কাজ করিয়ে নিতে পারেন। কিন্তু অমিতব্যয়, বিলাস, ইন্দ্রিয়-সুখপরায়ণতা ও অতিরিক্ত বন্ধুবাৎসল্য ক্ষতির কারণ হতে পারে।

পেশা : শিল্প, সাহিত্য, বিনোদন, সমাজকল্যাণ, হোটেল ও সেবামূলক পেশায় ভাল করবেন। শেষ বয়সের জন্য সঞ্চয় না করলে কষ্টভোগ করতে হতে পারে।

প্রেম : আপনার বৈচিত্র্যপ্রিয় ও প্রেমিক মন খুব সহজেই বিপরীত লিঙ্গের একাধিক সদস্যের প্রতি আকৃষ্ট হয়ে পড়তে পারে। পারিবারিক শান্তির জন্যে এ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, হলুদ, সোনালী। **ধাতু :** সোনা ও তামা। **রত্ন :** ফিরোজা ও রুবী। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৩, ৬, ৯, ১০, ১২, ১৫, ১৮, ১৯, ২১, ২৪, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : প্রাণী বিজ্ঞানী আলেকজাণ্ডার ফ্লেমিং, চিকিৎসাবিদ এনড্রু স্টিল, মোফাজ্জল করিম, ভূগোলবিদ আলফ্রেড হেটনার।

আগস্ট ৭

আজ জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় একটু রিজার্ভ ও চাপা। তবে অনুভূতিপ্রবণ ও হৃদয় উষ্ণ। শিল্প, সঙ্গীত, দর্শন, অতিন্দ্রীয় ও আধ্যাত্মিকতার প্রতি রয়েছে দুর্নিবার আকর্ষণ। চিন্তাধারায় আপনি মৌলিকত্ব ও নতুনের পূজারী। গতানুগতিক পথে আপনি চলতে চান না। আপনি অস্থিরচিত্ত ভ্রমণ ও বৈচিত্র্যের প্রত্যাশী। পারিপার্শ্বিকতা সহজেই আপনাকে প্রভাবিত করে। সাফল্য লাভের জন্যে অধ্যবসায়ী হতে হবে।

পেশা: আপনি শিল্প, সাহিত্য, দর্শন, এস্ট্রোলজী ও বিনোদনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। একা স্বাধীনভাবে কাজ করা যায় এমন পেশাই আপনার জন্য ভাল।

প্রেম : আপনার অনুভূতিপ্রবণ মন প্রেম ও রোমান্সে সহজে জড়িয়ে পড়তে পারে। বিপরীত লিঙ্গের কাছ থেকে আঘাতও পেতে পারেন। পারিবারিক ক্ষেত্রে বৈষয়িক হওয়ার প্রয়োজন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলুদ, সোনালী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** পান্না ও আম্বর। **সংখ্যা** ১ ও ৭। **দিন:** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : এস্ট্রোলজার এলান লিও, নৃতত্ত্ববিদ ড: লুই লিকি, ভূগোলবিদ কার্ল পিটার, সাহিত্যিক লীলা রায়।

আগস্ট ৮

আজ জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার উপর রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে

ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রিজার্ভ ও দৃঢ় ইচ্ছা শক্তির অধিকারী। আপনি উচ্চাভিলাষী। অন্যের চিন্তা ও পরিকল্পনার সাথে মিল হবে কম। প্রবল আবেগ ও কামনা রয়েছে আপনার। আপনার মধ্যে পরস্পর বিরোধী বৈশিষ্ট্য রয়েছে। বস্তুবাদী ও গোঁড়া ধার্মিক দুই-ই হতে পারেন। অন্যরা সাধারণভাবে ভুল বুঝবে। এমনকি উপকার করেও স্বীকৃতি পাওয়া কঠিন হবে। গোপন শত্রুতা, অপ্রত্যাশিত বাধা, সংঘাত ও বিপর্যয় সম্পর্কে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, চিকিৎসা ও শিক্ষার সাথে জড়িত পেশায় ভাল করবেন। যৌথ ব্যবসা ও বাণিজ্যিক উদ্যোগে না জড়ানোই আপনার জন্যে ভাল।

প্রেম: প্রিয়জনকে আপনি গভীরভাবে ভালবাসবেন। কিন্তু তার পরেও পারিপার্শ্বিকতার জন্যে বিভিন্ন সময়ে পারিবারিক ভুল বুঝাবুঝির সম্মুখীন হতে পারেন।

শুভ রং: সকল শেডের নীল, ব্রোঞ্জ, ধূসর, বাদামী, হলুদ ও সোনালী। **ধাতু:** সোনা ও সীসা। **রত্ন:** নীলা ও আম্বর। **গুরুত্বপূর্ণ সংখ্যা:** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন:** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ:** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব: বিজ্ঞানী উইলিয়াম বেটসন, জেমস ডিন, কান স্টিভেন, দার্শনিক ডেভিড হার্টলি, শিল্পপতি এম মঞ্জুর মোর্শেদ খান, নাজমা চৌধুরী।

আগস্ট ৯

আজ জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী, কর্মঠ, আবেগপ্রবণ ও স্পষ্টভাষী। দ্রুত কথা বলেন। সহজেই উত্তেজিত হন। আর আপনার মধ্যে রয়েছে একগুঁয়ে মনোভাব। স্বাধীনভাবে স্বকীয়তা নিয়ে বাঁচতে চান। আপনি নোংরামি পছন্দ করেন না। সচেতন মনোভাবের জন্যে আপনার উপর অনেক দায়িত্ব অর্পিত হতে পারে। জীবনে শত্রুতা, হুমকি ও অনেক অস্বাভাবিক পরিস্থিতির মোকাবেলা করতে হবে। তাই ধৈর্যশীল, সংযমী ও কৌশলী হতে হবে।

পেশা: আপনি সামরিক, রাজনৈতিক, প্রশাসনিক ও গুরু দায়িত্বসম্পন্ন পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম: আপনি একাধিক প্রেমে পড়তে পারেন। রোমান্টিক জটিলতা সৃষ্টি হতে পারে। জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক থাকতে হবে।

শুভ রং: সকল শেডের লাল, মেরুন, গোলাপী, খয়েরী, হলুদ ও সোনালী। **ধাতু:** সোনা ও লোহা। **রত্ন:** রুবী ও রক্তপ্রবাল। **সংখ্যা:** ১ ও ৯। **দিন:** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব: ঔপন্যাসিক পিয়ারে ডি এলা, কবি মোহাম্মদ মোজাম্মেল হক, রাজনীতিক সৈয়দ ফারুক রহমান, এম আর আকতার মুকুল, রামেন্দু মজুমদার, শিল্পপতি আহমেদ ইব্রাহিম হারুন, হেদায়েত হোসেন মোর্শেদ।

আগস্ট ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ১। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, মেধাবী ও কর্তব্যপরায়ণ। আপনি মিশুক। সহজেই অন্যদের আকৃষ্ট করতে পারেন। নিজস্ব পন্থায় আপনি চিন্তাভাবনা করতে চান। নিজের পরিকল্পনা অনুসারে চলতে চান। অনেক ব্যাপারেই আপনি খুঁতখুঁতে হতে

পারেন। আপনি ওয়াদা সচেতন ও বন্ধুদের জন্য নিবেদিতপ্রাণ। আপনি কর্মঠ। অন্যদের পরিশ্রমী দেখতে চান। চাটুকারিতা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে। বড় কিছু করতে হলে আপনাকে সহনশীল ও কুশলী হতে হবে।

পেশা: আপনি রাজনৈতিক, প্রশাসনিক, বিনোদন, চিকিৎসা, বিচার ও সৃজনশীল পেশায় ভাল করবেন। সহজেই যে কোন আর্থিক সঙ্কট কাটিয়ে উঠবেন আপনি।

প্রেম: আপনি রোমান্টিক। বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হবেন। আর তারাও হবে আপনার প্রতি আকৃষ্ট। ২৪ বছর বয়সের পর বিয়ে আপনার জন্যে ভাল।

শুভ রং: সকল শেডের সোনালী, হলুদ, নীল, ক্রীম, সাদা, লাল। **ধাতু:** সোনা ও রূপা। **রত্ন:** রুবী ও মুক্তো। **সংখ্যা:** ১ ও ২। **দিন:** রবি ও সোমবার। **তারিখ:** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯. ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব: রাজনীতিক ভি ভি গিরি, শিল্পী এস. এম. সুলতান, আল মামুন, প্রেসিডেন্ট হার্বার্ট সি হুভার, বর্ণালী বড়ুয়া, নীমা আনাম।

আগস্ট ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক ও অমায়িক। রোমান্টিকতা ও নাটকীয়তার প্রতি রয়েছে আপনার দুর্নিবার আকর্ষণ। মেধা ও বুদ্ধির প্রয়োগ সম্পর্কে আপনি সচেতন। সহজেই আপনি অন্যদের দৃষ্টি আকর্ষণ ও আস্থা লাভ করতে সক্ষম। অন্যের মত উপলব্ধি করার ও নিজেকে প্রকাশ করার ক্ষমতা আছে আপনার। আপনার ইনটুইশন প্রখর। উদ্যোগী ও অধ্যবসায়ী হলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি অভিনয়, শিল্প, সাহিত্য, শিক্ষা, কূটনীতি ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনের সুযোগগুলোকে কাজে লাগাতে হবে।

প্রেম : আপনি রোমান্টিক। একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারেন। বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ পারিবারিক শান্তি বিঘ্নিত করতে পারে।

শুভ রং: সকল শেডের হলুদ, সবুজ, ক্রীম, হরিদ্রাভ, সাদা, সোনালী। **ধাতু:** সোনা ও রূপা। **রত্ন:** রুবী ও মুক্তো। **সংখ্যা:** ১ ও ২। **দিন:** রবি ও সোমবার। **তারিখ:** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব: কথাশিল্পী এলেক্স হ্যালে, নাট্যকার জর্জি গ্রোটস্কি, জাহেদুল হক।

আগস্ট ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা ও উচ্চাভিলাষী। আপনি মূলত ক্ষমতা ও কর্তৃত্ব চান। নেতৃত্ব ও জনপ্রিয়তা লাভের গুণাবলী আছে আপনার। আপনি কর্তৃত্বপরায়ণ ও দায়িত্বশীল। ক্লান্তিহীনভাবে কাজ করে যেতে পারেন। আপনি মেধাবী। সব বিষয়ই রপ্ত করতে চান। বন্ধুত্ব ও স্নেহ মমতার জন্যে বাইরের অনেক দায়িত্ব আপনার কাঁধে এসে চাপতে পারে। আপনার স্পষ্টবাদিতা শক্রতার কারণ হতে পারে। আপনাকে কুশলী হতে হবে।

পেশা: আপনি সামরিক, প্রশাসনিক ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। ইনটুইশন কাজে লাগালে ব্যবসায়ে সাফল্য লাভ সহজ হবে।

প্রেম: বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ আপনাকে একাধিক প্রেমে জড়িয়ে ফেলতে

পারে। পারিবারিক শান্তির জন্যে আপনার কর্তৃত্বপরায়ণ মনোভাব পরিবর্তন করতে হবে।

শুভ রং: সকল শেডের বেগুনী, পদ্মবেগুনী, হলুদ, সোনালী ও সাদা। ধাতু: সোনা ও প্লাটিনাম। রত্ন: এমিথিস্ট ও রুবী। সংখ্যা: ১ ও ৩। দিন: রবি ও বৃহস্পতিবার। তারিখ: ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব: কথাশিল্পী উইলিয়াম গোল্ডম্যান, প্রেসিডেন্ট জিয়াউল হক, বিপ্লবী মোহাম্মদ হাত্তা, জ্যোতির্বিদ অটো স্টুভ, সুদানী রাষ্ট্রপ্রধান আব্দুল আল মাহদী, আহমেদ শরীফ।

আগস্ট ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিদীপ্ত ও স্বাধীনচেতা। নিজের মত ও পরিকল্পনা অনুসারে আপনি চলতে চান। সৃজনশীলতা ও উদ্ভাবনী গুণ আছে আপনার। নিয়ম-শৃঙ্খলা ও গতানুগতিকতার প্রতি রয়েছে আপনার অনীহা। জীবন জগৎ ও ধর্ম সম্পর্কে আপনার চিন্তা একটু আলাদা। আপনি অনেকটা খেয়ালী ও সেন্টিমেন্টাল। অস্থিরতা/ ধৈর্যহীনতা ও বেপরোয় মনোভাব আপনার সাফল্যের অন্তরায় হতে পারে।

পেশা: আপনি সৃজনশীল, কারিগরি, বুদ্ধিবৃত্তিক ও এককভাবে কাজ করা যায় এমন পেশায় ভাল করবেন। অপ্রত্যাশিত সুযোগ ও প্রতিকূলতা আসবে আপনার।

প্রেম: আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্যে সহজেই বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যাদের সাথে ভাব জমে উঠবে। কিন্তু আপনার সেন্টিমেন্ট ও খেয়ালীপনা পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে।

শুভ রং: সকল শেডের হলুদ, সোনালী, নীল, ক্রীম ও সাদা। ধাতু: সোনা ও ইউরেনিয়াম। রত্ন: ইন্দ্রনীলা ও আম্বর। সংখ্যা: ১ ও ৪। দিন: রবি ও সোমবার। তারিখ: ১, ২, ৪, ১০, ১১, ১৩, ১৯, ২০, ২২, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব: আলফ্রেড হিচকক, আইনবেত্তা রুডলফ ডন গিন্স্ট, পদার্থ বিজ্ঞানী জর্জ স্টোক, প্রাণী বিজ্ঞানী সালভেদর লুরিয়া, সম্পাদক হাবীবুল বাশার, নার্গিস পারভিন, নুসরাত ইসলাম।

আগস্ট ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও উদ্যোগী। দ্রুত চিন্তা ও কাজ করতে পারেন। দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। নিজের যোগ্যতা ও দক্ষতায় আপনি আস্থাশীল। তাই দ্রুত ঝুঁকি নিয়ে চমক লাগিয়ে কাজ করে লক্ষ্যে উপনীত হতে চান। নতুন কাজ ও নতুন চ্যালেঞ্জ মোকাবিলা করাই আপনার আনন্দ। তবে দীর্ঘমেয়াদী কাজ ও পরিকল্পনার প্রতি আপনার অনীহা রয়েছে। প্রথম জীবনেই লক্ষ্য স্থির করে কাজ করা উচিত। আপনাকে ধৈর্যশীল ও অধ্যবসায়ী হতে হবে।

পেশা: আপনি বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল পেশা এবং সেলসম্যান, সাংবাদিক, এজেন্ট ও ভ্রমণকারী ব্যবসায়ী হিসেবে ভাল করবেন। আর্থিক ঝুঁকি নেয়া সম্পর্কে সতর্ক থাকতে হবে।

প্রেম: বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। তবে মন ও মতের মিল রয়েছে এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং: সকল শেডের হলুদ, আকাশী, সোনালী ও হালকা উজ্জ্বল রং। ধাতু: সোনা

ও প্লাটিনাম। রত্ন: রুবী ও ওপাল। সংখ্যা: ১ ও ৫। দিন: রবি ও বুধবার। তারিখ: ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২১, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব: কথাশিল্পী জন গালসওদী, গায়ক ডেভিড ক্রসবি, সাংবাদিক কুলদিপ নায়ার, রশীদ করিম, গোলাম মোস্তফা জাতোই, শহীদ কাদরী। সি. বি জামান, জসিম।

আগস্ট ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, সহানুভূতিশীল ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনার স্নেহ-মমতা প্রবল, আপনার রয়েছে নাটকীয় মনোভাব। সহজেই অন্যের সাথে সম্পর্ক গড়তে পারেন। তাই প্রাচুর্য, বিলাস ও সামাজিক জীবন ভালবাসেন। সহজে অন্যদের প্রভাবিত করতে পারেন। অমিতব্যয়, অমিতাচার ও কর্তব্যপরায়ণতার দিকে ঝুঁকে পড়তে পারেন। সাফল্য লাভের জন্য আপনাকে বিনয়ী হতে হবে। এবং ইন্দ্রিয়সুখপরায়ণতা সম্পর্কে সতর্ক থাকতে হবে।

পেশা: আপনি শিল্প, সাহিত্য, সংস্কৃতি, বিনোদন, অভিনয়, সমাজ কল্যাণ, চিকিৎসা, হোটেল ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। আপনাকে শেষ বয়সের জন্য সঞ্চয়ী হতে হবে।

প্রেম: আপনার বৈচিত্র্যপ্রিয় ও প্রেমিক মন একসাথে একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারে। বিয়ের পরও বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ থাকতে পারে। পারিবারিক জীবনে এটি সমস্যার কারণ হতে পারে।

শুভ রং: সকল শেডের ফিরোজা, নীল, সবুজ, হলুদ ও সোনালী। **ধাতু:** সোনা ও তামা। **রত্ন:** ফিরোজা ও আম্বর। **সংখ্যা:** ১ ও ৬। **দিন:** রবি ও শুক্রবার। **তারিখ:** ১, ৬, ৯, ১০, ১৫, ১৮, ১৯, ২৪, ২৭, ২৮।

ব্যক্তিত্ব : সম্রাট নেপোলিয়ান, বেগম খালেদা জিয়া, ড. মোহাম্মদ মনিরুজ্জামান, ড. এনামুল হক, কবি আবুল হোসেন, ওয়াল্টার স্কট, শ্রী অরবিন্দ, বিজ্ঞানী লুই ব্রেই লি, রাখী।

আগস্ট ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রিজার্ভ ও আত্মনির্ভরশীল। সৃজনশীলতা ও আধ্যাত্মিকতা দ্বারা আপনার ব্যক্তিমানস নিয়ন্ত্রিত। মৌলিক চিন্তাধারার প্রতি আপনার আকর্ষণ রয়েছে। গতানুগতিক পথে আপনি চলতে চান না। আপনি নেপথ্যে থেকে কাজ করতে চান। পারিপার্শ্বিকতা সহজেই আপনাকে প্রভাবিত করে। সাফল্য লাভের জন্যে আপনাকে আত্মপ্রকাশে যত্নবান, অধ্যবসায়ী, ধৈর্যশীল ও বাস্তববাদী হতে হবে।

পেশা: আপনি শিল্প, সাহিত্য, সংস্কৃতি, বিনোদন, জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। অর্থোপার্জন ও সঞ্চয়ের প্রতি অনীহা আপনার অর্থ কষ্টের কারণ হতে পারে।

প্রেম: আপনি আবেগপ্রবণ। হৃদয় উষ্ণ। সংকোচ ও জড়তা অন্তরঙ্গ সম্পর্কের ক্ষেত্রে নিজেকে প্রকাশের অন্তরায় হতে পারে। পরিণত বয়সেই বিয়ে করা ভাল।

শুভ রং: সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, হলুদ ও সোনালী। **ধাতু:** সোনা ও রূপা। **রত্ন:** রুবী ও ক্যাটস আই। **সংখ্যা:** ১ ও ৭। **দিন:** রবি ও সোমবার। **তারিখ:** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী গাব্রিয়েল লিপম্যান, কবি টেড হিউজ, কার্টুনিস্ট হ্যারল্ড ফস্টার, আবদুর রহমান খাঁ, তারানা হালিম, শেখ আবদুল হাকিম।

আগস্ট ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। চিন্তা ও মতে অনেকটা চরমপন্থী। অন্যের চিন্তা ও পরিকল্পনার সাথে সহজে আপনার মিল হতে চাইবে না। পরস্পর বিরোধী গুণাবলী ছাড়াও আপনার মধ্যে রয়েছে আবেগ ও কামনা। জীবনের উচ্চতর লক্ষ্য অর্জনে নিজের কাজ আপনি সুচারুরূপে করতে চান। অন্যরা উপকৃত হয়েও আপনাকে ভুল বুঝবে। দৃঢ়তা ও অধ্যবসায়ের সাথে আপনাকে শত্রুতা ও বাধা মোকাবিলা করতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, শিক্ষা, চিকিৎসা ও সেবামূলক পেশায় ভাল করবেন। এককভাবে কাজ করা যায় এমন পেশা আপনার জন্যে ভাল।

প্রেম : নিজের অজান্তেই আপনি প্রেমে পড়ে যেতে পারেন। প্রিয়জনকে আপনি ভাল বাসবেন। কিন্তু পারিপার্শ্বিকতা পারিবারিক ভুল বুঝাবুঝির কারণ হতে পারে।

শুভ রং: সকল শেডের নীল, ব্রোঞ্জ, ধূসর, বাদামী, হলুদ ও সোনালী। ধাতু : সোনা ও সীসা। রত্ন: ইন্দ্রনীলা ও আম্বর। গুরুত্বপূর্ণ সংখ্যা: ১ ও ৮। গুরুত্বপূর্ণ দিন : শনি ও রবিবার। গুরুত্বপূর্ণ তারিখ: ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব: এস্ট্রোলজার লিউলিন জর্জ, ভাষাবিদ উইলিয়াম কেরী, শিল্পী মর্তুজা বশীর, প্রেসিডেন্ট জুলিয়াস জয়বর্ধন।

আগস্ট ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী, মেজাজী ও উদ্যোগী। আপনার আত্মবিশ্বাসের সাথে আছে জঙ্গী মনোভাব। দ্রুত কথা বলতে ও কাজ করতে পারেন আপনি। সহজেই উত্তেজিত হন। স্পষ্টবাদিতা অনেক শত্রুর জন্ম দিতে পারে। আপনার ন্যায় বিচারবোধ প্রবল। স্বাধীন স্বকীয়তা নিয়ে বাঁচতে চান। সরাসরি লক্ষ্যে পৌছতে চান। নিতৃত্ব ও বন্ধুত্বের গুণাবলী সামাজিক কাজ বা আন্দোলনের সাথে জড়িয়ে ফেলতে পারে। বিনয়ী ধৈর্যশীল ও কুশলী হলে আপনি দ্রুত সাফল্যের পথে এগিয়ে যাবেন।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক, রাজনৈতিক ও কারিগরি পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা ও শিল্পকারখানার উদ্যোগই আপনার জন্যে ভাল।

প্রেম : আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্যে আপনি একাধিক প্রেম বা রোমান্টিক জটিলতায় জড়িয়ে পড়তে পারেন। কিন্তু মেজাজ সহজে উত্তেজিত হয়ে পড়া পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, খয়েরী, গোলাপী, হলুদ ও সোনালী। ধাতু : সোনা ও লোহা। রত্ন : রুবী ও রক্ত প্রবাল। সংখ্যা : ১ ও ৯। দিন: রবি ও মঙ্গলবার। তারিখ : ১, ৩, ৯, ১০, ১২, ১৮, ১৯, ২১, ২৭, ২৮, ৩০।

ব্যক্তিত্ব: কাসপার ওয়াইন বার্গার, শেলী উইনটার্স, রোমান পোলানস্কি, কূটনীতিক বিজয়লক্ষ্মী পণ্ডিত, আবু বকর সিদ্দিক, রাজনীতিক আবদুল কাদের মোল্লা, অভিনেতা ফারুক।

আগস্ট ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ১। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্যে সিংহের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মসচেতন ও কর্তব্যপরায়ণ। আপনি মেধাবী, ব্যক্তিত্ব আকর্ষণীয়। নিজের চিন্তাভাবনা ও পরিকল্পনাকেই আপনি প্রাধান্য দেন। আপনি কর্মঠ ও উচ্চাভিলাষী, প্রতিজ্ঞায় অনড়। পছন্দ ও অপছন্দ প্রকাশে আপনার কোন দ্বিধা নেই। সহজেই মনঃক্ষুণ্ণ হতে পারেন, রেগে যেতে পারেন। চাটুকারিতায় ভুলে যেতে পারেন। তবে কোন ক্ষোভ আপনি মনে রাখেন না। আপনাকে কৌশলী, সহনশীল ও লক্ষ্যাভিসারী হতে হবে।

পেশা: আপনি রাজনীতি, আইন বিচার, প্রশাসন ও সৃজনশীল জনপেশায় ভাল করবেন। জীবনে একাধিক বড় ধরনের সুযোগ পাবেন আপনি।

প্রেম : আপনার ব্যক্তিত্বের প্রতি বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আকৃষ্ট হবে। একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারেন। তীব্র পছন্দ-অপছন্দ পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং: সকল শেডের হলুদ, সোনালী, নীল, বাদামী, ক্রীম, সাদা । **ধাতু:** সোনা ও রূপা। **রত্ন:** রুবী ও মুক্তা। **সংখ্যা:** ১ ও ২। **দিন:** শনি ও সোমবার। **তারিখ:** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব: কথাশিল্পী ওগদেন নাশ, জ্যোতির্বিদ জন ফ্লামস্টিড, বিমান আবিষ্কর্তা অরভিল রাইট, কবি জন ড্রাইডেন, কাজী রোজী, দার্শনিক গিলবার্ট রেইল, ফ্যাশন ডিজাইনার গ্যাবরিয়েল সেন্যাল, প্রযোজক মুস্তাফিজুর রহমান, নন্দিনী।

আগস্ট ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ২। আপনার ওপর রবি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য: আপনার চরিত্রে সিংহের বৈশিষ্ট্য কন্যা দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিজয়ী, মিশুক ও মেধাবী। সৃজনশীল ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতা আছে আপনার। রোমান্টিকতা ও নাটকীয়তা ভালবাসেন। শিল্প, সঙ্গীত ও সাহিত্যের প্রতি রয়েছে আপনার অনুরাগ। সরাসরি কোন বিরোধে জড়াতে চান না। কৌশল ও ডিপ্লোম্যাসির মাধ্যমে সব বাধা মোকাবিলা করতে চান। ইনটুইশন প্রয়োগ করে আপনি সহজেই পরিবেশ ও পরিস্থিতি সম্পর্কে ধারণা করতে পারেন। উদ্যম, উদ্যোগ ও অধ্যবসায় আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা: আপনি শিল্প, সাহিত্য, শিক্ষা, চিকিৎসা, প্রশাসন, বিচার ও কূটনৈতিক পেশায় ভাল করবেন। উদ্যোগী হয়ে জীবনের সুযোগগুলোকে কাজে লাগাতে হবে।

প্রেম: আপনি কল্পনাপ্রবণ ও রোমান্টিক। একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারেন। সেন্টিমেন্টাল দৃষ্টিভঙ্গি পারিবারিক শান্তি বিঘ্নিত করতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, সাদা, হলুদ ও সোনালী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** রুবী ও রক্ত প্রবাল। **সংখ্যা:** ১ ও ২। **দিন:** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব: রাজীব গান্ধী, মেজর আফসার উদ্দিন আহমেদ, রসায়নবিদ জন জেকব ব্রিজলিনস, প্রেসিডেন্ট বেঞ্জামিন হ্যারিসন।

আগস্ট ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি সিংহ রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে সিংহের বৈশিষ্ট্য কন্যা দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা। ক্ষমতা ও কর্তৃত্বের প্রতি মোহ আছে আপনার। আদর্শবাদী হলেও আপনি জনপ্রিয় থাকতে চান। প্রশংসা, উৎসাহ ও চাটুকারিতা আপনাকে সহজেই প্রভাবিত করতে পারে। আপনি যেমন উচ্চাভিলাষী, তেমনি অক্লান্ত পরিশ্রম করতে পারেন। তাছাড়া উদ্যম ও উদ্যোগ আছে আপনার। পরিচিতদের অনেক দায়িত্ব আপনার উপর বর্তাতে পারে। কুশলী ও সহনশীল হলে আপনার সাফল্য অনিবার্য।

পেশা: আপনি আইন, বিচার, রাজনীতি, বাণিজ্য ও লোক প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। চ্যালেঞ্জমূলক পেশা আপনার জন্যে ভাল।

প্রেম: আপনি রোমান্টিক। সহজে প্রেমে পড়বেন। পরিবারের প্রতি দায়িত্বশীল। কিন্তু কর্তৃত্বপরায়ণ মনোভাব পারিবারিক শান্তি বিঘ্নিত করতে পারে।

শুভ রং: সকল শেডের বেগুনী, গোলাপী, মেরুন, সবুজ, হলুদ ও সোনালী। **ধাতু:** সোনা ও প্লাটিনাম। **রত্ন:** পোখরাজ ও আম্বর। **সংখ্যা:** ১ ও ৩। **দিন:** রবি ও বৃহস্পতিবার। **তারিখ:** ১, ৩, ৫, ১০, ১২, ১৪, ১৯, ২১, ২৩, ২৮, ৩০।

ব্যক্তিত্ব: কবি ইসমত চুগতাই, গায়ক কাদেরী কিবরিয়া, কেনি রজার্স, সাংবাদিক জীবন চৌধুরী, আবিষ্কারক উইলিয়াম মারডক, আলমগীর হোসেন।

২২ আগস্ট—২২ সেপ্টেম্বরের মধ্যে জন্ম হলে আপনার রাশি
কন্যা

কন্যার জাতক যুক্তিবাদী ও নিরব কর্মী। এরা নিয়মানুবর্তিতায় অভ্যস্ত। এরা রুটিন মাফিক চলতে চায়। এরা বাস্তববাদী ও দক্ষ কর্মী। এরা তথ্য ও যুক্তি দিয়েই জীবনের পরিমাপ করে। এদের মস্তিষ্ক সব সময়ই হৃদয়কে নিয়ন্ত্রণ করে। কোন কঠিন শ্রমেই এরা ভয় পায় না। যে কোন কাজের দায়িত্ব দিয়ে এদের ওপর নির্ভর করা যায়। কাজের খুঁটিনাটি বিষয়েও তারা গভীর মনোযোগী। এরা মূলত চাপা। এদের কর্তব্যপরায়ণতার অনুভূতি অত্যন্ত প্রখর। তাই প্রশাসনিক যেকোন ব্যাপারে এরা দক্ষ।

কন্যার জাতক প্রধানত বুদ্ধিবৃত্তিক ও যুক্তিনির্ভর। এদের বিশ্লেষণ ক্ষমতা অদ্ভুত। মনের দিক থেকে এরা নিখুঁত নির্ভেজালত্বে বিশ্বাসী। সাধারণত এদের স্মরণশক্তি প্রখর। মৌলিকত্বের অভাব থাকলেও এদের অনেক সময় জীবন্ত বিশ্বকোষ মনে হতে পারে। তাদের মধ্যে সৃজনশীলতার অভাব আছে। কারণ তারা মূলত সমালোচক। তবে তারা সাধারণত ঈর্ষাবশত সমালোচনা করে না। মনের দিক থেকে চূড়ান্ত উৎকর্ষে বিশ্বাসী হওয়ায় নিজেদেরও এরা সমালোচনার হাত থেকে রেহাই দেয় না। একটা আদর্শ মানদণ্ডে রেখে এরা নিজেদেরও বিশ্লেষণ করে। এরফলে অনেক সময় এরা নিজেদের ব্যাপারেও অনিশ্চিত হয়ে ওঠে। অতিরিক্ত বাছ-বিচার করার ফলে অনেক সময়ই কোন সিদ্ধান্তে উপনীত হতে এদের বেগ পেতে হয়। সাধারণভাবে চোখে পড়ে না এমন অনেক দিক ও তথ্যই এদের মানস নয়নে ভেসে ওঠে। তাই অনেক সন্দেহ-সংশয় এদের মনকে ভারাক্রান্ত করে তোলে, সিদ্ধান্ত গ্রহণ হয় বিলম্বিত। এরা সব সময় জ্ঞান অর্জন ও কাজের মাধ্যমে নিজেদের উন্নত করার চেষ্টা করে। এরা তখন কাজ ও কর্তব্যের দাসে পরিণত হয়। ধৈর্য ও অধ্যবসায়ই এদের সাফল্যের সোপানে নিয়ে যায়।

নিরেট বাস্তবতার বাইরে কোন কিছু কন্যার জাতক চিন্তা করতে চায় না। বস্তুনিষ্ঠ তথ্য ও বিষয়েই এদের বুদ্ধি ভাল কাজ করে। ঝুঁকি ও অ্যাডভেঞ্চার এরা সতর্কতার সাথে এড়িয়ে চলে। নিজে না দেখলে, যুক্তি দ্বারা প্রমাণ না করতে পারলে এরা সাধারণত কোন কিছু বিশ্বাস করতে চায় না।

কন্যার জাতক সাধারণত সহানুভূতি সম্পন্ন। কিন্তু এদের মধ্যে এক ধরনের সংকোচ আছে। ফলে তারা নিজেদের যথাযথভাবে প্রকাশ করতে পারে না। এজন্য সহানুভূতিশীল হওয়া সত্ত্বেও এদের হৃদয় ঠাণ্ডা মনে হতে পারে।

জীবন সম্পর্কে যুক্তিবাদী দৃষ্টিভঙ্গির জন্যে এরা অন্যদের অযৌক্তিক আবেগ-উচ্ছ্বাসকে বুঝতে পারে না। এরা মনে করে সবকিছুতেই নিয়ম ও যুক্তি মেনে চলা উচিত। লোকেরা তাই প্রায়ই এদের সমালোচনার শিকারে পরিণত হয়। কন্যার জাতক মূলত নিরীহ প্রকৃতির। তবে অযৌক্তিক সমালোচনা করলে এরা অত্যন্ত ক্ষুব্ধ হয়ে উঠতে পারে। আর ছিদ্রান্বেষী মনোভাবও এদের মধ্যে সংকীর্ণমনতার জন্ম দিতে পারে।

অর্থ ও কর্মজীবন

কন্যার জাতক অত্যন্ত হিসেবী। এরা সহজে অর্থ হাতছাড়া করতে চায় না। তারা

সঞ্চয়ী। সহজে ঋণ করতে চায় না। এরা অতি সতর্কতার জন্য অনেক সময় বিপুল অর্থ উপার্জনের সুযোগ হারায়।

কন্যার জাতক বুদ্ধিমান, কর্মঠ ও অধ্যবসায়ী। বিশ্লেষণী ক্ষমতা ও ধৈর্যের জন্য তারা শিক্ষা, সাহিত্য, গবেষণাগারে ও কারিগরি কাজে সাফল্য লাভ করে। মনস্তাত্ত্বিক বিশ্লেষণে এরা দক্ষ। কিন্তু অনুভূতির অভাব এক্ষেত্রে সাফল্য ব্যাহত করতে পারে।

কন্যার জাতক অনেক সময় চতুর ব্যবসায়ী। খুঁটিনাটি সবদিক চিন্তা করে কাজ করার ফলে আর্থিক বিনিয়োগে সফল হয়। খাদ্যদ্রব্য, ওষুধ ও কারিগরি ব্যবসায়ে এরা ভাল করে। ব্যবসায়িক অংশীদার হিসেবে এরা ভাল। সবকিছু নিয়মানুসারে চললে এরা কখনও রাশ ধরতে চায় না। তবে একগুঁয়ে অংশীদারের সাথে এদের বিরোধ দেখা দিতে পারে। কন্যার জাতকরা ব্যবসায়ে অনেক সময়ই সিদ্ধান্তহীনতার জন্যে সুযোগ হারায়।

কন্যা রাশির কর্মচারীরা সাধারণত তাদের বিনয়, কঠোর শ্রম ও অধ্যবসায়ের জন্য পদস্থদের দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়। তবে মালিক বা কর্মকর্তা হিসেবে তারা সাধারণত জনপ্রিয়তা অর্জনে ব্যর্থ হয়। কারণ তারা প্রত্যেক কর্মীর কাছ থেকে নিজের দক্ষতা আশা করে।

কন্যার জীবনপ্রবাহে পঁচিশ ও বত্রিশ বছর গুরুত্বপূর্ণ। সাধারণত এই সময় থেকেই পেশাগত অগ্রগতি সূচিত হয়। ধীরে ধীরে এরা লক্ষ্যপানে এগুতে থাকে। এরা কখনও অবসর নিতে চায় না।

শরীর ও স্বাস্থ্য

কন্যার জাতকের উচ্চতা গড়পড়তা। এদের দেহের গড়ন ছিপছিপে। অপেক্ষাকৃত ক্ষুদ্র, সুন্দর মাথা। মাথার কেশ হালকা পাতলা। কপাল উঁচু ও প্রশস্ত। কপালে হালকা রেখা থাকে। সুন্দর ভ্রূ। এদের মুখাবয়ব ভরাট। নাক তেমন আকর্ষণীয় নয়। নাকের অগ্রভাগ একটু খসখসে। মুখ অত্যন্ত সংবেদনশীল। ওপরের ঠোঁট একটু ছোট। তাই নিচের ঠোঁট একটু পূর্ণ ও একটু বক্র মনে হয়। কান গোলাকৃতির ও লতি একটু বড়। দাঁত শক্ত ও মাঝারি আকারের। হাত বড়। আঙুলগুলো সাধারণত কৌণিক। নখ সুন্দর। এদের চোখ বুদ্ধিদীপ্ত। এদের গলার স্বর অনেকটা প্রাণহীন। এরা কথাবার্তায় আনুষ্ঠানিক। এদের চেহারা ও পোশাকের পরিচ্ছন্নতা ও পরিপাট্য সহজেই দৃষ্টি আকর্ষণ করে।

কন্যার জাতকরা অত্যন্ত স্বাস্থ্য সচেতন। তারা সব ব্যাপারেই নিয়মানুবর্তী। পানাহারে অনেকটা সংযমী। এজন্য এরা সাধারণত সুস্বাস্থ্যের অধিকারী হয়। তবে অনেকের মধ্যে স্বাস্থ্যরক্ষার চিন্তা একটা মেনিয়ায় পরিণত হতে পারে। তারা খাদ্যের গুণগত মান বিচারে সচেতন। এরা রোগ ও চিকিৎসার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করতে ভালবাসে। দুশ্চিন্তায় পড়লে এদের অসুস্থ হয়ে পড়াটা খুবই স্বাভাবিক ব্যাপার। প্রাথমিক চিকিৎসা ও জরুরী প্রয়োজনীয় ওষুধ এরা সবসময় মওজুদ রাখে। কন্যার জাতকরা সাধারণত গ্যাস্ট্রিক, অন্ত্রনালী ও পাকস্থলীর রোগ, গলব্লাডার স্টোন, আলসার, এপেণ্ডিসাইটিসে আক্রান্ত হতে পারে। এদের শরীরে রোগ সৃষ্টির প্রধান কারণ দুশ্চিন্তা। দুশ্চিন্তার জন্য এরা স্নায়বিক বৈকল্যে আক্রান্ত হতে পারে। রোগী হিসেবে এরা অত্যন্ত সচেতন। এরা সবকিছুর ন্যায় ওষুধ-পথ্যের ব্যাপারে নিয়মানুবর্তী। তাছাড়া ডাক্তার বা নার্স এদের রোগের কারণ ও রোগমুক্তির পন্থাসমূহ ব্যাখ্যা করে বুঝিয়ে দিলে অনায়াসে তা মেনে চলে।

ক্রীড়া ও খেলাধুলার প্রতি সাধারণভাবে এদের অনীহা নেই। তবু এরা প্রকৃতিগতভাবে পরিশ্রমী ও খরচের ব্যাপারে হিসেবী। তাই এদের অধিকাংশই সক্রিয় ক্রীড়ায় অর্থ ও সময় ব্যয় করাকে অপচয় মনে করে। তবুও দেহ ও মনের প্রফুল্লতার জন্য নিয়মিত হালকা ব্যায়াম ও মাঝে মাঝে বিশ্রাম করা এবং মনোরম প্রাকৃতিক পরিবেশে ঘুরে বেড়ানো উচিত। শাক-সব্জি ও দুধ বেশি খাওয়া ভাল।

কন্যা পুরুষ

কন্যা পুরুষরা সাধারণত বৈষয়িক ও বাস্তববাদী, এদের আবেগ-অনুভূতি কম। রোমান্টিকতার প্রতি এদের আগ্রহ কম। এরা স্বভাবে চাপা। তাই নিজের আবেগ অনুভূতিকে সহজে ব্যক্ত করতে পারে না। এরা কিছুটা লাজুক। তাই তাদের একান্ত ভুবনে কেউ সহজে প্রবেশ করুক, তা তারা চায় না। প্রণয়িনীর সাথে আদর্শ সম্পর্ক গড়ে উঠতে পারে কিনা, প্রেমে পড়ার আগে তারা সে সম্পর্কে চিন্তা করে। তাদের মানদণ্ডে তাই সহজে কেউ উত্তীর্ণ হতে পারে না। দৈহিক সৌন্দর্যের চেয়ে তারা প্রেমিকার বুদ্ধিবৃত্তিক গুণাবলীর ওপর বেশি গুরুত্ব আরোপ করে। এরা বুদ্ধিদীপ্ত ও আলাপ আলোচনায় পটু। তরুণীদের প্রতি বেশি আকৃষ্ট হয়।

বিয়ের প্রশ্নেও এরা বাস্তব দৃষ্টিভঙ্গির অধিকারী। রোমান্টিক আবেগ-উচ্ছ্বাস এদের মধ্যে বিরল। এরা রক্ষণশীল। বিয়েকে এরা সামাজিক ও স্বাভাবিক বিষয় মনে করে। জৌলুস ও বিলাসপ্রিয় মহিলাদের চেয়ে এরা বৈষয়িক মহিলাদেরই পছন্দ করে বেশি। এদের স্ত্রীকে এরা মানসিক সঙ্গী হিসেবেই চায়। তারা পারিবারিক জীবনে স্থিতিশীলতা বজায় রাখতে বদ্ধ পরিকর।

কন্যা পুরুষরা এমনি একটু চাপা হলেও স্ত্রী উষ্ণ হৃদয় ও বুদ্ধিবৃত্তিক গুণের অধিকারিণী হলে এরাও বেশ অনুভূতি ও স্নেহপরায়ণ হয়ে উঠতে পারে। স্ত্রীর সমালোচনা ও খুঁত ধরার সহজাত প্রবৃত্তিকে নিয়ন্ত্রণে রাখতে পারলে এদের পারিবারিক জীবন অত্যন্ত সুখের হতে পারে।

কন্যা মহিলা

কন্যা পুরুষদের মত মহিলারাও হৃদয়ের পরিবর্তে বুদ্ধি দ্বারাই পরিচালিত হয় বেশি। তাছাড়াও স্বভাবে চাপা হওয়ার জন্য এরা নিজের অনুভূতি প্রকাশ করতে অনেক সময়ই ব্যর্থ হয়। এরা রোমান্টিক সঙ্গের চেয়ে বুদ্ধিবৃত্তিক সঙ্গই বেশি পছন্দ করে। কৌমার্যের প্রতি এদের সহজাত শ্রদ্ধাবোধ রয়েছে। যৌনতাকে এরা অনেক সময়ই খারাপ বা বাজে কিছু বলে ভাবে। এরা কারও প্রেমে পড়তে পারে না।

বিয়ের প্রশ্নে কন্যা মহিলারা অত্যন্ত বাস্তববাদী। এরা তাদের ধারণার মানদণ্ডে স্বামীকে বিচার করতে চায়। এরা অনেক সময়ই মনে করে তাদের জীবনে প্রেম বা বিয়ের প্রয়োজন নেই। কিন্তু কোন বুদ্ধিমান পুরুষ কৌশলে হৃদয়ের উষ্ণতা দিয়ে, প্রেম দিয়ে একবার নাড়া দিতে পারলে এদের প্রেমের দরজা খুলে যায়।

কন্যা মহিলারা গৃহকাজে পটু। সবকিছু সাজিয়ে গুছিয়ে রাখতে এদের কোন বেগ পেতে হয় না। এরা অত্যন্ত বিবেকবান সঙ্গিনী। তবে স্বামী বা আত্মীয়-স্বজনের দোষ-ত্রুটি এদের চোখে সহজেই ধরা পড়ে। সমালোচনার ব্যাপারে ঠোঁটকাটা বলে এদের একটা বদনাম আছে। খুঁত ধরার স্বভাব বদলাতে পারলে এদের জীবন অত্যন্ত শান্তিময় হয়ে উঠতে পারে। এরা স্বামীর প্রতি অত্যন্ত বিশ্বস্ত। পরকীয়া প্রেম এদের জীবনে বিরল। মা হিসেবে সন্তানের প্রতি এদের দৃষ্টি অত্যন্ত সজাগ। সন্তানের শরীর স্বাস্থ্য ও পরিপাট্যের প্রতি এরা বিন্দুমাত্র অবহেলা করে না।

অবসাদ নিরাময়ে

কাজের মাত্রাতিরিক্ত দায়িত্ব আপনাকে অবসন্ন করে দিতে পারে। সুচারুভাবে আপনার কর্তব্য পালন করুন। এতে আপনি অদ্ভুত পরিতৃপ্তি পাবেন। আপনার পেশায় আগ্রহী নয়, এমন ব্যক্তিদের এড়িয়ে চলুন। কোন শখের কাজে নিজেকে নিয়োজিত করুন। এটা সব্জি বাগানও হতে পারে আবার ডাক টিকেট সংগ্রহও হতে পারে।

সামাজিক তৎপরতায় বেশি করে অংশ নিন। পরিচিত অসুস্থদের দেখতে যান।

তাদের স্বাস্থ্য সম্পর্কে পরামর্শ দিন। আপনি সবসময় রুটিন মেনে চলেন। ঠিক আছে চলুন। কিন্তু বছরে অন্তত দু'একবার নিজেকে খেয়ালীপনায় ভাসিয়ে দিন। এই ব্যতিক্রমী কাজগুলোর স্মৃতিই আপনাকে আনন্দ দেবে।

ত্রুটিবিচ্যুতি

কন্যার জাতক ছিদ্রান্বেষী ও কটুবাক্যবাণ প্রয়োগে অত্যন্ত অভ্যস্ত হতে পারে। এরা চূড়ান্ত রক্ষণশীল। তাদের চিন্তার দিগন্ত সংকীর্ণ, তাই অনেক সময় অপ্রয়োজনীয় খুঁটিনাটি বিষয়ে এরা বেশি ব্যস্ত থাকে। অনেকের মধ্যে পাণ্ডিত্যাভিমান, অন্যের ব্যাপারে নাকগলানো, দুশ্চিন্তা ও আত্মবিশ্বাসের অভাব দেখা দিতে পারে। প্রতিষ্ঠিত অবস্থায় পৌছলে বড়দের তোয়াজ ও ছোটদের অবজ্ঞা করার প্রবণতা দেখা দিতে পারে। কন্যার জাতক অত্যন্ত সংকীর্ণমনা ও লোভী হতে পারে। ধনলিপ্সা এদের মধ্যে জালিয়াতি ও অপরাধপ্রবণতার জন্ম দিতে পারে। এরা আবেগ-অনুভূতি অনেক সময় নির্দয়ভাবে চেপে রাখতে চায়। অবশ্য এই সবগুলো দোষ একসাথে খুব কম দেখা যায়।

পারস্পরিক সম্পর্ক

কন্যার জাতকের সাথে অন্যদের সম্পর্কে বৈচিত্র্য ও উত্তেজনার অভাব থাকে। সম্পর্কে একঘেয়েমি থাকলেও তা দীর্ঘস্থায়ী। বন্ধুদের ব্যাপারে অত্যন্ত কর্তব্যপরায়ণ। সাধারণত বৃষ, কর্কট, বৃশ্চিক ও মকর রাশির জাতকদের সাথে কন্যার জাতকের ভাল মিল হয়। এদের সাথে এরা সহজেই সমঝোতায় পৌছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারি প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

কন্যার সাথে কন্যার সম্পর্কের ক্ষেত্রে সতর্কতার প্রয়োজন। কারণ উভয়ের মধ্যে একই ধরনের খুঁত ধরার প্রবণতার জন্য একটা ঠাণ্ডা লড়াই জমে উঠতে পারে।

মিথুন, ধনু ও মীন রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি দেখা দিতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে কন্যার জাতককে ধৈর্য ও সমঝোতার পথ অবলম্বন করতে হবে।

মেষ, সিংহ, তুলা ও কুম্ভের জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে কন্যার জাতককে অত্যন্ত কৌশলী ও সাবধানী হতে হবে। খুঁত ধরার প্রবণতা ঘনিষ্ঠ সম্পর্কে অনীহা ভাব সৃষ্টি করতে পারে।

আগস্ট ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কন্যার বৈশিষ্ট্য সিংহ দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্পষ্টভাষী। নীতির ওপর অনড় ও অটল। ব্যক্তিগত ব্যবহার ও লেনদেনে সৎ। আর তাই অন্যদের ভুলও সহজে সামনাসামনি ধরিয়ে দেন। অন্যরা তাই আপনাকে ভয় করবে, সেই সাথে চেষ্টা করবে বিপদ ও ঝামেলায় ফেলতে। আপনার সততার সাথে আছে মেধা ও সৃজনশীলতা। চিন্তা ও ধ্যান-ধারণায় আপনি অন্যদের চেয়ে আলাদা একথা মনে রাখলেই আপনি সমস্ত সমস্যা মোকাবিলা করতে ও পরিস্থিতিকে অতিক্রম করে সাফল্য লাভ করতে পারবেন।

পেশা : আপনি সৃজনশীল, বুদ্ধিবৃত্তিক, রাজনৈতিক ও কারিগরি পেশায় ভাল করবেন। পেশাগত জীবনে অনেক ভুল বুঝাবুঝি, শত্রুতা ও বাধা অতিক্রম করতে হতে পারে।

প্রেম : প্রেমের চেয়ে আদর্শবাদিতার প্রতি আপনার ঝোঁক বেশি। তাই জিহ্বাকে

সংযত করতে না পারলে প্রেম ও পারিবারিক জীবনে যথেষ্ট ভুল বুঝাবুঝি হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, বেগুনী, হলুদ, সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন** নীলা ও রক্ত প্রবাল। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন** রবি ও বুধবার। **তারিখ:** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কমরেড দেং শিয়াও পিং, সুইস কবি গুস্তভ ফ্রোডিং, সাহিত্যিক ডরোথি পার্কার, দার্শনিক ম্যাক্স শিলার, আবিষ্কারক হেনরি মেন্সলে।

আগস্ট ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা দুই দিক থেকেই আপনার ওপর বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কন্যার বৈশিষ্ট্য সিংহ দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, বৈচিত্র্যপ্রিয় ও পরিবর্তনশীল। যে কোন ব্যক্তি বা পরিবেশের সাথে দ্রুত মানিয়ে নিতে পারেন। ভাবগম্ভীর পরিবেশ ও হৈ হল্লা কোনটার সাথেই একাত্মতা গড়ে তুলতে সময় লাগে না। কঠিন বিষয়ও সহজে রপ্ত করতে পারেন। যে কোন কাজ অনায়াসে সমাধা করতে পারেন। তবে এই মেধাই আপনার কাল হতে পারে, অন্যদের সাথে মিশে নিজের ব্যক্তিত্বকে হারাতে পারেন। কাজের বৈচিত্র্যে লক্ষ্যচ্যুত হতে পারেন। জীবনে সাফল্য লাভের জন্যে নির্দিষ্ট লক্ষ্যে অবিচল থাকতে হবে।

পেশা : পরিবর্তন ও বৈচিত্র্য আছে, ভ্রমণ করা যায়, নতুন লোকের সাথে মেশা যায়, নিত্যনতুন পরিস্থিতির সম্মুখীন হতে হয়, এমন পেশাই আপনার জন্যে ভাল।

প্রেম : প্রেম ও পারিবারিক জীবনের সাথে আপনি সহজেই খাপ খাইয়ে নিতে পারবেন। পারিবারিক জীবনকে বৈচিত্র্য ও আনন্দে ভরপুর করে তোলাও আপনার জন্যে সহজ।

শুভ রং : সকল শেডের আকাশী, হলদে, সবুজ ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** শ্বেতনীলা ও হীরক। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ফরাসী সম্রাট ষোড়শ লুই, ভেরা মাইলস, অর্থনীতিবিদ রবার্ট মার্টন, সাহিত্যিক খালেদা মঞ্জুর এ-খোদা।

আগস্ট ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রোমান্টিক ও সৃজনশীল। আপনি একাধারে মিশুক ও লাজুক। আপনার উষ্ণ হৃদয় সহজেই আকৃষ্ট হয় বিপরীত লিঙ্গের প্রতি। বন্যপ্রাণী ও প্রাকৃতিক পরিবেশের প্রতি আপনার আকর্ষণ সহজাত। আপনি অশান্ত ও অস্থিরচিত্ত হলেও তার প্রকাশ ঘটে কম। তারুণ্য আপনার জন্যে ক্রান্তিকাল। অনুসন্ধিৎসা ও রোমান্টিক আবেগ আপনাকে পরিবার থেকে দূরে নিয়ে যেতে পারে। বয়স্ক শুভানুধ্যায়ীদের পরামর্শ ছাড়া এ সময় কিছুই করা উচিত নয়।

পেশা : আপনি সৃজনশীল, কারিগরি, চিকিৎসা, প্রাণিবিদ্যা ও উদ্ভিদবিদ্যার সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশাগত ক্ষেত্রে সুনির্দিষ্ট লক্ষ্য স্থির করে কাজ করতে হবে।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের প্রতি সহজাতভাবেই আকৃষ্ট। সতর্ক না থাকলে এ

জন্যে আপনাকে মূল্য দিতে হতে পারে। অল্প বয়সে বিয়ে না করাই ভাল।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, গোলাপী, হলদে সবুজ। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও শ্বেত নীলা। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : জাহাজ নির্মাতা উইলিয়াম ফ্রান্সিস গিভস, ননী গোপাল বিশ্বাস, কবি কবিরুল ইসলাম।

আগস্ট ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। জন্মসংখ্যা ৭। আপনার উপর বুধ ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় অধ্যয়নশীল ও চিন্তাশীল। পরিশ্রমী ও কর্তব্য সচেতন। নতুন ও রহস্যময় বিষয়ের প্রতি আপনার ঝোঁক আছে। অন্যদের ব্যাপারে আপনি মূলত সংশয়ী। অপেক্ষাকৃত বয়স্কদের সাথেও আপনার সহজে বন্ধুত্ব গড়ে ওঠে। মানসিক ও বুদ্ধিবৃত্তিক বিষয়ের প্রতি ঝোঁক প্রবল। আপনাকে উচ্চাভিলাষী ও উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি মনস্তাত্ত্বিক, লাইব্রেরিয়ান, প্রত্নতত্ত্ববিদ, ঐতিহাসিক, শিল্প, সাহিত্য, গবেষণা ও চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি অনুভূতি প্রবণ। স্নেহ-মমতা, ভালবাসা সহজেই আপনাকে প্রভাবিত করবে। তবে অপাত্রে ভালবাসা দান সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, হলুদ, বাদামী সাদা, **ধাতু** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও জেড। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ:** ২, ৫, ৭, ১১, ১৪, ২০,২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : চিত্র পরিচালক লিওনার্ড বার্নস্টেইন, অভিনেতা সিনকোনারি, খন্দকার আলী আশরাফ, আল্লামা মাশরেকী, প্রেসিডেন্ট হাশেমী রাফসানজানি, রসায়নবিদ হ্যানস এডলফ ক্রাফস, ড. হালিমা খাতুন।

আগস্ট ২৬

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। জন্মসংখ্যা ৮। আপনার উপর শনি ও বুধের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আত্মসচেতন, সিরিয়াস ও রিজার্ভ। পরিশ্রমী হলেও নীরব কর্মী। প্রকাশ্যে আসার চেয়ে নেপথ্যেই থাকতে চান বেশি। অধ্যয়ন ও অনুধ্যানে আপনি নিরলস। বিনয়ী ও ভদ্র হওয়া সত্ত্বেও সহজে কারও সাথে ঘনিষ্ঠ হতে পারেন না। তাই পরিচিতরা আপনাকে ভুল বুঝবে। রাতারাতি আপনার জীবনে কিছু হতে চাইবে না। নিয়মানুবর্তিতা, ধৈর্য ও অধ্যবসায়ের মাধ্যমে জীবনের লক্ষ্যপানে এগিয়ে যাবেন।

পেশা : আপনি গবেষণা, স্বাস্থ্য, সাহিত্য, গ্রন্থগার, প্রত্নতত্ত্ব ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ৩৫ বছর বয়সের পর জীবনের সাফল্য আসবে।

প্রেম : অল্পবয়সে বিয়ে ক্ষতিকর হতে পারে। পড়াশুনা, জ্ঞান অন্বেষণ ও বুদ্ধিবৃত্তিক তৎপরতায় সঙ্গী হতে পারে এমন কাউকেই বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, ধূসর, চকলেট ও হলদে সবুজ। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও রক্ত প্রবাল। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন:** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : অ্যান্থনি ল্যাভয়শিয়ে, জিরালডিন ফেরোরা, বিজ্ঞানী জেমস ফ্রাংক; ঔপন্যাসিক ক্রিস্টোফার আইজারউড, সৈয়দ সালাউদ্দীন জাকী, সাংবাদিক জিয়াউল

হক।

আগস্ট ২৭

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। সিংহের প্রভাব আছে। জন্মসংখ্যা ৯। আপনার উপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় উদ্যোগী ও সাহসী। সেই সাথে সাবধানী ও কৌশলী। নিজের বক্তব্য সুন্দরভাবে প্রকাশ করতে পারেন। অন্যকে প্রভাবিত করতে পারেন। নেতৃত্বের গুণাবলী আছে আপনার মধ্যে। সহজে সরাসরি বিরোধে জড়ান না। আপনার মেধা যে কোন বিষয়ের গভীরে যেতে সহায়তা করে। আর সময় মত সিদ্ধান্তে পৌঁছতে কোন অসুবিধা হয় না। মধ্যস্থতাকারীর ভূমিকা গ্রহণে আগ্রহ আপনাকে অনেক ঝামেলায় ফেলতে পারে।

পেশা : আপনি কূটনীতিক, রাজনীতিক, ইঞ্জিনিয়ার, কারিগর, প্রশাসক ও ব্যবসায়ী হিসেবে ভাল করবেন।

প্রেম : আপনার ব্যক্তিত্ব বিপরীত লিঙ্গের সদস্যদের সহজেই আকৃষ্ট করবে। কখন বিরোধ সৃষ্টি হতে পারে, তা আগেই বুঝতে পারেন। তাই বিরোধের অবসান করাও কঠিন কিছু নয়।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, গোলাপী, নীল, হলদে সবুজ। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও রুবী। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট লিন্ডন জনসন, কথাশিল্পী থিওডোর ড্রেইজার, দার্শনিক ফ্রেডরিক হেগেল, ইরা লেভিন, বিজ্ঞানী কার্ল বুশ।

আগস্ট ২৮

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সৃজনশীল ও বুদ্ধিমান। ব্যবহারে বিনয়ী ও সহানুভূতিশীল। নীতি ও আদর্শের প্রতি বিশ্বস্ত। নীরবে কাজ করা পছন্দ করেন। দায়িত্বশীল ও বিশ্বস্ত। তবে ব্যক্তিগত; সামাজিক ও ব্যবসায়িক সম্পর্কের ক্ষেত্রে সতর্ক। ন্যায় ও অন্যায়ের অনুভূতি আপনার মধ্যে প্রখর। নিঃস্বার্থভাবে অন্যের জন্যে কাজ করে যেতে পারেন। মেধা, সৃজনশীলতা ও বিনয় আপনার সাফল্যের পথ প্রশস্ত করবে।

পেশা : আপনি সৃজনশীল, শিক্ষা, দর্শন, কূটনীতি, চিকিৎসা, নার্সিং, হিসেব রক্ষণ ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নেপথ্য কর্মী হিসেবেই বেশি সফল হবেন।

প্রেম : আপনার মন স্নেহপরায়ণ ও সহানুভূতিশীল। তবে দাম্পত্য জীবনে প্রেমানুভূতির যথাযথ প্রকাশে অক্ষমতা অনেক ভুল বুঝাবুঝির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, বাদামী, নীল, সাদা, হলদে সবুজ। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও শ্বেত নীলা। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি গেঁটে, প্রকৃতিবিদ রজার পিটারসন, বেন গাজারা, চার্লস বয়ার, চিত্রশিল্পী মরিস গ্রেইভস, মোহাম্মদ সিরাজউদ্দীন, সামিনা চৌধুরী।

আগস্ট ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ ও অস্থিরচিত্ত। ভ্রমণ ও পরিবর্তন ভাল-বাসেন। বুদ্ধিবৃত্তি, মেধা ও সৃজনশীলতা আপনার জীবন ধারাকে পরিচালিত করবে। তবে আপনি লাজুক। নিজের চিন্তাধারা ও আশা-আকাঙ্ক্ষার কথা যথাযথভাবে ব্যক্ত করতে পারেন না। তাই আপনার সম্ভাবনা সম্পর্কে পরিচিতদের মধ্যে নেতিবাচক ধারণা থাকতে পারে। জীবনে সাফল্য লাভের জন্যে দ্ব্যর্থহীনভাবে আপনার মেধা ও যোগ্যতার বহিঃপ্রকাশ ঘটাতে হবে।

পেশা : আপনি শিক্ষা, গবেষণা, সাহিত্য, দর্শন ও মোটামুটি নিরিবিলি কাজ করা যায়, এমন পেশায় ভাল করবেন। প্রতিদ্বন্দ্বিতামূলক পেশায় আশানুরূপ ভাল নাও করতে পারেন।

প্রেম : আপনার মনে প্রেম রয়েছে। কিন্তু প্রিয়জনের কাছে তা ব্যক্ত করাই আপনার জন্যে প্রধান সমস্যা। একটু বেশি বয়সে বিয়েই আপনার জন্যে ভাল।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হরিদ্রাভ, আকাশী ও হলদে সবুজ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : রিচার্ড আটেন বরো, মাইকেল জ্যাকসন, দার্শনিক জন লক, কবি আবদুল গনি খান, এলিয়েট গোল্ড, অভিনেতা ইনগ্রীড বার্গম্যান, কার্টুনিস্ট জন লেকি, সাংবাদিক আতাহার খান।

আগস্ট ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী। আপনি উচ্চাভিলাষী। লক্ষ্যে পৌছার জন্য কঠোর শ্রম ও সাধনা করতে প্রস্তুত। বাস্তবের আলোকে আপনি পরিকল্পনা করেন। অন্যদের সংগঠিত করা ও নেতৃত্ব দেয়ার অদ্ভুত গুণ আছে আপনার। তাছাড়া লক্ষ্য পথ থেকে আপনাকে কোন কিছুই বিচ্যুত করতে পারে না। আকাশ-কুসুম কল্পনার কোন অবকাশ নেই আপনার জীবনে। জীবনে অনেক দায়িত্ব আপনার উপর অর্পিত হতে পারে।

পেশা : আপনি প্রশাসনিক, বুদ্ধিবৃত্তিক, কূটনৈতিক, বিজ্ঞান ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার রোমান্টিক জীবন গভীরভাবে প্রভাবিত হতে পারে বাস্তবতাবোধ দিয়ে। একটু বেশি বয়সে বিয়ে করলেই আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের বেগুনী, নীল, মেরুন, গোলাপী ও হলদে সবুজ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও এমিথিস্ট। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন :** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জন গাস্থার, বিজ্ঞানী আর্নেস্ট রাদারফোর্ড, পদার্থ বিজ্ঞানী এডওয়ার্ড পান্‌সিল, উদ্ভাবক জন মুসলি, বিজ্ঞানী জেকভ ভেন হফস, চিন্তাবিদ লিম সে সু।

আগস্ট ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪।

আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সুনির্দিষ্ট নীতি ও আদর্শের অনুসারী। নীতিতে আপনি অনড়। নিজে অন্যায় পছন্দ করেন না। তাই অন্যের ভুল ধরিয়ে দিতেও আপনার কোন দ্বিধা নেই। আপনার স্পষ্টবাদিতার জন্যে পরিচিতরা আপনাকে সমীহ করবে এবং ভুল বুঝবে। আপনি সৃজনশীল। তাছাড়া আছে উদ্ভাবনী মেধা। জীবনে আপনাকে অনেক অপ্রত্যাশিত বাধা ও প্রতিকূলতার সম্মুখীন হতে হবে। নিজস্ব পথে অগ্রসর হলে আপনি জীবনে বেশি সফল হবেন।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, গবেষণা, কারিগরি ও সৃজনশীল পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগও আপনার জন্য ভাল।

প্রেম : প্রিয়জনের দোষ-ত্রুটি ধরার প্রবণতা আপনার মধ্যে বেশি থাকতে পারে। পারিবারিক শান্তির জন্যে আপনাকে কৌশলী ও সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, গোলাপী, ক্রীম, হলদে সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ বার্নার্ড লোভেল, কথাশিল্পী উইলিয়াম সেরোওয়েন, প্রেসিডেন্ট র‍্যামন ম্যাগাসেসে, সম্রাট জাহাঙ্গীর, হায়দার আকবর খান রনো, জেমস কেবান, ঐতিহাসিক জর্জ সার্টন, রিচার্ড গ্যারো, অভিনেতা নাজমুল হুসাইন।

সেপ্টেম্বর ১

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী। সহজেই জ্ঞান অর্জন করতে পারেন। আপনার মন অনুধ্যান করতে ভালবাসে, শিখতে চায় প্রকৃতি থেকে। আপনি পরিশ্রমী ও অধ্যবসায়ী। আপনার কথা বলার ক্ষমতা আছে। আপনি অনেক কিছু করতে চাইবেন। প্রচুর সম্পত্তি লাভে সচেষ্ট হবেন, কিন্তু মধ্য বয়সের পূর্ব পর্যন্ত ঠিকভাবে কিছু হতে চাইবে না। এ সময় আপনি সহজেই অস্থির ও বিক্ষুব্ধ হয়ে উঠবেন। আপনাকে আত্মবিশ্বাসে বলীয়ান হয়ে নিজস্ব পরিকল্পনা দৃঢ়তার সাথে বাস্তবায়িত করতে হবে।

পেশা : আপনি গবেষণা, বুদ্ধিবৃত্তিক ও কারিগরি পেশায় ভাল করবেন। আপনি সহজেই অন্যদের আস্থা লাভে সক্ষম। তাই ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি প্রেমে আদর্শবাদী। প্রিয়জনের কাছ থেকে এই আদর্শবাদী চেতনা আহত হলে তা কাটিয়ে ওঠা কঠিন। প্রেমে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, বাদামী, আকাশী ও হলদে সবুজ। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেতনীলা ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : জেনারেল ওসমানী, মোস্তফা মনোয়ার, এডগার রাইস বরো, রসায়নবিদ কার্ল ফকার্স, লিলি টমলিন, গবেষক আলী আহমেদ, চিত্রশিল্পী ইয়াসু কুনিওসি, জনাবুল ইসলাম, মাহমুদ শফীক।

সেপ্টেম্বর ২

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাসমৃদ্ধ কল্পনার অধিকারী। চমৎকার মানসিক শক্তি ও যোগ্যতা রয়েছে আপনার। তবে পরিবর্তন ও বৈচিত্র্যের মোহ আপনার যোগ্যতা ব্যবহারের অন্তরায় হতে পারে। আপনি বিশ্বাসী ও বিবেকবান। চমক ও জৌলুস পছন্দ করেন না। শান্তিতে থাকতে চান। নীরবে কাজ করতে চান। স্বভাবে চাপা হলেও আপনি বন্ধুত্ব করতে পারেন। তবে মাঝে মাঝে আপনাকে দুশ্চিন্তা ও বিষণ্নতা পেয়ে বসতে পারে। জীবনে সাফল্যলাভের জন্যে আপনাকে আত্মবিশ্বাসী ও উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, গবেষণা, রসায়নবিদ ও বিজ্ঞানী হিসেবে ভাল করবেন। তবে উদ্যোগের অভাব পেশাগত অগ্রগতির অন্তরায় হতে পারে।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যাদের সাথে সহজেই বন্ধুত্ব করতে পারেন। তবে জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে সতর্ক না হলে আপনাকে প্রচুর ঝামেলা পোহাতে হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ক্রীম, আকাশী ও হলদে সবুজ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও জেড। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৪, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এলেন ড্রুরী, প্রমথ চৌধুরী, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, আনোয়ার পারভেজ, গায়িকা আশা ভোসলে, অর্থনীতিবিদ হেনরী জর্জ, উদ্ভাবক হেরাম মেক্সিম।

সেপ্টেম্বর ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বাস্তববাদী। আপনার বিশ্লেষণী ক্ষমতা আছে। তাছাড়া আছে গবেষকসুলভ মন। যে কোন বিষয় আপনি সহজে রপ্ত করতে পারেন। বন্ধুদের ব্যাপারে আপনি ছিদ্রান্বেষী। তাই বন্ধু নির্বাচনে আপনি সতর্ক থাকুন। সাংগঠনিক ক্ষমতা আছে আপনার। নিজে যেমন নিয়মশৃংখলা মেনে চলেন, তেমনি অন্যদেরও নিয়মানুবর্তী দেখতে চান। আপনি উচ্চাভিলাষী। পরিচিতদের চেয়ে উচ্চস্তরে উন্নীত হতে আপনি দৃঢ়প্রতিজ্ঞ। তবে বিরাট সাফল্যও সম্ভবত আপনাকে তৃপ্তি দিতে পারবে না।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, গবেষণা, রাজনীতি, আইন, ধর্ম ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। উচ্চাকাঙ্ক্ষা আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

প্রেম : আপনি বিয়ের ক্ষেত্রে পূর্ণ কর্তৃত্বের পক্ষপাতী। তাই আপনার নিজের সামাজিক স্তর থেকে নিচে অথবা মানসিকভাবে নিয়ন্ত্রণ করতে সক্ষম এমন কাউকে বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, নীল, হলদে সবুজ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেত নীলা ও এমিথিস্ট। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন :** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : চিন্তাবিদ আলবেরুনী, আবুল আ'লা মওদূদী, সাংবাদিক বিশ্বেশ্বর চৌধুরী, আবুল মনসুর আহমদ, কার্ল ডেভিড এণ্ডারসন, চিকিৎসাবিদ স্যার ম্যাকফারলেন বার্নার্ড, ভ্যালিরি পেরিন, রাজনীতিক মোহাম্মদ শামসুল হক।

সেপ্টেম্বর ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার চিন্তাধারায় মৌলিকত্ব রয়েছে। আপনি স্বাধীনচেতা ও

অনেকটা খেয়ালী। সহজে মিশতে ও বন্ধুত্ব করতে পারেন না। অসাধারণ দৃঢ়তা ও ইচ্ছাশক্তি আছে আপনার। এটা একগুঁয়েমিতে পরিণত হতে পারে। আপনার শত্রু হবে অনেক। কুৎসাও শুনতে হবে আপনাকে। পরিবেশ ও পরিস্থিতি দ্বারা আপনার জীবনের ঘটনাপ্রবাহ গভীরভাবে প্রভাবিত হবে। আপনাকে সহনশীল ও কুশলী হতে হবে।

পেশা : আপনি বিজ্ঞান, রসায়ন, স্বাস্থ্য, ইঞ্জিনিয়ারিং ও দর্শনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। একক উদ্যোগই আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার ভিন্নতর দৃষ্টিভঙ্গি জীবনসঙ্গী নির্বাচনে জটিলতার সৃষ্টি করতে পারে। অপেক্ষাকৃত বেশি বয়সে বিয়েই আপনার জন্যে ভাল।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, গোলাপী, সোনালী ও হলদে সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও ওপাল। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী সাইমন লেক, অভিনেতা বুলবুল আহমদ, গায়িকা সাবিনা ইয়াসমীন, লাকী ইনাম, ঔপন্যাসিক ম্যারি রেনল্ড, রাজনীতিক দাদাভাই নওরোজি, জীব বিজ্ঞানী ম্যাক্স ডেলবার্ক, হেনরী ফোর্ড, এস. ওয়াজেদ আলী।

সেপ্টেম্বর ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, বৈচিত্র্যপ্রিয় ও মিশুক। সহজেই বন্ধুত্ব করতে পারেন। যে কোন পরিস্থিতি ও পরিবেশের সাথে সহজে খাপ খাইয়ে নিতে পারেন। কৌশল ও ডিপ্লোম্যাসীতে আপনি দক্ষ। আপনার ইনটুইসন প্রখর। কিন্তু অতিরিক্ত মেধা আপনাকে একাধিক বিষয়ে একই সময়ে জড়িত করতে পারে। আপনাকে সংযমী, উচ্চাভিলাষী লক্ষ্যে অবিচল ও কর্মে ধারাবাহিকতা বজায় রাখতে দৃঢ় প্রতিজ্ঞ হতে হবে।

পেশা : আপনি সাংবাদিক, কূটনীতিক, বুদ্ধিজীবী, সাহিত্যিক, কারিগর ও সেলসম্যান হিসেবে ভাল করবেন। দ্রুত পেশা পরিবর্তনের ঝোঁক ক্ষতিকর হতে পারে।

প্রেম : আপনার বৈচিত্র্যপ্রিয়তা পারিবারিক ও দাম্পত্য সুখের অন্তরায় হতে পারে। একাধিক বিয়ের সম্ভাবনা আছে আপনার।

শুভ রং : সকল শেডের, আকাশী, গোলাপী, হলদে সবুজ ও হালকা উজ্জ্বল রং। **ধাতু .** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** হীরক ও ওপাল। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : দার্শনিক ড. রাধা কৃষ্ণন, কথাশিল্পী ফ্রাঙ্ক ইয়ারবি, অভিনেতা উত্তম কুমার, র‍্যাকুয়েল ওয়েলচ, আর্থার কোয়েসলার, ফরাসী সম্রাট চতুর্দশ লুই, নিলুফার জোহা, চিকিৎসাবিদ সুসুমে তোনে গাওয়া।

সেপ্টেম্বর ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও সৌন্দর্যের পূজারী। স্নেহ, মমতা ও ভালবাসা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অল্পবয়সেই বুদ্ধির বিকাশ ঘটবে। তারুণ্যেই অনেক কিছু বুঝতে শিখবেন। খেলাধুলা ও বাইরের জীবনের প্রতি আপনার একটা চিরন্তন আকর্ষণ থাকবে। সঙ্গীত ও নাটকের প্রতি থাকবে আপনার ঝোঁক। আপনি প্রভাবশালী ব্যক্তিদের সহজ আনুকূল্য পাবেন।

পেশা : আপনি সৃজনশীলতা, ক্রীড়া, সঙ্গীত, নাটক ও জনপেশায় ভাল করবেন। জমি-জমার ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার মূলত প্রেমিক মন। একাধিক প্রেমে একই সময় জড়িয়ে পড়তে পারে। একটু বেশি বয়সে বিয়ে না করলে দুই বিয়ের সম্ভাবনা থেকে যাবে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, বেগুনী, গোলাপী ও হলদে সবুজ। ধাতু তামা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও ওপাল। সংখ্যা : ৫ ও ৬। দিন : বুধ ও শুক্রবার। তারিখ : ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী জন ডাল্টন, রকেট বিজ্ঞানী ওয়াল্টার ডর্নবার্জার, চিকিৎসাবিদ জন ম্যাকবোর্ড, প্রেসিডেন্ট নুক্রুমা।

সেপ্টেম্বর ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর বুধ ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিন জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল ও অধ্যয়নশীল। আপনি কর্তব্য সচেতন ও অধ্যবসায়ী। মানসিক শ্রমে আপনার কোন ক্লান্তি নেই। নতুন ও রহস্যময় বিষয়ের প্রতি আপনার প্রবল আকর্ষণ রয়েছে। মানুষ সম্পর্কে প্রাথমিকভাবে আপনি সন্দিহান ও সংশয়ী, কিছুটা ছিদ্রান্বেষী। আপনার মধ্যে উদ্যোগের অভাব থাকতে পারে। প্রথম জীবনে অনেক বাধা আসবে। তবে ৩৫-এর পর বাধা কাটিয়ে লক্ষ্যে পৌছা সহজ হবে।

পেশা : আপনি লাইব্রেরিয়ান, প্রত্নতত্ত্ববিদ, ঐতিহাসিক, শিল্প, সাহিত্য, গবেষণা ও চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি অনুভূতিশীল। স্নেহমমতা ও ভালবাসা সহজেই আপনাকে প্রভাবিত করবে। তবে অপাত্রে ভালবাসা দান সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন : শ্বেত নীলা ও জেড। সংখ্যা : ৫ ও ৭। দিন : সোম ও বুধবার। তারিখ : ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : রানী প্রথম এলিজাবেথ, চিত্রশিল্পী গ্রাণ্ডমামসেস, কথাশিল্পী ইলিয়া কাজান, বিজ্ঞানী ভন এলান, কথাশিল্পী সুনীল গঙ্গোপাধ্যায়, এন্থনী কোয়েল, খুরশীদা হক।

সেপ্টেম্বর ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর বুধ ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মসচেতন ও চাপা। প্রকাশ্যে আসার চেয়ে নেপথ্যে কাজ করতে চান। আপনি কর্মঠ। অধ্যয়ন ও অনুধ্যানে আপনার কোন ক্লান্তি নেই। জীবন সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গি সিরিয়াস। পরিচিতদের সাথে ভাল ব্যবহার করলেও তারা আপনাকে ভুল বুঝবে। তাছাড়া পারিবারিক পরিস্থিতি প্রথম জীবনে আপনার লক্ষ্যে উপনীত হওয়ার পথে বাধা হতে পারে। তবে ধৈর্য ও অধ্যবসায় আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি গবেষণা, সাহিত্য, স্বাস্থ্য, গ্রন্থাগার, রসায়ন ও প্রত্নতত্ত্বের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনের সাফল্য আসবে প্রধানত দ্বিতীয় অধ্যায়ে।

প্রেম : আপনি বাইরে চাপা হলেও স্নেহকাতর। আর নিজের মনের কথা নিঃসঙ্কোচে বলতে পারেন না। পারিবারিক জীবনে আপনাকে দিলখোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, ধূসর, বাদামী ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম

ও সীসা। রত্ন : নীলা ও মুক্তো। গুরুত্বপূর্ণ সংখ্যা ৫ ও ৮। গুরুত্বপূর্ণ দিন : শনি ও বুধবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : গায়ক জিমি রজার্স, লেখক পিটার সেলার্স, রাজা রিচার্ড, গণিতজ্ঞ ফ্রাঙ্কি এভালন, ইমদাদুল হক মিলন, কামরুদ্দীন আহমেদ, রাজনীতিক এ. টি. এম. ওয়ালী আশরাফ, অঞ্জু ঘোষ।

সেপ্টেম্বর ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদ্যোগ, উদ্যম ও দৃঢ়তার অধিকারী। ক্লান্তিহীন মানসিক শ্রম করতে পারেন। ঝুঁকি নেয়ার ও অ্যাডভেঞ্চারে জড়িত হওয়ার প্রবণতা রয়েছে আপনার। আপনার স্পষ্টবাদিতা অনেক শত্রু সৃষ্টির কারণ হবে। যে কোন কিছু গভীরভাবে পর্যবেক্ষণ করার ক্ষমতা আছে আপনার। তাই ছোটখাট বিষয়েও আপনি বিরক্ত ও ক্ষুব্ধ হতে পারেন। আপনাকে দুর্ঘটনা সম্পর্কে সতর্ক থাকতে ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি ইঞ্জিনিয়ারিং, মেশিনারী সার্জারি ও কৃষির সাথে জড়িত পেশায় ভাল করবেন। পর্যবেক্ষণ শক্তির জন্যে আপনি সাংবাদিক, বুদ্ধিজীবী ও সমালোচক হিসেবে সফল হবেন।

প্রেম : আপনার স্পর্শকাতর মন সহজেই প্রেমে পড়বে। তাই এ ক্ষেত্রে আপনাকে ভুল সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, খয়েরী, মেরুন, গোলাপী ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম ও লোহা। রত্ন : শ্বেত নীলা ও রক্ত প্রবাল। সংখ্যা : ৫ ও ৯। দিন : মঙ্গল ও বুধবার। তারিখ : ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : লিও টলস্টয়, বিজ্ঞানী জোসেফ লিগুলে, চীনা দার্শনিক লিন সু মিং, হরিশ চন্দ্র, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী জন গ্রে গর্টন, নয়ন রহমান, ক্রিকেটার আবিদ আলী, শাহ্ মোয়াজ্জেম হোসেন, চিত্রশিল্পী মৃণাল হক।

সেপ্টেম্বর ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিমান ও মেধাবী। জ্ঞান অর্জন ও চিন্তাভাবনার প্রতি আপনার ঝোঁক আছে। আপনি সৃজনশীল ও পরিশ্রমী। কোন কাজে লেগে থাকতে আপনি ভয় পান না। নিজের কথা গুছিয়ে বলার ক্ষমতা আছে আপনার। আপনি অনেক কিছু করতে চাইবেন। কিন্তু ৩৫ বছর পার না হওয়া পর্যন্ত ঠিকভাবে কিছু হতে চাইবে না। এ সময় আপনি অস্থির ও বিক্ষুব্ধ হয়ে উঠতে পারেন। আপনাকে ধৈর্যশীল হতে হবে। নিজস্ব পরিকল্পনা বাস্তবায়নে দৃঢ় হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, বুদ্ধিবৃত্তিক, গবেষণা ও কারিগরি পেশায় ভাল করবেন। প্রচুর সম্পত্তি লাভের প্রতি আপনার ঝোঁক থাকতে পারে। সহজেই আপনি অন্যদের আস্থা লাভ করবেন।

প্রেম : পারিবারিক সম্পর্কে আপনাকে বাস্তববাদী হতে হবে। প্রিয়জনকে আদর্শবাদের প্রতিমূর্তি ভাবলে আপনাকে কষ্ট পেতে হবে।

শুভ রং সকল শেডের হলুদ, সোনালী, বাদামী, আকাশী, হলদে সবুজ। ধাতু

সোনা ও প্লাটিনাম। রত্ন : শ্বেতনীলা ও আম্বর। সংখ্যা : ১ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮ ৩১।

ব্যক্তিত্ব : সৈয়দ ওয়ালী উল্লাহ, মাযহারুল ইসলাম, সোহরাব হোসেন, শবনম, এ. টি. এম. শামসুজ্জামান, এমি আরভিং, প্রত্নতত্ত্ববিদ রবার্ট কোলওয়ে, খশরু নোমান।

সেপ্টেম্বর ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিশ্বস্ত, মেধাবী ও বিবেকবান। মানসিক শক্তি ও যোগ্যতার চমৎকার সমন্বয় আছে আপনার মধ্যে। আপনি বিনয়ী। জৌলুস পছন্দ করেন না। নীরবে কাজ করতে চান। ঝামেলা এড়িয়ে চলতে চান। আপনি একটু রিজার্ভ হলেও সহজে বন্ধুত্ব করতে পারেন। পরিবর্তন ও বৈচিত্র্যপ্রিয়তা রয়েছে আপনার মধ্যে। অস্থিরতা দুশ্চিন্তা ও বিষণ্ণতা আপনাকে মাঝেমাঝে আচ্ছন্ন রাখতে পারে। আপনাকে উদ্যোগী ও অধ্যবসায়ী হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, বিজ্ঞান, গবেষণা ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। সাফল্য লাভের জন্যে সুযোগের সদ্ব্যবহারে আপনাকে সচেষ্ট হতে হবে।

প্রেম : আপনি সহজে বন্ধুত্ব করতে পারেন। সহজেই বিপরীত লিঙ্গের সদস্যদের আস্থা ভাজন হবেন। জীবন সঙ্গী নির্বাচনে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা ও হলদে সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** শ্বেত নীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ স্যার জেমস জীন, কথাশিল্পী ও হেনরী, আচার্য বিনোবাভাবে, ডি. এইচ. লরেন্স, প্রেসিডেন্ট ফার্দিনেন্দ মার্কোস, ক্রিকেটার লালা অমরনাথ, কবি সৈয়দ হায়দার, দবির সিদ্দিকী।

সেপ্টেম্বর ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী। আত্মীয় ও বন্ধুদের চেয়ে উচ্চস্তরে উত্তরণে আপনি দৃঢ়প্রতিজ্ঞ। বাস্তব বিশ্লেষণী ক্ষমতার সাথে সাথে আপনার আছে গবেষকসুলভ মন। নেতৃত্ব দেয়ার গুণ আছে আপনার। নিজে নিয়ম মেনে চলেন। অন্যদেরও নিয়মানুবর্তী দেখতে চান। আপনি মেধাবী। বিভিন্ন বিষয়ের মধ্যে নিজেকে জড়াতে চান। অন্যের ভুল সহজেই আপনার চোখে পড়ে। বন্ধু নির্বাচনে আপনি সতর্ক। আপনাকে সন্তুষ্ট হতে শিখতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, গবেষণা, প্রশাসন, আইন, বিচার, রাজনীতি ও ধর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনের সুউচ্চ লক্ষ্যে আপনাকে অটল থাকতে হবে।

প্রেম : আপনার কর্তৃত্বপরায়ণ মন পারিবারিক শান্তির পথে বিঘ্ন ঘটাতে পারে। মানসিক কর্তৃত্ব করা যায়, এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, লালচে বেগুনী ও হলদে সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** শ্বেতনীলা ও আলেকজান্দ্রাইট। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন :** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২ ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : এইচ. এল. মেনকেন, লিণ্ডা গ্রে, আবিষ্কারক রিচার্ড হো. রাজনীতিবিদ শফিউল আলম প্রধান, ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দোপাধ্যায়।

সেপ্টেম্বর ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা এবং সুনির্দিষ্ট নীতি ও আদর্শের অনুসারী। চিন্তা-ভাবনায় আপনি মৌলিক; মনের দিক থেকে খেয়ালী। অন্যায় করতে চান না। অন্যের অন্যায়কেও প্রশ্রয় দিতে পারেন না। আপনার বন্ধুর সংখ্যা কম। তবে ইচ্ছাশক্তি ও দৃঢ়তা আছে আপনার। শত্রুতা ও কুৎসার সম্মুখীন হতে হবে আপনাকে। ঘটনাপ্রবাহ আপনার জীবনকে গভীরভাবে প্রভাবিত করবে। নিজস্ব পথে চলার জন্যে আপনাকে সহনশীল ও কৌশলী হতে হবে।

পেশা : আপনি চিকিৎসা, বিজ্ঞান, রসায়ন, খাদ্যদ্রব্য, কারিগরি, দর্শন ও বুদ্ধিবৃত্তিক পেশায় ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনার স্বকীয়তা ও জীবন সম্পর্কে ভিন্নতর দৃষ্টিভঙ্গি পারিবারিক জীবনে জটিলতা সৃষ্টি করতে পারে। প্রিয়জনের সমালোচনা থেকে বিরত থাকাই ভাল।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলুদ ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম ও ইউরেনিয়াম। রত্ন : নীলা ও মুক্তো। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জে. বি প্রিস্টলী, রসায়নবিদ রবার্ট রবিনসন, জ্যাকুলিন বিসেট, এণ্ড্রু নোবেল, মনস্তত্ত্ববিদ এডলফ মায়ার, সৈয়দ মুজতবা আলী, সাহিত্যিক জোসেফ ব্যারন এলভস, এস. এম. পারভেজ।

সেপ্টেম্বর ১৪

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার উপর বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক। সহজেই বন্ধুত্ব করতে পারেন। আপনি মেধাবী ও কুশলী। দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। কিন্তু অতিরিক্ত মেধাই কাল হতে পারে। বৈচিত্র্য-প্রিয়তা লক্ষ্যচ্যুত করতে পারে আপনাকে অধ্যবসায়ী, উচ্চাভিলাষী ও কর্মে ধারাবাহিকতা বজায় রাখতে শিখতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, কূটনৈতিক, বুদ্ধিবৃত্তিক, কারিগরি ও সেলসম্যানের পেশায় ভাল করবেন। আপনাকে বৈচিত্র্যময় কিন্তু একই পেশায় লেগে থাকতে হবে।

প্রেম : পারিবারিক জীবনকে বৈচিত্র্য ও আনন্দে ভাসিয়ে দেয়ার মত গুণ আছে আপনার। জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, হলদে সবুজ ও হালকা উজ্জ্বল রং। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন : শ্বেতনীলা ও ওপাল। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : পাখি বিশেষজ্ঞ পিটার স্কট, জার্মান সাহিত্যিক থিওডোর স্টর্ম, মার্কিন জনসংখ্যাবিদ মার্গারেট স্যাংগার, অলংকার শিল্পী চার্লস গিভসন, গণিতজ্ঞ আইভান ভিনগ্রাদভ, লেখিকা মকবুলা মনজুর।

সেপ্টেম্বর ১৫

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। জন্মসংখ্যা ৬। শুক্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সুন্দরের পূজারী। সৃজনশীলতা ও রোমান্টিকতা গভীরভাবে আপনাকে প্রভাবিত করে। আপনি বিনয়ী ও লাজুক আবার মিশুক ও সামাজিক। প্রেম ও মমতার বন্ধন সহজেই আপনাকে বেঁধে ফেলে। আপনি আবার অস্থিরচিত্তও। সহজেই অনেক কিছু বুঝতে পারেন। ভ্রমণ ও ঘরের বাইরের জীবনের প্রতি আকর্ষণ রয়েছে। প্রভাবশালী ব্যক্তিদের পৃষ্ঠপোষকতা আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

পেশা : আপনি সাহিত্য, সঙ্গীত, নাটক, চিকিৎসা ও স্বাস্থ্যের সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশা পরিবর্তনের প্রবণতা ক্ষতিকর হবে।

প্রেম : আপনার রোমান্টিক মন সহজেই প্রেমে পড়বে। ভালবাসা দেয়া ও নেয়ার খেলায় যথেষ্ট মূল্য দিতে হতে পারে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, আকাশী, হলুদ, হলদে সবুজ। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** শ্বেতনীলা ও ফিরোজা। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, আগাথা ক্রিষ্টি, ঔপন্যাসিক ক্লদি ম্যাকি, অজয় বিশ্বাস, অভিনেতা অলিভার স্টোন, পদার্থ বিজ্ঞানী মেরী গিলম্যান, ক্রিকেটার আবদুল কাদির।

সেপ্টেম্বর ১৬

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিশ্লেষণী ক্ষমতার অধিকারী। ইনটুইশন প্রখর। কোন কাজে ক্লান্তি নেই। তাড়াহুড়ো ও ঝুঁকিঝক্কির মধ্যে সাধারণত থাকতে চান না। নিজে না বুঝলে বয়স্ক ও অভিজ্ঞদের পরামর্শ নিয়ে কাজ করতে আগ্রহী। অপেক্ষাকৃত বয়স্কদের সাথেই সহজে বন্ধুত্ব গড়ে ওঠে। বস্তুগত সাফল্যের চেয়ে মানসিক ও বুদ্ধিবৃত্তিক সাফল্যের প্রতিই ঝোঁক বেশি। আধ্যাত্মিকতার প্রতি সহজেই আকৃষ্ট হতে পারেন। আপনাকে উচ্চাভিলাষী ও উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক কারিগরি, রসায়ন, ঔষধ, স্বাস্থ্য ও চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হতে পারে।

প্রেম : পারিবারিক নিরাপত্তা আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অপেক্ষাকৃত বয়স্ক কারও সাথে বিয়ের সম্ভাবনা।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ধূসর, হলদে সবুজ। **ধাতু** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** শ্বেত নীলা ও জেড। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : সিংগাপুরের প্রধানমন্ত্রী লি কুয়াই ইউ, বিজ্ঞানী এলবার্ট কসেল, লরেল বেকল, চেঙ্গিস খাঁন, উপন্যাসিক ফ্রান্স সিলান পা, অভিনেতা আবুল কাশেম

সেপ্টেম্বর ১৭

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। জন্মসংখ্যা ৮। শনি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি পরিশ্রমী ও সিরিয়াস। সাফল্যের প্রচারের চেয়ে কাজ করার প্রতিই আগ্রহ বেশি। আপনি স্বভাবে চাপা। আপনি অমায়িক ও ভদ্র হওয়া সত্ত্বেও ঘনিষ্ঠ বন্ধুত্ব সহজে গড়তে পারেন না। আপনি নিয়মানুবর্তিতা ও ধৈর্য্যের সাথে সমস্যা মোকাবিলা করতে চান। জ্ঞানার্জন ও পড়াশুনার প্রতি আপনার আজন্ম ঝোঁক আছে। আপনার বুদ্ধিবৃত্তিক ক্ষমতা অনেকের ঈর্ষার কারণ হতে পারে। ৩৫ বছরের আগ পর্যন্ত অগ্রগতি অব্যাহত থাকতে পারে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক পেশা, গবেষণা, চাকুরি ও বৃত্তিজীবী হিসেবে ভাল করবেন। লজ্জা ও সঙ্কোচ কাজের স্বীকৃতি লাভ ও অগ্রগতির অন্তরায় হতে পারে।

প্রেম : অল্প বয়সে বিয়ে আপনার জন্য ক্ষতিকর হতে পারে। আপনার পড়াশুনা, জ্ঞান অন্বেষণ ও বুদ্ধিবৃত্তিক তৎপরতায় সঙ্গী হতে পারে এমন কাউকেই বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, ধূসর, বাদামী, হলদে সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও সীসা। **রত্ন :** নীলা ও রক্তপ্রবাল। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : গণিতজ্ঞ বার্নার্ড রেইম্যান, বিজ্ঞানী কুন্সতান্টেইন টিসোলোকভস্কি, নাহিদ রেজা রুমু।

সেপ্টেম্বর ১৮

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। জন্মসংখ্যা ৯। মঙ্গল ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী ও কৌশলী। আপনার উদ্যোগ আছে, দৃঢ় ইচ্ছাশক্তি আছে। আপনি কর্মঠ। আপনার মেধা যে কোন বিষয়ের গভীরে প্রবেশ করতে সক্ষম। চমৎকার কথা বলতে এবং সহজে অন্যদের প্রভাবিত করতে পারেন আপনি। নেতৃত্বের গুণাবলীও আছে আপনার। অনেক শত্রুতা সৃষ্টি হলেও সরাসরি বিরোধে জড়ান না। তবে অন্যদের ভুল-ত্রুটি বিরক্তির কারণ হতে পারে। জীবনের লক্ষ্য স্থির করে এগুতে হবে।

পেশা : আপনি কূটনীতিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, প্রশাসক, কারিগর ও রাজনীতিক হিসেবে ভাল করবেন।

প্রেম : সহজেই প্রেমে পড়তে পারেন। জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক ও বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, মেরুন, নীল, হলদে সবুজ। **ধাতু :** লোহা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও শ্বেত নীলা। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : গ্রেটা গার্বো, ক্লদেত কোলবার্ট, কবি সেমুয়্যাল জনসন, পদার্থ বিজ্ঞানী জেম বার্নার্ড লিয়ন ফনকাল্ট।

সেপ্টেম্বর ১৯

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ১। আপনার উপর রবি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, পরিশ্রমী ও অধ্যবসায়ী। মেধা ও বুদ্ধি থাকায় সহজেই যে কোন কিছু বুঝতে পারেন। আর আপনি সব কিছুই জানতে ও শিখতে চান। আপনি সৃজনশীল, সৌন্দর্যপ্রিয় ও শান্তিপ্রিয়। বিরোধ ও বিবাদ এড়িয়ে চলতে চান।

নিজেকে ব্যক্ত করার ক্ষমতা আছে আপনার। সেই সাথে কৌশলী ও লক্ষ্যে অবিচল থাকলে আপনাকে কেউ আটকাতে পারবে না।

পেশা : আপনি সাহিত্যিক, সাংবাদিক, অভিনেতা, সমালোচক, ডাক্তার, গবেষক ও কারিগর হিসেবে লাভ করবেন। ব্যবসা আপনার জন্যে প্রচুর সম্পত্তি লাভে সহায়ক হবে।

প্রেম : প্রেম ও রোমান্টিকতায় আপনি আদর্শের ছোঁয়া দিতে চেষ্টা করবেন। জীবন সঙ্গী নিবাচনে সতর্ক না হলে আপনার শান্তি বিঘ্নিত হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, আকাশী, নীল, হলদে সবুজ। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও শ্বেত নীলা। **সংখ্যা :** ১ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ঔপন্যাসিক উইলিয়াম গোল্ডিং, অভিনেত্রী সুচন্দা, বিমল কর, ডা. অরুপ রতন চৌধুরী, সাংবাদিক ফুয়াদ হাসান।

সেপ্টেম্বর ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও মেধাবী। আপনি বিবেকবান বিশ্বস্ত ও সহানুভূতিশীল। আপনার কল্পনা ও অনুভূতি প্রবল। মানসিক শক্তি জীবন সংগ্রামে আপনার বড় অস্ত্র। আপনি শান্তি চান। ঝামেলা এড়িয়ে চলতে চান। একটু চাপা হলেও আপনি বিনয়ী ও সহজে বন্ধুত্ব করতে পারেন। পারিপার্শ্বিকতা প্রায়ই আপনার অস্থিরতা ও দুঃশ্চিন্তার কারণ হতে পারে। পরিবর্তন ও ভ্রমণ আপনাকে আনন্দ দেবে। আপনাকে আত্মবিশ্বাসী ও উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি গায়ক, শিল্পী, সাহিত্যিক, গবেষক, বিজ্ঞানী ও চাকুরিজীবী হিসেবে ভাল করবেন। প্রতিষ্ঠিত কারও সাথে থাকলে আপনি বেশি সফল হবেন।

প্রেম : আপনি রোমান্টিক ও কল্পনাপ্রবণ। বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হয়। সতর্ক না হলে একাধিক প্রেম বা বিয়ের সম্ভাবনা থাকবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, আকাশী, হলদে সবুজ। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন** শ্বেতনীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৫। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব: চিত্রাভিনেত্রী সোফিয়া লরেন, কথাশিল্পী আপটন সিনক্লেয়ার, ঐতিহাসিক ফার্ডিন্যাণ্ড লট, ফারুক আলমগীর, রাজনীতিক মতিউর রহমান।

সেপ্টেম্বর ২১

আজ জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কন্যার বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার সৃজনশীল ও সৌন্দর্যপিপাসু মনের সাথে যুক্ত হয়েছে বাস্তববাদ। বিশ্লেষণ ক্ষমতা ও গবেষকসুলভ মন আপনার সাফল্যের হাতিয়ার। আপনি উচ্চাভিলাষী। উচ্চস্তরে উন্নীত হতে দৃঢ়প্রতিজ্ঞ। নেতৃত্বের গুণাবলীর সাথে সাথে আপনার মধ্যে রয়েছে ডিপ্লোম্যাসী, আপনি নিয়মানুবর্তী। বন্ধু নির্বাচনে সতর্ক। মিশুক হলেও অন্যের দ্বারা সহজে প্রভাবিত হন না। সাফল্য ও খ্যাতির পথ থেকে আপনাকে কেউ বিচ্যুত করতে পারবে না।

পেশা : আপনি সৃজনশীল, বুদ্ধিবৃত্তিক, আইন, বিচার, ধর্ম, প্রশাসন ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : বিপরীত লিঙ্গের অনেকের সাথে মিশলেও আপনার পক্ষে প্রেমে পড়া একটু কঠিন হতে পারে। চিন্তা ও ভাবাদর্শের মিল রয়েছে, এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের বেগুনী, মেরুন, গোলাপী, ম্যাজেন্টা ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন : শ্বেত নীলা ও ফিরোজা। সংখ্যা : ৩ ও ৫। দিন বুধ ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এইচ. জি. ওয়েলস, কাজী আফসারউদ্দীন আহমেদ, ক্রীড়া লেখক আব্দুল হামিদ, বিজ্ঞানী ডোনাল্ড গ্লেসার, নিগ্রো সাহিত্যিক এডওয়ার্ড গ্লিজেন্ট।

সেপ্টেম্বর ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কন্যার বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক চিন্তা-ভাবনা করতে চান। সৃজনশীল ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। নতুন ও ব্যতিক্রমী মত সহজেই আপনাকে আকৃষ্ট করে। আদর্শবাদী হলেও আপনি অনেকটা খেয়ালী। আপনি স্বাধীনচেতা ও দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী। পরিচিতরা আপনাকে ঠিক বুঝে উঠতে পারবে না। তাই আপনার বন্ধুর সংখ্যা হবে কম। ভুল বুঝাবুঝি, শত্রুতা ও বাধার সম্মুখীন হতে হবে আপনাকে। ডিপ্লোম্যাসী ও কৌশল আপনার সাফল্যের প্রধান অস্ত্র হিসেবে কাজ করতে পারে।

পেশা : আপনি বিজ্ঞান, চিকিৎসা, কারিগরি, দর্শন ও অভিনয়ের সাথে জড়িত পেশায় ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনি সহজে মিশতে পারেন না। মনের আবেগ যথাযথভাবে প্রকাশ করতেও আপনার অসুবিধা হয়। পারিবারিক জীবনে আপনাকে আরও দিলখোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হলুদ, সোনালী, হলদে সবুজ, ফিরোজা। ধাতু : প্লাটিনাম ও ইউরেনিয়াম। রত্ন : নীলা ও ওপাল। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী মাইকেল ফেরাডে, ঐতিহাসিক ইবনে খালদুন, সেনানায়ক উইলিয়াম কিটেল, মার্থা স্কট, চীনা পদার্থবিদ চেন নিং ইয়াং, কৃষিবিদ জর্জ স্টিফেন ডন, আনু মুহাম্মদ।

Libra

২৩ সেপ্টেম্বর–২২ অক্টোবরের মধ্যে জন্ম হলে আপনার রাশি

তুলা

তুলার জাতক সৌন্দর্যপ্রিয় ও আদর্শবাদী। এরা সত্য, সুন্দর ও শান্তির পূজারী। প্রকৃতিগতভাবেই এরা ডিপ্লোমেসীতে বিশ্বাসী। এদের সহযোগিতার হাত সবসময় প্রসারিত। শান্তি ও সৌহার্দ্যের জন্য এরা যেকোন কাজ করতে প্রস্তুত। এরা সুবিবেচক। অন্যের প্রয়োজন সম্পর্কে এরা সচেতন। পরিচিতদের প্রতি এরা ন্যায় বিচার করতে চায়। এরা মধুর ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। সহজ, সদালাপী ও সামাজিক বলে এরা বেশ জনপ্রিয়। বিরোধমূলক পরিস্থিতিতে বন্ধু-বান্ধবরা এদের কাছে বুদ্ধি ও পরামর্শ চায়।

তুলার জাতক অত্যন্ত কল্পনাপ্রবণ ও বুদ্ধিমান। এরা সহজেই ভারসাম্যপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে। চিন্তা, মত ও ধর্মের প্রশ্নে এরা উদার দৃষ্টিভঙ্গির অধিকারী। অন্যের মতামত এরা ধৈর্য সহকারে শোনে। যে কোন বিরোধীয় বিষয়ে এরা সৌহার্দ্য বজায় রেখে বুদ্ধিমত্তার সাথে আলোচনা করে। এরা নিজের মত জোর করে চাপিয়ে দিতে চায় না। অন্য কেউ জোর করে তাদের ওপর কোন কিছু চাপাতে গেলে তুলার জাতক কৌশলে প্রতিপক্ষকে কাবু করে। এরা আলোচনায় অত্যন্ত সূক্ষ্ম ও সাবলীল। এদের কথার মারপ্যাঁচে প্রতিদ্বন্দ্বী তার অজান্তেই পরাজয় মেনে নেয়।

মূলত শান্তিপ্রিয় বলে তুলার জাতক কোন কলহ বা বিরোধে নিজেকে জড়িত করতে চায় না। কিন্তু তুলনামূলক আলোচনা করার অদ্ভুত গুণ আছে এদের। এদের এ তুলনা অনেক সময় সমালোচনার রূপ নেয়। সমালোচনা বা রাগ দীর্ঘস্থায়ী হয় না। কারণ এরা বন্ধু-বান্ধব বা সঙ্গী ছাড়া চলতে পারে না। আবার সবদিক বিচার করে সিদ্ধান্ত নিতে গিয়ে অনেক সময় সিদ্ধান্তহীনতায় ভোগে। আদর্শবাদী স্বপ্নের জন্য এদের মধ্যে এক ধরনের আলস্য দেখা দিতে পারে। এজন্য এদের জীবনে অনুপ্রেরণার প্রয়োজন। বন্ধু ও পরিচিতরা এদের অনুপ্রেরণার উৎস। তাদের লক্ষ্যে পৌঁছার জন্য এরা বন্ধুদের কৌশলে ব্যবহার করতে চায়। তবে তুলার জাতকের অধিকাংশই সুবিধাবাদে বিশ্বাসী ও ঝামেলামুক্ত থাকতে চাওয়ায় বন্ধুদের বিপদ দেখলে এরা নিজেদেরকে নিরাপদ দূরত্বে রাখে।

তুলার জাতকরা সহজাতভাবে অনুসন্ধিৎসু। তারা সব খবরে নিজেদের সমৃদ্ধ রাখতে চায়। কোন কোন ক্ষেত্রে এই অনুসন্ধিৎসা সীমালংঘন করতে পারে। তখন এরা অন্যদের ব্যাপারেও নাক গলায় এবং অহেতুক সমালোচনামুখর হয়ে ওঠে। এক শ্রেণীর তুলার জাতক আবার তাদের সাবলীল ও আকর্ষণীয় বাকশক্তির অপব্যবহার করে। এরা খুব সহজ-সরলভাবে মিথ্যাকেই সত্য বলে চালিয়ে দিতে পারে। ভিত্তিহীন কথাও এদের উপস্থাপনাগুণে সত্য বলে মনে হয়।

তুলার জাতকের পরিমিতিবোধ অত্যন্ত প্রখর। সৌন্দর্য সম্পর্কে এদের নিজস্ব ধারণা রয়েছে। রুচিহীনতা, বিশৃংখলতা ও বিরোধ খুব সহজেই এদের অস্থির করে তুলতে পারে, এদের ধৈর্যচ্যুতি ঘটাতে পারে । তবে এরা প্রবল মানসিক শক্তির অধিকারী। এরা সব সময় পরিবেশের ঊর্ধ্বে ওঠার চেষ্টা করে।

প্রেম : বিপরীত লিঙ্গের অনেকের সাথে মিশলেও আপনার পক্ষে প্রেমে পড়া একটু কঠিন হতে পারে। চিন্তা ও ভাবাদর্শের মিল রয়েছে, এমন কাউকেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের বেগুনী, মেরুন, গোলাপী, ম্যাজেন্টা ও হলদে সবুজ। ধাতু : প্লাটিনাম ও রূপা। রত্ন : শ্বেত নীলা ও ফিরোজা। সংখ্যা : ৩ ও ৫। দিন : বুধ ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এইচ. জি. ওয়েলস, কাজী আফসারউদ্দীন আহমেদ, ক্রীড়া লেখক আব্দুল হামিদ, বিজ্ঞানী ডোনাল্ড গ্লেসার, নিগ্রো সাহিত্যিক এডওয়ার্ড গ্লিজেন্ট।

সেপ্টেম্বর ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি কন্যা রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কন্যার বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক চিন্তা-ভাবনা করতে চান। সৃজনশীল ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। নতুন ও ব্যতিক্রমী মত সহজেই আপনাকে আকৃষ্ট করে। আদর্শবাদী হলেও আপনি অনেকটা খেয়ালী। আপনি স্বাধীনচেতা ও দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী। পরিচিতরা আপনাকে ঠিক বুঝে উঠতে পারবে না। তাই আপনার বন্ধুর সংখ্যা হবে কম। ভুল বুঝাবুঝি, শত্রুতা ও বাধার সম্মুখীন হতে হবে আপনাকে। ডিপ্লোম্যাসী ও কৌশল আপনার সাফল্যের প্রধান অস্ত্র হিসেবে কাজ করতে পারে।

পেশা : আপনি বিজ্ঞান, চিকিৎসা, কারিগরি, দর্শন ও অভিনয়ের সাথে জড়িত পেশায় ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনি সহজে মিশতে পারেন না। মনের আবেগ যথাযথভাবে প্রকাশ করতেও আপনার অসুবিধা হয়। পারিবারিক জীবনে আপনাকে আরও দিলখোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হলুদ, সোনালী, হলদে সবুজ, ফিরোজা। ধাতু : প্লাটিনাম ও ইউরেনিয়াম। রত্ন : নীলা ও ওপাল। সংখ্যা : ৪ ও ৫। দিন : রবি ও বুধবার। তারিখ : ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী মাইকেল ফেরাডে, ঐতিহাসিক ইবনে খালদুন, সেনানায়ক উইলিয়াম কিটেল, মার্থা স্কট, চীনা পদার্থবিদ চেন নিং ইয়াং, কৃষিবিদ জর্জ স্টিফেন ডন, আনু মুহাম্মদ।

Libra

২৩ সেপ্টেম্বর–২২ অক্টোবরের মধ্যে জন্ম হলে আপনার রাশি

তুলা

তুলার জাতক সৌন্দর্যপ্রিয় ও আদর্শবাদী। এরা সত্য, সুন্দর ও শান্তির পূজারী। প্রকৃতিগতভাবেই এরা ডিপ্লোমেসীতে বিশ্বাসী। এদের সহযোগিতার হাত সবসময় প্রসারিত। শান্তি ও সৌহার্দ্যের জন্য এরা যেকোন কাজ করতে প্রস্তুত। এরা সুবিবেচক। অন্যের প্রয়োজন সম্পর্কে এরা সচেতন। পরিচিতদের প্রতি এরা ন্যায় বিচার করতে চায়। এরা মধুর ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। সহজ, সদালাপী ও সামাজিক বলে এরা বেশ জনপ্রিয়। বিরোধমূলক পরিস্থিতিতে বন্ধু-বান্ধবরা এদের কাছে বুদ্ধি ও পরামর্শ চায়।

তুলার জাতক অত্যন্ত কল্পনাপ্রবণ ও বুদ্ধিমান। এরা সহজেই ভারসাম্যপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে। চিন্তা, মত ও ধর্মের প্রশ্নে এরা উদার দৃষ্টিভঙ্গির অধিকারী। অন্যের মতামত এরা ধৈর্য সহকারে শোনে। যে কোন বিরোধীয় বিষয়ে এরা সৌহার্দ্য বজায় রেখে বুদ্ধিমত্তার সাথে আলোচনা করে। এরা নিজের মত জোর করে চাপিয়ে দিতে চায় না। অন্য কেউ জোর করে তাদের ওপর কোন কিছু চাপাতে গেলে তুলার জাতক কৌশলে প্রতিপক্ষকে কাবু করে। এরা আলোচনায় অত্যন্ত সূক্ষ্ম ও সাবলীল। এদের কথার মারপ্যাঁচে প্রতিদ্বন্দ্বী তার অজান্তেই পরাজয় মেনে নেয়।

মূলত শান্তিপ্রিয় বলে তুলার জাতক কোন কলহ বা বিরোধে নিজেকে জড়িত করতে চায় না। কিন্তু তুলনামূলক আলোচনা করার অদ্ভুত গুণ আছে এদের। এদের এ তুলনা অনেক সময় সমালোচনার রূপ নেয়। সমালোচনা বা রাগ দীর্ঘস্থায়ী হয় না। কারণ এরা বন্ধু-বান্ধব বা সঙ্গী ছাড়া চলতে পারে না। আবার সবদিক বিচার করে সিদ্ধান্ত নিতে গিয়ে অনেক সময় সিদ্ধান্তহীনতায় ভোগে। আদর্শবাদী স্বপ্নের জন্য এদের মধ্যে এক ধরনের আলস্য দেখা দিতে পারে। এজন্য এদের জীবনে অনুপ্রেরণার প্রয়োজন। বন্ধু ও পরিচিতরা এদের অনুপ্রেরণার উৎস। তাদের লক্ষ্যে পৌঁছার জন্য এরা বন্ধুদের কৌশলে ব্যবহার করতে চায়। তবে তুলার জাতকের অধিকাংশই সুবিধাবাদে বিশ্বাসী ও ঝামেলামুক্ত থাকতে চাওয়ায় বন্ধুদের বিপদ দেখলে এরা নিজেদেরকে নিরাপদ দূরত্বে রাখে।

তুলার জাতকরা সহজাতভাবে অনুসন্ধিৎসু। তারা সব খবরে নিজেদের সমৃদ্ধ রাখতে চায়। কোন কোন ক্ষেত্রে এই অনুসন্ধিৎসা সীমালংঘন করতে পারে। তখন এরা অন্যদের ব্যাপারেও নাক গলায় এবং অহেতুক সমালোচনামুখর হয়ে ওঠে। এক শ্রেণীর তুলার জাতক আবার তাদের সাবলীল ও আকর্ষণীয় বাকশক্তির অপব্যবহার করে। এরা খুব সহজ-সরলভাবে মিথ্যাকেই সত্য বলে চালিয়ে দিতে পারে। ভিত্তিহীন কথাও এদের উপস্থাপনাগুণে সত্য বলে মনে হয়।

তুলার জাতকের পরিমিতিবোধ অত্যন্ত প্রখর। সৌন্দর্য সম্পর্কে এদের নিজস্ব ধারণা রয়েছে। রুচিহীনতা, বিশৃংখলতা ও বিরোধ খুব সহজেই এদের অস্থির করে তুলতে পারে, এদের ধৈর্যচ্যুতি ঘটাতে পারে । তবে এরা প্রবল মানসিক শক্তির অধিকারী। এরা সব সময় পরিবেশের ঊর্ধ্বে ওঠার চেষ্টা করে।

অর্থ ও কর্মজীবন

সহজ অর্থের প্রতি তুলার জাতকের সহজাত ঝোঁক রয়েছে। বিলাসিতার প্রতি আকর্ষণ থাকায় এরা হিসেব করে খরচ করতে পারে না। সহজ অর্থ উপার্জনের জন্য জুয়ার প্রতি স্বাভাবিকভাবেই আকৃষ্ট হয়। এরা চতুরতা ও ধৈর্যের সাথে দরকষাকষিতে ওস্তাদ। এরা ঋণ করতে সদা প্রস্তুত। কিন্তু ঋণ পরিশোধে বেখেয়ালী। তুলার জাতক সুন্দর, বুদ্ধিবৃত্তিক ও হালকা পরিশ্রমের কাজ পছন্দ করে। মধ্যস্থতাকারী হওয়া যায় এমন পেশায় এরা অত্যন্ত সফল।

ব্যবসায়িক লেনদেনে তুলার জাতক দক্ষ। টেক্সটাইল, কসমেটিকস, গার্মেন্টস, টেইলারিং-এর ব্যবসা ভাল। অংশীদার হিসেবে এরা সহানুভূতিশীল। কৃতিত্ব ও সুনাম এরা সন্তুষ্টচিত্তে ভাগাভাগি করে নিতে পারে। সহজ অর্থের প্রতি মোহের দরুন একশ্রেণীর তুলার জাতক ফটকাবাজারী ও প্রতারণার প্রতি আকৃষ্ট হয়ে পড়তে পারে। এদের কৌশল ও কথার মারপ্যাঁচে শ্রোতা সহজেই প্রতারিত হতে পারে।

তুলার জাতকের জীবনে স্থিতিশীলতা কম। তবে এরা ভাগ্যবান। এরা যেকোন পরিস্থিতিকেই নিজের অনুকূলে নিয়ে যেতে পারে। এদের জীবন প্রবাহে ২৪, ২৬ ও ৪৮ বছর বয়স অত্যন্ত গুরুত্বপূর্ণ। শেষ জীবনের জন্যে এদের সঞ্চয়ী হতে হবে।

শরীর ও স্বাস্থ্য

তুলার জাতক গড়পড়তার চেয়ে সামান্য বেশি উঁচু। তবে সেপ্টেম্বরে জন্মগ্রহণকারীরা একটু বেঁটে। এদের দেহের গড়ন সুষম। মাথার উপরিভাগ গোলগাল। কান ও চিবুকের দিক আস্তে আস্তে চিকন ও লম্বাটে। কেশদাম সুন্দর ও মসৃণ। কপাল মাঝারি ও কিছুটা গোল। ভ্রূ হালকা ও বাঁকানো। মুখাবয়ব ডিম্বাকৃতির ও আকর্ষণীয়। কৈশোরে এদের ত্বক সুন্দর ও মসৃণ থাকে। আস্তে আস্তে তাতে ব্রণ বা আঁচিলের দাগ পড়ে। এদের চোখ সুন্দর ও আকর্ষণীয়। এদের চোখ কথা বলে। এদের হাত অনেকটা ডিম্বাকৃতির। আঙ্গুল সুন্দর, একটু লম্বা ও অগ্রভাগ কিছুটা সুচালো। এদের মুখভঙ্গী মধুর ও সৌহার্দ্যপূর্ণ। চালচলন অত্যন্ত মার্জিত। এদের গলার স্বরে একটা সহজ সরল মাধুর্য আছে। এরা ধীরস্থির ও সতর্কভাবে কথা বলে। এদের চেহারা ও পোশাকের মার্জিত পরিপাট্য সহজে দৃষ্টি এড়ায় না।

তুলার জাতক সুন্দর স্বাস্থ্যের অধিকারী। কিন্তু এদের স্নায়ু অত্যন্ত স্পর্শকাতর। সংক্রামক রোগের বিরুদ্ধে এদের শরীরে প্রতিরোধ ক্ষমতা অপেক্ষাকৃত কম। বিশৃঙ্খলা ও ঝগড়া-বিবাদমূলক পরিস্থিতি মনের শান্তি নষ্ট করে এদের অসুস্থ করতে পারে। এরা অসুস্থ হলে অত্যন্ত অস্থির হয়ে ওঠে। অসুস্থ অবস্থায় পর্যাপ্ত সেবা-যত্ন না পেলে এরা বিক্ষুব্ধ হয়ে উঠতে পারে। অসুস্থ অবস্থায় বন্ধুদের কাছে না পেলে এরা বন্ধুদের ওপর আস্থা হারিয়ে ফেলে।

তুলার জাতক মুত্রাশয়ের ব্যাধিতে, কটিবাত ও পিঠে বাত ব্যথায় প্রায়ই আক্রান্ত হয়। এদের ঠাণ্ডা থেকে সব সময় সতর্ক থাকা উচিত। সেঁতসেঁতে স্থানে এদের কখনও বসবাস করা উচিত নয়। তাহলে তারা মাথাধরা ও সর্দি-কাশিতে সহজে আক্রান্ত হবে। শান্তিভঙ্গের আশঙ্কায় অনেক কথা না বলে চেপে যাওয়ায় এরা মাঝে মাঝেই মানসিক যন্ত্রণা ও স্নায়বিক অবসাদের সম্মুখীন হতে পারে।

দৈহিক শ্রমের প্রতি অবজ্ঞার ফলে এদের রোগ প্রতিরোধ শক্তি কম। পরিশ্রম সাপেক্ষ খেলাধুলার চেয়ে নৃত্য ও আভ্যন্তরীণ হালকা খেলাধুলায় এদের আকর্ষণ বেশি। তাই দীর্ঘজীবন লাভের জন্য যোগ ব্যায়াম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। অবশ্য পরিমিতিবোধের কারণে এরা মারাত্মক রোগে কমই আক্রান্ত হয়। সময়মত বিশ্রাম ও সঙ্গীত এদের সবচেয়ে উপযোগী ওষুধ।

তুলা পুরুষ

তুলা রাশির পুরুষ মিশুক, সদালাপী ও সৌন্দর্যপ্রিয়। এরা মূলত প্রেমিক। সুন্দরীদের প্রতি এদের সহজাত আকর্ষণ রয়েছে। আর মহিলারাও এদের প্রতি সহজেই আকৃষ্ট হয়। এদের মন পরিবর্তনশীল। এরা কারও প্রেমে পড়ার পর আরও আকর্ষণীয় কারও প্রেমে সহজেই পড়ে যেতে পারে। প্রাক্তন প্রেমিকার সাথে কোন বিরোধে না জড়িয়ে এরা কৌশলে তার সাথে সম্পর্কচ্ছেদ করে। বিয়ের আগে এদের প্রেমে স্থিরতা আসে না।

স্ত্রীর প্রতি তুলা পুরুষ সাধারণত বিশ্বস্ত। এরা কখনোই স্ত্রীর সাথে বিরোধ বাধিয়ে পারিবারিক শান্তি বিঘ্নিত করতে চায় না। তবে স্ত্রীর কাছ থেকে দৈহিক সাড়া না পেলে এরা সহজেই গোপনে অন্য রমণীর প্রতি আসক্ত হয়ে উঠতে পারে।

স্ত্রীর প্রতি যতদিন আসক্তি থাকে ততদিন এদের চেয়ে ভাল স্বামী পাওয়া দুষ্কর। অন্য মহিলার প্রতি আকৃষ্ট হলেও এরা স্ত্রীর সাথে বিচ্ছেদের কথা খুব কমই ভাবে। স্ত্রীকে সন্তুষ্ট রাখার জন্য যেকোন তুচ্ছ উপলক্ষেও উপহার সামগ্রী নিয়ে আসে। এরা স্ত্রীকে সবসময় সসজ্জিতা দেখতে চায়। আর নিজেরাও চেহারা ও পোশাকের পারিপাট্য বজায় রাখে। সাধারণত এরা ভোজন বিলাসী। খাবারের পরিমাণের চেয়ে স্বাদের দিকেই এদের নজর বেশি।

তুলা মহিলা

তুলা মহিলারা কমনীয় ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। সুষমদৈহিক গঠন ও অমায়িক ব্যবহারে সহজেই পুরুষরা এদের প্রতি আকৃষ্ট হয়। সাধারণভাবে এরা পুরুষদের সঙ্গ পছন্দ করে। তাই এদের প্রতি আকৃষ্ট পুরুষের সংখ্যা তুলনামূলকভাবে বেশি। সহজাতভাবে প্রেমের ভান না করলেও একধরনের তুলা মহিলা প্রেমের ব্যাপারে পরিবর্তনশীল। এদের জীবনে অনেক সংক্ষিপ্ত রোমান্স দেখা দিতে পারে।

তুলা মহিলারা বুদ্ধিমতি ও কূটনীতিক। অন্যের সাথে সহজে কিভাবে খাপ খাইয়ে নিতে হয় তা তারা জানে। স্বামীর আশ্রয় ও নিরাপত্তা এরা পুরোপুরি উপলব্ধি করতে চায়। শান্ত পারিবারিক পরিবেশে এরা দাম্পত্য সুখ ভোগ করতে চায়। সমাজ সেবা ও আনন্দানুষ্ঠানের প্রতি আগ্রহ থাকলেও পরিমিতবোধের জন্য তা এদের পারিবারিক জীবনের শান্তি বিঘ্নিত করতে পারে না। বিয়ের পর অন্য কোন পুরুষের প্রতি অনুরাগকে কখনও এরা দাম্পত্য শান্তি বিনষ্টের কারণ হতে দেয় না। মা হিসেবে তুলা মহিলারা অত্যন্ত সন্তানবৎসল। বলার আগেই সন্তান কি বলতে চায় তা তারা বুঝতে পারে। সন্তানের প্রয়োজনের প্রতি এদের দৃষ্টি সজাগ। কড়া শাসনের পরিবর্তে সন্তানকে এরা পর্যাপ্ত স্বাধীনতা দেয়।

অবসাদ নিরাময়ে

তুলার জাতক সাধারণত নিরুপদ্রব শান্তির প্রয়াসী। মানসিক অস্থিরতা ও অনিশ্চয়তার সম্মুখীন হলে সঙ্গীত, নৃত্য, বিচিত্রানুষ্ঠান ও চিত্তবিনোদনের অন্যান্য স্থানে যান। যাদুঘর, শিল্পশালা ও পার্কে ঘুরে আসুন। মনোহর প্রাকৃতিক পরিবেশে নিজেকে হারিয়ে ফেলুন। সঠিক বিচার ক্ষমতা ও উষ্ণ ব্যক্তিত্বের জন্য পরিচিতরা অসুবিধা ও ঝামেলায় আপনার কাছে বুদ্ধি ও সিদ্ধান্তের জন্য আসতে পারে। আপনি তাদের সাহায্যে এগিয়ে যান। আপনার অবসাদ দূর হয়ে যাবে। কারণ ভগ্ন হৃদয় জোড়া লাগানো ও দুর্গতদের উৎসাহ দেয়ার কাজে কখনও অবসাদ আসে না। আর ধর্মীয় ব্যাপারে আগ্রহী হলে কিছুক্ষণ নীরবে ধ্যান করুন, দেখবেন শান্তি পাচ্ছেন।

ত্রুটিবিচ্যুতি

তুলার জাতক দোদুল্যমান, অতিরিক্ত নরম, বেশি পরিবর্তনশীল, চপল, ছিদ্রান্বেষী ও অলস

হতে পারে। এরা সুযোগ সন্ধানী। দায়িত্ব এড়িয়ে যাওয়ার ব্যাপারে দক্ষ। অতিরিক্তি অনুসন্ধিৎসু হওয়ায় এরা স্ক্যাণ্ডাল ও গুজব প্রচারে লিপ্ত হতে পারে। বন্ধুদের জৌলুসে এরা ঈর্ষান্বিত হতে পারে। এরা জুয়া, প্রতারণা ও জালিয়াতিতে অভ্যস্ত হয়ে পড়তে পারে। অনেকে অতিরিক্ত যৌনাচারে লিপ্ত হতে পারে। কূটনীতিতে দক্ষ, তাই নিজেরা নিরাপদ দূরত্বে থেকে অন্যদের মধ্যে মারাত্মক বিরোধ লাগিয়ে দিতে পারে। আলস্য ও উদ্যোগহীনতা এদের একটা বড় দোষ। অবশ্য এই সবগুলো দোষ একসাথে একজনের মধ্যে দেখা যায় না।

পারস্পরিক সম্পর্ক

তুলার জাতক অমায়িক ও মিশুক। তাই খুব সহজেই অন্যের সাথে মিশতে পারে। দেবে আর নেবে বলেই এরা বন্ধুত্ব করে। তবে সাধারণত এরা নেয়ই বেশি। দীর্ঘস্থায়ী সম্পর্ক এদের খুব কমই গড়ে ওঠে। মিথুন, সিংহ, ধনু ও কুম্ভ রাশির জাতকের সাথে এদের ভাল মিল হয়। এই চার রাশির জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

তুলার জাতকের সাথে তুলার জাতকের সম্পর্ক বেশ ভাল। অমায়িক ব্যবহার ও সমঝোতাই এই সম্পর্কের ভিত্তি।

মেষ, কর্কট ও মকর রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি সৃষ্টি হতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে তুলার জাতককে তাদের সহজাত সমঝোতা ও ধৈর্যের পথ অবলম্বন করতে হবে।

বৃষ, কন্যা, বৃশ্চিক ও মীনের জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে তুলার জাতককে আপোসমূলক মনোভাব গ্রহণ করতে হবে। তুলার সাথে এরা সম্পর্ক স্থাপনে অনীহা প্রদর্শন করতে পারে। তাই আপনার বন্ধু ও পরিচিতদের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। তা হলে তাদের বোঝা আপনার জন্যে সহজ হবে।

সেপ্টেম্বর ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে তুলার বৈশিষ্ট্য কন্যা দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদার আদর্শবাদে বিশ্বাসী। কর্তব্যপরায়ণ ও আত্মবিশ্বাসী। কর্তব্য ও দায়িত্ব পালনে কোন আত্মত্যাগেই আপনি কুণ্ঠিত নন। অন্যের মত ও চিন্তা, কাজ ও তৎপরতার প্রতি আপনি মনোযোগী। জীবনের সব দিক আপনি একভাবে দেখেন। সবকিছু আপনি উপভোগ করতে পারেন। সবকিছু ত্যাগ করতে পারেন। যে কোন ব্যক্তি বা পরিস্থিতির সাথে সহজে মানিয়ে নিতে পারেন। সাংস্কৃতিক ও বিনোদন তৎপরতা আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। শান্তিপ্রিয়তার জন্যে আপনাকে অনেক কিছু হারাতে হতে পারে।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, অভিনেতা, সেলসম্যান ও কূটনীতিবিদ হিসেবে ভাল করবেন। অংশীদারী ব্যবসা আপনার জন্যে ভাল।

প্রেম : শিল্পমনা ও উদার চিন্তাধারার অধিকারী কাউকেই আপনার জীবনসঙ্গী/সঙ্গিনী হিসেবে বেছে নেয়া উচিত। মানিয়ে নেয়ার ক্ষমতা পারিবারিক শান্তির সহায়ক হবে।

শুভ রং সকল শেডের আকাশী, হরিদ্রাভ, সবুজ ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ১, ৫, ৬, ১০, ১৪, ১৫, ১৯, ২৩, ২৪, ২৮।

ব্যক্তিত্ব : কলামিস্ট ওয়াল্টার লিপম্যান, বিজ্ঞানী জন বয়েড ওর, ফুটবলার সালাহউদ্দীন, চলচ্চিত্রকার কুদরত এলাহী পনির।

সেপ্টেম্বর ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। সংখ্যা ও রাশি উভয় দিক থেকেই আপনার ওপর শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে তুলার বৈশিষ্ট্য কন্যা দ্বারা প্রভাবিত। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনি মিশুক, সামাজিক, সৃজনশীল, বন্ধু বৎসল ও আমুদে। খুব সহজেই অন্যদের প্রভাবিত করতে পারেন। আপ্যায়ন ও সামাজিকতায় খুব সহজেই জড়িয়ে পড়েন। জীবনের লক্ষ্যপথে অগ্রসর হতে আপনাকে মোটেই বেগ পেতে হবে না। আপনার মাধুর্য এনে দেবে সম্মান ও সম্পদ। আপনাকে সতর্ক থাকতে হবে, যেন মাধুর্য ও আকর্ষণী ক্ষমতাই আপনার বোঝা না হয়ে দাঁড়ায়।

পেশা : আপনি সৃজনশীল, বিনোদন, সঙ্গীত, নৃত্য, অভিনয়, কূটনীতি ও সৌন্দর্য বিশারদ হিসেবে ভাল করবেন। বিলাস ও প্রসাধনী সামগ্রীর ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের অতিরিক্ত আকর্ষণ আপনার বিড়ম্বনার কারণ হতে পারে। মন দেয়া নেয়ার ক্ষেত্রে সতর্ক সিদ্ধান্ত নিতে হবে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, সবুজ, গোলাপী, ক্রীম, হলুদ। ধাতু : তামা ও সোনা। রত্ন : ফিরোজা ও ক্যাটস আই। সংখ্যা : ৩ ও ৬। দিন : বৃহস্পতি ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী এফ. স্কট ফিটজেরাল্ড, খন্দকার মোশতাক আহমেদ, ইসমত ইনুনু, বিজ্ঞানী আঁদ্রে করনাদ, বিজ্ঞানী হেরাল্ড ফ্লোরি, রসায়নবিদ সেভারোওকা, নিতাপুরী।

সেপ্টেম্বর ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে তুলার বৈশিষ্ট্য কন্যা দ্বারা প্রভাবিত। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রিজার্ভ ও নিজস্ব নীতির অনুসারী। আপনার চিন্তা ও জীবন কোন ছকবাধা পথে চলতে চায় না। ইচ্ছাশক্তির অধিকারী হওয়ায় আপনি বিচিত্র পথে চলতে চান। আপনি আবেগপ্রবণ আবার চিন্তাশীল। বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল ক্ষমতা আছে আপনার। লাজুক স্বভাবের জন্যে সহজে অন্যদের সাথে মিশতে পারেন না। আপনি শান্তিপ্রিয়। নীরবে, নির্জনে একা থাকতেই বেশি আনন্দ পান। এতে ঘনিষ্ঠরা আপনাকে ভুল বুঝতে পারে। আপনাকে কুশলী ও সাহসী হতে হবে।

পেশা : আপনি সৃজনশীল শৈল্পিক ও নিরুপদ্রব পেশায় ভাল করবেন। পেশাগত বিষয়ে আবেগপ্রবণ সিদ্ধান্ত একাধিক পরিবর্তনের সূচনা করতে পারে।

প্রেম : আপনার লাজুক ও অনুভূতিপ্রবণ মন সহজেই প্রেম ও ভালবাসায় সাড়া দেবে। তবে সঙ্গী/সঙ্গিনী আপনার ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ ও প্রাইভেসির প্রতি শ্রদ্ধাশীল হলেই পারিবারিক জীবনে সুখী হতে পারেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, আকাশী, বেগুনী ও ফিরোজা। ধাতু : তামা ও রূপা। রত্ন : ফিরোজা ও জেড। সংখ্যা : ৬ ও ৭। দিন : সোম ও শুক্রবার। তারিখ : ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী উইলিয়াম ফকনার, লু সুন, বিসেন সিং বেদী, ক্রিস্টোফার রীড, বারবার ওয়াল্টার্স, আরেফীন বাদল, দোয়েল।

সেপ্টেম্বর ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অদম্য ইচ্ছা ও প্রাণ শক্তির অধিকারী। আপনার চিন্তায় ভারসাম্য রয়েছে। আপনার পরিমিতি বোধ প্রখর। আপনার মন সংস্কার ও পরিবর্তনমুখী। তাছাড়া আপনি জানেন কিভাবে কাজ সম্পাদন করতে হবে। অন্যদের কাছে অলংঘনীয় ও অপরিবর্তনীয় বিষয়ও আপনি সহজে বদলে দিতে পারেন। অন্যের জন্যে চিন্তা করেন আপনি। ঝামেলাও আসবে আপনার জীবনে। ঝামেলা এড়াতে আপনি জানেন। আবার চ্যালেঞ্জ গ্রহণেও পিছপা হন না। অধ্যবসায়ী হলে আপনার জীবনে প্রভূত সাফল্য আসতে পারে।

পেশা : আপনি সৃজনশীল, সঙ্গীত, প্রশাসন, আইন, বিচার, কূটনীতি ও সমাজ কল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব ও উৎসাহ উদ্দীপনা সহজেই বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যাদের দৃষ্টি আকর্ষণ করবে। বিয়ের সিদ্ধান্তে সতর্ক হওয়াই ভাল।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, চকলেট ও সবুজ। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** নীলা ও ফিরোজা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : নবাব সিরাজ-উদ-দৌলা, ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর, দেবানন্দ, অলিভিয়া নিউটন, কবি টি. এ. এস ইলিয়ট, ইভান পাভলভ।

সেপ্টেম্বর ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। কন্যার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও শুক্রের প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। তবে আপনার সবকিছুর মধ্যে একটা বৈপরীত্ব থাকতে পারে। পরস্পর বিরোধী কিছু গুণের কারণ হয়ে উঠতে পারেন দুর্বোধ্য। সদিচ্ছা থাকা সত্ত্বেও স্পষ্টবাদিতা আপনার নিকটজনেরও মনক্ষুণ্ণের কারণ হতে পারে। আপনি কর্তৃত্বপরায়ণ, কৌশল ও ডিপ্লোম্যাসী অবলম্বন করলে আপনার সাথে অন্যরা পেরে উঠতে পারবে না। আপনাকে বুঝতে শিখতে হবে, ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি প্রশাসক, পুলিশ, কূটনীতিক, সাংবাদিক হিসেবে ভাল করবেন। কর্তৃত্ব করা যায় এমন পেশাই আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার কর্তৃত্বপরায়ণ মন যথার্থ ও পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে। তবে আপনার হৃদয় উষ্ণ ও প্রেমে অনুগত। একটু সহনশীল ও উদার হলে আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, মেরুন, বেগুনী, সবুজ, ফিরোজা। **ধাতু :** তামা ও লোহা। **রত্ন :** রুবী ও ফিরোজা। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : মোজাদ্দেদে আলফেসানী, সতীনাথ ভাদুরী, উপস্থাপক মুহাম্মদ আনিসুল হক, রসায়নবিদ হারমেন ক্লভ, ঔপন্যাসিক গ্রেজিয়া ডেলডা।

সেপ্টেম্বর ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদার, সহানুভূতিশীল ও আদর্শ্যবাদী। আপনার ন্যায়বিচার ও সত্যাসত্যের অনুভূতি প্রখর। আপনি আত্মবিশ্বাসী। যে কোন বিভ্রান্তিকর অবস্থায়ও যথার্থ সত্যকে বুঝতে পারেন। নিজের মত ব্যক্ত করতে পারেন ভালভাবে। তবে ন্যায়বিচারপ্রিয়তা আপনাকে নিজের অজান্তেই অনেক বিরোধে জড়িয়ে ফেলতে পারে। তবে আপনার সুকুমার বৃত্তি, কৌশল, বিশ্লেষণী ক্ষমতা ও কথা বলার আর্ট সাফল্যের দ্বারে নিয়ে যাবে।

পেশা : আপনি আইন, বিচার, আইন-শৃংখলা রক্ষার সাথে জড়িত পেশায় এবং বুদ্ধিজীবী, কূটনৈতিক ও গবেষক হিসাবে ভাল করবেন। সৌন্দর্য ও শিল্পকর্মের ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার সততা ও রোমান্টিক মনোভাবের জন্যে একবার ভালবাসলে তাকে ছেড়ে যাওয়া আপনার পক্ষে অসম্ভব। তাই আপনার জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, সাদা, নীল, সবুজ ও ফিরোজা। **ধাতু :** সোনা ও তামা। **রত্ন :** ফিরোজা ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : লতা মুঙ্গেশকর, ব্রিজিতবার্দো, শেখ হাসিনা ওয়াজেদ, ফিল্ড মার্শাল লর্ড ফ্রেঞ্চ, মার্সেলো মাসত্রাইয়ানী, হেরম্যান মেলভিল, হেনরী মরিসন, বিপ্রদাস বড়ুয়া, রোকেয়া রকিব বেবী, শ্যামলী।

সেপ্টেম্বর ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অমায়িক, বিনয়ী, মিশুক ও নিবেদিত প্রাণ। কৌশলী ও ডিপ্লোম্যাসীতে আপনি দক্ষ। অন্যদের সহজেই প্রভাবিত ও উদ্বুদ্ধ করতে পারেন। দ্রুত চিন্তা করতে পারেন। যে কোন পরিস্থিতি অনায়াসে উপলব্ধি করতে পারেন। অল্প সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারেন। ভাবাবেগ জনিত প্রতিক্রিয়ায় আপনি কম ভোগেন। কি করতে পারলেন না, তা নিয়ে দুঃশ্চিন্তা করার চেয়ে কি করা যায়, তা নিয়েই আপনি চিন্তা ভাবনা করেন। উদ্যোগী হলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি শিক্ষক, মনস্তত্ত্ববিদ, কূটনীতিক, শিল্পী, সাহিত্যিক, অভিনেতা, সেলসম্যান, বিচারক ও নাবিক হিসাবে ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি মূলত প্রেমিক। সহজেই প্রেমে পড়বেন। পারিবারিক জীবনে অন্যান্যের সাথে সহজেই মানিয়ে নিতে পারবেন। নদী বা জলাশয়ের কাছে বাসস্থান আপনি সবচেয়ে ভাল থাকবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হলুদ, হরিদ্রাভ, সোনালী, ফিরোজা। **ধাতু** তামা ও রূপা। **রত্ন :** ফিরোজা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : রবার্ট ক্লাইভ, ডক্টর জে. বি. রাইন, বিজ্ঞানী এনরিকো ফেরমী, ক্রিকেটার আয়ান চ্যাপেল, সেনানায়ক হোরাসিও নেলসন, নবীনা।

সেপ্টেম্বর ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও হাস্যোজ্জ্বল ব্যক্তিত্বের অধিকারী। আপনি উদার। অন্যের উপকারে সময়, অর্থ ও শক্তি ব্যয় করতে আপনার কোন দ্বিধা নেই। দায়িত্বশীল, প্রভাবশালী, ক্ষমতাবান ব্যক্তিদের সাথে মিশতে, তাদের সহযোগিতা আদায় করতে আপনার কোন দ্বিধা নেই। নিজের স্বপ্ন বাস্তবায়নে পরিকল্পনা অনুসারে আপনি যেমন এগুতে পারেন, তেমনি অন্যদের স্বপ্ন বাস্তবায়নেও আপনি সাহায্য করতে পারেন। সহজ সাফল্যের অধিকারী হতে পারেন আপনি।

পেশা : আপনি আইন, বিচার, দর্শন, ধর্ম, রাজনীতি ও কূটনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশ নির্বাচনে আপনার প্রাথমিক দ্বিধা কাটিয়ে ওঠার পর দ্রুত প্রতিষ্ঠার পথে এগিয়ে যাবেন।

প্রেম : প্রিয়জনের সুখের জন্যে আপনি সব কিছুই করতে চাইবেন। কিন্তু অন্যদের সাহায্য করতে গিয়ে প্রিয়জনদের প্রতি আপনি অমনোযোগী হয়ে পড়তে পারেন। এ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, নীল, সবুজ ও ফিরোজা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও আলেক্সান্ড্রাইট। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কবি জালালউদ্দীন রুমী, আব্দুল করীম সাহিত্য বিশারদ, আকবর হোসেন, আবিদ আজাদ, প্রকৌশলী চালর্স লরেন্স, মাকিদ হায়দার।

অক্টোবর ১

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। আপনার শিল্পানুরাগ ও ন্যয় বিচারবোধ প্রবল। আপনার প্রতিভা বহুমুখী। নিজের মেধা বিকাশের সুযোগও পাবেন আপনি। আপনি শান্তি চান। ঝগড়া বিবাদ এড়িয়ে চলতে চান। কিন্তু বলিষ্ঠভাবে নিজের মত ব্যক্ত করতে দ্বিধা করেন না। এ কারণে অনেক শত্রুতার সম্মুখীন হবেন আপনি। আপনার পরিকল্পনা বাস্তবায়নে বাধাও আসবে অনেক। নিজস্ব পরিকল্পনা বাস্তবায়নে আপনাকে দৃঢ় থাকতে হবে।

পেশা : আপনি আইন, বিচার, রাজনীতি, ধর্ম, চিকিৎসা ও অতীন্দ্রিয় বিজ্ঞানের সাথে জড়িত পেশার ভাল করবেন।

প্রেম : আপনি মূলত প্রেম, ভালবাসার কাঙ্গাল। এজন্যে অনেক আত্মত্যাগেও কোন দ্বিধা নেই। কিন্তু প্রেমে তৃপ্তি পাওয়ার সম্ভাবনা আপনার কম।

শুভ রং : সকল শেডের হলুদ, কমলা, সোনালী, গোলাপী, সবুজ, ফিরোজা। **ধাতু :** সোনা ও তামা। **রত্ন :** হীরক ও ফিরোজা। **সংখ্যা :** ১ ও ৬। **দিন** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৩, ৬, ১০, ১২, ১৫, ১৯, ২১, ২৪, ২৮, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট কার্টার, ড. এনি বসন্ত, লিয়াকত আলী খান, শচীন দেব বর্মন, জ্যোতিষী টি আহমেদ, সুরকার উইলিয়াম এডওয়ার্ড বোয়িং, শিবাজী গনেসন।

অক্টোবর ২

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২।

আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ মিশুক, স্নেহপরায়ণ ও সৃজনশীল। সুকুমার বৃত্তির প্রতি রয়েছে আপনার দুর্নিবার আকর্ষণ। রোমান্স, ভ্রমণ ও বৈচিত্র্যের মাঝে নিজেকে হারিয়ে ফেলতে চান। পোশাক রং ও শিল্পকর্ম আপনার মনকে গভীরভাবে প্রভাবিত করে। আপনার ইনটুইশন প্রখর। যে কোন সঙ্কট ও জটিলতায় ইনটুইশনই বলে দেয় আপনাকে কি করতে হবে। জরুরী অবস্থায় আপনার চরিত্রের দৃঢ়তা অনেককেই তাক লাগিয়ে দিতে পারে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, অভিনয়, নৃত্য, সঙ্গীত, চিকিৎসা ও বিজ্ঞান গবেষণায় ভাল করবেন। ধর্ম প্রচারক ও রাজনীতিক হিসাবেও আপনি সফল হতে পারেন।

প্রেম : আপনি প্রেমের কাঙ্গাল। কিন্তু প্রেমাস্পদের ব্যাপারে অনুভূতিপ্রবণ ও ছিদ্রান্বেষী। পারিবারিক শান্তির জন্যে আপনাকে সহানুভূতি ও ক্ষমাসুন্দর দৃষ্টি অর্জন করতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, পীত, ক্রীম, সাদা, ফিরোজা ও সোনালী। **ধাতু :** রূপা ও তামা। **রত্ন :** ফিরোজা ও মুক্তা। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : মহাত্মা গান্ধী, লাল বাহাদুর শাস্ত্রী, ফিল্ড মার্শাল ভন হিনডেনবার্গ, কথাশিল্পী গ্রাহাম গ্রীন, প্রকৌশলী চার্লস স্ট্রেক রেপার, সেনানায়ক ফার্ডিন্যাণ্ড ফচ।

অক্টোবর ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী। আপনার কৌশলী মনের সাথে যুক্ত হয়েছে ইচ্ছা শক্তি ও দৃঢ়তা। আপনি দয়ালু ও বিবেকবান। কাজে আন্তরিক। আপনি আইনানুগ ও নিয়মানুবর্তী। পদস্থ ও প্রভাবশালী ব্যক্তিদের সাথে সহজেই সম্পর্ক গড়ে তুলতে পারেন। অন্যদের সাহায্য করতে সদা প্রস্তুত। কিন্তু কেউ আপনার ওপর সুযোগ নিতে চাইলে আপনি সহজেই ক্ষুব্ধ হন। শত্রুতা ও অপবাদের সম্মুখীন হলেও আপনি সাফল্যের পথে এগিয়ে যাবেন।

পেশা : আপনি সরকারী প্রশাসন, আইন, বিচার কূটনীতি, রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগেও সফল হবেন।

প্রেম : উদারতা ও ন্যায় বিচার প্রিয়তার জন্যে আপনার পারিবারিক ও দাম্পত্য জীবন সুখকর হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছ। সন্তানরা আপনার আনন্দের উৎস হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, সবুজ ও ফিরোজা। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : টমাস উলফ, গোর ভাইভাল, নৃতশিল্পী জিনাত বরকতউল্লাহ, রাজনীতিক নূরুল ইসলাম শিশু।

অক্টোবর ৪

আজ আপনার জন্মদিন হলে তুলা রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর শুক্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় নিজস্ব মত ও পথে চলতে চান। প্রচলিত ধ্যানধারণার বাইরে গিয়ে নিজেকে গড়তে চান। নিজের মত প্রকাশ করার অদ্ভুত গুণ আছে। আপনি অনেকটা খেয়ালী নিজের মতে আপনি দৃঢ়। কোন বাধাই সহজে টলাতে পারে না। অসাধারণ ও ব্যতিক্রমী বিষয়ের প্রতি সহজে আকৃষ্ট হবেন। অপ্রত্যাশিত ঘটনা ও বিচিত্র অভিজ্ঞতা আসবে আপনার জীবনে। বৈষয়িক সাফল্যের জন্যে আপনাকে ধৈর্যশীল, কুশলী ও বাস্তববাদী হতে হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, চিকিৎসা, অকাল্ট সায়েন্স ও কারিগরি পেশায় ভাল করবেন। পেশাগত জীবনে ভুল বুঝাবুঝি সম্পর্কে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনার প্রেম, রোমান্স ও বিয়ে প্রভাবিত হতে পারে ব্যতিক্রমী কোন ঘটনা দ্বারা। একগুঁয়েমি বাদ না দিলে পারিবারিক শান্তির সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হলুদ, সবুজ, সোনালী। **ধাতু :** তামা ও ইউরেনিয়াম। **রত্ন** ইন্দ্রনীলা ও লাপিস লাড়ুলি। **সংখ্যা :** ৪ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮ ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট আনোয়ার সাদাত, বিজ্ঞানী মাইকেল পপিন, চার্লটন হেস্টন, চিত্র পরিচালক নূর হোসেন বলাই।

অক্টোবর ৫

আজ জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। জন্মসংখ্যা ৫। বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে এবং এইদিনে জন্মগ্রহণ করায় মেধাবী ও সৃজনশীল পরিবেশ ও পরিস্থিতির সাথে সহজে খাপ খাইয়ে নিতে পারেন। প্রাচুর্যে ও দারিদ্রে সমান প্রতিক্রিয়া দেখাতে পারেন। অন্যদের চেয়ে যে কোন বিষয় সহজে রপ্ত করতে পারেন। আপনি দয়ালু ও সহানুভূতিশীল। তবে আপনি বাস্তববাদী। যুক্তি ও বিচার ক্ষমতা প্রখর। মন ও রুচি পরিশীলিত ও পরিমার্জিত। তবে নীতির প্রশ্নে আপনি আপোসহীন ও দৃঢ়। কর্তব্যের তাগিদে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে আপনাকে।

পেশা : আপনি ভাল লাগে এমন যে কোন পেশায়ই ভাল করবেন। জীবনের একটা অধ্যায়ে প্রচুর অর্থ আসবে। শেষ বয়সের জন্যে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : স্নেহ-মমতা ও প্রেম-ভালবাসা আপনার জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রেমের জন্য অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, সোনালী, সবুজ ও হালকা উজ্জ্বল রং। **ধাতু:** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৬। **দিন :** বুধ ও শুক্রবার। **তারিখ :** ১, ৫, ৬, ১০, ১৪, ১৫, ১৯, ২৩, ২৪, ২৮।

ব্যক্তিত্ব : উদ্ভাবক লুই লুমের, মুহাম্মদ সাদিক।

অক্টোবর ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাব ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, সদালাপী ও বন্ধুবৎসল। ব্যক্তিগত মাধুর্য ও আকর্ষণী ক্ষমতা প্রবল। আপনি কুশলী। ঝামেলায় জড়াতে চান না। আপনি বিলাসী। হিসেব করে খরচ করতে পারেন না। সৃজনশীলতা ও সুকুমারবৃত্তিরও পূজারী। ব্যক্তিগত মেধা সামাজিক মর্যাদায় আসীন করবে। সহজে মেশার গুণ প্রভাবশালী ও সম্পদশালী ব্যক্তিদের কাছে নিয়ে যাবে। অমিতাচার ও ইন্দ্রিয়সুখপরায়ণতা সম্পর্কে সতর্ক থাকতে

হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সঙ্গীত, বিনোদন, অভিনয় ও সমাজকল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। কূটনৈতিক পেশাও ভাল।

প্রেম : আপনি সহজেই বিপরীত লিঙ্গের মধ্যে জনপ্রিয়তা অর্জন করবেন। একাধিক প্রেম ও বিয়ের জটিলতা সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, গোলাপী, ম্যাজেন্টা ও ফিরোজা। ধাতু : তামা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও পোখরাজ। সংখ্যা : ৩ ও ৬। দিন : বৃহস্পতি ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮ ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী মেঘনাদ সাহা, স্থপতি লে. করবসিয়র, জেনেট গেনর, ফটোগ্রাফার আনোয়ার হোসেন, সাহিত্যিক সিদ্দিকুর রহমান।

অক্টোবর ৭

৭ আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় প্রতিভাবান ও কল্পনাপ্রবণ, সৃজনশীল ও আবেগপ্রবণ। আপনার ইনটুইশন প্রখর। আপনার হাতের ছোঁয়ায় অনেক কিছুই প্রাণবন্ত হয়ে উঠতে পারে। আধ্যাত্মিকতা ও নতুন চিন্তার প্রতি আকৃষ্ট। ব্যতিক্রম আপনাকে সহজেই কাছে টানে। সৌন্দর্যের তৃষ্ণা ও ভ্রমণের নেশা আপনাকে পেয়ে বসতে পারে। অতিরিক্ত অনুভূতি প্রবণতা আপনাক স্বপ্নের রাজ্যে নিয়ে যেতে পারে। সব কিছুতে ভারসাম্য বজায় রেখে চলতে পারলে সাফল্যের স্বর্ণদ্বারে পৌছবেন।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, দর্শন, ইতিহাস, নাটক, চিকিৎসা ও ধর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ইনটুইশন কাজে লাগালে ব্যবসায়ে সফল হবেন।

প্রেম : আপনি সংবেদনশীল মনের অধিকারী হলেও একটু ভিন্নভাবে চিন্তা করতে অভ্যস্ত। তাই প্রেম ও বিয়ের ব্যাপারে সতর্ক সিদ্ধান্ত নিতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হলুদ, সোনালী, ফিরোজা ও সাদা। ধাতু : তামা ও রূপা, রত্ন : ফিরোজা ও ক্যাটস আই। সংখ্যা : ৬ ও ৭। দিন : সোম ও শুক্রবার। তারিখ : ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : জিমনাস্ট লুদমিরা তোরিশেভা, বিজ্ঞানী নেইল বুয়র, নাজী নেতা হেনরিখ হিমলার, সাহিত্যিক আলী আহমেদ সরুর, শিল্পপতি আবুল খায়ের লিটু, হেলাল হাফিজ, জাহাঙ্গীর হাবিবুল্লাহ, দিদারুল আলম।

অক্টোবর ৮

৮ আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। জটিল ও গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতিই আপনার ঝোঁক। আপনি নীরব কর্মী। স্বভাবে চাপা। আক্রমণের মুখেও নিজের মত যথার্থভাবে প্রকাশ করতে পারেন না। মানুষের কল্যাণের জন্য চিন্তা করেন, সময় ও অর্থ ব্যয় করেন। কিন্তু তারাই আপনাকে বেশি ভুল বুঝে। উত্তরাধিকার সূত্রে অর্থ না পেলে আপনাকে জীবনের একটা পর্যায়ে কঠোর শ্রম করতে হবে। কঠিন সময় অতিক্রমে আপনাকে ধৈর্যশীল, সাহসী ও উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি আইন চিকিৎসা বিচার ও বিজ্ঞানের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিরুপদ্রুবে কাজ করা যায়, এমন পেশাই আপনার জন্যে ভাল।

প্রেম : প্রিয়জনের জন্যে কর্তব্যের তাগিদে আপনাকে অনেক ত্যাগ স্বীকার করতে হবে। প্রেম ও রোমান্স আপনার জন্য ডেকে আনতে পারে দুঃখ ও হতাশা।

শুভ রং : সকল শেডের নীল, বাদামী, চকলেট, সবুজ ও ফিরোজা। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** নীলা ও লাপিস লাজুলি। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : জেসি জ্যাকসন, জুয়ান পেরন, বিজ্ঞানী মজহার মাহমুদ কোরেশী, ইন্দোনেশিয়ানেতা হাজী আগুস সালিম।

অক্টোবর ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ, উদ্যোগী, সাহসী ও জঙ্গী। নিজের নীতি ও ধ্যান ধারণার পক্ষে বলিষ্ঠ বক্তব্য রাখতে আপনার কোন সঙ্কোচ নেই। আপনার বিতর্ক প্রিয়তা জন্ম দিতে পারে অনেক বিরোধিতা, বাধা ও শত্রুতার। আপনার সাংগঠনিক ক্ষমতা রয়েছে। প্রতিদ্বন্দ্বিতায় ঝাঁপিয়ে পড়তে কোন দ্বিধা নেই। নিজের পথ নিজেই পরিষ্কার করে নিতে চান। ধৈর্য ও সংযমের অভাব আছে আপনার। সাফল্য ও শান্তির জন্যে আপনাকে আরও কুশলী হতে হবে।

পেশা : আপনি আইন, বিজ্ঞান, চিকিৎসা ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। সামরিক বাহিনীতে যোগদান ও নিজস্ব ব্যবসা আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের মধ্যে সহজেই জনপ্রিয়তা লাভ করবেন। প্রেম ও বিয়ের পিছনেও আপনার আবেগপ্রবণ সিদ্ধান্ত কাজ করতে পারে। সন্তানরা আপনার আনন্দের কারণ হবে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, ম্যাজেন্টা, নীল, সবুজ ও ফিরোজা। **ধাতু :** লোহা ও তামা। **রত্ন :** রুবী ও ফিরোজা। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : নিকোলাই বুখারিন, জন লেনন, ইলোরা গওহর, আরবী সাহিত্যিক তওফিক আল হাকীম, কবি ও প্রেসিডেন্ট লিওপোল্ড সেংঘর, রসায়নবিদ ইমিল ফিসার, শিরীন রহমান, ডেইজী আহমদ।

অক্টোবার ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি আদর্শবাদী। আপনি আত্মবিশ্বাসী, উদার ও সহানুভূতিশীল। আপনার ন্যায় বিচারবোধ প্রখর। সত্যকে সহজেই মিথ্যা থেকে আলাদা করতে পারেন। ভালভাবে নিজের কথা গুছিয়ে বলতে পারেন। আদর্শবাদিতা আপনাকে নিজের অজান্তেই অনেক বিরোধে জড়িয়ে ফেলবে। তাই অনেক শত্রুতার সম্মুখীন হবেন আপনি। তবে আপনার মাধুর্য কৌশল ও বিশ্লেষণী ক্ষমতা আপনাকে সাফল্যের সোপানে নিয়ে যাবে।

পেশা : আপনি আইন, বিচার, পুলিশ, বুদ্ধিবৃত্তি, অভিযাত্রা, গবেষণা ও কূটনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। অভিনেতা ও চিত্র শিল্পী হিসেবেও আপনি সফল হবেন।

প্রেম : আপনি রোমান্টিক ও সৎ। একবার কারও প্রেমে পড়লে তাকে ছেড়ে যাওয়া

আপনার জন্যে কঠিন। তাই প্রেম ও বিয়েতে আপনাকে সতর্ক সিদ্ধান্ত নিতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, সবুজ, ও ফিরোজা। **ধাতু :** সোনা ও তামা। **রত্ন :** আম্বর ও ফিরোজা। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : জেমস ক্লাভেল, ইউসুফ পাশা, সুরকার ভার্দি, অজিত রায়, সাহিত্যিক সমর সেন, রাজনীতিবিদ আবদুর সবুর খান, বিজ্ঞানী হেনরী ক্যাভেণ্ডীশ, কাজী জহির, আশীষ কুমার লোহ, আজিজুর রহমান।

অক্টোবর ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, অমায়িক ও বিনয়ী। অন্যদের সহজে প্রভাবিত ও উদ্বুদ্ধ করতে পারেন। কৌশল ও ডিপ্লোম্যাসীতে আপনি দক্ষ। দ্রুত চিন্তা করে সিদ্ধান্ত নিতে পারেন। পরিস্থিতির কোন দিকই আপনার দৃষ্টি এড়ায় না। কল্পনাপ্রবণ হলেও কি করতে পারলেন না তা নিয়ে আপনি চিন্তা কম করেন। সৃজনশীলতা ও সুকুমার বৃত্তির প্রতি আপনার সহজাত আকর্ষণ রয়েছে। সাহস ও উদ্যোগই হবে আপনার সাফল্যের চাবিকাঠি।

পেশা: আপনি শিক্ষক, কূটনীতিক, রাজনীতিক, শিল্পী, সাহিত্যিক, অভিনেতা, সেলসম্যান, বিচারক ও নাবিক হিসেবে ভাল করবেন।

প্রেম: আপনি সহজেই বিপরীত লিঙ্গের প্রতি আকৃষ্ট হয়ে পড়েন। একাধিক প্রেমের সম্ভাবনা আছে আপনার। অবশ্য পারিবারিক জীবনে আপনি সহজেই নিজেকে মানিয়ে নিতে পারবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, পীত, সাদা, ফিরোজা ও হলুদ। **ধাতু:** রূপা ও তামা। **রত্ন:** ফিরোজা ও মুনস্টোন। **সংখ্যা:** ২ ও ৬। **দিন:** সোম ও শুক্রবার। **তারিখ:** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : মাদাম ইলেনোর রুজভেল্ট, জয় প্রকাশ নারায়ণ, অমিতাভ বচ্চন, সাংবাদিক মোহাম্মদ মোদাব্বের, বিজ্ঞানী লুইস রিচার্ডসন, আইনবেত্তা হেন্স ক্যালসন, রাজনীতিক হাসিব খান।

অক্টোবর ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কাজে আন্তরিক, আইনানুগ ও নিয়মানুবর্তী। আপনার কৌশলী মনের পরিপূরক হিসাবে কাজ করছে-দৃঢ়তা ও ইচ্ছাশক্তি। আপনি মিশুক, দয়ালু ও বিবেকবান। সহজেই যে কারও সাথে সম্পর্ক গড়ে তুলতে পারেন। কাউকে সাহায্য করতে আপনার কোন দ্বিধা নেই। কিন্তু কেউ আপনার ওপর সুযোগ নিতে চাইলে আপনি তাকে ক্ষমা করতে পারেন না। অন্যদের চেয়ে উচ্চতর মর্যাদায় নিজেকে আসীন করতে চান। তাই সাফল্য লাভের জন্য শত্রুতার মোকাবিলা করতে হবে।

পেশা: আপনি আইন, বিচার, পুলিশ, প্রশাসন, কূটনীতিক ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগও আপনার জন্যে ভাল।

প্রেম: বিপরীত লিঙ্গের সদস্যরা আপনার প্রতি সহজেই আকৃষ্ট হবে। উদারতা হবে আপনার পারিবারিক শান্তির ভিত্তি।

শুভ রং: সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, নীল, সবুজ ও ফিরোজা। **ধাতু:** তামা ও প্লাটিনাম। **রত্ন:** ফিরোজা ও পোখরাজ। **সংখ্যা:** ৩ ও ৬। **দিন:** বৃহস্পতি ও শক্রবার। **তারিখ:** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব: এহতেশাম, আরিফুল হক, জার্মান সুরকার উলফ গং কটনার, রসায়নবিদ আর্থার হার্ডন, ফেরদৌস আরা।

অক্টোবর ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র বৈশিষ্ট্য তুলার ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কৌশলী ও খেয়ালী। নিজের মত ও পথে চলতে চান। নিজের মত আপনি যেমন নিঃসঙ্কোচে ব্যক্ত করতে পারেন, তেমনি পারেন স্বমতে দৃঢ়তা প্রদর্শন করতে। পরিচিতরা অধিকাংশ সময় আপনাকে বুঝতে পারবে না বা ভুল বুঝবে। তবে বাধা ও বিরোধিতা আপনাকে সহজে টলাতে পারবে না। নতুন ও ব্যতিক্রমী বিষয় সহজে আপনাকে আকৃষ্ট করবে। বিচিত্র ও অপ্রত্যাশিত ঘটনা প্রবাহ বহুলাংশে নিয়ন্ত্রণ করবে আপনার জীবন।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, চিকিৎসা, রাজনীতি ও কূটনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। কৌশল ও দৃঢ়তাই আপনার পেশাগত সাফল্যের ভিত্তি রচনা করবে।

প্রেম: একটু ভিন্ন ধরনের পুরুষ বা মহিলার সাথেই গড়ে উঠবে আপনার রোমান্স। পারিবারিক শান্তির জন্য আপনাকে খেয়াল ও একগুঁয়েমি বাদ দিতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, বেগুনী, গোলাপী, হলুদ, সবুজ ও ফিরোজা। **ধাতু:** তামা ও ইউরেনিয়াম। **রত্ন:** ফিরোজা ও নীলা। **সংখ্যা:** ৪ ও ৬। **দিন:** রবি ও শুক্রবার। **তারিখ:** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বৃটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার, অশোক কুমার, চলচ্চিত্রকার ইফতেখাইরুল আলম, জাপানী সাহিত্যিক তাকিজি কোবাইশি, কান্তা জামিল।

অক্টোবর ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, আত্মবিশ্বাসী ও কর্তব্যপরায়ণ। উদার আদর্শবাদে আপনি বিশ্বাসী। পরিবেশ ও পরিস্থিতির সাথে সহজেই খাপ খাইয়ে নিতে পারেন। আর দায়িত্ব পালনে আপনি যে কোন ত্যাগ স্বীকারে প্রস্তুত। অন্যের চিন্তা ও কাজ আপনার মনোযোগ এড়ায় না। জীবনের দুঃখ আনন্দ সব কিছুই স্বাভাবিকভাবে গ্রহণ করতে পারেন। আপনার যুক্তি ও বিচার ক্ষমতা প্রখর। আপনি পরিশীলিত রুচীর অধিকারী। জীবন লক্ষ্যে আপনাকে আপোসহীন ও দৃঢ় হতে হবে।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, অভিনেতা, সেলসম্যান, সমরবিদ, কূটনীতিবিদ, রাজনীতিক ও অংশিদারী ব্যবসায়ে ভাল করবেন। শেষ জীবনের জন্যে আপনাকে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : প্রিয়জন আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মানিয়ে নেয়ার ক্ষমতা পারিবারিক শান্তির সহায়ক হবে। তবে প্রেমের জন্যে আপনাকে ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, হরিদ্রাভ, সবুজ, ফিরোজা ও হালকা উজ্জ্বল রং। **ধাতু:** তামা ও প্লাটিনাম। **রত্ন:** হীরক ও ম্যালাকাইট। **সংখ্যা:** ৫ ও ৬। **দিন:** বুধ ও

শুক্রবার। তারিখ: ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : জেনারেল আইসেনহাওয়ার, অভিনেত্রী লিলিয়ান গিশ, রজার মূর ইমন ডি ভেলেরা, সাহিত্যিক ক্যাথেরিন মেন্সফিল্ড, ফারজানা ববি।

অক্টোবর ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। রাশি ও সংখ্যা দুইদিক থেকেই আপনার ওপর শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক, সামাজিক, সৃজনশীল ও আমুদে। আপনার আকর্ষণীয়-ব্যক্তিত্ব সহজেই অন্যদের প্রভাবিত করতে পারে। আপনি কৌশলী। ঝামেলা এড়িয়ে চলতে চান। আপনি বিলাসী। আপ্যায়ন ও সামাজিকতায় ব্যস্ত থাকতে চান। মেধা ও ব্যক্তিত্বের জন্যে জীবনের লক্ষ্যপথে অগ্রসর হতে তেমন বেগ পেতে হবে না। শিল্প ও সুকুমার বৃত্তির পূজারী আপনি। তবে অমৃতাচার ও ইন্দ্রীয়সুখপরায়ণতা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি সৃজনশীল, বিনোদন, সাহিত্য, অভিনয়, কূটনীতি ও সমাজ কল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। এজেন্সী ও মধ্যস্থতাকারীর ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : প্রেম ও রোমান্সে আপনি সহজেই জড়িয়ে পড়তে পারেন। সতর্ক না থাকলে এক্ষেত্রে আপনি বিড়ম্বনার শিকার হতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ ম্যাজেন্টা ও গোলাপী। ধাতু: তামা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও ম্যালাকাইট। সংখ্যা: ৬ ও ৯। দিন : মঙ্গল ও শুক্রবার। তারিখ: ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : দার্শনিক ফ্রেডারিক নিটশে, কথাশিল্পী পি. জি. উডহাউস, কবি ভার্জিল, উপন্যাসিক সি. পি. স্নো, মারিও পূজো, সম্রাট আকবর, জন কেনেথ গলব্রেইথ।

অক্টোবর ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও প্রতিভাবান। কল্পনা ও আবেগের প্রাধান্য থাকলেও আপনি চাপা স্বভাবের। আপনার চিন্তা ও কাজ কোন ছক বাধা পথে চলতে চায় না। আপনার ইনটুইশন প্রখর। সৌন্দর্যের তৃষ্ণা ও ভ্রমণের নেশা আপনাকে পেয়ে বসতে পারে। আপনি লাজুক ও শান্তিপ্রিয়। অন্যদের সাথে হৈ-হল্লার চেয়ে নীরবে নির্জনে একাকী থাকতেই বেশি আনন্দ পান। অধ্যাত্মিকতার প্রতি আপনার আকর্ষণ রয়েছে। আপনাকে জীবনের সবকিছুতে ভারসাম্য বজায় রাখতে হবে। কুশলী ও সাহসী হতে হবে।

পেশা : আপনি সাহিত্য, দর্শন, ইতিহাস, নাটক, চিকিৎসা ও ধর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিরুপদ্রব পেশায়ই আপনার জন্যে ভাল। পেশায় ভাবাবেগের প্রশ্রয় দেবেন না।

প্রেম : আপনার সংবেদশীল মন সহজেই ভালবাসা ও প্রেমের ডাকে সাড়া দেবে। তবে বুদ্ধিবৃত্তিক ও উদারমনা কাউকেই আপনার জীবন সঙ্গী হিসেবে বেছে নেয়া উচিত।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, ফিরোজা, ক্রীম, পীত ও সাদা। ধাতু : রূপা ও তামা। রত্ন: ফিরোজা ও চাইনিজ জেড। সংখ্যা : ৬ ও ৭। দিন: সোম ও শুক্রবার। তারিখ: ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : নাট্যকার অস্কার ওয়াইল্ড, কথাশিল্পী ইউজিন ও'নীল, গুন্টার গ্রাস,

আনোয়ার হোজ্জা, অ্যানজেল ল্যাসবেরী, প্রাণীবিজ্ঞানী আলবার্ট ভন হেইলার, শাহেরা খাতুন।

অক্টোবর ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। জন্ম সংখ্যা ৮। আপনার ওপর শনি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় অদম্য ইচ্ছাশক্তি ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। জটিল ও গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতিই আপনার ঝোঁক। চিন্তায় আপনার ভারসাম্য রয়েছে, সেই সাথে আছে পরিমিতিবোধ। স্বভাবে চাপা, নিজেকে যথাযথ ভাবে প্রকাশ করতে পারেন না। তাই অন্যদের কল্যাণে চিন্তা, সময় ও অর্থ ব্যয় করলেও প্রায়ই ভুল বুঝাবুঝির শিকার হন। আপনার মন সংস্কারমুখী। তাছাড়া কাজ কিভাবে সম্পন্ন করতে হয়, তা জানেন। জীবনে অনেক বাধা ও চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে।

পেশা: আপনি আইন, শিক্ষা, সঙ্গীত, চিকিৎসা, কূটনীতি, বিচার ও সমাজকল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। অপ্রত্যাশিত ঘটনাপ্রবাহ পেশাকে প্রভাবিত করতে পারে।

প্রেম : বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। কিন্তু প্রিয়জনের জন্যে কর্তব্যের তাগিদে আপনাকে অনেক কিছু ত্যাগ করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, চকলেট, খয়েরী, সবুজ ও ফিরোজা। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** নীলা ও লাপিস লাজুলি। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : স্যার সৈয়দ আহমদ, সমাজতন্ত্রের প্রবক্তা সেন্ট সাইমন, কথাশিল্পী আর্থার মিলার, লালন শাহ, রিটা হেওয়ার্থ।

অক্টোবর ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ, সাহসী ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। নিঃসঙ্কোচে নিজের মত প্রকাশ করেন। তবে আপনার সব কিছুতেই একটা বৈপরীত্য থাকতে পারে। অনেকের কাছেই আপনি হয়ে উঠতে পারেন দুর্বোধ্য। সদিচ্ছা সত্ত্বেও স্পষ্টবাদিতা ও বিতর্ক প্রিয়তার জন্যে অনেকের বিরাগভাজন হতে পারেন। নেতৃত্বের গুণাবলী আছে আপনার মধ্যে। আর প্রতিদ্বন্দ্বিতায় ঝাঁপিয়ে পড়তেও আপনার কোন দ্বিধা নেই। আপনাকে কৌশলী ও ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক, আইন, বিজ্ঞান, দর্শন ও সাংবাদিকতার সাথে জড়িত পেশায় ভাল করবেন। কর্তৃত্ব ও জঙ্গী মনোভাব নিয়ে কাজ করা যায় এমন পেশাই আপনার জন্য ভাল।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ। বিপরীত লিঙ্গের মধ্যে সহজেই জনপ্রিয়তা অর্জন করবেন। তবে মাত্র সহনশীলতা ও উদারতাই পারিবারিক সুখ আনতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, খয়েরী, ম্যাজেন্টা, গোলাপী, সবুজ ও ফিরোজা। **ধাতু:** লোহা ও তামা। **রত্ন:** ফিরোজা ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৬ ও ৯। **দিন :** মঙ্গল ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : দার্শনিক হেনরী বার্গসন, পিয়ারে ট্রুডো, সূর্যসেন, গীতিকার আজিজুর রহমান, গায়ক চাক বেরী, শিল্পপতি মোবারক হোসেন, সাংবাদিক জোয়ায়দুর রহমান।

অক্টোবর ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আদর্শবাদী ও আত্মবিশ্বাসী। উদার, সৃজনশীল ও উচ্চাভিলাষী। পরিমিতি ও ন্যায় বিচারবোধ প্রবল। সত্য-মিথ্যার পার্থক্য করতে কোন অসুবিধা হয় না। শান্তিপ্রিয় হলেও নিজের মত বলিষ্ঠভাবে প্রকাশে দ্বিধা করেন না। এজন্যে অনেকে ক্ষুব্ধ হবে। শত্রুতারও সম্মুখীন হতে পারেন। জীবনে বাধা আসবে। তবে কৌশল, বিশ্লেষণী ক্ষমতা ও বাকপটুতা যথাযথভাবে প্রয়োগ করলে আপনি সাফল্যের পথে এগিয়ে যাবেন।

পেশা : আইন, বিচার, পুলিশ,গবেষণা, চিকিৎসা, কূটনীতি, শিক্ষা ও ধর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। রাজনীতিক হিসেবে সহজেই সাফল্যের পথে এগিয়ে যাবেন।

প্রেম : আপনি মূলত প্রেমিক। এজন্যে আত্মত্যাগেও আপনার কোন কুণ্ঠা নেই। জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে সতর্ক ও বাস্তববাদী না হলে পারিবারিক শান্তির সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, সবুজ ও ফিরোজা। **ধাতু:** সোনা ও তামা। **রত্ন :** পোখরাজ ও ফিরোজা। **সংখ্যা :** ১ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ সুব্রামানিয়াম চন্দ্রশেখর, মিজানুর রহমান চৌধুরী, জন লাকারে, সাহিত্যিক ভাসকো প্রেটোলিনি, লুবনা আহমেদ।

অক্টোবর ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে তুলার ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ, বিনয়ী ও সৃজনশীল। আপনি সহজেই মিশতে পারেন। সহজেই অন্যদের প্রভাবিত ও উদ্বুদ্ধ করতে পারেন। দ্রুত চিন্তা করতে ও সিদ্ধান্ত নিতে পারেন। কৌশল ও ডিপ্লোম্যাসী আপনি জানেন। সুকুমার বৃত্তি, রোমান্স, ভ্রমণ ও বৈচিত্র্যের মধ্যে নিজেকে হারিয়ে ফেলতে চান। আপনার ইনটুইশন প্রখর। আপনাকে বাহ্যত কোমল মনে হলেও সংকট ও জরুরী অবস্থায় বেশ দৃঢ়। সাফল্যের জন্যে আপনাকে উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি শিক্ষা, শিল্প, সাহিত্য, মনস্তত্ত্ব কূটনীতি, চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। জনপেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : স্নেহ-মমতা দ্বারা আপনি সহজেই প্রভাবিত হন। সহজেই প্রেমে পড়বেন। আপনাকে জীবন সঙ্গী নির্বাচনে সতর্ক ও পারিবারিক ক্ষেত্রে সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হলুদ, কমলা, ফিরোজা ও সাদা। **ধাতু :** রূপা ও তামা। **রত্ন :** ফিরোজা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৬। **দিন :** সোম ও শুক্রবার। **তারিখ :** ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : আর্ট বুচওয়াল্ড, অভিনেতা বেলা লুগোসি, সুরকার চার্লস আইভিস, ব্যাঙ্কার মীর আবদুস সাত্তার।

অক্টোবর ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে তুলার বৈশিষ্ট্য বৃশ্চিক দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার

প্রভাব ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। আপনি কৌশলী আর সেই সাথে দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী। আপনি দায়িত্ব ও কর্তব্যে সচেতন। অন্যের উপকারে অর্থ, সময় ও শক্তি ব্যয় করতে আপনার কোন দ্বিধা নেই। কাজে আপনি নিয়মানুবর্তী এবং পরিকল্পনা অনুসারে সবকিছু করতে চান। বাধা, শত্রুতা ও অপবাদের সম্মুখীন হতে পারেন আপনি। তবে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা: আপনি শিক্ষাবিদ, প্রশাসক, বিজ্ঞানী, আইনবিদ ও বিচারক হিসেবে ভাল করবেন। একাধিক পেশাগত পরিবর্তন হতে পারে আপনার।

প্রেম : প্রিয়জনকে সুখী দেখতে চান আপনি। কিন্তু বাইরের জগতে আপনার অতিরিক্ত ব্যস্ততা পারিবারিক অমনোযোগিতায় পর্যবসিত হতে পারে। এ সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, সবুজ ও ফিরোজা। **ধাতু** : তামা ও প্লাটিনাম। **রত্ন** : পোখরাজ ও আলেক্সান্দ্রাইট। **সংখ্যা** : ৩ ও ৬। **দিন** : বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ** : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী আলফ্রেড নোবেল, সাহিত্যিক স্যামুয়েল কলরিজ, এ. কে. এম মোশারফ হোসেন, ওবায়দুল হক সরকার, এ. বি. এম সামছুল আলম, রীণা খান।

অক্টোবর ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি তুলা রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে তুলার বৈশিষ্ট্য বৃশ্চিক দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি পরিবর্তনশীল ও নতুনের পূজারী। আপনার ধ্যান-ধারণা, অভ্যাস, বাসস্থান, পেশা, বন্ধুত্ব সব কিছুতেই পরিবর্তন চান। এতে নতুনত্বের ছোঁয়া দিতে চান। আপনার মন অনুসন্ধিৎসু। আদর্শ উঁচু। সত্যের মাফকাঠিতে সবকিছু বিচার করতে চান। সহজে বন্ধুত্ব করতে ও মিশতে পারেন। কিন্তু বন্ধুদের মাঝে থেকেও একাকীত্ব অনুভব করতে পারেন। জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ পরিবর্তন আসতে পারে মধ্য বয়সে। ভ্রমণ রাখতে পারে উল্লেখযোগ্য অবদান।

পেশা: আপনি কূটনীতিক, শিল্পী, অভিনেতা, সৌন্দর্য বিশারদ, চিকিৎসক ও বিজ্ঞানী হিসেবে ভাল করবেন। আর্থিক ক্ষেত্রে সব কিছুই ওঠানামা করতে পারে।

প্রেম: আপনার পরিবর্তনশীল মন প্রেম ও রোমান্সে সবচেয়ে বেশি ভুল বুঝাবুঝির সম্মুখীন হতে পারে। একটু দেরি করে বিয়ে করাই আপনার জন্যে ভাল।

শুভ রং: সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, হলুদ ও সোনালী। **ধাতু**: ইউরেনিয়াম ও তামা। **রত্ন**: ইন্দ্রনীলা ও ম্যালাকাইট। **সংখ্যা**: ৪ ও ৬। **দিন**: রবি ও শুক্রবার। **তারিখ**: ১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮, ৩১।

ব্যক্তিত্ব: জ্যোতির্বিদ হার্শেল, জনরীড, সুরকার ফ্র্যাঞ্জ লিস্ট, নাদির শাহ, ক্যাথারিন দানিয়ূব, ডরিস লেসিং, ভাস্কর শামীম শিকদার, রাজনীতিক তোফায়েল আহমেদ।

Scorpio

২৩ অক্টোবর—২১ নভেম্বরের মধ্যে জন্ম হলে আপনার রাশি
বৃশ্চিক

বৃশ্চিকের জাতক মূলত চরমপন্থী। এদের চরিত্র-বৈশিষ্ট্য জটিল। বুদ্ধি ও আবেগ, ইচ্ছা ও প্রবৃত্তি এদের মধ্যে চিরস্থায়ী সংগ্রামে লিপ্ত। তীব্র আবেগই এদের মূল চালিকা শক্তি। এদের অনুভূতি, চিন্তা, ইচ্ছা ও প্রকাশের তীব্রতা কারোই দৃষ্টি এড়ায় না। মধ্যপন্থা বলে এদের জীবনে কিছু নেই। এরা উচ্চাভিলাষী। দীর্ঘ ও কঠোর প্রচেষ্টা চালাতে সক্ষম। সঠিক লক্ষ্য স্থির করে ইচ্ছা শক্তি প্রয়োগ করলে এরা জীবনে মহান সাফল্য অর্জন করতে পারে।

বৃশ্চিকের জাতক অত্যন্ত অন্তর্মুখী ও বুদ্ধিমান। এদের ইনটুইশন ও বিশ্লেষণ ক্ষমতা প্রখর। এরা কল্পনাপ্রবণ ও গোপনীয়তাপ্রিয়। দক্ষ ও অন্তর্ভেদী চিন্তা-ভাবনা করতে সক্ষম। তারা সবকিছুর গভীরে প্রবেশ করতে চায়। পছন্দসই যেকোন বিষয়ে এরা ইচ্ছাশক্তি বলে দক্ষতা অর্জন করতে পারে। যেকোন গোপন রহস্য এদের মনকে নাড়া দেয়। এরা রহস্যের গভীরতম প্রদেশে প্রবেশ করতে চায়।

বৃশ্চিক কখনও সংগ্রামের মাঝপথে কেটে পড়ে না। জীবন ও তার সমস্যা সম্পর্কে এরা সচেতন। তাই সকল প্রতিকূলতার মোকাবিলা করতে এবং লড়ে পথ করে নিতে এরা সদা প্রস্তুত। দৃশ্যত সমস্যা পেলেই এরা চাঙ্গা হয়ে ওঠে। বিপদ-সংকটে এদের মস্তিষ্ক সবচেয়ে ঠাণ্ডাভাবে কাজ করে। ঠাণ্ডা মাথায় আপোসের পরিবর্তে জয়ের পথ করে নেয়।

পরিচিত পরিমণ্ডল বৃশ্চিকের শক্তির উৎস। আবার তারাই মূল সমস্যারূপে দেখা দেয়। সাধারণত বৃশ্চিকের পারিবারিক পটভূমির সাথে দুর্ভাগ্য জড়িত বা সেক্ষেত্রে তারা অসুখী। কিন্তু তাদের কর্তব্যবোধই পরিবারের সাথে তাদের যুক্ত করে রাখে। বন্ধু নির্বাচনে এরা সতর্ক। কিন্তু বন্ধুদের প্রতি এরা বিশ্বস্ত ও তাদের গোপন কিছু ফাঁস করে না। বন্ধুদের সাথে দিলখোলা হলেও গোপন তথ্যের টেক্কা এরা হাতছাড়া করে না। তবে কেউ এদের সাথে বিশ্বাস ভঙ্গ করলে যত কষ্টই হোক এরা তখন তার সাথে সম্পর্কোচ্ছেদ করে। প্রতিশোধ নেয়ার জন্য আঘাত হানে। এরা বন্ধুত্বে উদার আর শত্রুতায় নির্মম।

বৃশ্চিকের জাতক আবার ছিদ্রান্বেষী ও সংশয়ী। সহজে কিছু বিশ্বাস করতে পারে না। আবার বিশ্বাস করলেও তা সহজে ছাড়তে পারে না। এদের মত অনেক সময়ই ব্যক্তিগত ধ্যান-ধারণা দ্বারা প্রভাবিত। ধর্মে বিশ্বাসী হলে এরা ধার্মিক আর অবিশ্বাসী হলে কট্টর নাস্তিক। এই চরমপন্থী মনোভাবের কারণে এরা অত্যন্ত নির্মম, প্রভুত্বপ্রিয় ও স্বেচ্ছাচারী হতে পারে। ফলে নিম্নশ্রেণীর বৃশ্চিকের জাতক অন্য যেকোন রাশির তুলনায় জঘন্য চরিত্রে পরিণত হতে পারে।

বৃশ্চিকের জাতকের সাংগঠনিক ক্ষমতা প্রবল। তারা স্বাধীনচেতা। নেতৃত্বের গুণাবলী রয়েছে তাদের। এরা যেকোন পরিস্থিতির সাথে দ্রুত খাপ খাইয়ে নিতে পারে। কঠোর শ্রম, উদ্যম, সাহস ও সংগ্রামী মনোভাব দিয়ে এরা নিজের ও সমাজের মহান কল্যাণ সাধনে সক্ষম।

অর্থ ও কর্মজীবন

বৃশ্চিকের পকেটে টাকা থাকতে চায় না। অর্থের ব্যবহারে পারদর্শী হলেও টাকা সঞ্চয়ের মোহ নেই। মনের মত হলে আর্থিক দিক থেকে লাভজনক নয় এমন কাজও এরা ক্লান্তিহীনভাবে করে যেতে পারে। সাধারণত উত্তরাধিকার সূত্রে এরা সম্পদের অধিকারী হয়, নয় তো ঋণের বোঝা এদের ঘাড়ে চাপে। বৃশ্চিকের উচ্চ স্তরের জাতক টাকা-পয়সার ব্যাপারে সৎ ; কিন্তু নিম্নস্তরের জাতক আর্থিক নীতিমালা নিজেই ঠিক করে নেয়।

বৃশ্চিকের পেশাগত ব্যাপারে মূল লক্ষ্য হচ্ছে ক্ষমতা। তারা বুদ্ধিমান, ধূর্ত ও নির্ভরযোগ্য। তারা যেকোন সমস্যা বুঝতে পারে। তারা অন্যের সমালোচনা করে আবার নিজের ভুলও সহজে বুঝতে পারে। তবে একবার কোন লক্ষ্য স্থির করলে, কোন কিছুই তাদেরকে লক্ষ্য থেকে বিচ্যুত করতে পারে না। লক্ষ্যে অবিচল দৃঢ়তা ও অধ্যবসায় এদের পেশাগত সাফল্য এনে দেয়। আবার লক্ষ্যের ব্যাপারে একগুঁয়েমি তাদের ধ্বংস ডেকে আনতে পারে।

বৃশ্চিকের জীবন সক্রিয়, সংঘাত ও ঝঞ্ঝাবিক্ষুব্ধ। ২৭, ৩৬ ও ৬৩ বছর গুরুত্বপূর্ণ ঘটনাপ্রবাহের বছর। এদের জীবনের শেষ অর্ধেক সাধারণত সফল।

শরীর ও স্বাস্থ্য

বৃশ্চিকের জাতক মাঝারি গড়নের। এদের উচ্চতাও সাধারণত মাঝারি। দেখলেই বোঝা যায় এদের শরীরে শক্তি আছে। মাথার দৈর্ঘ মাঝারি। তবে উপরিভাগ প্রায় সমতল। মাথায় চুল প্রচুর। এদের শরীরও লোমশ। কপাল শক্ত, চওড়া। চোখের ওপরের হাড় বেশ উঁচু। এদের কপালের মাঝামাঝি ভাঁজ পড়ে। মোটা ভ্রূ। সুন্দর শক্ত চিবুক। গালের হাড় নজরে পড়ে।

এদের চেহারায় গভীর মনোযোগ ও একটা সিরিয়াস ভাব থাকে। এর কারণ হচ্ছে বৃশ্চিকের চোখ। এদের চোখ উজ্জ্বল, আকর্ষণীয় ও গভীর। অন্যদের তুলনায় এদের চোখের পাতা কম পড়ে। গলার স্বর বলিষ্ঠ, কখনও কখনও আবেগপূর্ণ। এদের হাঁটার একটা নিজস্ব ভঙ্গি আছে। একটু দুলে হাঁটে। বিশেষ আকর্ষণী ক্ষমতার জন্য এদের উপস্থিতি সবসময় অন্যদের দৃষ্টি আকর্ষণ করে।

বৃশ্চিকের জাতক প্রচুর প্রাণশক্তির জন্যে সাধারণত সুস্বাস্থ্যের অধিকারী। অন্যান্যরা যে অসুস্থতায় শয্যাশায়ী হয়, এরা সে অসুখ নিয়েও ইচ্ছাশক্তি বলে কাজ করে যায়। একবার অসুখ বোধ করলে এরা কার্যত রোগের বিরুদ্ধে জরুরী অবস্থা ঘোষণা করে। বিছানায় শুয়ে কাতরুক্তি করে অন্যদের করুণা আকর্ষণ করাকে এরা ঘৃণা করে। এরা দ্রুত ডাক্তারের পরামর্শ অনুসারে কার্যকর ওষুধ গ্রহণ করে।

বৃশ্চিকের জাতক জননেন্দ্রিয়ের যেকোন রোগ, যৌন রোগ, পাকস্থলী, ও হজমের গণ্ডগোল, কিডনীতে পাথর, সর্দি, ব্রণ, ফোঁড়া ও টনসিলে আক্রান্ত হতে পারে। সাধারণত এদের হাত ভাঙ্গে বা হাতে কাটা দাগ থাকে। এদের কখনও অমিতাচার ও অতিরিক্ত পানাহার করা উচিত নয়।

বৃশ্চিকের জাতক খেলাধুলা ও ক্রীড়ার প্রতি সহজেই আকৃষ্ট হয়। দাবা ছাড়া অন্য কোন ঘরোয়া ক্রীড়ায় এদের আকর্ষণ কম। বিপজ্জনক ও দুঃসাহসী ক্রীড়ার প্রতি এদের সহজাত ঝোঁক আছে। অমিতাচার বৃশ্চিকের স্বাস্থ্যহানির কারণ হতে পারে। এক্ষেত্রে সংযমের জন্য সহজাত ইচ্ছাশক্তির প্রয়োগ করা উচিত। যোগব্যায়াম এদের জীবনে ম্যাজিকের মত কাজ করতে পারে। এদের প্রচুর পরিমাণে পানি, শাক-সব্জি ও ফলমূল খাওয়া উচিত। মাদকদ্রব্য বর্জন ও গোশত কম খাওয়া ভাল।

বৃশ্চিক পুরুষ

বৃশ্চিক পুরুষ অত্যন্ত আবেগপ্রবণ। কখনও তারা আবেগের তুঙ্গে আবার কখনও বিষণ্নতার

অতলে অবস্থান করে। মহিলাদের প্রতি এদের সহজাত আকর্ষণ রয়েছে। তারা চেহারা ও পোশাক সম্পর্কে সচেতন। আর তাদের গতিশীল ব্যক্তিত্বের জন্য মহিলারা সহজেই তাদের প্রতি আকৃষ্ট হয়। প্রেম এদের জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ফ্যাক্টর। প্রেম ছাড়া এরা নিজেদের অত্যন্ত অসুখী মনে করে। প্রেমিকার প্রতি এরা তাই নিবেদিতপ্রাণ। প্রেমিকার দিক থেকে কোন রকম প্রতারণা এদের নিদারুণ হতাশ ও প্রতিশোধপরায়ণ করে তুলতে পারে।

বৃশ্চিক পুরুষ স্ত্রীর প্রতি অত্যন্ত মনোযোগী। এরা চায় স্ত্রী তার অনুপ্রেরণার উৎস হোক। স্ত্রীর কাছ থেকে কোন সমালোচনা তারা সহ্য করতে পারে না। স্ত্রীর কাছ থেকে পূর্ণ মনোযোগ, উৎসাহ ও প্রশংসা না পেলে এরা খেয়ালী হয়ে ওঠে এবং পুরো দাম্পত্য জীবনকেই বিষাক্ত করে তুলতে পারে। স্ত্রীর প্রতি অন্য কারও আকর্ষণ এরা সহ্য করতে পারে না।

চরমপন্থী, আপোসহীন ও সন্দেহপরায়ণ মনোভাবের জন্য এদের পারিবারিক জীবনে অনেক সময়ই অশান্তি সৃষ্টি হয়। তারা আশা করে টু-শব্দ না করে পরিবারের সবাই তাদের কথামত চলুক। স্ত্রী একটু স্বাধীনচেতা হলে এই মনোভাব যেকোন অঘটন ঘটাতে পারে। তাই এদের একটু উদার হতে শিখতে হবে। স্ত্রীকে বিশ্বাস করে ঘরের সব দায়িত্ব তার ওপর ছেড়ে দিয়ে নিজে পেশাগত কাজে বেশি মনোযোগী হলে এরা আরও সুখী হতে পারে।

বৃশ্চিক মহিলা

বৃশ্চিক মহিলারা অত্যন্ত আবেগপ্রবণ। এদের অনুভূতি তীব্র। গভীর আকর্ষণীয় চোখ ও ব্যক্তিত্বের জন্য এদের উপস্থিতি বুঝতে কোন অসুবিধা হয় না। এদের প্রতি পুরুষরা আকৃষ্ট হলেও সহজে কাছে ঘেঁষতে সাহস পায় না। বৃশ্চিক মহিলা গভীর প্রেমিকা। প্রেমই এদের জীবন। এরা একাগ্রভাবে ভালবাসতে ও ভালবাসা পেতে চায়। প্রেম ও বিয়ের ব্যাপারে অত্যন্ত সিরিয়াস। এরা কখনও প্রেমের ভান করে বেড়াতে পারে না। প্রেমে এরা চরমপন্থী। কোন ত্যাগ স্বীকারেই এদের কোন কুণ্ঠা নেই। আবার প্রতারিত হলে এরা বদলা নিতেও জানে।

বৃশ্চিক মহিলা স্বামীর প্রতি অনুগত। স্বামীর সুখ-শান্তি নিশ্চিত করার জন্য সব করতে প্রস্তুত। এরা স্বামীর প্রতি মনোযোগের প্রতিদানে পূর্ণ মনোযোগ না পেলে এরা খেয়ালী ও মেজাজী হয়ে উঠতে পারে। অনেকে আবার স্বামীকে তাদের প্রিয়তম অলংকার বলে ভাবে। অন্য কোন মহিলা এদের স্বামীর প্রতি কোন আগ্রহ প্রকাশ করলে এরা প্রতিহিংসাপরায়ণ হয়ে উঠতে পারে।

বৃশ্চিক মহিলা ঘরের ব্যাপারে নিয়মানুবর্তী। এরা একগুঁয়ে হলেও পারিবারিক সম্পর্ক বজায় ও স্বামীর সাথে মতবিরোধ এড়াতে সচেষ্ট থাকে। স্বামীর উৎসাহ ও প্রশংসায় এরা সবচেয়ে খুশি হয়। পরিবারের সদস্য ও বন্ধুদের ভুলত্রুটি এরা সহজে ধরতে পারে। তবুও এরা তাদেরকে পুরোপুরি ভালবাসে। এই বাস্তববাদী দৃষ্টিভঙ্গি এদের অনেক হতাশা ও দুঃখ কাটিয়ে উঠতে সাহায্য করে।

অবসাদ নিরাময়ে

আপনি খ্যাতি ও সাফল্য লাভের সংগ্রামে কখনও পিছপা হবেন না। কারণ লক্ষ্যহীনতা আপনার জীবনে অবসাদ এনে দেবে। আপনার আশাবাদী মনোভাবকে আরও উজ্জীবিত করুন। সম্ভব হলে কর্মপদ্ধতিতে আকর্ষণীয় পরিবর্তন ঘটান। অস্থিরতা, হতাশার বিরুদ্ধে এটাই হচ্ছে উত্তম প্রতিষেধক। মন খারাপ লাগলে মুখ গোমরা করে চুপচাপ বসে থাকবেন না। আপনার একাকীত্ব আপনাকে আরও হতাশ করে তুলবে। কল্পনা ও আবেগ আপনার অকথিত দুঃখের বোঝা আরও ভারী করবে। তাই বিষণ্ন বোধ করলে একটু হাসতে চেষ্টা

করুন। জোর করে হলেও হালকা কথাবার্তায় বন্ধুদের আসর গুলজার করার চেষ্টা করুন। তাহলেই আপনি হালকা বোধ করবেন। আপনার সহজাত উদ্দীপনা ফিরে পাবেন। বন্ধুদের ভুল ক্ষমার চোখে দেখুন। বাছাই করা কয়েকজনের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপনে ভয় পাবেন না। প্রতিকূল পরিস্থিতিতে, ক্লান্তিতে, অবসাদে এরা আপনার মনকে চাঙ্গা করে তুলতে পারে।

বৃশ্চিকের জাতক একগুঁয়ে, অত্যন্ত সন্দেহপ্রবণ ও প্রতিহিংসাপরায়ণ এবং আপোসহীন হতে পারে। কোন আঘাতকে এরা ক্ষমা করতে পারে না। ক্রুদ্ধ হলে এরা শত্রুর চিরস্থায়ী ক্ষতিসাধন ও শত্রুকে নির্মূল করতে চায়। তাদের ধ্যান-ধারণার বিরোধী যেকোন কিছুকে তারা নির্মূল করতে চায়। অন্যদের মত এদের কাছে মূল্যহীন। এরা সহজেই আইন ভাঙতে পারে। মদ ও নেশায় ডুবে যেতে পারে। এরা যৌন অমিতাচার ও যৌন বিকৃতির শিকার হতে পারে। সুপরিকল্পিত নৃশংসতায় মেতে উঠে এরা নিজের জীবনকেও বিষময় করে তুলতে পারে। তবে বৃশ্চিকের বিবেক অত্যন্ত সজাগ। তাই গভীর পংকিলতা থেকে একমাত্র এরাই নিজেদের টেনে তুলতে পারে।

পারস্পরিক সম্পর্ক

বৃশ্চিকের জাতক আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্য সহজেই অন্যদের কাছে টানতে পারে। ইচ্ছা করলে এরা সহজেই বন্ধুত্ব করতে পারে। পরিচিত পরিমণ্ডল এদের শক্তির উৎস। তবে পরিচিতদের সাথে এদের সম্পর্ক ঝঞ্ঝাবিক্ষুব্ধ। কর্কট, কন্যা, মকর ও মীন রাশির জাতকদের সাথে এদের ভাল মিল হয়। এই চার রাশির জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

বৃশ্চিকের জাতকের সাথে বৃশ্চিকের জাতকের সম্পর্ক বেশ ঝঞ্ঝাবিক্ষুব্ধ হতে পারে। দৃঢ় ও কর্তৃত্বপরায়ণ ব্যক্তিত্বের জন্য তাদের মধ্যে সংঘাত দেখা দিতে পারে।

বৃষ, সিংহ ও কুম্ভের জাতকের সাথে বৃশ্চিকের জাতকের সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি সৃষ্টি হতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে উদারতা, সমঝোতা ও আপোসমূলক মনোভাব গ্রহণ করতে হবে। তবে বৃষ ও বৃশ্চিকের বিয়ে সুখকর হতে পারে।

মেষ, মিথুন, তুলা ও ধনু রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে বৃশ্চিকের জাতককে কর্তৃত্বপরায়ণ মনোভাব ত্যাগ করে সমঝোতা ও আপোসের পথ অনুসরণ করতে হবে। তাই এবার বন্ধু ও পরিচিতদের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্য ভালভাবে পড়ে নিন। তাহলে আপনি তাদের ভালভাবে বুঝতে পারবেন।

অক্টোবর ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃশ্চিকের বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কর্মঠ, অধ্যবসায়ী, কল্পনাপ্রবণ ও মেধাবী, দৈহিক, মানসিক ও বুদ্ধিবৃত্তিক শক্তিকে বিভিন্ন খাতে প্রবাহিত করতে আপনার কোন অসুবিধা হয় না। আপনি আবেগপ্রবণ ও জঙ্গী। আপনি শুধু নিজের শক্তিরই ব্যবহার জানেন না, জানেন নিজের দুর্বলতাকেও শক্তিকে পরিণত করতে। পরিবর্তন ও বৈচিত্র্য আপনাকে আনন্দ দিলেও আপনি লক্ষ্য থেকে কখনোই বিচ্যুত হন না। আপনার হৃদয়ের উষ্ণতা উজ্জীবিত করতে পারে বহু ভগ্ন হৃদয়কে। আপনি সমাজে নিজের কাজের ছাপ রাখতে দৃঢ় প্রতিজ্ঞ।

পেশা : যে কোন প্রতিদ্বন্দ্বিতা বা প্রতিযোগিতামূলক পেশায় আপনি ভাল করবেন। গবেষক, অনুসন্ধানকারী, ডাক্তার মনস্তত্ত্ববিদ হিসেবেও আপনি সফল হবেন।

প্রেম : আপনার হৃদয়ের উষ্ণতা বিপরীত লিঙ্গকে সহজেই আকৃষ্ট করবে। কিন্তু কৌশলী ও বিনয়ী না হলে আপনার পারিবারিক জীবন হয়ে উঠতে পারে ঝঞ্ঝাবিক্ষুব্ধ।

শুভ রং : সকল শেডের আকাশী, সবুজাভ নীল, ক্রীম, হালকা খয়েরী ও হালকা উজ্জ্বল রং। ধাতু : ইস্পাত ও প্লাটিনাম। রত্ন : হীরক ও লাপিস লাজুলি। সংখ্যা : ৫ ও ৯। দিন : মঙ্গল ও বুধবার। তারিখ : ৫, ৬, ৯, ১৪, ১৫, ১৮, ২৩, ২৪, ২৭।

ব্যক্তিত্ব : মুজিবর রহমান খাঁ, ফুটবলার পেলে, হানিফ সংকেত, আকবার জয়পুরী, সারাহ বার্নহার্ড, বিজ্ঞানী ফেলিক্স ব্লচ, বিজ্ঞানী ইলিয়া ফ্রাঙ্ক, চাষী নজরুল ইসলাম, সৈয়দ আবুল মকসুদ।

অক্টোবর ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃশ্চিকের বৈশিষ্ট্য তুলা দ্বারা প্রভাবিত। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও বহুমুখী মেধার অধিকারী। আপনি রোমান্টিক। প্রেম ও স্নেহমমতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে আপনার জীবনে। অন্যকে সাহায্য করে আপনি আনন্দ পান। আবার অন্যের দ্বারা প্রভাবিতও হন সহজে। অন্যের সাথে সহজে মিশতে পারেন। তবে বন্ধু বা পারিবারিক কোন ব্যাপারে ত্যাগ স্বীকার করতে গিয়ে আপনার মেধার বিকাশ ব্যাহত হতে পারে। আবার ত্যাগ স্বীকারের এই মনোবৃত্তিই আপনাকে মহত্তর স্তরে উন্নীত করতে পারে।

পেশা : আপনি ডাক্তার, সমাজসেবক, গবেষক, নার্স, লাইব্রেরিয়ান, শিল্পী, সাহিত্যিক হিসেবে ভাল করবেন। একাধিক পেশাগত পরিবর্তন হবে।

প্রেম : আপনি প্রথম সাক্ষাতেই কারও প্রেমে পড়ে যেতে পারেন। সত্যিকার প্রেম ও ভনিতার মধ্যে পার্থক্য করা আপনার পক্ষে কঠিন। তাই এক্ষেত্রে হতাশার আশঙ্কা রয়েছে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, নীলাভ সবুজ, ম্যাজেন্টা, খয়েরী। ধাতু : তামা ও ইস্পাত। রত্ন : ফিরোজা ও ম্যালাকাইট। সংখ্যা : ৬ ও ৯। দিন : শুক্র ও মঙ্গলবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কবি শামসুর রাহমান, নাট্যকার মসহার্ট, সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ, গণিতজ্ঞ জর্জ রিপন, প্রমথেশ বড়ুয়া, রাজনীতিক সুরজিৎ সিং বারনালা।

অক্টোবর ২৫

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। তুলার প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মননশীল ও সৃজনশীল। মানসিক শক্তির সাথে রয়েছে বুদ্ধিবৃত্তিক ও অতীন্দ্রিয় ক্ষমতা। জ্ঞানার্জন ও তত্ত্বতথ্য ও আধ্যাত্মিকতার প্রতি রয়েছে সহজাত ঝোঁক। স্মরণ শক্তি প্রখর। জীবনের একটা সুনির্দিষ্ট লক্ষ্য আছে। তবে বৈষয়িক ও আর্থিক জগতের প্রতি মোহগ্রস্ত নন। কর্তব্যপরায়ণ ও কর্মঠ। সবদিকে দৃষ্টি দেয়ার, সবকিছু তদারক করার গুণ আছে। প্রাকৃতিক নির্জনতাই আপনাকে শান্তি দিতে পারে।

পেশা : আপনি সৃজনশীলতা, অতীন্দ্রিয়, মনস্তাত্ত্বিক, বুদ্ধি-বৃত্তিক, প্রকাশনা ও ধর্মীয় পেশায় ভাল করবেন। কাজে থাকবে নিজস্ব বৈশিষ্ট্যের ছাপ।

প্রেম : আপনি ভালবাসায় বিশ্বস্ত। তবে সম্পর্ক গড়ে উঠবে ধীরে ধীরে। বিবাহিত জীবনে সুখী হওয়ার সম্ভাবনা বেশি।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, খয়েরী, মেরুন, সবুজাভ নীল। ধাতু : ইস্পাত ও রূপা। রত্ন : পোখরাজ ও ক্যাটস আই। সংখ্যা : ৭ ও ৯। দিন : সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী পাবলো পিকাশো, চলচ্চিত্রকার অ্যাভল গেইন্স, সাহিত্যিক বেঞ্জামিন কনস্টান্ট, হেলেন রেডী, গায়িকা শবনম মুশতারী।

অক্টোবর ২৬

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৮। শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগহণ করায় দৃঢ় ইচ্ছাশক্তির অধিকারী ও জেদী। বিতর্ক, সংঘাত ও সংগ্রামে সহজেই জড়িয়ে পড়েন। ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ প্রখর। লক্ষ্য থেকে কোন কিছুই বিচ্যুত করতে পারে না। কথা বলার ক্ষমতা আছে। জঙ্গী মনোভাব সহজেই দেবে নেতৃত্ব। ইনটুইশন প্রখর। নিজে গোপনীয়তা প্রিয়। অন্যদের গোপন অভিসন্ধিও সহজেই বুঝতে পারেন। গোপন তথ্যও সংরক্ষণ করতে পারেন। বন্ধু ও শত্রু সবাই আপনাকে ভুল বুঝবে সমানভাবে।

পেশা : আপনি গুপ্তচর, মনস্তত্ত্ববিদ, সমরবিদ, রাজনীতিবিদ, ডাক্তার, প্রশাসক হিসেবে ভাল করবেন। সংঘাত ছাড়া পেশাগত অগ্রগতি সম্ভব নয়।

প্রেম : বিপরীত লিঙ্গের লোকেরা খুব সহজেই আকৃষ্ট হবে। একাধিক প্রেমে পড়বেন। অল্পবয়সে বিয়ে করলে দ্বিতীয় বিয়ের সম্ভাবনা থাকবে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, মেরুন, খয়েরী, ধূসর ও নীলাভ সবুজ। ধাতু : ইস্পাত ও সীসা। রত্ন : নীলা ও লাপিস লাজুলি। গুরুত্বপূর্ণ সংখ্যা : ৮ ও ৯। গুরুত্বপূর্ণ দিন : শনি ও মঙ্গলবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১।

ব্যক্তিত্ব : রেজা শাহ পাহলবী, শেরে বাংলা ফজলুল হক, ফরাসী বিপ্লবী দাঁতন, সিরাজ শিকদার, ফ্রাঙ্গেসকো মিতেরাঁ, অধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফ, মোহিতলাল মজুমদার, জেকুলিন স্মীথ, অভিনেতা আখতার হোসেন, লেখক নিয়াজ মোর্শেদ।

অক্টোবর ২৭

আজ আপনার জন্ম দিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৯। রাশি ও সংখ্যা উভয়দিক থেকেই মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদ্দীপনাময় ব্যক্তিত্বের অধিকারী। উদ্যম ও জঙ্গী মনোভাব ও লক্ষ্যে অবিচলতা আপনার সহজাত বৈশিষ্ট্য। আপাত বিজয়ী হলেও কৌতুকবোধ প্রখর। বিতর্কে সহজেই জড়াতে পারেন। অন্যদের অনায়াসে সংগঠিত করতে পারেন। পারেন আপনার আদর্শে অনুপ্রাণিত করতে। প্রশাসনিক ক্ষমতা, কর্তব্যপরায়ণতা ও কল্পনাশক্তি অনায়াসে সাফল্যের দ্বারপ্রান্তে নিয়ে যেতে পারে। বেশি উচ্চাভিলাষী না হলে পরিতৃপ্তি ও আধ্যাত্মিক শান্তিলাভ সহজ হবে।

পেশা : প্রতিদ্বন্দ্বিতামূলক পেশা, আইন, রাজনীতি, পুলিশ, গোয়েন্দা সার্জন, গবেষক হিসেবে ভাল করবেন। সংঘাতে ভয় পেলে চলবে না।

প্রেম : আপনার স্নেহপরায়ণ ও গতিশীল ব্যক্তিত্ব সহজেই বিপরীত লিঙ্গের দৃষ্টি

আকর্ষণ করবে। একাধিক প্রেমে পড়তে পারেন। জীবনসঙ্গী নির্বাচনে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, ম্যাজেন্টা, গোলাপী, খয়েরী, নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও সোনা। **রত্ন :** সিলোনী গোমেদ ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট রুজভেল্ট, ক্যাপ্টেন জেমস কুক, গায়ক আব্বাস উদ্দীন আহমেদ, শিখনেতা সন্ত ফতেহ সিং, ভূতাত্ত্বিক উইলিয়াম ম্যাকলর।

অক্টোবর ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় কর্মঠ, প্রাণবন্ত ও উদ্যোগী। সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতার ছাপ থাকবে প্রতিটি কাজে। জীবনের প্রতি মুহূর্তে নতুন সুযোগ ও নতুন চ্যালেঞ্জ গ্রহণে আপনি প্রস্তুত। আপনি উচ্চাভিলাষী। লক্ষ্য অর্জনে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণে কোন দ্বিধা নেই। বেপরোয়া পদক্ষেপও নিতে পারেন। দৃঢ়তা ও পর্যবেক্ষণ ক্ষমতা সাফল্যের বুনিয়াদ হতে পারে। আপনার ছিদ্রান্বেষী দৃষ্টিভঙ্গি ও রসবোধ বিদ্রূপের রূপ নিতে পারে। উচ্চাভিলাষী ব্যক্তিত্বকে করতে পারে দুর্বোধ্য।

পেশা : আপনি রাজনৈতিক অভিযাত্রী, আর্কিটেক্ট, ইঞ্জিনিয়ার, ঠিকাদার, শিল্পী ও সমালোচক হিসেবে ভাল করবেন। বিদ্রূপ করার প্রবণতা পেশাগত অগ্রগতিতে বাধা সৃষ্টি করতে পারে।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আকৃষ্ট হয়। আপনার আন্তরিকতা ও মমতা সহজেই আকৃষ্ট করবে। বিয়ের পর এ সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, মেরুন, নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও সোনা। **রত্ন :** পোখরাজ ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৯। **দিন** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ইংরেজ উপন্যাসিক এভেলিন ওয়াহ, অস্ত্রনির্মাতা রেমিংটন, ভূগোলবিদ গিলভার্ট গ্রসভন, সৈয়দ এনায়েত হোসেন, কায়কোবাদ মিলন, রীনা সুলতানা।

অক্টোবর ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অত্যন্ত সেন্টিমেন্টাল। আপনি কোমলমনা ও রোমান্টিক। আপনার কল্পনাপ্রবণ মন খুব সহজেই অতীতে বিচরণ করতে পারে। কল্পনার কল্পলোকে ডুবে থাকতে আপনি আনন্দ পান। সৃজনশীল প্রতিভা আছে আপনার। আপনার বিশ্লেষণী ক্ষমতা ও ইনটুইশন প্রখর। যেকোন বিষয়ের গভীরে আপনি সহজেই প্রবেশ করতে পারেন। আপনার ব্যক্তিত্বের মাঝে রয়েছে পরস্পরবিরোধী অনেক গুণের সমাবেশ। আর জীবনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার থাকবে পরিপূর্ণ স্বাধীনতা।

পেশা : আপনি সৃজনশীল পেশা, ঐতিহাসিক, রাজনীতিক লেখক, শিল্পী, গবেষক, রসায়নবিদ নাবিক হিসাবে ভাল করবেন। কাজের স্বাধীনতার প্রতি আপনার নজর থাকবে বেশি।

প্রেম : আপনার স্পর্শকাতর মন রোমান্টিকতার ছোয়ায় সবসময় উজ্জীবিত হয়ে উঠবে। মনের মিল হবে না, এমন কাউকেও খেয়ালী হয়ে আপনি বিয়ে করতে পারেন। এক্ষেত্রে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, হলুদ, ক্রীম, পীত, গোলাপী, বাদামী ও নীলাভ সবুজ। ধাতু : ইস্পাত রূপা। রত্ন : কনক পোখরাজ ও মুক্তো। সংখ্যা : ২ ও ৯। দিন সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জেমস বসওয়েল, জোসেফ গোয়েবলস, চলচ্চিত্রকার শামীম আলম।

অক্টোবর ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি গতিশীল ব্যক্তিত্বের অধিকারী। আপনি জানেন দায়িত্ব কিভাবে পালন করতে হয়। আপনি আবেগপ্রবণ। কৈশোরের কোন ঘটনা আপনার সচেতনতা বৃদ্ধির কারণ হবে। জীবনের দাবি ও চ্যালেঞ্জ কোন কিছু মোকাবেলায়ও আপনার অনিহা নেই। আপনি মেধাবী, বুদ্ধিমান ও নেতৃত্বের গুণাবলীতে ভূষিত। জীবনে আপনাকে ইচ্ছাশক্তির একাধিক পরীক্ষায় উত্তীর্ণ হতে দৃঢ়তার অভাব হলে হতাশায় ভুগতে হবে। তবে কাজে সাফল্য ও সুনামের সম্ভাবনাই বেশি।

পেশা : আপনি প্রশাসনিক, আইন, চিকিৎসা, ইঞ্জিনিয়ারিং ও দায়িত্বপূর্ণ কাজে ভাল করবেন। কর্মক্ষেত্রে আপনার ওপর অনেক দায়িত্ব এসে চাপতে পারে।

প্রেম : আপনি তারুণ্যে নিজের মধ্যকার স্নেহ মমতা ও প্রেমভাবের প্রকাশে এক ধরনের সংকোচ অনুভব করতে পারেন। দাম্পত্য জীবনেও এ সংকোচ অব্যাহত থাকতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, নীল, গোলাপী, ও সবুজাভ নীল। ধাতু ইস্পাত ও প্লাটিনাম। রত্ন : কনক পোখরাজ ও ম্যালাকাইট। সংখ্যা : ৩ ও ৯। দিন মঙ্গল ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : এজরা পাউণ্ড, বুদ্ধদেব বসু, দিয়াগো ম্যারাডোনা, সুধীন্দ্রনাথ দত্ত, ইসমাইল আল আজহারী, রাজা জহির শাহ, উর্দু কবি খাজা আহমেদ ফারুকী, উপস্থাপক শওকত আলী সিদ্দিকী, ফজলুর রশীদ ঢালী, রুবিনা, নাসিমুল কাদের উলফাৎ।

অক্টোবর ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্য ৪। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুসন্ধিৎসু, সন্দেহপ্রবণ ও ভিন্নমতাবলম্বী। আপনি মেধাবী ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। জীবনের লক্ষ্য ও উদ্দেশ্যের অনুভূতি প্রবল। আনুগত্যের ব্যাপারে বিশ্বস্ত। ইন্দ্রিয় সুখপরায়ণতা ও ভোগের তাড়না আপনাকে প্রবলভাবে পেয়ে বসতে পারে। আপনার ইচ্ছা ও পছন্দের ওপরই নির্ভর করবে আপনার সাফল্য ও ব্যর্থতা। খুঁটিনাটি বিষয়েও সতর্ক বিশ্লেষণ করার ক্ষমতা আছে আপনার। আত্মনিয়ন্ত্রণ ও সংযমই হতে পারে আপনার সাফল্যের চাবিকাঠি।

পেশা : আপনি ডাক্তার, গবেষক, গোয়েন্দা, পুলিশ, বীমা কর্মী, শিল্প ও সাহিত্যে ভাল করবেন। অবৈধ অর্থোপার্জনের প্রতি আপনার ঝোঁক থাকতে পারে।

প্রেম : আপনার আবেগ ও প্রেমময়তা দ্রুত চরম রূপ নিতে পারে। কিছুটা নৈর্ব্যক্তিক

সম্পর্ক বজায় রাখা আপনার পক্ষে সম্ভব নয়। পারিবারিক জীবনে এটা ভুল বুঝাবুঝির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, নীলাভ সবুজ, মেরুন, খয়েরী, চকলেট। ধাতু: ইস্পাত ও ইউরেনিয়াম। রত্ন : ইন্দ্রনীলা ও লাপিস লাজুলি। সংখ্যা : ৪ ও ৯। দিন: রবি ও মঙ্গলবার। তারিখ : ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : শিল্পী জ্যাঁ ভারমীর, কবি জন কিটস, কেমিস্ট এডলফ বায়ার, চিয়াং কাইশেক, বল্লভ ভাই প্যাটেল, নরোদম সিহানুক, আসাদুজ্জামান নূর, বারবারা বেল গেডেস, সাংবাদিক বাহাউদ্দিন আহমেদ চৌধুরী, হাবিবুর রহমান খান, সৈয়দ তোসাররফ আলী।

নভেম্বর ১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ও প্রভাবশালী ব্যক্তিত্বের অধিকারী। আপনি কর্মঠ, প্রাণবন্ত ও উদ্যোগী। সৃজনশীলতা পর্যবেক্ষণ ও উদ্ভাবনী ক্ষমতার সাথে সাথে আপনার চরিত্রে আছে বলিষ্ঠতা ও দৃঢ়তা। নতুন সুযোগ ও চ্যালেঞ্জ গ্রহণে আপনি সদাপ্রস্তুত। আপনি বেপরোয়া হয়ে উঠতে পারেন। তবে আপনার মধ্যে রয়েছে ভদ্রতা, সৌজন্যবোধ ও সহানুভূতি। আপনার কটাক্ষ বন্ধুদের সহজেই আহত করতে পারে। উচ্চাভিলাষ আপনার চরিত্রকে করতে পারে দুর্বোধ্য।

পেশা : আপনি রাজনীতি, জনপেশা, আইন, পরিকল্পনাকারী প্রশাসন, ইঞ্জিনিয়ারিং, নির্মাণ কাজ, মনস্তত্ত্ব, জ্যোতিষ শাস্ত্র ও সৃজনশীল পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার প্রাণবন্ত ব্যক্তিত্ব সহজেই আকৃষ্ট করবে বিপরীত লিঙ্গকে। একাধিক প্রেমে পড়তে পারেন আপনি। পারিবারিক জীবনে আপনাকে সহনশীল ও কুশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, মেরুন, নীলাভ সবুজ, বাদামী, ধূসর। ধাতু : ইস্পাত ও সোনা। রত্ন : কনক পোখরাজ ও ম্যালাকাইট। সংখ্যা: ১ ও ৯। দিন : রবি ও মঙ্গলবার। তারিখ : ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মনীষী কিরো, শিল্পী বেনভিনিটো সেলিনি, জাপানী কবি হাগিওরাবা সাকুতারো, মোয়াম্মার গাদ্দাফী, সাংবাদিক মোহাম্মদ মুসা, শিল্পপতি কাজী মাহতাব উদ্দীন আহমেদ।

নভেম্বর ২

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সেন্টিমেন্টাল, মেধাবী ও রোমান্টিক। আপনার কল্পনাপ্রবণ মন সহজেই হয়ে ওঠে আবেগপ্রবণ। সৃজনশীল হলেও আপনি স্বপ্নরাজ্যেই বেশি বিচরণ করতে চান। পরস্পর বিরোধী অনেক গুণের সমাবেশ ঘটতে পারে আপনার মধ্যে। মানসিক অস্থিরতা ও একাধিক বিষয়ের প্রতি ঝোঁক আপনার সাফল্যের অন্তরায় হতে পারে। তবে আপনার ইনটুইশন ও বিশ্লেষণী ক্ষমতা প্রবল। আপনাকে অনেকেই ভুল বুঝবে। দৃঢ়তা, ধৈর্য ও আত্মবিশ্বাস আপনার সাফল্যের বুনিয়াদ হতে পারে।

পেশা : আপনি ঐতিহাসিক, শিল্পী, সাহিত্যিক, লেখক, সাংবাদিক, নাবিক, গবেষক ও

চিকিৎসক হিসেবে ভাল করবেন। তবে প্রাথমিক জীবনে পেশা নির্বাচন সম্পর্কে সিদ্ধান্তহীনতায় ভুগতে পারেন।

প্রেম : আপনি স্পর্শকাতর ও রোমান্টিক। বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হন। আর প্রেমের জন্যে আপনাকে অনেক মূল্য দিতে হতে পারে। পারিবারিক জীবনে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, খয়েরী, সবুজাভ নীল, পীত, চকলেট। **ধাতু :** ইস্পাত ও রূপা। **রত্ন** ম্যালাকাইট ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৯। **দিন :** সোম মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : মিসর সম্রাজ্ঞী ক্লিয়োপেট্রা, ফরাসী সম্রাজ্ঞী মেরী আঁতানোত, সোহরাব মোদী, বার্ট ল্যাংকাস্টার, প্রেসিডেন্ট ওয়ারেন হার্ডিং, রাজনীতিক আকবর হোসেন, জ্যোতিষী আহসান হাবীব পাশা, শিক্ষাবিদ ড. কাজী মফিজুর রহমান।

নভেম্বর ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর মঙ্গল ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও দায়িত্বশীল। গতিশীল ব্যক্তিত্ব ও জীবনের প্রতি সিরিয়াস দৃষ্টিভঙ্গি আপনাকে অন্যদের চেয়ে আলাদা ভাবতে সাহায্য করে। নেতৃত্ব দেয়ার গুণ আছে আপনার। সাংগঠনিক ও বিশ্লেষণী ক্ষমতা আপনাকে যে কোন চ্যালেঞ্জ মোকাবেলায় উদ্বুদ্ধ করে। সামর্থের চেয়ে অনেক বেশি দায়িত্ব এসে চাপবে আপনার উপর। আপনার ইচ্ছাশক্তি প্রচণ্ড। পুরোমাত্রায় কর্তৃত্ব করতে চান। আপনাকে কুশলী হতে হবে।

পেশা : আপনি আইন, প্রশাসন, পুলিশ, গোয়েন্দা, ইঞ্জিনিয়ারিং, সেনাবাহিনী ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। আপনাকে সবসময় অতিরিক্ত দায়িত্ব পালন করতে হতে পারে।

প্রেম : আপনি প্রিয়জনের জন্যে অনুভব করবেন। কিন্তু এক ধরনের সংকোচ ও কর্তৃত্বপরায়ণতা আপনার পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, মেরুন, গোলাপী, নীল, নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** কনক পোখরাজ ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : সম্রাট আওরঙ্গজেব, জিমনাস্ট নাদিয়া কোমানেসি, আবুল কালাম শামসুদ্দিন, অর্থনীতিবিদ অমর্ত্য কুমার সেন, দীনেশ চন্দ্র সেন, আঁদ্রে মলরো।

নভেম্বর ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার উপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও খেয়ালী। আপনার মধ্যে রয়েছে মৌলিকত্ব ও উদ্ভাবনী ক্ষমতা। কোন কাজ সম্পাদনে মনস্থির করলে আপনি দ্রুত এগিয়ে যেতে পারেন সাফল্য ও খ্যাতির পথে। নতুন বা রহস্যময় জিনিসের প্রতি থাকবে আপনার তীব্র আকর্ষণ। আপনার মত ও চিন্তা হতে পারে অন্যদের চেয়ে আলাদা। সে জন্য যথেষ্ট সমালোচনা ও ভুল বুঝাবুঝির সম্মুখীন হবেন আপনি। খেয়ালী মনে হলেও আপনি কর্তব্যের প্রতি নিবেদিত। জীবনে দৃঢ় ইচ্ছাশক্তি ও সংযম প্রয়োজন।

পেশা : আপনি বিজ্ঞান, কারিগরি, গবেষণা, উদ্ভাবনী, চিকিৎসা ও জনপেশায় ভাল করবেন। পেশাগত সাফল্য লাভের জন্যে কুশলী হতে হবে।

প্রেম : আপনার খেয়ালীপনা বহুলাংশে প্রভাবিত করবে আপনার পারিবারিক জীবন। প্রেমাবেগের প্রাবল্য সত্ত্বেও দাম্পত্যে ভুল বুঝাবুঝি লেগে থাকতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, নীলাভ সবুজ, আকাশী, হলুদ, সোনালী। **ধাতু** ইস্পাত ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কাজী ইমদাদুল হক, ঋত্বিক কুমার ঘটক, রবীন্দ্র গোপ, আইনবেত্তা স্টিফেন ফিল্ড, ওয়াল্টার ক্রনকাইট, এণ্ড্রু কিশোর, সুফী আবদুল্লাহ আল মামুন, মোহাম্মদ জাহাঙ্গীর, শফিকুল ইসলাম স্বপন।

নভেম্বর ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মানসিক শক্তির অধিকারী ও প্রত্যুৎপন্নমতি। আপনি বুদ্ধিমান ও চতুর। অন্যদের সন্দেহ করেন, অবিশ্বাস করেন। পরিচিতদের সহজেই বুঝতে পারেন, তাদের উদ্দেশ্য আঁচ করতে পারেন। শিল্প ও সৌন্দর্যের প্রতি রয়েছে আপনার গভীর আকর্ষণ। প্রখর কল্পনাশক্তি আপনাকে দিয়েছে অন্তর্দৃষ্টি। আপনি অস্থিরচিত্ত। তাই ভ্রমণ করবেন অনেক। এমনকি বাসস্থানও পরিবর্তন করবেন বহুবার। আপনাকে অধ্যবসায়ী ও দৃঢ়প্রতিজ্ঞ হতে হবে।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, সৃজনশীল, গবেষণা, রহস্য, অনুসন্ধান, ডিটেকটিভ ও গোয়েন্দা কাজে ভাল করবেন। ব্যতিক্রমধর্মী বা অসাধারণ পন্থায় আপনি অর্থোপার্জন করতে পারেন।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ অনুভব করবেন। দ্রুত প্রেমে পড়বেন। কিন্তু আপনার পরিবর্তনশীল মনে এর তেমন কোন ছাপ থাকবে না। মধ্য বয়সের আগে আপনার বিয়ে না করাই ভাল।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী নীলাভ সবুজ ও হালকা উজ্জ্বল রং। **ধাতু:** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** ওপাল ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৫ ও ৯। **দিন :** মঙ্গল ও বুধবার। **তারিখ :** ৫, ৬, ৯, ১৪, ১৫, ১৮, ২৩, ২৪, ২৭।

ব্যক্তিত্ব : দেশ বন্ধু চিত্তরঞ্জন দাস, চিত্রশিল্পী আব্দুর রাজ্জাক, স্যাম শেফার্ড, টাটুম ও'নীল, ফটোগ্রাফার সাধন রায়, ড. সৈয়দ আনোয়ার হোসেন, ওয়াহীদ সাদেক, আনোয়ারা সৈয়দ হক, ড. সৈয়দ মাহবুবুর রহমান।

নভেম্বর ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনি সৃজনশীল, মিশুক ও সামাজিক। আপনি কর্তব্য পরায়ণ ও উদ্দেশ্যের প্রতি নিবেদিত প্রাণ। আত্মীয়স্বজনদের জন্যে আপনার অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে। স্নেহ-মমতা আপনাকে প্রভাবিত করবে ব্যাপকভাবে। আপনি সৌন্দর্যপ্রিয়। তাই বিলাসী জীবনের প্রতি থাকতে পারে বিশেষ মোহ। প্রথম জীবনে আপনি অনেক ঝামেলা ও সংঘাতের

সম্মুখীন হতে পারেন। আপনার দৃঢ়তা আপনাকে জীবনে প্রতিষ্ঠিত ও খ্যাতিমান করতে পারে।

পেশা : আপনি সৃজনশীল, সাহিত্য, শিল্প, নাটক, বিনোদন ও ব্যবসায় ভাল করবেন। কর্তব্যপরায়ণতা আপনার সাফল্যের ভিত্তি রচনা করবে।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের আকর্ষণ হবে তীব্র। প্রেম-মমতা অনেক কিছুর ব্যাপারেই আপনাকে অন্ধ করে দিতে পারে। সতর্ক না হলে এক্ষেত্রেই আপনি সবচেয়ে হতাশায় ভুগতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, ব্রোঞ্জ, ম্যাজেন্টা, গোলাপী ও নীলাভ সবুজ। ধাতু : ইস্পাত ও তামা। রত্ন : ফিরোজা ও কনক পোখরাজ। সংখ্যা : ৬ ও ৯। দিন : মঙ্গল ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জেমস জোনস, ওবায়েদ-উল হক, স্থপতি চার্লি গারনার, মোহাম্মদ রফি, সাদেকা শফিউল্লাহ, অভিনেতা আনোয়ার হোসেন, আলী জাকের। গোলাম সারওয়ার মিলন।

নভেম্বর ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার উপর নেপচুন ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও মননশীল। বুদ্ধিবৃত্তিক ও মানসিক স্তরে সহজেই বিচরণ করতে পারেন। পরিবেশ, পারিপার্শ্বিকতা ও মানুষকে সহজেই বুঝতে ও বিশ্লেষণ করতে পারেন। আপনি অন্তর্মুখী, আধ্যাত্মিকতার ভাবধারায় সহজে উদ্বুদ্ধ হন। আপনি গোপনীয়তাপ্রিয় ও চাপা। যে কোন কাজে দৃঢ়তার সাথে লেগে থাকার গুণ আছে আপনার। আপনি অত্যন্ত অনুভূতিপ্রবণ। তাই অনেক ভুল বুঝাবুঝির সম্মুখীন হবেন আপনি। সচেষ্ট হলে আপনার সাফল্য ও খ্যাতি কেউ আটকে রাখতে পারবে না।

পেশা : আপনি সৃজনশীল, সঙ্গীত, ওষুধ, রসায়ন, বিজ্ঞান, সমাজকল্যাণ, ধর্ম ও অতীন্দ্রিয় বিজ্ঞানের সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি অত্যন্ত অনুভূতিপ্রবণ এবং ব্যক্তি ও পরিবেশ সচেতন। তাই দাম্পত্য ও পারিবারিক জীবনে ভুল বুঝাবুঝি ও অশান্তির সম্মুখীন হতে পারেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, পীত, নীলাভ সবুজ, সাদা। ধাতু : রূপা ও ইস্পাত। রত্ন : কনক পোখরাজ ও পান্না। সংখ্যা : ৭ ও ৯। দিন : সোম ও মঙ্গলবার। তারিখ : ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী মাদামকুরী, ধর্মবেত্তা বিলি গ্রাহাম, ইবনে হাজম, নূরুদ্দিন জামী, চন্দ্রশেখর ভেঙ্কট রমন, লিয়ন ট্রটস্কি, শেখ নজরুল, মীর আফতাব।

নভেম্বর ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সন্দেহপ্রবণ ও সুচতুর বুদ্ধিবৃত্তির অধিকারী। দৃঢ় ইচ্ছাশক্তির সাথে সাথে আপনার রয়েছে প্রখর ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ। আপনি কর্মঠ। প্রচণ্ড প্রতিকূলতার মধ্যেও নিজের মতে দৃঢ়তা প্রদর্শন করতে পারেন। জঙ্গী মনোভাবের জন্যে সহজেই বিতর্ক ও সংঘাতে জড়িয়ে পড়বেন। আপনি গোপনীয়তা রক্ষা করে চলতে পারেন। আপনার মধ্যে কিছু বৈপরীত্য রয়েছে। সে জন্যে আপনাকে কখনোই পুরোপুরি বোঝা যাবে না। তবে অধ্যবসায় আপনার সাফল্য এনে দেবে।

পেশা : আপনি চিকিৎসা, সামরিক গবেষণা, রাজনীতি, মনস্তত্ত্ব, গুপ্তচর, রহস্য অনুসন্ধানী ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনে মারাত্মক প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হবেন আপনি।

প্রেম : আপনি গভীরভাবে ভালবাসতে চান, ভালবাসা পেতে চান। বিপরীত লিঙ্গের সদস্য সদস্যারা খুব সহজেই আকৃষ্ট হবে আপনার প্রতি। একাধিক প্রেমে পড়বেন। প্রেমের জন্য যথেষ্ট মূল্য দিতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, ধূসর, চকলেট, মেরুন ও নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও সীসা। **রত্ন :** নীলা ও লাপিস লাজুলি। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৮ ও ৯। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিজ্ঞানী এডমণ্ড হ্যালি, লিফ গ্যারেট, ডা. খ্রীশ্চিয়ান বার্নার্ড, এলেন ডেলন, ক্যাথরীন হেপবার্ন, শহীদ জিয়াউর রহমান।

নভেম্বর ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার উপর মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আপোসহীন ব্যক্তিত্বের অধিকারী। নেতৃত্ব, প্রশাসনিক গুণাবলী আছে আপনার। দৃঢ় ইচ্ছা ও মানসিক শক্তির জন্যে দীর্ঘ-মেয়াদী সংগ্রাম চালাতেও আপনার কোন কুণ্ঠা নেই। কোন বিরোধিতাই আপনাকে দমাতে পারে না। আর জীবনে বহু বাধা সংঘাত ও শত্রুতার সম্মুখীন হতে হবে আপনাকে। নিজের বক্তব্য বলিষ্ঠভাবে ব্যক্ত করতে পারেন আপনি। স্পষ্টবাদিতার জন্যে পরিচিতরা আপনাকে সমীহ করবে। জীবনে চলার পথে আপনাকে কৌশলী, সাবধানী ও ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি সেনাবাহিনী, প্রশাসনিক, ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ও এডভেঞ্চার-মূলক পেশায় ভাল করবেন। সার্জন হিসাবেও বেশ সফল হতে পারেন।

প্রেম : আপনার বাহ্যত জঙ্গী ব্যক্তিত্বের আড়ালে রয়েছে অত্যন্ত স্নেহপরায়ণ কোমল মন। তবুও আপনার পারিবারিক জীবন বিরোধ সংঘাতে পূর্ণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, খয়েরী, মেরুন, ম্যাজেন্টা, গোলাপী ও নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** সিলোনী গোমেদ ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ কার্ল সাগান, সাহিত্যিক ইভান তুর্গানেভ, গণিতজ্ঞ হারমেন হোয়েল, অর্থনীতিবিদ জেন মনেট, ফটোগ্রাফার রবার্ট ফ্রাঙ্ক।

নভেম্বর ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ও প্রভাবশালী ব্যক্তিত্বের অধিকারী। প্রাণশক্তির প্রাচুর্য আছে আপনার। তাই অন্যদের সহজেই প্রভাবিত করতে পারেন আপনি। আপনি সৃজনশীল, সমালোচক ও পর্যবেক্ষক। বলিষ্ঠতা ও দৃঢ়তা আছে আপনার। তবুও আপনার মধ্যে রয়েছে ভদ্রতা, সৌজন্যবোধ ও সহানুভূতি। আবার ব্যঙ্গ-বিদ্রূপেও আপনি দক্ষ। অবহেলা আপনার অনুভূতিকে সহজে আহত করতে পারে। তবে ঘৃণা বা ক্ষোভ খুব বেশি দীর্ঘস্থায়ী হয় না।

পেশা : আপনি রাজনীতি, জনপেশা, আইন, পরিকল্পনাকারী, প্রশাসন, সৃজনশীল পেশা, ইঞ্জিনিয়ারিং ও নির্মাণশিল্পে ভাল করবেন।

প্রেম : আপনার শক্তিশালী ব্যক্তিত্ব সহজেই আকর্ষণ করবে বিপরীত লিঙ্গকে। একাধিক প্রেমে পড়তে পারেন আপনি। পারিবারিক জীবনে আপনাকে সহনশীল ও কৌশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, মেরুন, নীলাভ সবুজ, খয়েরী, নীল। **ধাতু :** ইস্পাত ও সোনা। **রত্ন :** কনক পোখরাজ ও ম্যালাকাইট। **সংখ্যা :** ১ ও ৯। **দিন:** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি অলিভার গোল্ড স্মিথ, মার্টিন লুথার, অভিনেতা রিচার্ড বার্টন, বিমান ডিজাইনার আঁদ্রে তুপলেভ, দাউদ খান মজলিশ, সুরেন্দ্র নাথ ব্যানার্জী।

নভেম্বর ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, কল্পনাপ্রবণ সৃজনশীল ও শিল্পমনা। আপনি আবেগপ্রবণ ও সেন্টিমেন্টাল। স্বপ্নের রাজ্যেই বেশি বিচরণ করতে চান। আপনার মধ্যে পরস্পর বিরোধী অনেক কিছুর সমাহার ঘটতে পারে। এই আভ্যন্তরীণ বৈপরীত্যের জন্যে আপনাকে অনেকেই ভুল বুঝতে পারে। স্থিরতার অভাব ও একাধিক বিষয়ের প্রতি ঝোঁক আপনার সাফল্যের অন্তরায় হতে পারে। তবে আপনার বিশ্লেষণী ক্ষমতাপ্রবল। নিজের ভুল সহজে ধরতে পারেন। আপনি সিদ্ধান্তে দৃঢ়। ধৈর্যশীল আত্মবিশ্বাসী ও আত্মনির্ভরশীল হলে যত বাধাই আসুক না কেন আপনি সাফল্য লাভ করবেন।

পেশা : আপনি শিল্পী, সাহিত্যিক, লেখক, জনসংযোগ, সাংবাদিকতা, সমরবিদ্যা, রসায়ন, অনুসন্ধান ও চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। তবে প্রাথমিক জীবনে পেশা নির্বাচন সম্পর্কে সিদ্ধান্ত হীনতায় ভুগতে পারেন।

প্রেম : আপনি রোমান্টিক ও প্রেমময়। বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হন। তবে রোমান্সের ক্ষেত্রেই আপনি বেশি দুঃখ পেতে পারেন। প্রেমের জন্যে আপনাকে অনেক মূল্য দিতে হতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, পীত, সাদা, নীলাভ সবুজ, গোলাপী, মেরুন। **ধাতু :** রূপা ও ইস্পাত। **রত্ন :** ম্যালাকাইট ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : ফিওদর দস্তয়ভস্কি, হাওয়ার্ড ফাস্ট, মৌলানা আবুল কালাম আজাদ, রাজা জিগমে সিংহে ওয়াংচুক, শফিক রেহমান, মালা সিনহা, বি. বি. এণ্ডারসন, সাহিত্যিক গজেন্দ্র কুমার মিত্র, মাহবুব জামিল, শিক্ষাবিদ মমতাজ বেগম, শামীম আজাদ।

নভেম্বর ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও দায়িত্বশীল। জীবনের প্রতি আপনার দৃষ্টিভঙ্গি সিরিয়াস। নিজের সম্পর্কে এক ধরনের শ্রেষ্ঠত্বের ধারণা রয়েছে আপনার, আছে বড় কিছু করার যোগ্যতা। নেতৃত্ব, বিশ্লেষণ ও সাংগঠনিক বিষয়েও আপনি দক্ষ। তবে প্রাথমিক জীবনে আপনি অনেক বাধা ও প্রতিবন্ধকতার সম্মুখীন হতে পারেন। সামর্থ্যের

চেয়ে বেশি বোঝা ও দায়িত্ব আপনার ওপর চাপতে পারে। অবশ্য এগুলো আপনার ভবিষ্যৎ ব্যক্তিত্বের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আপনাকে কর্তৃত্বপরায়ণতা পরিহার করতে হবে, কুশলী হতে হবে।

পেশা : আপনি আইন, প্রশাসক, পুলিশ, গোয়েন্দা সেনাবাহিনী ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। আপনাকে সব সময় অতিরিক্ত দায়িত্বের বোঝা বহন করতে হতে পারে।

প্রেম : আপনি প্রিয়জনদের জন্যে অনুভব করবেন। কিন্তু কর্তৃত্বপরায়ণতা ও কৌশলের অভাব পারিবারিক শান্তির পথে অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, মেরুন, চকলেট ও নীলাভ সবুজ। **ধাতু :** প্লাটিনাম ও ইস্পাত। **রত্ন :** কনক পোখরাজ ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কবি বেলাল চৌধুরী, মীর্জা বাহাউল্লাহ, অগাস্ট রডিন, সান ইয়াৎ সেন, পাখি বিশারদ সলিম আলী, পদার্থবিজ্ঞানী জন রেলিথ, রাজনীতিক হাসানুল হক ইনু।

নভেম্বর ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট, আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুসন্ধিৎসু, মেধাবী ও খেয়ালী। বুদ্ধিবৃত্তিক ক্ষমতার সাথে রয়েছে মৌলিকত্ব। চিরায়তের বাইরে ভিন্ন মতে, ভিন্নপথে চলতে চান। জীবনের লক্ষ্য ও উদ্দেশ্যের ব্যাপারে আপনি সচেতন। নতুন ও ব্যতিক্রমের প্রতি আপনার আগ্রহ প্রবল। আপনি বিশ্বস্ত আর বিশ্লেষণী ক্ষমতা রয়েছে। বাইরে থেকে আপনাকে কখনও পুরাপুরি বোঝা যাবে না। ইন্দ্রিয় সুখপরায়ণতা আপনাকে পেয়ে বসতে পারে। আপনার পছন্দ-অপছন্দের ওপরই নির্ভর করবে আপনার সাফল্য।

পেশা : আপনি ডাক্তার, গবেষক, গোয়েন্দা, গুপ্তচর, পুলিশ, শিল্পী, সাহিত্যিক হিসেবে ভাল করবেন। অবৈধ অর্থের প্রতি আপনার ঝোঁক থাকতে পারে।

প্রেমঃ আপনার প্রেমাবেগ প্রবল। একাধিক প্রেমে জড়িয়ে পড়তে পারেন। খেয়ালীপনার জন্যে পারিবারিক জীবনে ভুল বুঝাবুঝি লেগে থাকতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, নীলাভ সবুজ, চকলেট, মেরুন। **ধাতু :** ইস্পাত ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সাহিত্যিক রবার্ট লুই স্টিভেনশন, মীর মোশারফ হোসেন, রশীদ চৌধুরী, ড. হুমায়ূন আহমেদ, রাজা রনজিৎ সিং, পদার্থ বিজ্ঞানী জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল, সালাহউদ্দিন বাদল।

নভেম্বর ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৫। আপনার উপর বুধ ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিমান, প্রত্যুৎপন্নমতি ও চতুর। আপনি আবেগ ও কল্পনাপ্রবণ। মেধা, কর্মক্ষমতা ও অধ্যবসায় আছে আপনার। আপনি সন্দেহপ্রবণ। মানুষকে বোঝার ও উদ্দেশ্য আঁচ করার ক্ষমতা আছে। নিজের শক্তি ব্যবহার করতে আপনি জানেন। অস্থিরচিত্ত হলেও আপনার আছে অন্তর্দৃষ্টি। আছে সৃজনশীলতা ও

উদ্ভাবনী ক্ষমতা। ভ্রমণ আপনি ভালবাসেন। পরিবর্তন ও বৈচিত্র্য আপনাকে আনন্দ দিলেও আপনি লক্ষ্য থেকে কখনও বিচ্যুত হন না।

পেশা : আপনি বুদ্ধি বৃত্তিক, সৃজনশীল, মনস্তত্ত্ব, গবেষণা, কারিগরি ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। প্রতিদ্বন্দ্বিতা ও প্রতিযোগিতামূলক পেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার হৃদয়ের উষ্ণতা বিপরীত লিঙ্গকে সহজেই আকৃষ্ট করবে। আর আপনি খুব সহজেই প্রেমে পড়তে পারেন। কিন্তু কুশলী ও বিনয়ী না হলে পারিবারিক শান্তি বিপন্ন হতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী, নীলাভ সবুজ, সোনালী ও হালকা উজ্জ্বল রং। ধাতু : ইস্পাত ও প্লাটিনাম। রত্ন : হীরক ও লাপিস লাজুলি। সংখ্যা : ৫ ও ৯। দিন : মঙ্গল ও বুধবার। তারিখ : ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : আবিষ্কারক রবার্ট ফুলটন, চিত্রশিল্পী ক্লাউডিম্যান, প্রিন্স চার্লস, জওহরলাল নেহেরু, কর্নেল তাহের, বাদশা হোসেন, সাহিত্যিক তাহা হোসেন, আজিজ মেহের।

নভেম্বর ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৬। শুক্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মিশুক ও সামাজিক। বহুমুখী মেধা ও সৃজনশীলতার অধিকারী। আকর্ষণীয় ব্যক্তিত্বের সাথে সাথে রয়েছে কর্তব্যপরায়ণতা। প্রেম রোমান্স ও স্নেহ মমতা জীবনে পালন করবে গুরুত্বপূর্ণ ভূমিকা। সৌন্দর্য ও বিলাসের প্রতি আগ্রহ করে তুলতে পারে ইন্দ্রিয় সুখপরায়ণ। অন্যের দ্বারা প্রভাবিত হবেন সহজে। আত্মীয়স্বজনদের জন্যে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে। ঝামেলা ও সংঘাতেও জড়িয়ে পড়তে পারেন। দৃঢ়তা ও অধ্যবসায় সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, নাটক, বিনোদন, গবেষণা, চিকিৎসা ও নার্সিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশাগত পরিবর্তন আসবে একাধিক। ব্যবসাও ভাল।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হবেন। প্রেমের জন্যে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে। তবে সতর্কতার সাথে সিদ্ধান্ত না নিয়ে হতাশার মুখোমুখি হতে পারেন।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী, নীল, ফিরোজা, নীলাভ সবুজ, মেরুন। ধাতু : তামা ও ইস্পাত। রত্ন : ফিরোজা ও ম্যালাকাইট। সংখ্যা : ৬ ও ৯। দিন মঙ্গল ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : ফিল্ডমার্শাল এরউইন রোমেল, মোহাম্মদ ওয়ালিউল্লাহ, পেটুল ক্লার্ক, চিকিৎসাবিদ আগাস্ট ক্রোথ, বিমান নির্মাতা ফ্রেডারিক ফেইজ।

নভেম্বর ১৬

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করার আপনি কল্পনাপ্রবণ ও সৃজনশীল, মননশীলতা ও সহনশীলতা দুই-ই আছে। জ্ঞান-বিজ্ঞান আধ্যাত্মিকতার প্রতি রয়েছে আপনার ঝোঁক। বুদ্ধি-বৃত্তিক ও মানসিক স্তরেই আপনি বিচরণ করতে চান। পরিবেশ ও পারিপার্শ্বিকতা ও মানুষকে সহজেই বুঝতে ও বিশ্লেষণ করতে পারেন। আপনি কিছুটা অন্তর্মুখী ও গোপনীয়তাপ্রিয়।

আপনার ইনটুইশন ও অনুভব প্রখর। আপনি কর্তব্যপরায়ণ, কর্মঠ ও অধ্যবসায়ী। জীবনে সাফল্য লাভের জন্য আপনাকে উদ্যোগী হতে হবে।

পেশা : আপনি জ্ঞান, বিজ্ঞান, মনস্তত্ত্ব, চিকিৎসা, সংগীত, শিল্প, ধর্ম ও অতীন্দ্রিয় বিজ্ঞানের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি ভালবাসায় বিশ্বস্ত হলেও অনুভূতিপ্রবণ। ব্যক্তি ও পরিবেশ সহজেই আপনার ওপর প্রভাব বিস্তার করে। পারিবারিক জীবনে আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, পীত, ক্রীম নীলাভ সবুজ, মেরুন। **ধাতু :** রূপা ও ইস্পাত। **রত্ন :** ম্যালাকাইট ও ক্যাটস আই। **সংখ্যা :** ৭ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯।

ব্যক্তিত্ব : সাহিত্যিক মোহাম্মদ নাসিরুদ্দীন, রণদা প্রসাদ সাহা, সাংবাদিক আতাউস সামাদ, নাট্যকার আলেকসাণ্ড্রা ব্লক।

নভেম্বর ১৭

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সংশয়ী, সুচতুর ও বুদ্ধিবৃত্তির অধিকারী। আপনার মধ্যে আছে কিছু বৈপরীত্য। তাই বাইরে থেকে আপনাকে কখনও পুরোপুরি বোঝা যাবে না। আপনি ইমোশনাল, কর্মঠ ও অধ্যবসায়ী। প্রচণ্ড প্রতিকূলতার মধ্যেও নিজের মতে দৃঢ়তা প্রদর্শন করতে পারেন। কাজে লেগে থাকতে পারেন। সন্দেহপ্রবণ মনের জন্যে বন্ধুত্ব করা আপনার জন্য কঠিন। জীবনের প্রথম অধ্যায়ে আপনি অনেক বাধা ও প্রতিকূলতার সম্মুখীন হবেন। তবে চারিত্রিক দৃঢ়তা ও অধ্যবসায় আপনাকে সাফল্য এনে দেবে।

পেশা : আপনি চিকিৎসা, গবেষক, সেনাবাহিনী, অনুসন্ধান ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনে আপনি অত্যন্ত সফল বা চূড়ান্ত ব্যর্থ হতে পারেন।

প্রেম : আপনি গভীরভাবে ভালবাসতে পারেন। ভালবাসা পেতে চান। কিন্তু প্রেমে হতাশ হতে পারেন বা এজন্য আপনাকে অনেক মূল্য দিতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, মেরুন, ব্রোঞ্জ, ধূসর, চকলেট, খয়েরী ও নীলাভ সবুজ। **ধাতু:** ইস্পাত ও সীসা। **রত্ন :** নীলা ও লাপিস লাজুলি। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৮ ও ৯। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৪, ৮, ৯, ১২, ১৩, ১৭, ১৮, ২১, ২২, ২৬, ২৭, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : ফিল্ড মার্শাল মন্টোগোমারী, মেসবাহুল হক, জাহানারা আরজু, রুনা লায়লা, বিজ্ঞানী ইউজিব উইগনার, ঔপন্যাসিক ল্যাপিজি ফনটেজ, সাবাতানী, ভাস্কর চৌধুরী।

নভেম্বর ১৮

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। ধনুর প্রভাব আছে। জন্মসংখ্যা ৯। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। উদ্যম, উদ্দীপনা, নেতৃত্ব ও প্রশাসনিক গুণ আছে। চ্যালেঞ্জ, সংগ্রাম ও সংঘাতে ভয় পান না। বিনয়ী হলেও প্রখর কৌতুকবোধ অনেকের মনকেই আহত করতে পারে। আর বিতর্কেও জড়িয়ে পড়তে পারেন। অপরাজেয় মানসিক শক্তি জীবন সংগ্রামে এগিয়ে নিয়ে যাবে। তবে কৌশলী ও ধৈর্যশীল হতে হবে।

পেশা : আপনি আইন, রাজনীতি, ইঞ্জিনিয়ারিং, প্রশাসন, পুলিশ, গোয়েন্দা, সার্জন ও যে কোন প্রতিদ্বন্দ্বিতা ও চ্যালেঞ্জমূলক পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি অত্যন্ত স্নেহপরায়ণ। গতিশীল ব্যক্তিত্বের জন্যেও সহজেই প্রেমে পড়তে পারেন। একাধিক প্রেম পারিবারিক শান্তিকে বিঘ্নিত করতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, মেরুন, ম্যাজেন্টা, খয়েরী ও নীলাভ সবুজ। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও রক্তপ্রবাল। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : নভোচারী এলেন শেফার্ড, লিণ্ডা ইভান্স, নাট্যকার সেলিম-আল-দীন, ভী সান্তারাম, জর্জ ওয়াল্ড, সাংবাদিক আমান উল্লাহ, লেখক কাজী শাহনূর হোসেন, রেহানা সুলতানা।

নভেম্বর ১৯

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। ধনুর প্রভাব আছে। জন্ম সংখ্যা ১। রবি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে বৃশ্চিকের ছাপ সুস্পষ্ট। ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি প্রাণবন্ত ও প্রভাবশালী ব্যক্তিত্বের অধিকারী। পরিশ্রমী ও উদ্যোগী, সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা আছে। নতুন সুযোগ ও নতুন চ্যালেঞ্জ গ্রহণে সদাপ্রস্তুত। সূক্ষ্ম পর্যবেক্ষণ ও সমালোচনার ক্ষমতা দ্বারা সহজেই অন্যদের প্রভাবিত করতে পারবেন। আবার ব্যঙ্গ-বিদ্রূপেও আপনি দক্ষ। উচ্চাভিলাষী হওয়ায় বলিষ্ঠ ও বেপরোয়া পদক্ষেপ নিতেও দ্বিধা করেন না। অবহেলা কিছুতেই সহ্য করতে পারেন না। শক্তিকে সংহত করতে শিখতে হবে।

পেশা আপনি আইন, রাজনীতি, সেনাবাহিনী, গোয়েন্দা, অভিযাত্রা ও ইঞ্জিনিয়ারিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। সৃজনশীল জনপেশাও ভাল।

প্রেম : আপনার প্রভাবশালী ব্যক্তিত্ব বিপরীত লিঙ্গকে সহজেই আকৃষ্ট করবে। একাধিক প্রেমে পড়তে পারেন। পারিবারিক শান্তির জন্যে সংযমী ও কৌশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, মেরুন, সবুজাভ নীল। **ধাতু :** ইস্পাত ও সোনা। **রত্ন :** কনক পোখরাজ ও আম্বর। **সংখ্যা** ১ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মার্কিন প্রেসিডেন্ট জেমস গারফিল্ড, ভারতীয় নেত্রী ইন্দিরা গান্ধী, বিপ্লবী তানিয়া, কেশব চন্দ্র সেন, সাংবাদিক সৈয়দ নাজাত হোসেন, জুডি ফস্টার, জিনাত আমান, মাশুক চৌধুরী, দারা সিং।

নভেম্বর ২০

আজ জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। চন্দ্র ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃশ্চিকের বৈশিষ্ট্য ধনু দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় রোমান্টিক ও মেধাবী। কল্পনাপ্রবণ ও ইমোশনাল মন সহজেই অতীতে বিচরণ করে। বিশ্লেষণী ক্ষমতা ও ইনটুইশন প্রখর। যে কোন বিষয়ের গভীরে সহজেই প্রবেশ করতে পারেন। আপনার মধ্যকার বৈপরীত্য এক এক সময় এক এক দিকে ঝোঁক সৃষ্টি করতে পারে। স্থিরতা ও অধ্যবসায়ের অভাব থাকতে পারে। আপনার সিদ্ধান্তের উপরই জীবনের অনেক কিছু নির্ভর করবে। সাফল্য লাভের জন্যে আত্মবিশ্বাসী, দৃঢ়চেতা ও অধ্যবসায়ী হতে হবে।

পেশা : আপনি ইতিহাস, প্রত্নতত্ত্ব, শিল্প, সাহিত্য, নৌ যোগাযোগ, রসায়ন ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। চিকিৎসক হিসেবেও খ্যাতিলাভ করতে পারেন।

প্রেম : আপনি রোমান্টিক ও স্পর্শকাতর। একাধিক প্রেম জীবনে সৃষ্টি করতে পারে জটিলতা। বিয়ের ব্যাপারে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, কমলা, পীত, সবুজাভ নীল, সাদা ও মেরুন। **ধাতু :** ইস্পাত ও রূপা। **রত্ন :** রুবী ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : রবার্ট কেনেডী, হাজেরা নজরুল, জ্যোতির্বিদ এডউইন পাওয়েল হাবল, জনি টিয়েরনি, সেনানায়ক আলবার্ট কিসলিং, পদার্থ বিজ্ঞানী অটোভন গারিক, সাংবাদিক শাহরিয়ার কবির, ফয়জুস সালেহীন, চিত্রশিল্পী সঞ্জিত কুমার চৌধুরী।

নভেম্বর ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি বৃশ্চিক রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ৩। আপনার উপর বৃহস্পতি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে বৃশ্চিকের বৈশিষ্ট্য ধনু দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, নির্ভীক ও স্বাধীনচেতা। জীবনের প্রতি আপনি দায়িত্বশীল ও সিরিয়াস। জীবনের দাবি ও চ্যালেঞ্জ মোকাবিলায় আপনি মোটেই ভীত নন। আর বড় কিছু করার যোগ্যতাও আছে আপনার। বিশ্লেষণী ও সাংগঠনিক ক্ষমতা আপনাকে দিয়েছে প্রশাসনিক দক্ষতা। প্রাথমিক জীবনে অনেক বাধা ও প্রতিবন্ধকতা আসতে পারে। ইচ্ছাশক্তির একাধিক পরীক্ষা দিতে হতে পারে। সামর্থ্যের চেয়েও অনেক বেশি দায়িত্ব আপনার ওপর অর্পিত হতে পারে। আপনাকে কুশলী ও বিনয়ী হতে হবে।

পেশা : আপনি আইন, ধর্ম, দর্শন, প্রশাসন, সেনাবাহিনী ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। কর্ম-জীবনে অতিরিক্ত দায়িত্বের বোঝা আপনার ওপর অর্পিত হতে পারে।

প্রেম : আপনার অতিরিক্ত আত্মসচেতনতা প্রেম ও রোমান্সে নিজের যথাযথ প্রকাশকে ব্যাহত করতে পারে। কর্তৃত্বপরায়ণতা ও কৌশলের অভাব পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, মেরুন, নীল ও সবুজাভ নীল। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** কনক পোখরাজ ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : দার্শনিক ভলটেয়ার, সাহিত্যিক ইমরান নওয়াব শাহ, রাজনীতিক শাহ আজিজুর রহমান, প্রেম নাথ, ল্যারি হেগম্যান, কাজী লতিফা হক।

Sagittarius

২২ নভেম্বর-২০ ডিসেম্বরের মধ্যে জন্ম হলে আপনার রাশি

ধনু

ধনুর জাতক আদর্শবাদী, সৎ, দিলখোলা ও স্বাধীনচেতা। দৈহিক ও মানসিকভাবে জীবনের চূড়ান্ত লক্ষ্যে উপনীত হওয়ার জন্য এরা স্বাধীন সুযোগ চায়। স্বাধীন আত্মবিকাশের সুযোগের মূল্যই এদের কাছে সবচেয়ে বেশি। এদের ব্যক্তিগত স্বাধীনতায় কেউ হস্তক্ষেপ করলে এরা ক্ষুব্ধ হয়ে ওঠে। আবার অন্যের স্বাধীনতাকেও শ্রদ্ধা করে। এরা স্পষ্টভাষী। পছন্দ-অপছন্দের প্রশ্নে এরা অন্যের অনুভূতির তোয়াক্কা না করেই নির্মম স্পষ্টবাদী হতে পারে। এর পেছনে অবশ্য কোন ঘৃণা বা ঈর্ষা থাকে না। কড়া কথা বলেও এরা সহজে তা ভুলে যায়।

ধনুর জাতকের ন্যায় বিচারের অনুভূতি তীব্র। এরা মূলত সৎ। তাই অসততাকেই ঘৃণা করে। এরা উচ্চাভিলাষী, এডভেঞ্চারপ্রিয়, মেধাবী ও আবেগপ্রবণ। জীবনের প্রতি এরা দার্শনিক দৃষ্টিভঙ্গির অধিকারী। আদর্শবাদী হলেও এরা স্বাপ্নিক নয়। লক্ষ্যে উপনীত হওয়ার জন্য উদ্যোগ ও পরিশ্রমে এরা পিছপা হয় না। সহজাতভাবেই এরা বড় কিছু করার কথা ভাবে। জীবন সংগ্রামে কোন কারণে পিছিয়ে গেলে সহজেই এরা ধাক্কা সামলে নিয়ে অগ্রযাত্রা শুরু করতে পারে। এজন্য জীবনে এরা মহৎ লক্ষ্যে পৌঁছতে সক্ষম হয়।

ধনুর জাতক বুদ্ধিবৃত্তিক প্রতিভার অধিকারী। তারা গভীরভাবে চিন্তা করে। তারা চিন্তার নতুন দিগন্তের অনুসন্ধান শুরু করে। এদের ইনটুইশন ও অন্তর্দৃষ্টি প্রখর। যেকোন লেনদেন ও কাজের ফলাফল কি হতে পারে, তা তারা আঁচ করতে পারে। ধর্ম, দর্শন ও যেকোন একাডেমিক বিষয়ের প্রতি এদের ঝোঁক রয়েছে। এসবের ব্যাখ্যা-বিশ্লেষণে এরা দক্ষ। ভ্রমণের প্রতি এদের দুর্নিবার আকর্ষণ রয়েছে। অন্য যেকোন জাতকের চেয়ে এরাই বেশি বিদেশে যায়। বিদেশে যেতে না পারলে এরা বইয়ের জগতে অথবা কল্পনায় বিদেশ ভ্রমণ করে। এরা পরিষ্কার স্বপ্ন দেখে। অধিকাংশ সময়ই এদের স্বপ্নে ভবিষ্যৎ ধরা দেয়।

জ্ঞানের প্রতি আকর্ষণ ও উপস্থিত বুদ্ধির জন্য ধনুর জাতক সুন্দরভাবে আলোচনায় অংশ নিতে পারে। তারা উদারমনা ও সহনশীল। তাদের কৌতুকবোধও প্রখর। এরা অন্যের মত শুনতে চায়। এরা যুক্তি-তর্ক ভালবাসে। কখনও হঠাৎ রেগে গেলেও এরা সহজেই ক্ষমা করতে পারে। অভ্যাসের ক্ষেত্রে এরা মধ্যপন্থী। সাধারণভাবে এদের ব্যবহার মধুর। তবে কিছু লোক বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে এদের পূর্ব ধারণা কাজ করে। তেমন ক্ষেত্রে স্পষ্টবাদিতার জন্যে এরা অনাহুত বিরোধে জড়িয়ে পড়তে পারে।

ধনুর জাতক কাউকে কষ্ট দিতে চায় না। তাই তারা কোন কিছুকেই সহজে 'না' করতে পারে না। এরা বন্ধুবৎসল। এরা অনেক যোগসূত্র বজায় রাখতে চায়। প্রভাবশালী ও সচ্ছল লোকদের সাথে এরা সম্পর্ক গড়তে উৎসাহী। আবার গরীবদের প্রতিও এরা বেশ দয়ালু। এরা সবাইকে খুশি করতে গিয়ে অনেক সময় নামকা ওয়াস্তে ওয়াদা করে। এরা এমন ওয়াদা সহজেই ভুলে যায়। অন্য যেকোন রাশির তুলনায় এরা বেশি নিঃস্বার্থভাবে কাজ করতে পারে।

এরা মেধাবী হলেও আবেগপ্রবণ। এদের ধৈর্য কম। দ্রুত সাফল্য লাভের আশায় এরা চিন্তা-ভাবনা না করেই হঠাৎ সিদ্ধান্ত নিয়ে বসে। এরা আশাবাদী হওয়ায় যে কোন

সুযোগ গ্রহণে উৎসাহী হয়ে পড়ে। অনেকের তাই জুয়ার প্রতি উৎসাহ প্রবল। অনেক সময় এরা সুযোগের সদ্ব্যবহার করতে সক্ষম হয়।

অর্থ ও কর্মজীবন

ধনুর জাতক অর্থের ব্যাপারে অমিতব্যয়ী। তবে অর্থ উপার্জনে এরা ভাগ্যবান এবং সুযোগের সদ্ব্যবহার করতে সদাপ্রস্তুত। ব্যবসায়ে এরা ভাল করে। যেকোন উদ্যোগের বাস্তব সম্ভাবনা নিরূপণের যোগ্যতা এদের আছে। তাদের কর্মতৎপরতা ও সহজ ব্যবহার ব্যবসায়ের বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব করতে সাহায্য করে।

ধনুর জাতক পেশায় স্বাধীনতা সবচেয়ে বেশি পছন্দ করে। যেখানে উচ্চাভিলাষ ও মেধা কাজে লাগানো যায়, যেখানে মুক্ত মনে কাজ করা যায়, এমন পেশায়ই এরা ভাল করে।

ধনু রাশির জাতকরা দক্ষ কর্মী। তারা মালিকের প্রতি অনুগত। দক্ষতা প্রমাণের সুযোগ ও স্বায়ত্তশাসন দিলেই এরা বেশি ভাল করে। মালিক বা কর্মকর্তা হিসেবে এরা সাধারণত জনপ্রিয়তা অর্জন করে। ন্যায়বিচার প্রিয়তার জন্য এরা কর্মচারীদেরও যেকোন অন্যায় বা অবিচার থেকে রক্ষা করতে সচেষ্ট থাকে।

আত্মবিশ্বাসের জন্য এরা প্রতিরক্ষা সার্ভিসের প্রতিও আকৃষ্ট হয়। ভ্রমণের প্রতি আকর্ষণের জন্য এদের অনেকেই বিদেশে কাজ করে। স্বাধীনচেতা মনোভাবের জন্য এরা অনেক সময় ৩০ বছর বয়সের দিকে পেশা পরিবর্তন করে অথবা একাধিক পেশায় একই সাথে জড়িয়ে পড়ে। ব্যবসায়ে অংশীদারী উদ্যোগে এদের সফলতা বেশি। এরা সাধারণত একক উদ্যোগ নেয় না। মামলা-মোকদ্দমায় এরা ভাগ্যবান। এদের সবসময়ই জুয়ার মনোভাব ও হঠাৎ সিদ্ধান্ত নেয়ার প্রবণতা পরিহার করতে হবে। এদের জীবন বর্ণাঢ্য ও ঘটনাবহুল। সাধারণত ৩০ বছরই জীবনের মোড় পরিবর্তনকারী বছর।

শরীর ও স্বাস্থ্য

ধনুর জাতকের গড়ন মাঝারি। উচ্চতা মাঝারি থেকে লম্বা। শরীরের সবকিছু একটু বাড়তি মনে হয়। কৈশোরে এরা বেশ হালকা-পাতলা থাকে। কিন্তু বয়স বাড়ার সাথে সাথে এদের দেহ ভারী হতে থাকে। এদের মাথা লম্বা। উপরিভাগ উঁচু। কেশদাম সুন্দর ও ঘন। কপাল উঁচু। উপর ও নিচের কোণা প্রশস্ত। ফলে এদের বুদ্ধিদীপ্ত মনে হয়। ভ্রূ সুন্দর ও বাঁকানো। মুখ পূর্ণ ও লম্বাটে। নাক বড় এবং নাসারন্ধ্র একটু ফোলা। চোখ বড় ও বাদামাকৃতির। হাসির রেখা চোখের কোণে প্রথমেই ফুটে ওঠে। ঠোঁট সুন্দর। চোয়াল ও চিবুক শক্ত। ঘাড় একটু লম্বা। চামড়া প্রাণবন্ত। দাঁত চওড়া, বিশেষত উপরের পাটির মাঝের দুটো দাঁত। হাত সুগঠিত। আঙ্গুল একটু লম্বা ও কৌণিক। চেহারা মনখোলা ও কৌতুকপূর্ণ। গলার স্বর বলিষ্ঠ। এরা চিন্তা করে ধীরে কথা বলে। হাঁটার সময় এরা একটু দোলে। মুখভঙ্গীমায় তারুণ্যের অস্থিরতা প্রকাশ পায়। ক্রুদ্ধ বা আশ্চর্যান্বিত হলে এরা মাথা নাড়ে। অস্থির বা বিরক্ত হলে বিক্ষিপ্ত পদচারণার মাধ্যমে তা প্রকাশ করে।

ধনুর জাতকের রোগ প্রতিরোধ ক্ষমতা প্রচুর। এরা স্নায়ুর উপর চলে। স্নায়বিক শক্তি কমে এলেই এরা সাধারণত অসুস্থ হয়ে পড়ে। নার্ভাস হয়ে গেলে এদের শয্যাশায়ী হওয়া বিচিত্র নয়। তবে এদের শরীরে স্থিতিস্থাপকতা চমৎকার। এরা পানাহারে মধ্যপন্থী। শরীর ও স্বাস্থ্যের প্রতি বাস্তব দৃষ্টিভঙ্গির জন্য এদের দেহে শক্তির রিজার্ভ গড়ে ওঠে। অসুস্থতার প্রতি সহজাত ক্ষোভের জন্য এরা সহজে রোগমুক্ত হয়ে ওঠে।

ধনুর জাতক উরু ও নিতম্বের যেকোন অসুস্থতা, কটিবাত, গেঁটে বাত ও ফুসফুসের রোগ, এজমা, নিউমোনিয়া ও যকৃতের পীড়ায় আক্রান্ত হতে পারে। শীতকালে এরা বাত বা ঠাণ্ডায় আক্রান্ত হতে পারে। এরা দৈনন্দিন কাজে প্রচুর স্নায়বিক শক্তি নিঃশেষ করে।

বিশেষত যেকোন বুদ্ধিবৃত্তিক পেশায় নিযুক্ত ধনুর জাতক স্নায়বিক শক্তির ওপরেই নির্ভর করে। এজন্য এদের স্নায়বিক অবসাদ আসতে পারে। এডভেঞ্চারপ্রিয় ও ধৈর্যহীন হওয়ায় এদের মধ্যে দুর্ঘটনার প্রবণতা বেশি।

মুক্তাঙ্গন তৎপরতা, খেলাধুলা ও ভ্রমণের প্রতি ধনুর জাতকের আকর্ষণ নেশার মতই। যেকোন ক্রীড়া প্রতিযোগিতায় এদের আকর্ষণ প্রবল। এরা মুক্ত পরিবেশেই থাকতে ভালবাসে। আবদ্ধ জায়গায় থাকতে বা কাজ করতে বাধ্য হলে এরা 'ক্লাস্ট্রোফোবিয়া' বা 'আবদ্ধাতঙ্কে' আক্রান্ত হতে পারে। এদের বিশ্রাম নেয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করতে হবে। তাহলে এরা দীর্ঘজীবন লাভ করতে পারে। এদের দেহ সাধারণত শেষ বয়স পর্যন্ত সুগঠিত থাকে। নিয়মিত পার্কে ভ্রমণ, পেঁপে ও কচু এদের স্বাস্থ্যের জন্য বেশি উপকারী।

ধনু পুরুষ

ধনু রাশির পুরুষ উদার ও মিশুক। ছেলেমেয়ে নির্বিশেষে এরা সহজেই বন্ধুত্ব করতে পারে। এরা যে কারও প্রাণ-প্রাচুর্যে ভরপুর সঙ্গী হতে পারে। এরা স্পষ্টভাষী। এদের মধ্যে কৌতুক করার প্রবণতা আছে। এরা ঘরকুনো নয়। ব্যবসা, পেশা, বন্ধু-বান্ধব, ক্লাব ও সামাজিক তৎপরতায় এদের আকর্ষণ বেশি। এদের এই ব্যস্ততা ও আত্মপ্রত্যয়ের জন্য মহিলারা সহজেই আকৃষ্ট হয়। এরা প্রেমিকার সাথে নির্জনে বসে গল্প করার চেয়ে তাকে নিয়ে বিভিন্ন স্থানে ঘুরে বেড়াতে চায়। বন্ধু-বান্ধবের আখড়া ও ক্লাব-রেস্তরাঁয় সর্বত্রই এরা প্রেমিকাকে সঙ্গী হিসেবে পেতে চায়।

ধনু স্বামী স্ত্রীর প্রতি নিবেদিতপ্রাণ হলেও ঘরোয়া ব্যাপারে অমনোযোগী। ঈর্ষা ও কর্তৃত্বপরায়ণ স্ত্রীর প্রতি এরা বিরক্ত হয়ে উঠতে পারে। ধনু স্বামীর জন্য প্রয়োজন একজন বুদ্ধিমতি ও কৌশলী স্ত্রীর। শুধু গৃহিনী না হয়ে যে স্বামীর সামাজিক মুক্তাঙ্গন তৎপরতায় সঙ্গিনী হতে পারবে। ধনু পুরুষ চিন্তার পরিপূর্ণ একাত্মতার চেয়ে একটু নৈর্ব্যক্তিক সম্পর্ক বেশি পছন্দ করে। এ কারণে ঘরের ছোটখাট বিষয় বা স্ত্রীর খুঁটিনাটি বিষয়ে সে কখনও মাথা ঘামায় না। স্ত্রীকে সাধারণত ঘরের কাজে স্বায়ত্তশাসন প্রদান করে। তবে ধনু পুরুষরা আকর্ষণ শেষ হয়ে গেলে আর প্রেমের ভান করতে পারে না। যে প্রেম বা সম্পর্ক শুকিয়ে গেছে তা নিয়ে এরা খুব কমই চিন্তা করে। ধনু পুরুষ যৌনতাকেও একটা খেলা মনে করে ও পূর্ণ তৃপ্তি কামনা করে।

ধনু মহিলা

ধনু মহিলা দয়ালু, উদার, মিশুক ও সহানুভূতিশীল। এরা সাধারণত ছিপছিপে আকর্ষণীয় ফিগারের অধিকারী। কারও প্রতি আকর্ষণবোধ করলে এরা রঙিন চশমার ভেতর দিয়েই তাকে দেখে। সবদিক থেকে প্রত্যাশা অনুসারে না হলে এরা সহজেই অস্থির, হতাশ ও ছলনাময়ী হয়ে উঠতে পারে। এরা অস্থির ও আবেগপ্রবণ হলেও স্বামী নির্বাচনে চিন্তাশীল। এ ব্যাপারে এরা হঠাৎ সিদ্ধান্ত নেয় না।

স্ত্রী হিসেবে এরা স্বামীর সব কাজেই আগ্রহ প্রকাশ করে। সকল কাজে স্বামীর সঙ্গী হতে পারলেই এরা খুশি হয়। ঘরের কাজ দ্রুত শেষ করে এরা বাইরের জগতে বন্ধু-বান্ধবদের সাথে ঘুরে বেড়াতে চায়। স্বামীকে ছোটখাট ব্যাপারে কখনই সন্দেহের চোখে দেখে না। তবে দৈনন্দিন জীবনের ত্রুটি-বিচ্যুতি আলোচনায় এরা কৌশলী হতে পারে না। এক্ষেত্রে এরা বেশ স্পষ্টবাদী। স্বামী প্রদত্ত স্বাধীনতার মর্যাদা রক্ষায় এরা কখনও পিছপা হয় না। এমনি সহজ সরল হলেও কোন কিছুতে মনে আঘাত পেলে এরা বেশ রেগে যেতে পারে। তবে এদের রাগ ক্ষণস্থায়ী। মা হিসেবে এরা সবসময়ই সন্তানকে স্বাধীনভাবে আত্মবিকাশের সুযোগ দিতে চায়।

অবসাদ নিরাময়ে

ঘরের বাইরে পর্যাপ্ত কাজ করার সুযোগ না পেলে আপনার মনে অসন্তোষ দানা বেঁধে উঠতে পারে। তাই দৌড়-ঝাঁপ করা যায় শুরুতেই এমন পেশা আপনার বেছে নেয়া উচিত। আর সুযোগ পেলেই ভ্রমণ করুন। আপনার জীবনকে আনন্দময় করার জন্য কিছু প্রাণোচ্ছল বন্ধু-বান্ধব প্রয়োজন। সরস কৌতুক বিনিময় ও অভিজ্ঞতার স্মৃতিচারণ আপনার অবসাদকে দূরে ঠেলে দিতে পারে। কারও অনুরোধ প্রত্যাখ্যান করা আপনার পক্ষে সম্ভব নয়। অনুরোধকারীদের জন্য কাজ করুন। আপনি উদার ও দানশীল। দাতব্য ও সমাজকল্যাণমূলক কাজে বেশি মন দিন। এতে জীবনের অবসাদ থেকে আপনি সহজেই মুক্তি পাবেন।

ত্রুটিবিচ্যুতি

ধনুর জাতক ধৈর্যহীন, অমিতব্যয়ী, অস্থির, বেপরোয়া ও অবিবেচক হতে পারে। এদের মনোযোগ ও ধারাবাহিকতার অভাব আছে। জুয়ার প্রতি আকর্ষণের জন্য এরা জীবন নিয়েও জুয়া খেলতে পারে। একদিকে চিরায়ত প্রথা ও অপরদিকে স্বাধীনতা প্রিয়তা—এই পরস্পর বিরোধী চিন্তা এদের সামাজিক দ্বন্দ্বের কারণ হতে পারে। এরা নিয়ম-শৃংখলা ও অন্যের উপদেশ সাধারণত মানতে চায় না। নিজেদের সম্পর্কে এরা অতিরঞ্জিত ধারণা পোষণ করে। অন্যকে খুশি করার জন্য এরা ওয়াদা করে তা ভুলে যায়। এদের জীবনে ডিপ্লোম্যাসীর অভাব প্রকট। এদের স্পষ্টবাদিতা অনেকেরই মনোকষ্টের কারণ হতে পারে। অবাস্তব কথা ও কাজের পরিকল্পনায় এরা অনেক সময় উৎসাহিত হয়ে উঠতে পারে।

পাস্পরিক সম্পর্ক

ধনুর জাতক উদারমনা ও বন্ধুবৎসল হওয়ায় সহজেই অন্যদের সাথে সম্পর্ক গড়ে তুলতে পারে। এদের সহানুভূতি খুব সহজে অন্যদের কাছে টেনে নেয়। সাধারণভাবে মেষ, সিংহ, তুলা ও কুম্ভের জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

ধনুর সাথে ধনুর সম্পর্কে সতর্কতা বাঞ্ছনীয়। অনেক ভাল গুণ থাকা সত্ত্বেও এরা উভয়েই স্বাধীনচেতা। তাই ব্যক্তিত্বের সংঘাত দেখা দিতে পারে।

মিথুন, কন্যা ও মীন রাশির জাতকের সাথে ধনুর জাতকের সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি সৃষ্টি হতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে ধৈর্য, উদারতা ও সমঝোতার মনোভাব গ্রহণ করতে হবে। ধনু ও মিথুনের বিয়েতে স্থায়িত্বের সম্ভাবনা কম।

বৃষ, কর্কট, বৃশ্চিক ও মকর রাশির জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ধনুর জাতককে কৌশলী হতে হবে। তাছাড়া ধনুর সাথে এদের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপনে অনীহাও থাকতে পারে।

তাই বন্ধু ও পরিচিতদের রাশি ও জন্মদিনের বৈশিষ্ট্যগুলোও আপনার ভালভাবে পড়া প্রয়োজন। তাহলে আপনি তাদের ভালভাবে বুঝতে পারবেন।

নভেম্বর ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার উপর বৃহস্পতি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে ধনুর বৈশিষ্ট্য বশ্চিক দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার

প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ ও বুদ্ধিবৃত্তিক প্রতিভার অধিকারী। আপনি স্বাধীনতাপ্রিয় ও চতুর। অন্তর্দৃষ্টি আছে আপনার। সহজেই নিজেকে গুটিয়ে নিতে পারেন। মনের দিক থেকে আপনি সতর্ক ও রসিক। নিজের সিদ্ধান্ত নিজেই নিতে চান। নিজের মত ও ব্যক্তিত্বের প্রকাশে আপনার কুণ্ঠা নেই। অকাল্ট ও অতীন্দ্রিয়ের প্রতিও রয়েছে আপনার আগ্রহ। নীরবে ও অপ্রত্যাশিত দ্রুততায় সাফল্য আপনার দ্বারে আসতে পারে। কিন্তু তাকে ধ'রে রাখা আপনার দায়িত্ব।

পেশা : আপনি কারিগরি, ইঞ্জিনিয়ারিং, শিল্প, সাহিত্য, সাংবাদিকতা, দর্শন ও আইনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। অংশীদারী ব্যবসায় সতর্ক থাকা ভাল।

প্রেম : প্রেমে আপনি কিছু প্রতিবন্ধকতা ও হতাশার মুখোমুখি হতে পারেন। তবে বিয়ে আপনার জীবনে আনতে পারে পরিপূর্ণতা।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, সোনালী, বাদামী, ক্রীম ও লেমন। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** পোখরাজ ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৪। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জর্জ ইলিয়ট, পাউলা ফক্স, চার্লস দ্য গল, আঁদ্রে জিদ, সেনানায়ক আনোয়ার পাশা, অধ্যাপক গোলাম আজম।

নভেম্বর ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও বৃহস্পতির বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে ধনুর বৈশিষ্ট্য বৃশ্চিক দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও মেধাবী। তবে আপনি আবেগপ্রবণ, অস্থির ও ধৈর্যহীন। সব সময় মানসিক ও দৈহিকভাবে ব্যস্ত থাকতে চান। বুদ্ধিবৃত্তিক সম্ভাবনা আপনার মধ্যে রয়েছে। জীবনের প্রতি আপনার দৃষ্টিভঙ্গি ইতিবাচক। তবুও আপনার মেধা বুদ্ধি ও কর্মতৎপরতা বিক্ষিপ্তভাবে বহু দিকে, বহু পথে বিচরণ করতে পারে। জীবনে সাফল্য লাভের জন্যে আপনার প্রয়োজন ধৈর্য ও সুনির্দিষ্ট লক্ষ্যে একাগ্রতা। তাছাড়া জীবনের সুযোগগুলোকেও যথাযথ সময়ে কাজে লাগাতে হবে।

পেশা : আপনি সাংবাদিকতা, সেলসম্যান, অনুসন্ধানকারী, গোয়েন্দা, রাজনীতি, সমাজকল্যাণ ও জনপেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি কোমলহৃদয় রোমান্টিক। প্রিয়জনকে খুশি করার জন্যে কোনকিছু করতে আপনার দ্বিধা কম। তাই বিয়ে আপনার জীবনকে নতুন প্রাণশক্তিতে উজ্জীবিত করতে পারে। তবে একটু বেশি বয়সেই বিয়ে করা ভাল।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, গোলাপী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু** প্লাটিনাম ও ইস্পাত। **রত্ন :** পোখরাজ ও ওপাল। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৯, ১২, ১৪, ১৮, ২১, ২৩, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : নীরোদ চৌধুরী, মোজাফ্ফর আহমেদ চৌধুরী, সাহিত্যিক মাসাকো কুমি, বিজ্ঞানী হেনরী মুসলী, কাজী শামিম, বাপ্পী লাহিড়ী।

নভেম্বর ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অমায়িক, মিশুক ও হাস্যোজ্জ্বল। আপনি সামাজিক। প্রভাবশালী ও ক্ষমতাশালীদের সাথে আপনি সহজে মিশতে পারেন। আর এই গুণই

আপনাকে নিয়ে যেতে পারে প্রভাবশালীদের কাতারে। সাজসজ্জা ও আসবাবপত্রের ব্যাপারে নিজস্ব রুচি রয়েছে। আপনি সব সময় সম্প্রীতি ও শান্তির পূজারী। অশান্তি, বিতর্ক ও হাঙ্গামা এড়িয়ে চলতে চান। তবে আপনি দ্রুত চিন্তা করতে পারেন। স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারেন। জীবনের সম্ভাবনা বাস্তবায়ন আপনার পক্ষে সহজ হতে পারে।

পেশা : আপনি রাজনীতি, বিনোদন, শিল্প, সাহিত্য, সমাজ কল্যাণ, হোটেল ব্যবস্থাপনার সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি রোমান্টিক, বিপরীত লিঙ্গের প্রতি আকৃষ্ট হবেন। তাই অনেকের ভিড়ে জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে ভুল করতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, গোলাপী, বেগুনী। **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : প্রত্নতত্ত্ববিদ্ ইব্রাহিব ইবনে আবদুল্লাহ, দার্শনিক স্পিনোজা, সম্পাদক জয়নুল আনাম খাঁ, স্থপতি ওয়াল্টার গ্রিফিন।

নভেম্বর ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার উপর নেপচুন ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় মেধাবী হলেও আপনি হতে পারেন দুর্বোধ্য ও পরস্পর বিরোধী গুণাবলীতে পূর্ণ। বিনয়, ভদ্রতা ও কল্পনা বিলাস আপনার মাঝে থাকতে পারে। আবার আপনি হতে পারেন বেপরোয়া ও উদ্ধত। আপনার বিশ্বস্ততা ও নির্ভরযোগ্যতা প্রশ্নাতীত মনে হতে পারে। আবার দায়িত্বহীনতারও প্রকাশ ঘটতে পারে আপনার মধ্যে। শক্তিশালী ব্যক্তিত্ব দ্বারা কৈশোরেই আপনি ব্যাপকভাবে প্রভাবিত হতে পারেন। আপনার চরিত্রের ইতিবাচক বা নেতিবাচক প্রকাশ নির্ভর করবে আপনার ইচ্ছাশক্তির দৃঢ়তার ওপর। সিদ্ধান্ত গ্রহণের জটিলতা অতিক্রমের ওপরই নির্ভর করবে সাফল্য।

পেশা : আপনি সৃজনশীলতা, সাহিত্য, দর্শন, বিনোদন ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নাবিক হিসেবেও আপনি সফল হতে পারেন।

প্রেম : আপনার জীবনে প্রেম ও বিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হিসেবে কাজ করবে। আপনার স্বামী বা স্ত্রী আপনার সাফল্য বা হতাশার কারণ হবে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ক্রীম, পীত, লেমন, সাদা, বেগুনী। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** পোখরাজ ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : টিনা টার্নার, শিল্পপতি এণ্ড্রু কার্নেগী, জ্যোতির্বিদ লুই রাদারফোর্ড, কার্লবার্ন, শিল্পপতি মাগফুর উদ্দিন আহমেদ, বিজ্ঞানী সাং দাওলি।

নভেম্বর ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। বৃশ্চিকের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল ও বিবেকবান। আপনি কষ্ট সহিষ্ণু। তাছাড়া ধৈর্য আছে আপনার। আপনার সাধারণ জ্ঞান প্রখর। আর দুঃসময় কাটিয়ে ওঠার সংগ্রামে আপনি ক্লান্তিহীন। নিজের কথা চিন্তা করার আগে আপনি অন্যের কথা চিন্তা করেন। তবে

অতিরিক্ত অনুভূতিপ্রবণতা ও সহানুভূতির দরুন আপনি অনেক বেশি আপোস করে ফেলতে পারেন। অনেক স্বার্থ আপনার জলাঞ্জলি যেতে পারে। আর অন্যের মনে কষ্ট দেয়ার ভয় আপনাকে সিদ্ধান্তহীনতায় ফেলতে পারে। আপনাকে আত্মবিশ্বাসী ও বলিষ্ঠ হতে হবে।

পেশা : আপনি শিক্ষকতা, দর্শন, আইন, পরিদর্শক, তত্ত্বাবধানকারী হিসেবে ভাল করবেন। পছন্দসই পেশায় ধৈর্য ও অধ্যবসায় আপনার সাফল্য নিয়ে আসবে।

প্রেম : আপনার সহনশীলতা ও সহানুভূতি পারিবারিক জীবনকে শান্তিময় করে তুলতে পারে। আর বিয়ের আগেই এর সম্ভাব্য সবদিক ভেবেচিন্তে সব কিছু মোকাবিলার প্রস্তুতি নেয়ার কোন ত্রুটি রাখবেন না।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, সোনালী, বেগুনী, বাদামী। **ধাতু :** প্লাটিনাম ও সীসা। **রত্ন :** নীলা ও ফিরোজা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বৃহস্পতিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৪, ৮, ১২, ১৩, ১৭, ২১, ২২, ২৬, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : সাহিত্যিক মোহাম্মদ আবুদল হাই, সুনীতি কুমার চট্টোপাধ্যায়, কমিক লেখক চার্লস শুল্‌জ, উদ্ভিদ বিজ্ঞানী নিকোলাই ভারলভ, বীচ লিটল, রাজনীতিক নূর মোহাম্মদ খান, সাংবাদিক ফওজুল করিম।

নভেম্বর ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও শক্তিশালী ব্যক্তিত্বের অধিকারী। ঠাণ্ডা মাথায় চিন্তাভাবনা করলেও নিজের মতে আপনি দৃঢ়। বুদ্ধিমান ও বিনয়ী হওয়া সত্ত্বেও আপনি স্পষ্টবাদী। যে কোন অবস্থায় নিজের মত প্রকাশ করতে আপনি দ্বিধা করেন না। কোন চ্যালেঞ্জ গ্রহণেও আপনার দ্বিধা নেই। তাই না চাইতেই অনেক কিছুর নেতৃত্ব চলে আসবে আপনার হাতে। তবে বিপুল বাধা ও শত্রুতার সম্মুখীন হবেন আপনি। আদর্শবাদিতার জন্যে আপনার মুখে উচ্চারিত হবে প্রতিবাদের ভাষা। আর সে জন্যে আপনাকে মূল্য দিতে হতে পারে।

পেশা : আপনি রাজনীতি, আইন, প্রশাসন, সাহিত্য, ধর্ম ও ব্যবস্থাপনার সাথে জড়িত পেশায় ভাল করবেন। আপনাকে চ্যালেঞ্জও দায়িত্ব গ্রহণে প্রস্তুত থাকতে হবে।

প্রেম : আপনার বহির্মুখী ব্যস্ততা ও স্পষ্টবাদিতা পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে। আপনার চিন্তার সাথে একমত এমন কাউকেই জীবন সঙ্গী/সঙ্গিনী হিসেবে বেছে নেয়া উচিত।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, ম্যাজেন্টা, গোলাপী, নীল, বেগুনী। **ধাতু :** প্লাটিনাম ও ইস্পাত। **রত্ন :** রুবী ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : নাট্যকার মুনীর চৌধুরী, গভর্নর জাকির হোসেন, জ্যোতির্বিদ আনরে সেলসিয়াস, প্রকৌশলী রাফল প্রিমেন, মাওলানা আবদুর রশীদ তর্কবাগীশ, আলেকজাণ্ডার ডুবচেক, সাংবাদিক সৈয়দ কামাল উদ্দিন, মুনিরুল ইসলাম, নূরুল হক বাচ্চু, বুলবুল সরওয়ার।

নভেম্বর ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সূক্ষ্ম বুদ্ধি ও উষ্ণ হৃদয়ের অধিকারী। আপনি আশাবাদী। হতাশা আপনার মধ্যে কখনও দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে সক্ষম নয়। উচ্চাভিলাষ বাস্তবায়নের জন্য আপনার মধ্যে রয়েছে উদ্যোগ ও উদ্যম। মনমানসিকতায় আপনি উদার। অন্যের বিরোধী মতকেও আপনি সহানুভূতির সাথে বিবেচনা করেন। তবে উদারতার সুযোগে আপনাকে বোকা বানানোর সুযোগ আপনি দেন না। পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাইয়ে দ্রুত কর্ম পরিকল্পনা নিতে পারেন আপনি। আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি বুদ্ধিবৃত্তিক, রাজনীতিক, আইন ও কূটনৈতিক পেশায় ভাল করবেন। আপনি একই সাথে একাধিক পেশায় জড়িত হয়ে পড়তে পারেন।

প্রেম : আপনি রোমান্টিক ও স্নেহপরায়ণ। প্রিয়জনকে বোঝা ও তাকে আনন্দে উদ্বুদ্ধ করা আপনার জন্যে সহজ। সংবেদনশীল সঙ্গী পেলে পারিবারিক জীবন আনন্দময় হয়ে উঠতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, ব্রোঞ্জ, বেগুনী ও নীল। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন** পোখরাজ ও আম্বর। **সংখ্যা :** ১ ও ৩। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : কবি উইলিয়াম ব্লেক, কথাশিল্পী আলবার্তো মোরাভিয়া, ফ্রেডারিক এঙ্গেলস, জিয়া হায়দার, অমল পালেকার, তাহেরা মীর্জা।

নভেম্বর ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিনয়ী ও নিরাশক্ত। বৈষয়িক ও পার্থিব বিষয়ের প্রতি আপনার আগ্রহ সীমিত। আপনার কল্পনা ও ইনটুইশন প্রখর। সেই সাথে আপনার মধ্যে রয়েছে প্রচণ্ড সৃজনশীল সম্ভাবনা। যে কোন বিষয়ের মর্মমূলে প্রবেশ করার ক্ষমতা আছে আপনার। সেই সাথে আছে উদ্ভাবনী শক্তি। বৈচিত্র্য, ভ্রমণ, আধ্যাত্মিকতা ও ধর্মের প্রতি রয়েছে আপনার ঝোঁক। মেধার সাথে রয়েছে জজবা ও উদ্দীপনা। কোলাহল ও একাকীত্ব সহজেই মানিয়ে নিতে পারেন। সাফল্য ও খ্যাতি লাভ আপনার জন্যে কঠিন কিছু নয়।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, দর্শন, ধর্ম, গবেষণা, বিজ্ঞান ও আইনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জনপেশা আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার অন্তর্মুখী ব্যক্তিত্ব প্রেম ও ভালবাসায় নিজেকে একাত্ম করার পথে অন্তরায় হতে পারে। পারিবারিক সুখের জন্যে হৃদয়ের জানালা আরও উন্মুক্ত করতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, পীত, নীল, বেগুনী ও সাদা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও মুনস্টোন। **সংখ্যা :** ২ ও ৩। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ ক্রিশ্চিয়ান ডপলার, সাহিত্যিক কার্লো ল্যাভি, দীলিপ সোম, সুফি জুলফিকার হায়দার, চীনা সম্রাজ্ঞী তুজুশী, ফখরুল ইসলাম মুন্সী।

নভেম্বর ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর বৃহস্পতির প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিশ্বস্ত, যোগ্য ও উদ্যোগী। দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আপনার রয়েছে সহজাত সচেতনতা। নেতৃত্ব ও কর্তৃত্ব করার গুণাবলী আছে আপনার। নিজে প্রাণবন্ত। তাই অন্যদের মধ্যে সহজে উদ্দীপনার সঞ্চার করতে পারেন। আপনি সর্বক্ষেত্রে দায়িত্ব সচেতন হলেও নিজের ব্যাপারে হতে পারেন অমনোযোগী। আপনার অদম্য কর্মস্পৃহা, ধৈর্য ও সাংগঠনিক শক্তি আপনার জীবনের সম্ভাবনা ও প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়িত করে খ্যাতির শীর্ষে নিয়ে যেতে পারে।

পেশা : পছন্দসই যে কোন পেশায় আপনি ভাল করবেন। প্রশাসন, ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান ও গবেষণায় সহজে সাফল্য লাভ করবেন। রাজনীতি, সাহিত্য ও দর্শনের প্রতি থাকতে পারে ঝোঁক।

প্রেম : আপনার মধ্যে নেতা ও শিক্ষকসুলভ ভাব থাকতে পারে। অন্তরঙ্গ সম্পর্কে এইভাবে নিজের ইমোশন প্রকাশে বাধা হয়ে দাঁড়াতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, মেরুন, ম্যাজেন্টা, নীল। **ধাতু :** প্লাটিনাম ও ইস্পাত। **রত্ন :** পোখরাজ ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসু, কথাশিল্পী মার্ক টোয়েন, উইনস্টন চার্চিল, মীর্জা আলী বেহেরুজ, সন্তোষ গুপ্ত, গায়ক সুবীর নন্দী, সাহিত্যিক শেখ গোলাম মখসুদ হেলালী, সাইয়েদ আবদুল হাই, আমিনুল ইসলাম বেদু।

ডিসেম্বর ১

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট।আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী, দায়িত্বশীল ও নিয়মানুবর্তী। আপনার ব্যক্তিত্ব হাস্যোজ্জ্বল। আর মনের গহীনে রয়েছে গভীর আশাবাদ। কোন বাধা ও প্রতিবন্ধকতা আপনার উদ্যম ও কর্মতৎপরতায় ভাটা আনতে সক্ষম নয়। দিলখোলা ও স্পষ্টবাদী হওয়া সত্ত্বেও অন্যের ব্যাপারে আপনি উদার। অপেক্ষাকৃত কম ভাগ্যবানদের সাহায্যে এগিয়ে আসতে আপনার কোন ক্লান্তি নেই। আপনার আত্মসম্মানবোধ প্রখর। তাই সামর্থ্যের অতিরিক্ত ঋণ কখনও করেন না। অগ্রগতির এক পথ রুদ্ধ হলে বিকল্প পথে সাফল্যের পানে আপনি এগিয়ে যাবেন।

পেশা : আপনি প্রশাসন, আইন, বিচার, শৃংখলা রক্ষা, ধর্ম, দর্শন, শিক্ষকতা ও বিজ্ঞানের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ব্যবসায়ে ঝুঁকি নেয়ার প্রবণতা বিরাট ক্ষতির কারণ হতে পারে।

প্রেম : আপনার সংবেদনশীল মন প্রিয়জনের চিত্ত সহজেই জয় করবে। উদার ও ব্যক্তিত্বসম্পন্ন জীবন সঙ্গী/সঙ্গিনী পেলে ব্যক্তিগত পরিমণ্ডল আনন্দঘন হয়ে উঠতে পারে।

শুভ রং : সকল শেডের সোনালী, হলুদ, কমলা, বাদামী, নীল, বেগুনী। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও ফিরোজা। **সংখ্যা :** ১ ও ৩। **দিন** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : ডা. মোহাম্মদ ইব্রাহীম, ড.আহমদ আনিসুর রহমান, কায়সার হামিদ, রুশ গণিতজ্ঞ নিকোলাই লেভসভস্কি, উডি এ্যালেন, রসায়নবিদ মার্টিন ক্যালফোর্থ, নাজমা জেসমিন চৌধুরী, প্রফেসর এম. এ. মতিন।

ডিসেম্বর ২

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার উপর চন্দ্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি পরিশীলিত, সৃজনশীল, বিনয়ী ও নিরাশক্ত। প্রচণ্ড কল্পনাশক্তি ও ইনট্যুইশন আপনাকে যে কোন বিষয়ের মর্মমূলে প্রবেশের ক্ষমতা দিয়েছে। বৈচিত্র্য, ভ্রমণ, ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি রয়েছে আপনার ঝোঁক। স্বাধীন আত্মবিকাশের মূল্য আপনার কাছে অনেক। আপনি আবেগপ্রবণ। পরিবেশের ঊর্ধ্বে আপনি সহজেই উঠতে পারেন। আত্মিক শক্তি আপনার সাফল্যের উৎস হতে পারে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, দর্শন, ধর্ম, গবেষণা, বিজ্ঞান ও আইনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জনপেশাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি কল্পনাপ্রবণ ও সেন্টিমেন্টাল। সহজেই প্রেমে পড়তে পারেন। সহজেই প্রেমাস্পদ থেকে দূরে চলে যেতে পারেন। আপনার অন্তর্মুখী ব্যক্তিত্ব দাম্পত্য সুখের উষ্ণতা থেকে আপনাকে বঞ্চিত করতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, লেমন, নীল ও শেওলা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও মুক্তো। সংখ্যা : ২ ও ৩। দিন : সোম ও বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : শিল্পাচার্য কামরুল হাসান, গায়ক মোহাম্মদ আসফউদ্দোলা, আলেকজাণ্ডার হেগ, গায়িকা হৈমন্তী শুক্লা, ঐতিহাসিক রমেশ চন্দ্র মজুমদার, সাহিত্যিক নামিক কামাল। সুবর্ণা, খোশনূর আলমগীর, এম নূরুল কাদের।

ডিসেম্বর ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার উপর বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। সাংগঠনিক ও প্রশাসনিক গুণাবলী রয়েছে আপনার। নিজে নিয়ম শৃংখলা পছন্দ করেন, কাজে মেতে থাকতে চান। তাই অন্যদের সহজে উদ্বুদ্ধ করতে পারেন। যে কারও সামনে নিজের মত বলিষ্ঠভাবে তুলে ধরতে পারেন, সেই সাথে প্রয়োগ করতে পারেন লেখনি শক্তি। ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতিও রয়েছে আপনার অনুরাগ। জীবনে পেশাগত ও সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য লাভ করতে পারেন। সম্মান ও সুনাম দুইই আসতে পারে। তবে বেশ শক্তিশালী বৈরীতারও সম্মুখীন হতে পারেন আপনি।

পেশা : আপনি আইন, ব্যবস্থাপনা, প্রশাসন, নির্মাণ, স্থাপত্য, যানবাহন ও শিপিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। কৌশলী না হলে আপনাকে বিপর্যয়ের মুখোমুখি দাঁড়াতে হতে পারে।

প্রেম : আপনার অহংকার ও কর্তৃত্বপরায়ণ মনোভাব পারিবারিক জীবনকে পুরোপুরি নিয়ন্ত্রণ করতে পারে। তেমন হলে দাম্পত্য সুখ পাওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, নীল। ধাতু : প্লাটিনাম ও ইস্পাত। রত্ন : পোখরাজ ও এমিথিস্ট। সংখ্যা : ৩ ও ৯। দিন : বৃহস্পতি ও মঙ্গলবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : সাহিত্যিক জোশেফ কনরাড, ড. রাজেন্দ্র প্রসাদ, ক্ষুদিরাম বসু, জ্যাঁ লুক গদার্দ, কবি আল মায়ারী, পরিচালক দেওয়ান নজরুল, খালেদা আকতার কল্পনা।

ডিসেম্বর ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার উপর ইউরেনাস ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চতর বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। মেধা, মানসিক শক্তি ও নিজস্ব পন্থায় চিন্তা করার ক্ষমতা আছে আপনার। কল্পনা শক্তির সাথে আছে সুচতুর উদ্ভাবনী যোগ্যতা। আপনি স্বকীয়তা প্রিয়। চিন্তা-ভাবনা ও কর্মের স্বাধীনতা চান। অতীন্দ্রিয় ও আধ্যাত্মিকতার প্রতি সহজেই আকৃষ্ট হতে পারেন। পরিচিতরা আপনাকে অধিকাংশ সময়ে ভুল বুঝতে পারে। উদারমনা হলেও আপনার পছন্দ-অপছন্দের অনুভূতি প্রবল। বিপদ, অঘটন ও বিরোধ থেকে পুরোপুরি মুক্ত হওয়া আপনার পক্ষে সম্ভব নাও হতে পারে।

পেশা : আপনি ইতিহাস, দর্শন, ধর্ম, ইঞ্জিনিয়ারিং, টেকনোলজী, বিমান ও সৃজনশীলতার সাথে জড়িত পেশায় ভাল করবেন। বিচিত্র পথে আপনার অর্থাগম হতে পারে।

প্রেম : আপনার স্বকীয়তার জন্যে প্রিয়জনও আপনাকে ভুল বুঝতে পারে। কৌশলী না হলে পারিবারিক বিরোধ এড়ানো আপনার পক্ষে সম্ভব নাও হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, বেগুনী, গোলাপী, সোনালী। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও ফিরোজা। **সংখ্যা** ৩ ও ৪। **দিন** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : সাহিত্যিক স্যামুয়েল বাটলার, ঐতিহাসিক টমাস কার্লাইল, গায়িকা মারিয়া কালাস, রুশ সাহিত্যিক নিকোলাই তিখনভ, শেখ ফজলুল হক মণি, ভিক্টর ফ্রেঞ্জ, কোরিয়ার প্রেসিডেন্ট রো তাউ, শিরীন জাহান আঁখী।

ডিসেম্বর ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার উপর বুধ ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সুচতুর ও প্রত্যুৎপন্নমতি। অস্থিরচিত্ত হলেও আপনার উপস্থিত বুদ্ধি প্রখর। আপনি ধ্যান-ধারণায় উচ্চাভিলাষী। কর্মে স্বাধীনচেতা। আশাবাদী মন আপনার অনুপ্রেরণার উৎস। পছন্দ আর অপছন্দের ব্যাপারে আপনি আবেগপ্রবণ। আপনি পছন্দ করেন কর্মব্যস্ত জীবন। দ্রুতগতিতে লক্ষ্য স্থলে পৌঁছতে চান। আলোচনা, বিতর্ক ও বাক যুদ্ধে আপনি পটু। প্রতিদ্বন্দ্বীর প্রতি আপনি কোন ক্ষোভ মনে না রাখলেও প্রতিদ্বন্দ্বী আপনাকে ভুলে যায় না। মানসিক শক্তিকে অধ্যবসায়ের সাথে কাজে লাগালে আপনি খ্যাতি ও সাফল্যের অধিকারী হবেন।

পেশা : আপনি আইন, শিল্প, সাহিত্য, বিজ্ঞান, ওষুধ, অভিযাত্রা ও সাংবাদিকতার সাথে জড়িত পেশায় ভাল করবেন। আপনি সেলসম্যান হিসেবেও সফল হবেন।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ হবে সুতীব্র। অপেক্ষাকৃত বেশি বয়সে বিয়ে করলে আপনার সাফল্যের সম্ভাবনা বেশি।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, হলুদ, সাদা ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও রূপা। **রত্ন** ফিরোজা ও ওপাল। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : চিত্র পরিচালক ওয়াল্ট ডিজনী, রাজনীতিক শেখ আবদুল্লাহ, রাজা ভূমিবল, গৌরী প্রসন্ন মজুমদার, লিন পিয়াও, বিজ্ঞানী সিসিল পাওয়েল, ওয়ার্নার হেইসেনবার্গ, সালমা খান, নাসির আহমেদ, আসমা আহমেদ।

ডিসেম্বর ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার উপর শুক্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রুচিশীল, বুদ্ধিমান ও সৃজনশীল। আপনি মিশুক। সেই সাথে আপনার আছে সহমর্মিতাবোধ। সামাজিক মেলামেশা ও বিনোদনের প্রতি রয়েছে আপনার বিশেষ ঝোঁক। সৌন্দর্য ও শিল্প সম্পর্কে রয়েছে নিজস্ব ধ্যান-ধারণা। বুদ্ধিজীবী ও প্রভাবশালীদের সাথে সহজে মিশতে পারেন। উদার হৃদয় ও আশাবাদী মন বিলাসী জীবনের প্রতি আপনাকে ঠেলে দিতে পারে। গরীব আত্মীয়দের প্রতি আপনি দেখাতে পারেন অনীহা। কর্তব্যে দৃঢ় হলে আপনার সাফল্য কেউ আটকাতে পারবে না

পেশা : আপনি বিনোদন, ক্রীড়া, আপ্যায়ন, পশুপাখি ও সৃজনশীলতার সাথে জড়িত পেশায় ভাল করবেন। একাধিক সূত্র থেকে আপনার অর্থাগম হবে।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ তীব্র। অল্প বয়সেই বিয়ে করতে আগ্রহী হবেন। একাধিক প্রেম বা বিয়ে সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, গোলাপী ও বেগুনী। ধাতু : তামা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও ম্যালাকাইট। সংখ্যা : ৩ ও ৬। দিন বৃহস্পতি ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : অধ্যাপক ম্যাক্সমুলার, ওয়ারেন হেস্টিংস, অর্থনীতিবিদ ড. আখলাকুর রহমান, শিকদার আমিনুল হক, কর্নেল রশীদ, হর প্রসাদ শাস্ত্রী, রসায়নবিদ চার্লস মার্টিন হল।

ডিসেম্বর ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। জন্মসংখ্যা ৭। বৃহস্পতি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় একদিকে বিনয়ী, স্বাপ্নিক ও সৃজনশীল। অপরদিকে উচ্চাভিলাষী, কর্তৃত্বপরায়ণ ও একনায়কত্ববাদী। এই বৈপরীত্যের জন্যে হয়ে উঠতে পারেন কিছুটা দুর্বোধ্য। দৈহিক শক্তির চেয়ে মানসিক শক্তিতে বেশি বিশ্বাসী। একটা অন্তর্মুখী সচেতনতার ছাপ সব কিছুর ওপর পড়তে পারে। আবেগ ও উদ্দীপনাবশত কাজে ঝাঁপিয়ে পড়বেন। যে কোন বাধার মুখে হবেন একগুঁয়ে। গতিকে নিয়ন্ত্রিত ও উচ্চাভিলাষকে সীমার মধ্যে পরিচালিত করতে পারলেই বেশি সফল হবেন।

পেশা : আপনি সঙ্গীত, শিল্প, সাহিত্য, দর্শন, চিকিৎসা, মনস্তত্ত্ব ও ধর্মের সাথে জড়িত পেশায় ভাল করবেন। আর্থিক প্রতারণা সম্পর্কে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনার সংবেদনশীল মন স্নেহ-মমতা দ্বারা সহজেই প্রভাবিত হয়ে পড়তে পারে। তাই জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, শেওলা, নীল, বেগুনী, সাদা। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন পোখরাজ ও পান্না। সংখ্যা : ৩ ও ৭। দিন সোম ও বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী স্টুয়ার্ড ডেভিস, গণিতজ্ঞ গ্যাব্রিয়াল মার্সেল, এলি ওয়ালাচ, জার্মান গণিতজ্ঞ লিওপোল ক্রোনার, খন্দকার শাহাদাত হোসেন।

ডিসেম্বর ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার উপর শনি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় উচ্চাভিলাষের সাথে সাথে আপনার আছে দৃঢ়তা ও অধ্যবসায়। ধীরে ধীরে ধৈর্যের সাথে লক্ষ্যপানে এগুলে আপনি হতাশ হবেন না। আপনি সচেতন ও

সাবধানী, আপনার বিবেক ন্যায়বিচার থেকে দূরে সরে যায় না। আপনি একটু চাপা ও গোপনীয়তা প্রিয়। সমালোচনা আপনাকে সহজেই আহত করে। তবে অন্যায় অবিচারের মুখে আপনি নির্ভীক। আপনি দায়িত্বশীল। সহজে আপনার জীবনে কিছু হতে চাইবে না। আত্মবিশ্বাস নিয়ে কাজ করলে আপনি দেরিতে হলেও সাফল্যের সোপানে উপনীত হবেন।

পেশা : আপনি আইন, বিচার, প্রশাসন, আইন-শৃংখলা, জাহাজ ও শিপিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনার গোপনীয়তা প্রিয় মনোভাব প্রিয়জনের সাথে ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। পরিবার ও নিকটাত্মীয়দের জন্যে আপনাকে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, ধূসর, বেগুনী, চকলেট। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও ফিরোজা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বৃহস্পতিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৪, ৮, ১২, ১৩, ১৭, ২১, ২২, ২৬, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : জিন্স পোশাক প্রবর্তক এলি হুইটনি, সুলতান হায়দর আলী, উদয় শঙ্কর, মোস্তফা জামান আব্বাসী, অভিনেতা ধর্মেন্দ্র, ইমদাদুল হক মিলন, সৈয়দ আকরাম হোসেন, শাহীদা আরবী।

ডিসেম্বর ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ও জঙ্গী ব্যক্তিত্বের অধিকারী। উচ্চাভিলাষের সাথে সাথে মত প্রকাশেও আপনি বলিষ্ঠ। কর্মপন্থায় একনায়কসুলভ ভাব আছে আপনার। সংকট ও বিপদেও মাথা ঠিক রেখে কাজ করতে পারেন। অস্থির চিত্ততার জন্য ভ্রমণ ও অভিযাত্রার প্রতি রয়েছে আপনার ঝোঁক। লক্ষ্য অর্জনে কোন ঝুঁকি নিতেই আপনি পিছপা হন না। টাকা পয়সার ব্যাপারে কৃপণতার প্রশ্রয় আপনি দেন না। তবে কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব আপনার জীবনকে বাধাপূর্ণ করে তুলতে পারে।

পেশা : আপনি কারিগরি, ইঞ্জিনিয়ারিং, আইন, রাজনীতি, ক্রীড়া ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। অপ্রত্যাশিত সূত্র থেকে আপনার সম্পত্তি আসতে পারে।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব সহজেই বিপরীত লিঙ্গের দৃষ্টি আকর্ষণ করে। কিন্তু বিয়ের ব্যাপারে আবেগপ্রবণ সিদ্ধান্ত অনুশোচনার কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, ম্যাজেন্টা, গোলাপী, নীল, বেগুনী। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কবি জন মিল্টন, বেগম রোকেয়া, কার্ক ডগলাস, ব্রজেন দাস, যাদুকর শাহমণি, রসায়নবিদ ফ্রিজ হেলার, দার্শনিক ইয়ামাজাকি আনসারী, রাজনীতিক রাজিউদ্দিন আহমেদ।

ডিসেম্বর ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার উপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি আশাবাদী ও হাস্যোজ্জ্বল ব্যক্তিত্বের অধিকারী। আপনি দায়িত্বশীল ও নিয়মানুবর্তী। কোন প্রতিবন্ধকতাই আপনার উদ্যম ও কর্মতৎপরতায় ছেদ

ঘটাতে সক্ষম নয়। স্পষ্টবাদী হওয়া সত্ত্বেও আপনি উদার। আপনার আত্ম-সম্মানবোধ প্রখর। তাই কারও কাছে ঋণী থাকতে চান না। নিজে যেমন বড় হতে চান, তেমনি অপেক্ষাকৃত কম ভাগ্যবানদের সাহায্যে এগিয়ে যেতেও আপনার কোন দ্বিধা নেই। চলার একটি পথ বন্ধ হলে বিকল্প পথে আপনি সাফল্যের পানে এগিয়ে যাবেন।

পেশা : আপনি ধর্ম, দর্শন, শিক্ষকতা, বিজ্ঞান, গবেষণা, আইন, বিচার ও প্রশাসনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়ে অতিরিক্ত ঝুঁকি নেয়ার প্রবণতা আপনার ক্ষতির কারণ হতে পারে।

প্রেম : উদার ও ব্যক্তিত্ব সম্পন্ন কাউকেই আপনার জীবন সঙ্গী/সঙ্গিনী হিসেবে বেছে নেয়া উচিত। তাহলে আপনার সংবেদনশীল মন সহজেই পারিবারিক আনন্দের আবহ সৃষ্টি করতে পারবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল, বেগুনী, ব্রোঞ্জ। **ধাতু :** সোনা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও আম্বর। **সংখ্যা :** ১, ও ৩। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : সুরকার অলিভার মিশেন, ঐতিহাসিক যদুনাথ সরকার, রাজা গোপাল আচারী, সুরকার সমর দাশ, কূটনীতিক আঁদ্রে ভিসনস্কি, সাংবাদিক আখতারুজ্জামান।

ডিসেম্বর ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বৃহস্পতির প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি পরিশীলিত ও সৃজনশীল। আপনার কল্পনা শক্তি ও ইনটুইশন যে কোন বিষয়ের মর্মমূলে প্রবেশ করার ক্ষমতা দিয়েছে। বৈষয়িক ও পার্থিব জিনিসের চেয়ে আত্মিক ও আধ্যাত্মিকতা আপনাকে বেশি আকর্ষণ করে। স্বাধীন আত্মবিকাশের মূল্য আপনার কাছে অনেক। মেধা ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। বিনয়ী ও নিরাসক্ত হলেও আপনার মাঝে আছে আবেগ ও উদ্দীপনা। যে কোন পরিবেশের মধ্যে থেকে পরিবেশের ঊর্ধ্বে আপনি সহজেই উঠতে পারেন। আত্মশক্তিই আপনার সাফল্যের উৎস।

পেশা : আপনি সাহিত্য, শিল্প, সঙ্গীত, দর্শন, শিক্ষা, গবেষণা ও বিজ্ঞানের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ঝুঁকিপূর্ণ ব্যবসা আপনার জন্যে ভাল নয়।

প্রেম : আপনার কল্পনাপ্রবণ ও সেন্টিমেন্টাল মন সহজেই প্রেমে পড়তে পারে। আবার সহজেই প্রেমাস্পদ থেকে দূরে চলে যেতে পারে। পারিবারিক জীবনে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, লেমন, ক্রীম, নীল, বেগুনী, সাদা। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও মুনস্টোন। **সংখ্যা :** ২ ও ৩। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী আলেকজান্ডার সোলঝেনেৎসিন, অভিনেতা দিলীপ কুমার, বিজ্ঞানী ম্যাক্সবর্ন, নগীব মেহফুজ, ভগবান রজনীশ, খান আতাউর রহমান, চিকিৎসাবিদ রবার্ট কুক কার্লো পন্টি।

ডিসেম্বর ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী, দক্ষ, উদ্যোগী ও উচ্চাভিলাষী। দায়িত্ব ও কর্তব্য সচেতনতার সাথে সাথে আপনার রয়েছে নেতৃত্ব ও কর্তৃত্ব করার গুণ। নিজে নিয়ম-শৃংখলা মেনে চলেন, তাই অন্যদের নিয়মানুবর্তী দেখতে চান। নিজে প্রাণবন্ত, তাই অন্যদের সহজে উদ্বুদ্ধ করতে পারেন। ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি ঝোঁক আছে। আর নিজের মত আপনি বলিষ্ঠভাবে ব্যক্ত করতে পারেন। জীবনে আপনি প্রচণ্ড বৈরিতার সম্মুখীন হতে পারেন। কর্মস্পৃহা ও ধৈর্য আপনার জীবনে সাফল্যের ভিত্তি রচনা করতে পারে।

পেশা : আপনি প্রশাসন, আইন, ব্যবস্থাপনা, বিজ্ঞান, স্থাপত্য, সঙ্গীত, যানবহন ও শিপিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশাগত জীবনে আপনাকে কুশলী হতে হবে।

প্রেম : আপনার পুরোপুরি কর্তৃত্ব করার প্রবণতা পারিবারিক জীবনে ব্যক্তিত্বের সংঘাতের কারণ হতে পারে। হৃদয়ের উষ্ণতা দিয়েই আপনাকে অনেক কিছু জয় করতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, নীল। **ধাতু :** প্লাটিনাম ও ইস্পাত। **রত্ন :** ফিরোজা ও ম্যালাকাইট। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : গায়ক ফ্রাঙ্ক সিনাত্রা, কথাশিল্পী মুলুক রাজ আনন্দ, মওলানা ভাসানী, রসায়নবিদ আলফ্রেড ওয়ার্নার, বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়, রাকীব হাসান, এখলাস উদ্দীন আহমেদ, মাবুদ ফাতিমা কবীর।

ডিসেম্বর ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর বৃহস্পতি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মানসিক শক্তি ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। আপনি কল্পনাপ্রবণ ও স্বাধীনতা প্রিয়। নিজস্ব পন্থায় চলতে চান। অন্তর্দৃষ্টির সাথে আপনার মধ্যে রয়েছে চতুরতা। আপনি যেমন মিশতে পারেন তেমনি সহজে নিজেকে গুটিয়ে নিতে পারেন। অতীন্দ্রিয় ও আধ্যাত্মিকতার প্রতি আপনি সহজে আকৃষ্ট হন। উদ্ভাবনী যোগ্যতার সাথে সাথে আপনার মধ্যে রয়েছে নিজেকে প্রকাশ করার ক্ষমতা। আপনার পছন্দ ও অপছন্দের অনুভূতি প্রবল। অনেক ভুল বুঝাবুঝি ও ঝামেলার সম্মুখীন হবেন আপনি। আপনার সাফল্য আসবে অপ্রত্যাশিত পথে।

পেশা : আপনি কারিগরি, ইঞ্জিনিয়ারিং, ইতিহাস, দর্শন, ধর্ম, শিল্প ও সাংবাদিকতার সাথে জড়িত পেশায় ভাল করবেন। বিচিত্র পথে আপনার অর্থাগম হতে পারে।

প্রেম : আপনার স্বকীয়তার জন্যে প্রিয়জন আপনাকে ভুল বুঝবে। প্রেমে আপনি হতাশার মুখোমুখি হতে পারে। তবে কুশলী হলে বিয়ে আপনার জীবনে পরিপূর্ণতা নিয়ে আসতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, সোনালী, বেগুনী, ক্রীম, সাদা। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ইন্দ্রনীলা ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৪। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী ওয়ার্নার ভন সিমেন্স, কবি হেনরিখ হাইন, জর্জ শুলজ, করিম আগা খান, ক্রোস্টোফার প্লামার, গায়িকা লায়লা আর্জুমান।

ডিসেম্বর ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫।

আপনার উপর বুধ ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী, প্রত্যুৎপন্নমতি ও উচ্চাভিলাষী আপনি আবেগপ্রবণ ও অস্থিরচিত্ত। মানসিক ও দৈহিকভাবে সদা ব্যস্ত থাকতে চান তবে ধৈর্যের অভাব আছে আপনার। আলোচনা ও বিতর্কে আপনি দক্ষ। আপনি আশাবাদী ও স্বাধীনচেতা। বুদ্ধিবৃত্তিক প্রতিভা থাকায় আপনি বহুমুখী কর্মব্যস্ততায় জড়িয়ে পড়তে পারেন। আর তা আপনার একক সাফল্যের অন্তরায় হতে পারে। পছন্দ ও অপছন্দের ব্যাপারে আপনি আবেগপ্রবণ। আপনাকে ধৈর্যশীল ও একাগ্র হতে হবে। জীবনের সুযোগগুলোকে যথাযথ সময়ে কাজে লাগাতে হবে।

পেশা : আপনি আইন, বিজ্ঞান, সাংবাদিকতা, সেলসম্যান, অনুসন্ধানকারী, গোয়েন্দা, রাজনীতি ও সমাজকল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও ভাল।

প্রেম : আপনার রোমান্টিক মন বিপরীত লিঙ্গের প্রতি সহজেই আকৃষ্ট হতে পারে। বিয়ে আপনার জীবনকে দিতে পারে নতুন সম্ভাবনা। একটু বেশি বয়সে বিয়ে করা ভাল।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, বেগুনী, সোনালী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু:** প্লাটিনাম ও রূপা। **রত্ন :** ফিরোজা ও ওপাল। **সংখ্যা :** ৩ ও ৫। **দিন :** বুধ ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ নস্ট্রাডামাস, অভিনেতা রাজকাপুর, টাইকো ব্রাহা, ষষ্ঠ জর্জ, সঞ্জয় গান্ধী, রসায়নবিদ এডওয়ার্ড টাটুন, কবি পল উলার্ড, নাজমা জামান।

ডিসেম্বর ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর বৃহস্পতি ও শুক্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সামাজিক, মিশুক, রুচিশীল ও হাস্যোজ্জ্বল। আপনার হৃদয় উদার ও মন আশাবাদী। সৌন্দর্য ও সদৃশ্যতা সম্পর্কে রয়েছে নিজস্ব ধ্যান ধারণা আপনার সমমর্মিতাবোধ প্রখর হলেও গরীব আত্মীয়দের প্রতি অনীহা দেখাতে পারেন বুদ্ধিজীবী ও প্রভাবশালীদের সাথে আপনি অনায়াসে বন্ধুত্ব করতে পারেন। আপনি শান্তির পূজারী। অশান্তি, বিতর্ক ও হাঙ্গামা এড়িয়ে চলতে চান। আপনি দ্রুত চিন্তা ও সিদ্ধান্ত নিতে পারেন। বিলাসিতা এড়িয়ে চললে আপনার মধ্যে গড়ে উঠতে পারে একটা অন্তর্দৃষ্টি। কর্তব্যে দৃঢ় হলে আপনার সাফল্য কেউ আটকাতে পারবে না।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, বিনোদন, ক্রীড়া, আপ্যায়ন, রাজনীতি, সমাজকল্যাণ ও হোটেল ব্যবস্থাপনার সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনি রোমান্টিক। বিপরীত লিঙ্গের সাথে সম্পর্কে সহজেই জড়িয়ে পড়তে পারেন। অল্প বয়সেই বিয়ে করে ফেলতে পারেন। একাধিক প্রেম ও বিয়ে সম্পর্কে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের ফিরোজা, নীল, সবুজ, বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, **ধাতু :** তামা ও প্লাটিনাম। **রত্ন** ফিরোজা ও পান্না। **সংখ্যা** ৩ ও ৬। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব স্থপতি গুস্তব ইফেল, আতিকুল হক চৌধুরী, সম্রাট নিরো, বন্দে আলী মিয়া, আব্দুল হাফিজ, চিত্রশিল্পী আবদুর রউফ, ঐতিহাসিক পিটার গিল, আহমেদ বেনবেল্লা।

ডিসেম্বর ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর বৃহস্পতি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি পরস্পর বিরোধী গুণাবলীতে ভূষিত। মেধাবী হলেও আপনি উচ্চাভিলাষী, কর্তৃত্বপরায়ণ ও একনায়কত্ববাদী। দৈহিক শক্তির চেয়ে মানসিক শক্তির ওপর আপনি আস্থাবান। আপনি একদিকে বিশ্বস্ত ও নির্ভরযোগ্য। অপরদিকে দায়িত্বহীনতার বহিঃপ্রকাশ ঘটতে পারে আপনার মধ্যে। আপনার সবকিছুতেই অন্তর্মুখী সচেতনতার ছাপ পড়তে পারে। আবেগ আপনার অন্যতম চালিকা শক্তি। যে কোন বাধার মুখে আপনি হতে পারেন চরম একগুঁয়ে। ইচ্ছাশক্তির ওপর নির্ভর করবে আপনার চরিত্রের ইতিবাচক ও নেতিবাচক প্রকাশ, সেই সাথে আপনার সাফল্য।

পেশা : আপনি সাহিত্য, দর্শন, সঙ্গীত, বিনোদন, চিকিৎসা, রসায়ন ও মনস্তত্ত্বের সাথে জড়িত পেশায় ভাল করবেন। আর্থিক প্রতারণা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

প্রেম : আপনার মন অত্যন্ত সংবেদনশীল। তাই প্রেম ও বিয়ে আপনার জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হিসাবে কাজ করবে। আপনার স্বামী বা স্ত্রী সাফল্য বা হতাশার কারণ হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, শেওলা, ক্রীম, সাদা, নীল ও বেগুনী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** ফিরোজা ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জেন অস্টিন, নৃতত্ত্ববিদ মার্গারেট মীড, জোহান পিটার, আর্থার ক্লার্ক, মাহমুদা খাতুন সিদ্দিকী, হায়াৎ সাইফ, নরেন বিশ্বাস, আজরা জাবিন।

ডিসেম্বর ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার উপর বৃহস্পতি ও শনির বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর প্রভাব সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা ও উচ্চাভিলাষী। আপনার দায়িত্ববোধ প্রখর। সেই সাথে বাস্তবতাকে মেনে নিয়ে সামনে অগ্রসর হওয়ার মত দৃঢ়তা ও অধ্যবসায় রয়েছে আপনার। আপনি সবসময় সুবিচারের প্রত্যাশী। বিবেক আপনাকে পরিচালিত করে। তাই অনেক দায়িত্বের বোঝাও অর্পিত হতে পারে আপনার উপর। আপনি একটু চাপা স্বভাবের তাই নিজেকে ঠিকভাবে প্রকাশ করতে না পারায় আপনি প্রায়ই ভুল বুঝাবুঝির স্বীকার হতে পারেন। জীবনের প্রতিটি পদক্ষেপই আপনাকে ধৈর্য্যের সাথে প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে।

পেশা আপনি প্রশাসন, আইন, বিচার, প্রকাশনা, ও শিপিং এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা বা বিদেশের সাথে ব্যবসা আপনার জন্যে ভাল।

প্রেম : নিজেকে ঠিকভাবে প্রকাশ করতে না পারায় আবার কখনও কখনও অতিরিক্ত স্পষ্টবাদী হয়ে উঠার কারণে প্রিয়জনের সাথে আপনার বেশ ভুল বুঝাবুঝি হতে পারে। পরিবার পরিজনের জন্য আপনাকে বেশ ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, চকলেট, খয়েরী, ধূসর , বেগুনী। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও ফিরোজা। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** বৃহস্পতি ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৪, ৮, ১২, ১৩, ১৭, ২১, ২২, ২৬, ৩০ ও ৩১।

ব্যক্তিত্ব : লুড উইগ ভন বিটোফেন, বিজ্ঞানী জোসেফ হেনরী, বিজ্ঞানী স্যার হামফ্রে ডেভী, ঔপন্যাসিক ফোর্ড মেডক্স ফোর্ড, রসায়নবিদ উইলার্ড ফ্রাংক লিব্বি।

ডিসেম্বর ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে ধনুর ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি দৃঢ় ও প্রাণবন্ত ব্যক্তিত্বের অধিকারী। আপনি উচ্চাভিলাষী ও আপোসহীন। ঠাণ্ডা মাথায় চিন্তা-ভাবনা করলেও নিজের মতে আপনি অনমনীয় ও জঙ্গী। আপনি বুদ্ধিমান বিনয়ী কিন্তু স্পষ্টবাদী। বলিষ্ঠভাবে নিজের মত প্রকাশ করার মত নৈতিক ও দৈহিক সাহস আছে আপনার। কোন চ্যালেঞ্জই আপনাকে পিছু হটাতে পারে না। কর্তৃত্ব ও নেতৃত্ব করার গুণ আছে আপনার। তাই না চাইতেই অনেক দায়িত্ব এসে পড়তে পারে আপনার উপর। আদর্শবাদিতার জন্যে এবং কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাবে আপনার জীবন বাধাপূর্ণ হয়ে উঠতে পারে। নেতৃত্ব ও দায়িত্বশীলতার জন্যে আপনাকে মূল্যও দিতে হতে পারে।

পেশা : আপনি প্রশাসন, আইন, কারিগরি, ইঞ্জিনিয়ারিং, শিপিং, ক্রীড়া ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগও আপনার জন্যে শুভ।

প্রেম : আপনার ব্যক্তিত্বে বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যারা আকৃষ্ট হলেও আপনার স্পষ্টবাদিতা পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে। জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে আপনাকে আবেগপ্রবণ হওয়া উচিত নয়।

শুভ রং : সকল শেডের লাল, ম্যাজেন্টা, মেরুন, গোলাপী, নীল ও বেগুনী। **ধাতু :** ইস্পাত ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : রাজনীতিক উইলি ব্রান্ট, স্টিভেন স্পিলবার্গ, মার্শাল চু তে, ফার্ডিনান্ড ফ্রান্সিস, পদার্থবিদ জোসেফ থমসন।

ডিসেম্বর ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে ধনুর বৈশিষ্ট্য মকর দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আশাবাদী, উষ্ণ হৃদয় ও সূক্ষ্ম বুদ্ধির অধিকারী। আপনি উচ্চাভিলাষী। সেই সাথে আপনার আছে উদ্যোগ ও উদ্যম। লক্ষ্যপানে বাধায় আপনি ভয় পান না। ব্যর্থতা কোন ছাপ ফেলতে পারে না আপনার ওপর। স্পষ্টবাদী হলেও আপনি উদার। অন্যের বিরোধী মতকেও সহানুভূতির সাথে বিবেচনা করেন। তবে উদারতার সুযোগে আপনাকে বোকা বানানো সম্ভব নয় আপনার আত্মসম্মানবোধ প্রখর। নিজে বড় হতে চান। কম ভাগ্যবানদের সাহায্যে এগিয়ে যেতে আপনার কোন দ্বিধা নেই। চলার একটি পথ বন্ধ হলে অনায়াসে আপনি বিকল্প পথ বের করে ফেলতে পারেন।

পেশা : আপনি ধর্ম, দর্শন সাহিত্য, শিক্ষা, বিজ্ঞান, গবেষণা, আইন, রাজনীতি ও কূটনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। একই সাথে একাধিক পেশায় আপনি জড়িয়ে পড়তে পারেন।

প্রেম : আপনি রোমান্টিক, সংবেদনশীল ও স্নেহপরায়ণ। কিন্তু পারিবারিক জীবনকে আনন্দময় করতে হলে আপনার জীবন সঙ্গী/সঙ্গিনীকে সংবেদনশীল মনের অধিকারী হতে হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল, গোলাপী, বেগুনী। ধাতু : সোনা ও প্লাটিনাম। রত্ন পোখরাজ ও ফিরোজা। সংখ্যা ১ ও ৩। দিন রবি ও বৃহস্পতিবার। তারিখ : ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী রাহাত খান, জাঁ জিনে, লিওনার্দ ব্রেজনেভ, পদার্থ বিজ্ঞানী এ.এ. মিসেলসন, শামছুল ইসলাম আলমাজী, লিপি খন্দকার।

ডিসেম্বর ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি ধনু রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে ধনুর বৈশিষ্ট্য মকর দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিনয়ী, নিরাসক্ত, পরিশীলিত ও সৃজনশীল। কল্পনাপ্রবণ হলেও আপনি চাপা। তাই আপনি হতে পারেন কিছুটা দুর্বোধ্য। মেধা ও উদ্ভাবনী ক্ষমতার সাথে সাথে আপনার রয়েছে ইনটুইশন। তাই যে কোন বিষয়ের মর্মমূলে আপনি সহজেই প্রবেশ করতে পারেন। আধ্যাত্মিকতা, ভ্রমণ ও বৈচিত্র্যের নেশা জীবনের এক পর্যায়ে আপনাকে পেয়ে বসতে পারে। যে কোন পরিবেশের সাথে আপনি ইচ্ছা করলে সহজে নিজেকে মানিয়ে নিতে পারেন। স্বাধীন আত্মবিকাশের স্পৃহা আপনার সাফল্যের ভিত্তি হিসেবে কাজ করতে পারে।

পেশা : আপনি শিক্ষা, দর্শন, বিজ্ঞান, গবেষণা, শিল্প, সাহিত্য, সঙ্গীত, আইন ও শিপিং-এর সাথে জড়িত পেশায় ভাল করবেন। তবে ঝুঁকিপূর্ণ ব্যবসার সাথে জড়িত না হওয়াই ভাল।

প্রেম : আপনার চাপা ব্যক্তিত্ব প্রেমাস্পদের সাথে পুরোপুরি একাত্ম হওয়ার পথে অন্তরায় হতে পারে। আপনাকে সেন্টিমেন্ট পরিহার করতে হবে। পারিবারিক জীবনে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, শেওলা, সাদা, নীল ও বেগুনী। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : ফিরোজা ও মুনস্টোন। সংখ্যা : ২ ও ৩। দিন : সোম ও বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : বদরুদ্দিন ওমর, হোসনে আরা কামাল, আলতাফ মাহমুদ, আইরিন জুন, শিল্পপতি হারভে ফ্রিস্টন, রসায়নবিদ থমাস গ্রাহাম।

Capricorn

২১ ডিসেম্বর—১৯ জানুয়ারির মধ্যে জন্ম হলে আপনার রাশি

মকর

মকরের জাতক ধৈর্যশীল, অধ্যবসায়ী ও পরিশ্রমী। অন্য কোন জাতকই এদের মত কঠোর পরিশ্রম করতে পারে না। এরা নির্ভরযোগ্য ও বিশ্বস্ত। জীবনের প্রতি এরা দায়িত্বশীল ও সিরিয়াস। এদের দৃষ্টিভঙ্গি রক্ষণশীল। ইচ্ছাশক্তি প্রচণ্ড। এরা উচ্চাভিলাষী হলেও রাতারাতি কোন কিছু করতে চায় না। আত্মনিয়ন্ত্রণ, সাধনা ও অধ্যবসায়ের মাধ্যমে এরা ধীরে ধীরে লক্ষ্যপানে এগিয়ে যায়। একবার কোন লক্ষ্য স্থির করলে কোন কিছুই এদের তা থেকে বিচ্যুত করতে পারে না। এরা সতর্কতার সাথে ঠাণ্ডা মাথায় সব পরিকল্পনা গ্রহণ করে। এরা কর্তব্যপরায়ণ ও নিয়মানুবর্তী। তাই দীর্ঘমেয়াদী পরিকল্পনায় এরা সবসময়ই প্রতিদ্বন্দ্বীকে পেছনে ফেলে জীবনে সাফল্যের পথে এগিয়ে যায়।

মানসিকভাবে এরা ঠাণ্ডা ও হিসেবী। এরা তথ্য ও যুক্তিনির্ভর চিন্তায় বিশ্বাসী। এদের মধ্যে কল্পনা ও সৃজনী শক্তির অভাব আছে। এরা অধ্যয়ন ও অন্তর্মুখী চিন্তায় পারদর্শী। এদের মধ্যে কৌতুকবোধের অভাব আছে। বিভিন্ন বিষয়ের প্রতি এদের আগ্রহ সীমিত। এরা সব সময়ই যে কোন একটি বিষয়ে বিশেষজ্ঞ হতে চায়। নিজেদের মতের ব্যাপারে এরা রক্ষণশীল। অন্যরাও তাদের মত গ্রহণ করুক তাই চায়। তাদের কৃচ্ছ্র সাধনাপূর্ণ জীবনের দৃষ্টিভঙ্গির সাথে একমত না হলে এরা অন্যদের নির্বোধ মনে করতে পারে। এরা তাই জীবনকে উপভোগ করা থেকে প্রায়ই বঞ্চিত থাকে।

মকরের জাতক একটু অসামাজিক। এরা নির্জনতা পছন্দ করে। পরিবার ও পারিবারিক বন্ধুদের মধ্যেই এদের মনোযোগকে সীমিত রাখতে চায়। এমনকি সামাজিক তৎপরতায় আকৃষ্ট হলেও এরা বিভিন্ন সমাবেশে সহজ হতে পারে না। যে কোন সম্পর্ক স্থাপনে তারা ধীর। কিন্তু একবার সম্পর্ক স্থাপিত হলে তা সাধারণত স্থায়ী হয়। মূলত এরা আত্মকেন্দ্রিক। কোন কিছু বুঝতে দেরি হলেও এদের স্মরণশক্তি প্রখর।

জীবনে চলার পথে এরা নিয়ম-শৃঙ্খলাকে অত্যন্ত গুরুত্ব দেয়। এরা নিরলসভাবে কাজ করে যায়। অন্যদের জীবনে এরা নিয়ম-শৃঙ্খলা প্রতিষ্ঠিত করতে চায়। আর কোন আদেশ পালন করতে হলে তারা অক্ষরে অক্ষরে তা প্রতিপালন করতে চেষ্টা করে। হৈ-হল্লা, প্রচারণা ছাড়াই এরা নীরবে কাজ করে যায়। কারও উপকার করতে হলেও এরা নীরবে করে। এরা সাধারণত কারও আনুকূল্য চায় না। কেউ কোন আনুকূল্য দেখালে এরা তার প্রতিদান দেবেই। তারা কারও কাছে অনুগৃহীত থাকতে চায় না। এরা মূলত সৎ। তাই যে কোন জিনিস এদের জিম্মায় রেখে নিশ্চিত থাকা যায়।

মকরের জাতক মূলত হিসেবী। প্রয়োজনবোধে সামান্য কিছু নিয়েই বেঁচে থাকতে পারে। এদের এই গুণ অন্যদের হতবাক করে দেবে। জীবনের সবক্ষেত্রেই এরা ন্যায় বিচার করতে চায়। এরা যে কোন কাজের পারিশ্রমিক দেবে। কিন্তু কখনোই বেশি দেবে না। অন্যের কাছ থেকেও এরা সুবিচার আশা করে।

মকরের জাতকের মানসিক শক্তি ও ধৈর্যের অভাব নেই। যে কোন কষ্ট ও হতাশা সহ্য করার সহজাত গুণ আছে তাদের । আলাপ-আলোচনায় এরা সব সময় সরাসরি

মূল বিষয়ে যায়। অবশ্য এদের আলোচনা প্রায়ই নীরস। সৌন্দর্যের প্রতি এদের আকর্ষণ কম। বিজ্ঞান, শিল্প-সাহিত্যে এরা সৃজনশীলতার ছোঁয়া লাগাতে প্রায়ই ব্যর্থ হয়। রুটিন মাফিক কাজ ও অধ্যবসায়ই এদের জীবনে বিরাট সাফল্য নিয়ে আসে।

অর্থ ও কর্মজীবন

মকরের জাতকের কাছে অর্থ জীবনের একটা গুরুত্বপূর্ণ ফ্যাক্টর। অর্থের ব্যাপারে এরা চূড়ান্ত হিসেবী। এরা সবচেয়ে কম খরচ করে বেঁচে থাকতে পারে। কৃচ্ছ্র সাধনা করে যতদূর সম্ভব অর্থ জমাতে চেষ্টা করে। অর্থ বিনিয়োগে এরা চতুর। জুয়ার প্রতি এদের আকর্ষণ নেই। আত্মীয়-স্বজন ছাড়া এরা দান করতে পারে না। আয় যত কমই হোক না কেন এদের হাতে অর্থ জমে।

মকরের জাতক রুটিন মাফিক কাজে বিশ্বাসী। রুটিন, নিয়মানুবর্তীতা, ধৈর্য, পরিশ্রম ও অধ্যবসায় যেখানে বেশি প্রয়োজন তেমন পেশায়ই এরা সবচেয়ে ভাল করে।

মকরের জাতক নিজের চেষ্টায় নিজের ভাগ্য গড়ে তোলে। অন্যদের অর্থ বা সম্পদের লেনদেন ও ব্যবহারে এরা সৎ। বাস্তব বুদ্ধির কারণে তারা ব্যবসায়ে সাফল্য লাভ করে। ধৈর্যের অভাবে অন্যরা যেখান থেকে কেটে পড়ে, ধৈর্য ও কৃচ্ছ্র সাধনার গুণে তারা সেখান থেকে অর্থ উপার্জন করে। জীবনের শেষভাগে হলেও এরা লক্ষ্যে পৌছে।

ব্যবসায়িক অংশীদার হিসেবে এরা বিশ্বস্ত। তবে অংশীদার নির্বাচনে এরা খুঁতখুঁতে। মালিক বা কর্মকর্তা হিসেবে এরা অধীনস্থদের প্রতি সুবিচার করে। এদের অধীনস্থরা শ্রদ্ধা করলেও ঠিক পছন্দ করে না। কারণ কাজ আদায়ে এরা কঠোর। মকরের জাতকের জীবন হচ্ছে কোন না কোন প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রামের ইতিহাস। অন্যরা যখন অবসর নেয়ার কথা ভাবে তখনই এদের জীবনের সাফল্যের সময়। অধিকাংশ ক্ষেত্রে ৫০ বছর বয়সই শুভ পরিবর্তনের বছর।

শরীর ও স্বাস্থ্য

মকরের জাতকের দেহের গড়ন কৌণিক। শরীরে হাড় ও গ্রন্থির প্রাধান্য রয়েছে। এদের শরীরের হাড়ের কাঠামো বেশ সুন্দর। এদের উচ্চতা গড়পড়তা। মাথা লম্বাটে। কপালে চিন্তাশীলদের মত ভাঁজ পড়ে। ভ্রূ মোটা হলেও দেখতে আকর্ষণীয় নয়। মুখাবয়বে ভাঁজ পড়ে। চোখ গভীরভাবে আবদ্ধ। নাক লম্বাটে। মুখ ছোট। চোয়াল লম্বা, চিবুক শক্ত। কান বড় ও কৌণিক। চামড়া শুষ্ক ও একটু মোটা। হাত বড় ও গ্রন্থিগুলো মোটা। এদের দেখতে কঠোর নইলে বিষণ্ন মনে হয়। এরা ধীরে অনেকটা আবেগহীনভাবে কথা বলে। এরা চলাফেরায় ধীর। এদের সব সময় বয়সের তুলনায় একটু বেশি বয়স্ক মনে হয়।

মকরের জাতক সাধারণত শক্ত দেহের অধিকারী। ছেলেবেলায় সাধারণ অসুস্থতা একবার কাটিয়ে উঠলে এদের দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। রোগের কষ্ট এরা কোন অভিযোগ না করেই সহ্য করে। এরা হৈ-হল্লা করে নিজের কষ্ট ও যন্ত্রণা অন্যকে জানাতে চায় না। একবার রোগ সম্পর্কে সচেতন হলে নিজেরাই দক্ষতার সাথে নিজের যত্ন নিতে চেষ্টা করে।

মকরের জাতক চর্মরোগ, ফোঁড়া, হাঁটুতে ব্যথা, দুশ্চিন্তা ও আবেগ-অনুভূতি চাপা দেয়ার ফলে, অতিরিক্ত এসিডের কারণে হজমের গণ্ডগোল, বাত ও গেঁটে বাত, স্নায়বিক রোগ, বিষাদক্লিষ্টতা, নিম্ন রক্তচাপে আক্রান্ত হতে পারে। এদের পাকস্থলী দুর্বল। এদের হাড়কেন্দ্রিক রোগও হতে পারে। সবকিছুতে সতর্ক ও সাবধানী হওয়ায় এরা খুব কমই দুর্ঘটনার সম্মুখীন হয়।

মুক্তাঙ্গন তৎপরতা ও খেলাধুলার প্রতি এদের আকর্ষণ কম। তবে দীর্ঘশ্রম, ধৈর্য ও সাধনা সাপেক্ষ ক্রীড়ায় এরা ভাল করে। দাবা খেলার প্রতি এদের আকর্ষণ থাকতে

পারে। এরা মূলত পানাহারের ব্যাপারে সংযমী। এজন্যে বেশি বয়সে এদের রোগ কম হয়। তাছাড়া এরা নির্জনতাপ্রিয় ও নিয়মানুবর্তী। এজন্যে যোগব্যায়ামকে জীবনের সাথে অঙ্গাঅঙ্গীভাবে জড়িয়ে নিলে এরা মৃত্যুর আগ পর্যন্ত সুস্থ থাকতে পারে।

মকর পুরুষ

মকর রাশির পুরুষ জীবনের প্রতি অত্যন্ত সিরিয়াস। প্রেম ও রোমান্সে এদের এই দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটে। হৃদয়ের ব্যাপারে এরা রোমান্টিক বা সেন্টিমেন্টাল নয়। বাস্তব ও সরল দৃষ্টিভঙ্গি নিয়েই এরা এগিয়ে যায়। এরা হিসেবী। পোশাক ও জৌলুসের প্রতি উদাসীন। তাই মহিলারা সহজে এদের প্রতি আকৃষ্ট হয় না। তাছাড়া নিজস্ব ধ্যান-ধারণা অনুসারে মনের মত কাউকে খুঁজে পেতেও এদের সময় লাগে। প্রেমের ব্যাপারে এরা সিরিয়াস। নিজেদের অনুভূতির ব্যাপারে এরা সৎ। এরা প্রেমিকার চেয়ে গৃহিণীকেই খুঁজে বেড়ায় বেশি।

মকর পুরুষ পেশাগত অগ্রগতিতে বাধা হয়ে দাঁড়াবে না, এমন স্ত্রীই পছন্দ করে। এরা বিয়েকে সম্মানজনক অংশীদারী বলে মনে করে। দাম্পত্য জীবনে সাফল্য আনার জন্য এরা চেষ্টার কোন ত্রুটি করে না। এদের মানদণ্ডে উপযুক্ত স্ত্রী পেলে এরা অনুভূতি ও প্রাণোচ্ছলতা গোপন করে না। সাধারণত স্বামী হিসেবে এরা বিশ্বস্ত। তবে এরা সাধারণত স্ত্রীকে বেশি স্বাধীনতা দেয় না। প্রচুর অর্থ থাকলে স্ত্রীর ব্যয় করার স্বাধীনতা খুবই কম। ঘরের সব কিছুই এরা রুটিন মাফিক নিয়ন্ত্রণ করতে চায়।

মকর পুরুষ সাধারণত স্ত্রীর ও পরিবারের আবেগ ও আনন্দের সঙ্গী হতে পারে না। এরা মূলত স্বার্থপর। এরা সবকিছু চায়। কিন্তু আবেগ ও ভালবাসা ব্যক্ত করার মাধ্যমে যে জীবনকে আরও আনন্দময় করা যেতে পারে তা তারা বুঝতে পারে না বা বুঝলেও তা করতে পারে না।

মকর মহিলা

মকর মহিলারা চাপা ও রক্ষণশীল। সাধারণ নারীসুলভ গুণাবলীর অভাব আছে। এরা অন্যের মত রোমান্টিক, সেন্টিমেন্টাল ও অনুভূতিপ্রবণ নয়। মন-মেজাজে এরা অনেকটা পুরুষসুলভ। এরা সহজে প্রেমে পড়ে না। আর একবার কাউকে ভালবাসলে এরা তার প্রতি সারাজীবনই বিশ্বস্ত থাকতে চায়।

মকর মহিলারা উচ্চাভিলাষী ও হিসেবী। জীবনে প্রতিষ্ঠিত হয়েছে এমন পুরুষকেই এরা স্বামী হিসেবে পেতে আগ্রহী। এরা স্বামীর পেশাগত অগ্রগতিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। যোগ্যতা ও সন্দেহাতীত বিশ্বস্ততার ফলে এরা পরিচিতদের প্রশংসা লাভ করে। গৃহের দৈনন্দিন রুটিনেই এদের আনন্দ। গৃহের পরিচালনায়, রান্না-বাড়ায় হিসেব করে খরচ করায় এদের জুড়ি পাওয়া কষ্টকর। স্বামী ও সন্তানের সেবা-যত্ন এরা নীরবেই করে যায়। এরা অনেক সময় কর্তব্যের দাসে পরিণত হয়।

মকর মহিলাদের অনেক গুণ থাকা সত্ত্বেও নারীসুলভ সহানুভূতি ও হৃদয়ের উষ্ণতার অভাব আছে। নিজের আবেগ-অনুভূতির যথাযথ প্রকাশে ব্যর্থতা এদের জীবনে দুর্ভোগ ডেকে আনতে পারে। এদের মনে রাখা উচিত যে, শুধু কর্তব্য নয়, হৃদয়ের উষ্ণতা ও ভালবাসা দিয়েই দাম্পত্য জীবনকে মধুর ও সফল করে তোলা যায়।

অবসাদ নিরাময়ে

খেয়ালী, অস্থির, বিপ্লবী ও অতি উৎসাহী লোকজন আপনার বিরক্তির কারণ হতে পারে। এদের হৈ-হল্লা ও চিরায়ত রীতি-নীতির বিরুদ্ধে মনোভাব আপনার কাছে জঘন্য মনে হতে পারে। অন্যের অভিযোগ শুনতে শুনতেও বিরক্তিতে আপনার মন ভরে উঠতে পারে।

এদের সংস্পর্শ সযত্নে এড়িয়ে চলুন। ধীরে ধীরে হলেও আপনি অগ্রগতি ও সাফল্যের পথে এগুতে চান। এতে পিছিয়ে পড়লে হতাশ না হয়ে আপনার চেয়েও যারা হতভাগ্য তাদের দিকে তাকান। আপনি পছন্দ করেন আর বাস্তব দৃষ্টিকোণ থেকেও লাভজনক এমন নিজস্ব 'হবি' গড়ে তুলুন। নিজস্ব পারিবারিক গণ্ডি ও কর্মস্থল থেকে দূরে নতুন বন্ধুত্ব গড়ে তুলুন, দেখবেন আপনি সহজেই নিজের অবসাদ কাটিয়ে উঠতে পারছেন।

ত্রুটিবিচ্যুতি

মকরের জাতক স্বার্থপর, সংকীর্ণমনা, অনুভূতিহীন, সন্দেহপরায়ণ, নিষ্ঠুর, ছিদ্রান্বেষী, কৃপণ ও হতাশাবাদী হতে পারে। এরা অপ্রয়োজনীয় দুশ্চিন্তা করতে ও অতিমাত্রায় রক্ষণশীল হতে পারে। একগুঁয়েমি, ধর্মান্ধতা ও অসহিষ্ণুতা এদের পেয়ে বসতে পারে। এদের মধ্যে কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব আছে। কেউই এদের মানদণ্ডের বিচারে সহজে উত্তীর্ণ হতে পারে না। সামাজিক বা নৈতিকভাবে সমকক্ষ মনে না করলে এরা তাদের হেয় চোখে দেখে। প্রতিষ্ঠিতদের তোয়াজ করার প্রবণতা এদের মধ্যে থাকতে পারে। বিষাদক্লিষ্টতায় এরা সহজেই আক্রান্ত হয়। আত্ম-করুণা এদের মাদক দ্রব্যে আসক্ত করতে পারে।

পারস্পরিক সম্পর্ক

মকরের জাতক অসামাজিক। সহজে বন্ধুত্ব করতে পারে না। এদের বন্ধুর সংখ্যা খুবই কম। সাধারণভাবে বৃষ, কন্যা, বৃশ্চিক ও মীনের জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক ও অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি। মকরের সাথে মকরের জাতকের সম্পর্ক সফল হতে পারে। কারণ এরা নিয়ম-শৃংখলায় বিশ্বাসী।

মেষ, কর্কট ও তুলার জাতকের সাথে মকরের জাতকের সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি দেখা দিতে পারে। এদের সাথে সম্পর্কের ক্ষেত্রে ধৈর্য ও সমঝোতার মনোভাব গ্রহণ করা উচিত। কর্কট ও মকরের বিয়ে খুব কমই সফল হয়।

মিথুন, সিংহ, ধনু ও কুম্ভের জাতকের সাথে সম্পর্কে মকরের জাতককে কৌশলী হতে হবে। এরা মকরের জাতকের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপনে অনীহাও প্রদর্শন করতে পারে।

ডিসেম্বর ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য ধনু দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি বিশ্বস্ত, গতিশীল ও উদ্দীপনাপূর্ণ। নিজের পরিকল্পনা ও ইচ্ছা বাস্তবায়নে আপনি জঙ্গী ও আপোসহীন। আপনার বিশ্লেষণী ক্ষমতা রয়েছে। যে কোন জটিল পরিস্থিতিও আপনি আনায়াসে বুঝতে পারেন। আপনার সিদ্ধান্তে যুক্তির অভাব না থাকলেও আপনার আচরণ পদ্ধতিতে অনেক সময় যুক্তির অভাব থাকতে পারে। আপনি কর্তৃত্বপরায়ণ। সবকিছুই নিখুঁতভাবে করতে চান। অন্যের জন্যে অনেক কিছুই করতে পারেন। কিন্তু সবটাই নিজের মত করে। আপনার মধ্যে কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব অনেকেই শত্রুতে পরিণত করবে। জীবনের প্রথম ভাগ প্রতিবন্ধকতা ও সংঘাতপূর্ণ হবে।

পেশা : আপনি ইঞ্জিনিয়ারিং, নির্মাণ, প্রশাসন, ব্যবস্থাপনা, শিক্ষকতা ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। কৌশলী না হলে আপনাকে অনেক প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে।

প্রেম : আপনার কর্তৃত্বপরায়ণতা ও আপোসহীনতা পারিবারিক শান্তির পথে অন্তরায় হতে পারে। আপনাকে দাম্পত্য জীবনে সহনশীল ও কুশলী হতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও এমিথিস্ট। **সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** বৃহস্পতি ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : জোশেফ স্টালিন, রাজনীতিক বেঞ্জামিন ডিজরেইলী, কুর্ট ওয়াইল্ডহেইম, হেনরিখ বোল, অজয় রায়, জেন ফণ্ডা, ঔপন্যাসিক এন্থনি পাওয়েল, শামস রশীদ, সাবের আহমেদ আসগরী।

ডিসেম্বর ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য ধনু দ্বারা প্রভাবিত। আর ৪ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি ব্যক্তি স্বাধীনতা প্রিয় ও দৃঢ় সংকল্পবদ্ধ। জীবনের প্রতি আপনার দৃষ্টিভঙ্গি সিরিয়াস। আপনি নিজেই নিজের পথ করে নিতে চান। গতানুগতিকতা থেকে ভিন্ন পথে নতুন কিছু করার স্পৃহা আপনার জন্মগত। আপনার সংবেদনশীলতা ও সৃজনশীলতা নিজেকে প্রকাশ করা ও অন্যকে বোঝার পক্ষে সহায়ক। আপনার আশেপাশের সকল অন্যায়ের প্রতিবাদ করতে আপনি অগ্রণী হয়ে উঠতে পারেন। আপনার দৃঢ়তা অনেকের সাথে সম্পর্কচ্ছেদের কারণ হতে পারে। আপনার বলিষ্ঠতা ও দৃঢ়তা জীবনে সাফল্য এনে দিলেও আপনাকে আরও দূরদর্শী এবং পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নিতে সচেষ্ট হতে হবে।

পেশা : আপনি যে কোন পেশায়ই ভাল করবেন। তবে সৃজনশীল, রাজনৈতিক ও জনপেশায় বেশি সফল হবেন।

প্রেম : আপনি রোমান্টিক। সহজেই ইমোশনাল সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন। প্রেমে পড়তে ভালবাসেন। তাই বোকার মত প্রেমের জালে আটকা পড়তে পারেন। দূরদর্শিতা কাজে না লাগালে পারিবারিক জীবনে আপনি হতাশায় ভুগতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, ব্রোঞ্জ, হলুদ, সোনালী, ধূসর। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও আম্বর। **সংখ্যা** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : গণিতজ্ঞ শ্রী নিবাস রামানুজন, জোতির্বিদ গোট রিভার, মনজুর আহমেদ, ভূগোলবিদ ইনোকান্টলি গ্রাসিমোভ।

ডিসেম্বর ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫ আপনার ওপর বুধ ও শনির বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য ধনু দ্বারা প্রভাবিত। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি উদারমনা ও বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। বহুমুখী মেধার জন্যে অনেক দিকে আপনার মনোযোগ বিক্ষিপ্ত হয়ে পড়তে পারে। যে কোন বিষয় সহজে রপ্ত করতে পারায় আপনি সবকিছু করতে চাইবেন এতে আপনার বড় কিছু করার সম্ভাবনা হ্রাস পেতে পারে। আপনার ইনটুইশন প্রখর। আপনার বিশ্লেষণী ক্ষমতার সাথে সাথে আছে অতিন্দ্রীয় উপলব্ধির গুণ। ধর্মীয় ও মানবতাবাদী অনুভূতি আপনার মধ্যে প্রবল। সুযোগ ও সম্ভাবনা আসবে অনেক। কিন্তু আপনি বড় কিছু ছেড়ে সাময়িক তৃপ্তির পেছনে ছুটতে পারেন। জীবনে অবদান রাখতে হলে আপনাকে দূর

প্রসারী পরিকল্পনা নিয়ে কাজ করতে হবে।

পেশা : আপনি সাহিত্য, শিল্প, দর্শন, প্রশাসন, কারিগরি, চিকিৎসা, সেলসম্যান ও অভিযাত্রায় ভাল করবেন। তবে বারবার পেশা পরিবর্তনের প্রবণতা পরিহার করতে হবে।

প্রেম : আপনার মন রোমান্টিক হলেও প্রেমে অত্যন্ত বিশ্বস্ত। প্রিয়জনের জন্যে সব কিছু উজাড় করে দিতে প্রস্তুত। একটু উদারমনা সঙ্গী/সঙ্গিনী পেলে জীবন আপনার আনন্দময় হয়ে উঠতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, ধূসর, বাদামী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৫, ৮, ১০, ১৪, ১৭, ১৯, ২৩, ২৬, ২৮।

ব্যক্তিত্ব : প্রত্নতত্ত্ববিদ কার্ল রিচার্ড লিপসেন, চরণ সিং, ফরহাদ খান, উপন্যাসিক তকুদা সুসেই, মোহাম্মদ জাফর ইকবাল।

ডিসেম্বর ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি বহির্মুখী ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। নিজেকে সহজে প্রকাশ করতে পারেন। সহজে অন্যের সাথে মিশতে পারেন। আপনি জনজীবন ভালবাসেন। সবার আকর্ষণের কেন্দ্র হিসেবে থাকার মধ্যেই আপনার আনন্দ। আপনার যেমন যোগ্যতা আছে, তেমনি আপনি জানেন যোগ্যতাকে কাজে লাগাতে। আপনি নিয়মানুবর্তী। আপনার আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা অদ্ভুত। ধৈর্যের সাথে দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুসারে আপনি লক্ষ্যপানে এগিয়ে যেতে পারেন। ছোট কিছু করার মধ্যে আপনি তৃপ্তি খুঁজে পান না। বড় কিছু করতে চান। আপনার গুণাবলী আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি সৃজনশীল ও বিনোদনমূলক পেশায় ভাল করবেন। ডাক্তার, স্থপতি নির্মাতা, শিক্ষক, ঐতিহাসিক ও রাজনীতিক হিসেবেও আপনি সাফল্য লাভ করতে পারেন।

প্রেম : আপনি রোমান্টিক। বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ সুতীব্র। আর তারাও আপনার প্রতি সহজে আকৃষ্ট হয়। পারিবারিক শান্তি ও জীবনে সাফল্য লাভের জন্য সাময়িক রোমান্স সবসময় এড়িয়ে চলতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, তুত, ধূসর। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** ফিরোজা ও নীলা। **সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও শুক্রবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : কবি ম্যাথু আর্নল্ড, আভা গার্ডনার, আল কিন্‌দি, উইলিয়াম পিকারিং, ধনকুবের হাওয়ার্ড হুগস্‌, আলাউদ্দীন আলী।

ডিসেম্বর ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। ধনুর প্রভাব আছে। আপনার জন্ম সংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি দূরদর্শী ও কর্তব্যপরায়ণ। সব সময় কাজ নিয়ে থাকতে চান। দৈহিক ও মানসিকভাবে আপনি অস্থির ও ভ্রাম্যমাণ। আপনার অন্তর্দৃষ্টি নতুন ধ্যানধারণা গ্রহণে সবসময় উদ্বুদ্ধ করে। রুটিন অনুসারে একঘেয়ে জীবন আপনার পছন্দ

নয়। তাই একাধিক পেশাগত পরিবর্তন আসতে পারে। তবে অস্থিরতা সত্ত্বেও পরিকল্পিত কাজে ধৈর্যের সাথে লেগে থাকার গুণ আছে আপনার। কোন বাধা ও চ্যালেঞ্জই আপনাকে লক্ষ্য থেকে টলাতে পারে না। আপনার আত্মবিশ্বাস ও দৃঢ়তাই আপনাকে সাফল্যের সোপানে নিয়ে যাবে।

পেশা : আপনি শিক্ষা, বিজ্ঞান, দর্শন, রাজনীতি, শিপিং, পরিবহন, ট্রাভেল এজেন্সির সাথে জড়িত পেশায় ভাল করবেন। পছন্দসই একটা পেশায় আপনার লেগে থাকা উচিত।

প্রেম : আপনার সাথে বিপরীত লিঙ্গের সম্পর্ক হতে পারে ভাসাভাসা। তবে কাউকে একবার গভীরভাবে ভালবাসলে অধ্যবসায়ের পরীক্ষায় আপনার ব্যর্থ হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, ধূসর, শেওলা ও নীল। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও পান্না। **সংখ্যা :** ৭ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** সোম ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : মোহাম্মদ আলী জিন্নাহ, রাজনীতিক অটল বিহারী বাজপেয়ী, আইজ্যাক নিউটন, রেবেকা ওয়েস্ট, আবু রুশদ্, ড. মাহমুদ-উল আমীন, নেওয়াজ শরীফ, সত্য সাহা, হুমায়ুন কবীর। জগলুল হায়দার আফ্রিক, ইসমত জেরীন খান।

ডিসেম্বর ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৮। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি প্রতিভাদৃপ্ত। জীবনের প্রতি সিরিয়াস। সব কিছুকেই আপনার উচ্চাভিলাষ পূরণের লক্ষ্যে পরিচালিত করতে চান। কিন্তু আপনি অত্যন্ত মুডী। আজ আশা-উদ্দীপনার তুঙ্গে অবস্থান করছেন। আর দেখা যাবে কালকেই হতাশার গভীরে ডুবে গেছেন। আপনি দৃঢ়চেতা ও কিছুটা আত্মগর্বী। জীবন আপনার কুসুমাস্তীর্ণ নয় বরং কণ্টকাকীর্ণ। অনেক বাধা-বিপত্তি ও উত্থান-পতনের মধ্য দিয়ে আপনাকে এগুতে হবে। তবে দুর্ভাগ্যকে ভয় পাওয়ার কিছু নেই। প্রতিটি বাধাই আপনাকে শক্তিশালী করবে, আপনার লক্ষ্যবস্তু এগিয়ে আসবে আরও কাছে।

পেশা : আপনি প্রশাসন, দর্শন, রাজনীতি, নির্মাণ, কৃষিকাজ ও স্থাপত্যের সাথে জড়িত পেশায় ভাল করবেন। একাধিক পেশাগত পরিবর্তন আসবে আপনার।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ তীব্র। আর তারাও সহজেই আপনার প্রতি আকৃষ্ট হয়। প্রেম ও বিবাহিত জীবনে ঝামেলা আসতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, ছাই, ব্রোঞ্জ, চকলেট। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও সিলোনী গোমেদ। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : চেয়ারম্যান মাও সে তুং, হেনরী মিলার, মুন্সী মেহেরুল্লাহ, নীনা হামিদ, রিচার্ড উইড মার্ক, কবি থামস গ্রে, শেহাব উদ্দিন আহমেদ, দুলাল বিশ্বাস।

ডিসেম্বর ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৯। শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। দৃঢ় ইচ্ছাশক্তির সাথে

রয়েছে কাজ করার যোগ্যতা। জীবন হবে ঘটনাবহুল। আপনার মধ্যে থাকতে পারে এক ধরনের চরমপন্থী মনোভাব। বাহ্যত ভয় না পেলেও যে কোন পরিস্থিতির ক্ষতিকর ও লাভজনক দিক খুবই সুস্পষ্টভাবে দেখতে পান। তাই বলিষ্ঠভাবে সিদ্ধান্ত নিয়ে সহজেই কাজ করতে পারেন। জীবনে ব্যাপক ঘাত-প্রতিঘাত সত্ত্বেও সাফল্যের দ্বার কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি প্রশাসনিক, গবেষণা, রাজনীতি, ইঞ্জিনিয়ারিং ও আইনের সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও ভাল।

প্রেম : আপনার পেশাগত জীবনের ব্যস্ততা ব্যক্তিগত জীবনে শান্তির পথে বাধা হতে পারে। ঘরে ফেরামাত্র পেশাগত সমস্যা মাথা থেকে ঝেড়ে ফেলতে শিখতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, খয়েরী, মেরুন, চকলেট, ধূসর, বেগুনী ও নীল। **ধাতু :** সীসা ও ইস্পাত। **রত্ন :** সিলোনী গোমেদ ও নীলা। **গুরুত্বপূর্ণ সংখ্যা** ৮ ও ৯। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৮, ৯, ১২, ১৭, ১৮, ২১, ২৬, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী লুই প্রাস্তুর, জ্যোতির্বিদ জন কেপলার, কথাশিল্পী সৈয়দ শামসুল হক, কবি মীর্জা গালিব, উপন্যাসিক রাবেয়া খাতুন, আলহাজ্ব জহিরুল হক, মৃদুল সাহা, অভিনেত্রী মার্লিন দিয়াত্রিচ, মুনমুন আহমেদ।

ডিসেম্বর ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করার ফলে অত্যন্ত বাস্তববাদী ও চাপা ব্যক্তিত্বের অধিকারী। আপনি উচ্চাভিলাষী। লক্ষ্যে পৌঁছানোর ব্যাপারে লেগে থাকার গুণ আছে। কাজ ও দায়িত্বের ব্যাপারে সিরিয়াস। সব নিখুঁতভাবে করতে চান। তবে আপনার মধ্যে সামাজিকতার অভাব থাকতে পারে। একাকী থাকতেই ভালবাসেন। কারও আনুকূল্য পেতে চান না, অনুগৃহীত থাকতে চান না। জীবনের কন্টকাকীর্ণ পথে অগ্রগতি হবে ধীর।

পেশা : আপনি ব্যবস্থাপনা, গবেষণা ও বুদ্ধিবৃত্তিক কাজে ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগও ভাল।

প্রেম : আপনি চাপা। ইমোশন যথাযথভাবে প্রকাশে অসমর্থ। অল্প বয়সে বিয়ে পেশাগত জীবনকে বাধাগ্রস্ত করতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, সোনালী, কমলা, ব্রোঞ্জ, বাদামী। **ধাতু :** সোনা ও সীসা। **রত্ন :** রুবী ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : রাষ্ট্রনায়ক উড্রো উইলসন, রাজা বিরেন্দ্র, উপন্যাসিক রিজিয়া রহমান, সাংবাদিক আহমেদ জামান চৌধুরী, জ্যোতির্বিদ মার্টিন স্কীমড, আবহাওয়াবিদ কার্ল গুস্তক রসবি, আলমগীর রহমান।

ডিসেম্বর ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ ও সিরিয়াস। সৌন্দর্য ও নোংরামি সহজেই আপনার মনে ছাপ ফেলতে পারে। আপনি সহজে মনে কষ্ট পেতে পারেন। তবে আপনি সাথে সাথে মনের ক্ষোভ প্রকাশ করেন না। ব্যক্তিত্বের আবরণে চাপা দেন আপনার

অনুভূতি। আপনি মেধাবী। আপনার ধর্মীয় অনুরাগ প্রবল। নিজের কথা গুছিয়ে বলার ক্ষমতা আছে আপনার। এই বিশেষ গুণ আপনার সাফল্যের ভিত্তি হিসেবে কাজ করতে পারে। আত্মবিশ্বাস ও ধৈর্যের সাথে অগ্রসর হলে মেধার ছাপ রেখে যাওয়া আপনার কাছে কঠিন কিছু নয়।

পেশা : আপনি দর্শন, ধর্ম, সাংবাদিকতা, শিল্প, সাহিত্য, চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। একক ব্যবসা আপনার জন্য ভাল নাও হতে পারে।

প্রেম : আপনি অনুভূতিপ্রবণ। আপনি চান প্রশংসা, আপনার যোগ্য নয় এমন কাউকে আপনার জীবন সঙ্গী/সঙ্গিনী হিসেবে বেছে নেয়ার সম্ভাবনা আছে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, সাদা, নীল, কমলা। **ধাতু** রূপা ও সীসা। **রত্ন :** ইন্দ্রনীলা ও মুনস্টোন। **গুরুত্বপূর্ণ সংখ্যা :** ২ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** সোম ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : বৃটিশ রাজনীতিক উইলিয়াম গ্লাডস্টোন, ক্রিকেটার সৈয়দ কিরমানী, শিল্পচার্য জয়নুল আবেদীন, সাইদা খানম, সুরকার পাবলো কাসেল, আলেয়া ফোরদৌসী।

ডিসেম্বর ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী। আপনার জীবনে গতি আছে বিশ্বাস আছে, আছে উদ্দীপনা। বিশ্লেষণী ক্ষমতার জন্যে যে কোন জটিল পরিস্থিতি সহজে বুঝতে পারেন। আর আপোসহীন দৃঢ়তা নিয়ে নিজের পরিকল্পনা বাস্তবায়নে এগিয়ে যেতে পারেন। কর্তৃত্বপরায়ণ মনোভাবের সবকিছু নিখুঁতভাবে নিজের মত করে করতে চান। সাধারণভাবে যুক্তিবাদী হওয়া সত্ত্বেও আচরণ পদ্ধতিতে আবেগপ্রবণ। কৌশল ও ডিপ্লোম্যাসীর অভাব জীবনকে সংঘাতময় করে তুলতে পারে।

পেশা : আপনি শিক্ষকতা, ব্যবস্থাপনা, প্রশাসন, ইঞ্জিনিয়ারিং ও রাজনীতির পেশায় ভাল করবেন। প্রতিবন্ধকতা পেশাগত পরিবর্তনের কারণ হবে।

প্রেম : আপনি সবকিছু নিজের মত দেখতে চান। আপনার ব্যক্তিত্ব বিপরীত লিঙ্গের আকর্ষণের কারণ হলেও পারিবারিক শান্তি পেতে হলে উদার ও সহনশীল হতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বৃহস্পতিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : কবি রুডইয়ার্ড কিপলিং, কথাশিল্পী থিওডোর ফনটেন, সাহিত্যিক এল. পি হার্টলি, প্রধানমন্ত্রী হিদাকী তজো, প্রধানমন্ত্রী রশীদ করিম, ওমর বঙ্গো, খোরশেদ আলম, দিলারা হাফিজ।

ডিসেম্বর ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি নিজস্ব পথ ও ধারার অনুসারী গতানুগতিকতা থেকে ভিন্নভাবে নতুন কিছু করার সহজাত স্পৃহা রয়েছে আপনার মধ্যে। সব ব্যাপারেই আপনি সিরিয়াস। সংকল্পের মাঝে দৃঢ়তার কোন অভাব নেই। আর ব্যক্তি স্বাধীনতা ও স্বাধীনভাবে কাজ করার সুযোগের মূল্য আপনার কাছে অনেক। নিজের মত সুন্দরভাবে

প্রকাশ করতে পারেন। আপনার সংবেদনশীলতা অন্যকে বুঝতে সাহায্য করে। প্রতিবাদী ও বিরুদ্ধবাদী হিসেবে অনেকের অপ্রিয় হয়ে উঠতে পারেন আপনি। দৃঢ়তা ও বলিষ্ঠতা সত্ত্বেও জীবনে সাফল্য লাভের জন্য আরও কৌশলী হতে হবে।

পেশা : উদ্ভাবনী ক্ষমতার জন্যে যে কোন পেশায় ভাল করবেন। তবে আকর্ষণীয় ব্যক্তিত্ব সৃজনশীল ও জনপেশায় বেশি সফল করতে পারে।

প্রেম : আপনার সংবেদনশীল মন সহজেই প্রেমের ডোরে বাধা পড়তে পারে। বোকার মত প্রেমে পড়ে নিজের জীবনে অশান্তি ডেকে আনতে পারেন। শুভানুধ্যায়ীদের পরামর্শ অনুসারেই বিয়ের সিদ্ধান্ত নেয়া ভাল।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, ধূসর, হলুদ, সোনালী, বাদামী। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও আম্বর। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী হেনরী মাটিসে, ডোনা সামার, বেন কিংসলি, কাজী আব্দুল আলিম, লর্ড চার্লস ক্রমওয়েল, গায়ক মোহাম্মদ রফিকুল আলম, আলী ইমাম, আতাউর রহমান, হাবিবুল্লাহ সিরাজী, জুলিয়া।

জানুয়ারি ১

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ প্রখর। আপনি স্বাধীনচেতা। চিন্তাধারা ও আশা-আকাঙ্ক্ষায় রয়েছে মৌলিকত্ব ও সৃজনশীলতা। সব কিছুতে আপনি সিরিয়াস, চিন্তা-ভাবনা করে সিদ্ধান্ত নেন। যে কোন বিষয় পুরোপুরি বুঝতে চান। যে কোন দায়িত্ব পুরোপুরি সম্পাদন করতে চান। বাস্তববাদী হওয়ায় অন্যের চিন্তায় সহজেই প্রভাবিত হন না। আপনার সব কাজের পেছনে রয়েছে সুনির্দিষ্ট লক্ষ্য। তাই আপনি সহজেই হতোদ্যম হন না। জীবনে অনেক বাধা আসবে। কিন্তু ধৈর্য ও অধ্যবসায়ে মধ্য বয়সের পর আপনাকে সাফল্যের সোপানে নিয়ে যাবে।

পেশা : আপনি প্রশাসনিক, গবেষণা, অনুসন্ধান, রাজনৈতিক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। পেশাগত যে কোন পরিস্থিতির পূর্ণ সদ্ব্যবহারের ক্ষমতা আপনার আছে।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব সহজেই বিপরীত লিঙ্গের প্রতি আকৃষ্ট হবে। একাধিক প্রেম আপনার পারিবারিক জীবনে সমস্যা নিয়ে আসতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, বাদামী ও নীল। **ধাতু :** সোনা ও সীসা। **রত্ন :** রুবী ও নীলা। **সংখ্যা :** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** রবি ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি জসিমউদ্দিন, ই. এম. ফ্রস্টার, অধ্যাপক আবদুর রাজ্জাক, বিজ্ঞানী সত্যেন্দ্র নাথ বসু, বুলবুল চৌধুরী, ড. কাজী দীন মুহম্মদ, মোহাম্মদ মাহফুজুল্লাহ, মাহবুব তালুকদার, আল মুজাহিদী, আবদুল্লাহ আল মুতী শরিফুদ্দীন, ফিরোজ শাই, উপাচার্য অধ্যাপক আব্দুল মন্নান, গাজী শামসুর রহমান, বিচারপতি রুহুল ইসলাম, এডমিরাল ক্যানারিজ, কিম ফিলবী, দার্শনিক আমিনুল ইসলাম।

জানুয়ারি ২

আজ আপনার জন্ম দিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর শনি ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, ভদ্র, অনুভূতিপ্রবণ ও বিনয়ী। আপনার কল্পনার সাথে আছে ইনটুইশন। আপনি মেধাবী আর কর্তব্যে সিরিয়াস। সৌন্দর্য ও নোংরামি সহজেই আপনার ওপর ছাপ ফেলে। বাধা ও বিরোধিতা আপনাকে সহজেই সংকুচিত করতে পারে। যে কোন অভদ্র বা রূঢ় আচরণ আপনাকে সহজেই মনক্ষুণ্ন করতে পারে। বাস্তব বিচার-বিশ্লেষণের চেয়ে ইনটুইশন আপনার বড় শক্তি। ধৈর্য ও আত্মবিশ্বাসের সাথে অগ্রসর হলে আপনার সাফল্যের পথ কেউ রুদ্ধ করতে পারবে না।

পেশা : আপনি সাহিত্য, দর্শন, শিল্পকলা, চিকিৎসা ও জনপেশায় ভাল করবেন। ব্যবসায়ে অংশীদারী উদ্যোগ আপনার জন্যে বেশি ফলপ্রসূ হবে।

প্রেম : মনের দিক থেকে রোমান্টিক হলেও নিজের ইমোশন প্রকাশে আপনি একটু চাপা। পারিবারিক শান্তির জন্যে আপনাকে দিলখোলা ও উদার হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, পীত, লেমন, সাদা ও নীল। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** ইন্দ্রলীলা ও মুনস্টোন। **সংখ্যা :** ২ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও সোমবার **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : কথাশিল্পী আইসাক আসিমভ, ড: মিজানুর রহমান শেলী, কবি আহসান হাবিব, শওকত ওসমান, শাহনাজ রহমত উল্লাহ, আ.স.ম. আব্দুর রব, অমলেন্দু দে, মহিউদ্দিন শাকের।

জানুয়ারি ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি সিরিয়াস ও উচ্চাভিলাষী। নিজের ইচ্ছা ও পরিকল্পনা বাস্তবায়নে আপনি বলিষ্ঠ। নিজের পথ আপনি নিজেই করে নিতে চাইবেন। নিজের মতে অটল থাকার প্রবণতা আপনার আছে। চিন্তা-ভাবনা করার, পরিকল্পনা রচনা করার মেধা আছে আপনার। জনজীবনের সাথে কোন না কোন ভাবে জড়িত হতে আপনি ভালবাসেন। দায়িত্ব গ্রহণে, নেতৃত্ব দানে ও কর্তৃত্ব করার ব্যাপারে আপনার কোন দ্বিধাদ্বন্দ্ব নেই। আপনার শত্রু থাকবে অনেক। বাধা ও ঈর্ষার সম্মুখীন হবেন যথেষ্ট। কিন্তু আপনার উদ্যম ও দৃঢ়তা আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি ব্যবস্থাপনা, প্রশাসন, আইন ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। ব্যবসায়ে আত্মবিশ্বাসবশত অতিরিক্ত ঝুঁকি নেবেন না।

প্রেম : আপনার মন কর্তৃত্বপরায়ণ, আপনার মানসিক শ্রেষ্ঠত্ব স্বীকার করে নেয়ার মত জীবন সঙ্গী/সঙ্গিনী না পেলে পারিবারিক জীবনে সুখী হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, ফিরোজা ও নীল। **ধাতু** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** বৃহস্পতি ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : রাজনীতিক ক্লিমেন্ট এটলি, নগোদিন দিয়েম, সাহিত্যিক সানাউল হক খান, চলচ্চিত্রকার বেবী ইসলাম, সাংবাদিক সৈয়দ শাহজাহান।

জানুয়ারি ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি সিরিয়াস। মৌলিক ধ্যান-ধারণা ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। নিজস্ব বৈশিষ্ট্যমণ্ডিত ব্যক্তিত্ব সহজেই অন্যের দৃষ্টি আকৃষ্ট করে। তাই

অনেকেই আপনার শত্রুতে পরিণত হবে। অনেকেই ভুল বুঝবে। অনেক বাধা আসবে। তবুও সাফল্য লাভের জন্যে আপনাকে নিজস্ব পথেই চলতে হবে। বাধার মুখে ধৈর্য ও সহিষ্ণুতার সাথে এগোতে হবে। তা না হলে আপনি বহুলাংশে হতে পারেন নিয়তির ক্রীড়নক। জনজীবনের প্রতি আপনার আকর্ষণ প্রবল। কৌশলী হলে কর্তৃত্ব ও ক্ষমতা আপনার হাতে আসবে।

পেশা : আপনি কারিগরি, ইঞ্জিনিয়ারিং, সাংবাদিকতা, রাজনীতি ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। ভবিষ্যতের জন্য সঞ্চয়ী না হলে আপনাকে যথেষ্ট দুর্ভোগ পোহাতে হতে পারে।

প্রেম : আপনি পারিবারিক জীবনে সবচেয়ে বেশি ভুল বুঝাবুঝির সম্মুখীন হবেন। তাই নিজের হৃদয়ের গহীনে নিজেকে বড় একা মনে হতে পারে।

শুভ রং সকল শেডের হলুদ, সোনালী, ব্রোঞ্জ, বাদামী ও নীল। **ধাতু** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও পোখরাজ। **সংখ্যা** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : আইজাক পিটম্যান, লুই ব্রেইলী, আইজাক নিউটন, উপন্যাসিক আলবেয়ার কামু, খন্দকার আশরাফ হোসেন, চলচ্চিত্রকার দীলিপ বিশ্বাস, ফাহমিদা চৌধুরী।

জানুয়ারি ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও উচ্চাভিলাষী, সহজে অন্যের সাথে মিশতে পারেন। আপনার মন অনুসন্ধিৎসু, বিশ্লেষণী ক্ষমতা আছে আপনার। আপনি কূটকৌশলী। সহজে অন্যের রহস্য জেনে সুবিধায় ব্যবহার করতে পারেন। সাহিত্য ও পড়াশুনায় আপনার আগ্রহ রয়েছে। আপনি সন্দেহপ্রবণ ও অস্থিরচিত্ত। কোন কিছুতে দীর্ঘদিন লেগে থাকা আপনার জন্য কঠিন। অপ্রত্যাশিত সুযোগ ও বিপর্যয় দু-ই আপনার ওপর আসতে পারে।

পেশা : আপনি কারিগরি, বিজ্ঞান, সাংবাদিকতা ও রাজনীতির সাথে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসা আপনার জন্য ভাল। বার বার পেশা পরিবর্তনের প্রবণতা থাকতে পারে।

প্রেম : আপনি বিপরীত লিঙ্গকে সহজে আকৃষ্ট করতে পারেন, তাই একাধিক প্রেম বা বিয়ের সম্ভাবনা রয়েছে আপনার।

শুভ রং : সকল শেডের আকাশী, বাদামী, ক্রীম, নীল ও হালকা উজ্জ্বল রং। **ধাতু** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** সিলোনী গোমেদ ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : জুলফিকার আলী ভুট্টো, স্পেনের রাজা জুয়ান কার্লোস, রাজনীতিবিদ মাহবুবুর রহমান, সম্রাট শাহজাহান, লায়লা আঞ্জুমান বানু, সুকুমার বড়ুয়া।

জানুয়ারি ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি মিশুক ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। সৃজনশীল ও

উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। আপনার ইনটুইশন প্রখর। আর মানব চরিত্র সম্পর্কে আপনি সহজেই বুঝতে পারেন। বাধা এলেও জীবনের লক্ষ্য সম্পর্কে সুনির্দিষ্ট ধারণা আপনাকে এগিয়ে নিয়ে যাবে। বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যারা আপনাকে ব্যাপকভাবে প্রভাবিত করতে পারে। তেমন প্রভাবের অশুভ দিক থেকে আত্মরক্ষার জন্যে আপনার ইচ্ছাশক্তিকে জাগ্রত করতে হবে। সহজ জনপ্রিয়তাকে সংহত করতে হবে।

পেশা : শিল্প সাহিত্য, অভিনয়, সঙ্গীত, জনসেবা, সাংবাদিকতা ও কারিগরি পেশায় আপনি ভাল করবেন। যে কোন পেশায় সহজে নিজেকে মানিয়ে নিতে পারবেন।

প্রেম : আপনি মূলত প্রেমিক। প্রেম ও বিয়ে আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আত্মীয় ও প্রিয়জনদের জন্যে আপনাকে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, ফিরোজা ও নীল। ধাতু সীসা ও তামা। **রত্ন :** ফিরোজা ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ** দিন শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : জোয়ান অব আর্ক, সাহিত্যিক খলিল জিবরান, বশীর আল হেলাল, ঐতিহাসিক কার্ল স্যাণ্ডবার্গ, লরেটা ইয়ং, কৃত্তিবাস, জ্যোতিষী সৈয়দ মাহবুব আলম।

জানুয়ারি ৭

আজ জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী ও কল্পনা-প্রবণ। যুক্তির চেয়ে হৃদয়ের ডাকেই বেশি সাড়া দেন। পার্থিব জগতের চেয়ে মানসিক জগতেই বিচরণ করতে বেশি ভালবাসেন। আপনি নিবেদিতপ্রাণ। লক্ষ্য স্থির করলে তাতে অটল থাকার ক্ষমতা আছে। ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি রয়েছে ঝোঁক। ভ্রমণ ও বৈচিত্র্যের নেশা আছে। শিল্প, সংস্কৃতি ও সুকুমার বৃত্তির প্রতিও রয়েছে অনুরাগ। জন্মস্থান থেকে দূরেই আপনার সাফল্য লাভের সম্ভাবনা বেশি।

পেশা : শিল্প, সাহিত্য, দর্শন, নৌ-পরিবহন, ধর্ম ও রসায়নের সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশাগত সাফল্য লাভের জন্যে আরও বাস্তববাদী হতে হবে।

প্রেম : আপনার মন রোমান্টিক। হৃদয়ের ব্যাপারে স্পর্শকাতর। সহজেই প্রেমে পড়বেন। কৌশলী না হলে পারিবারিক ভুল বুঝাবুঝি থেকে নিষ্কৃতি পাওয়া সম্ভব নয়।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, শেওলা, পীত, লেমন ও নীল। **ধাতু :** সীসা ও রূপা। **রত্ন :** নীলা ও পান্না। **সংখ্যা :** ৭ ও ৮। **গুরুত্বপূর্ণ** দিন সোম ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ স্টেফেন গ্রুমব্রিজ, চিত্র পরিচালক তাহের চৌধুরী, সাহিত্যিক অশীষ সন্যাল, রীনা রায়, চিত্রসাংবাদিক হিরেন দে, প্রেসিডেন্ট মিলার্ড ফিলমোর।

জানুয়ারি ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক, জন্মসংখ্যা ৮। রাশি ও সংখ্যা উভয় দিক থেকে আপনার ওপর শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল ও সিরিয়াস। আপনার মধ্যে রয়েছে বিষণ্ণতার ছাপ, সেই সাথে উচ্চাভিলাষী ও বিতর্কপ্রিয় হওয়ায় আপনার ব্যক্তিত্ব সহজেই দৃষ্টি আকর্ষণ করে ধৈর্য, অধ্যবসায় ও দৃঢ়তা আপনার চরিত্রের অন্যতম বৈশিষ্ট। আপনার জীবনে বাধা আসবে অনেক, ভুল বুঝাবুঝি হবে প্রচুর। পরিস্থিতি ও পরিবেশের আনুকূল্য

আপনি খুব কমই পাবেন। অনেক দায়িত্ব অর্পিত হতে পারে আপনার উপর। নিজের চেষ্টায় ধীরে ধীরে আপনি সাফল্যের পথে অগ্রসর হবেন।

পেশা : আপনি প্রশাসন, নির্মাণ, সিভিল সার্ভিস, কৃষি কাজ, দর্শন ও গবেষণার সাথে জড়িত পেশায় ভাল করবেন। পেশাগত জীবনে একাধিক বিড়ম্বনার শিকার হতে পারেন।

প্রেম : আপনার মন রোমান্টিক ও কল্পনাপ্রবণ হলেও বহিরাবরণ বিষাদক্লিষ্ট। নিজেকে যথাযথভাবে ব্যক্ত করা কঠিন। তাই পারিবারিক জীবনে আপনাকে দুঃখ ও হতাশার মোকাবিলা করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, বাদামী, ব্রোঞ্জ, চকলেট। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** রুবী ও নীলা। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : রক গায়ক এলভিস প্রেসলি, কথাশিল্পী ডেনিস হুইটলি, জ্যোতির্বিদ ফ্রাঙ্ক ওয়াটসন ডাইসন, শিল্পী দেবদাস চক্রবর্তী, জ্যোতির্বিদ স্টিফেন হকিং, টেলি সামাদ, সলিমুল্লাহ, রাজনীতিক নূরুল হুদা।

জানুয়ারি ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ৯। আপনার উপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল, সিরিয়াস কিন্তু জঙ্গী। উদ্যোগ ও উদ্যম আছে। আপনার আছে সাহস, আত্মবিশ্বাস ও সাংগঠনিক ক্ষমতা। ভ্রমণ ও এডভেঞ্চারের প্রতিও থাকতে পারে আপনার ঝোঁক। আপনি পরিশ্রমী। সেই সাথে সংগ্রহ ও সঞ্চয় উপযোগী ঝুঁকি নিতে ও বিতর্কে জড়িয়ে পড়তে আপনি ভয় পান না। তবে সহজেই আপনি উত্তেজিত হয়ে পড়েন। একগুঁয়েমি দাপট থাকতে পারে আপনার জীবনে। আপনার ঘটনাবহুল ও শত্রুতাপূর্ণ জীবনে অনেক উত্থান-পতন আসতে পারে। আপনার নিয়ন্ত্রণের বাইরে এমন ঘটনা আপনার ওপর যথেষ্ট প্রভাব বিস্তার করবে।

পেশা : আপনি প্রশাসনিক, সামরিক, রাজনৈতিক, অভিযাত্রা ও সার্জারীর সঙ্গে জড়িত পেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসায়িক উদ্যোগও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি জঙ্গী হলেও মনের দিক থেকে রোমান্টিক। বিয়ে আপনার সামাজিক মর্যাদা বৃদ্ধি করতে পারে। তবে বিবাহিত জীবনের শেষদিকে কোন বিড়ম্বনার সম্মুখীন হতে পারেন।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, খয়েরী, নীল, বেগুনী, ম্যাজেন্টা। **ধাতু :** সীসা ও ইস্পাত। **রত্ন :** নীলা ও রুবী। **সংখ্যা :** ৮ ও ৯। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৮, ৯, ১২, ১৭, ১৮, ২১, ২৬, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট নিক্সন, লেখিকা সিমন দ্য বুভার, বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, মোহাম্মদ নূরুল হুদা, মোশাররফ করিম, চলচ্চিত্রকার দারাশিকো, শিবলী সাদিক হায়দার, প্রেসিডেন্ট আহমেদ সেকেতুরে, আবদুল হাই শিকদার, ড. এস. এম সালাহউদ্দিন, শামীমা ইয়াসমীন দিবা।

জানুয়ারি ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও স্বাধীনচেতা। জীবনের সব ব্যাপারে

সিরিয়াস হলেও আপনি সৃজনশীল। চিন্তা-ভাবনার মাঝে রয়েছে মৌলিকত্ব। আর একটা স্বাতন্ত্র্যের ছাপ রয়েছে আপনার ব্যক্তিত্বে। আপনি দায়িত্বশীল। বিচার-বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেন। অন্যের দ্বারা সহজে প্রভাবিত হন না। পরিকল্পনা অনুসারে সুনির্দিষ্ট লক্ষ্যে কাজ করতে পারেন। হতাশা সহজে আপনার মধ্যে আসতে পারে না। অনেক বাধা এলেও ধৈর্য ও অধ্যবসায় আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে।

পেশা : আপনি গবেষণা, অনুসন্ধান, সৃজনশীল, প্রশাসনিক ও রাজনৈতিক পেশায় ভাল করবেন। যে কোন পরিস্থিতির সদ্ব্যবহারের পূর্ণ ক্ষমতা আপনার আছে।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের আকর্ষণ বেশি। তাই একাধিক প্রেমে পড়বেন। এতে আপনার বিবাহিত জীবনে সমস্যা আসতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, ব্রোঞ্জ, নীল, বাদামী। **ধাতু :** সোনা ও সীসা। **রত্ন :** পোখরাজ ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : ওস্তাদ তিমির বরণ, ভাস্কর বারবারা হেপওয়ার্থ, ঐতিহাসিক প্রতুল চন্দ্রগুপ্ত, কবি চার্লস ডগলাস রবার্ট, সাংবাদিক হাবীবুর রহমান মিলন।

জানুয়ারি ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ২। আপনার উপর চন্দ্র ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বিনয়ী হলেও সিরিয়াস। আপনি সৃজনশীল, কল্পনাপ্রবণ। পারিপার্শ্বিকতা আপনার মনের ওপর সহজেই ছাপ ফেলে। আপনার মন কোমল ও সংবেদনশীল হলেও আপনার বহিরাবরণ কঠিন। নিজের অনুভূতিকে তাই সহজেই চাপা দিতে পারেন। আপনি মেধাবী, সেইসাথে আপনার আছে ইনটুইশন। সহজেই সিদ্ধান্তে পৌঁছতে পারেন। তবে আপনার আত্মবিশ্বাসের অভাব থাকতে পারে। ধৈর্যের সাথে পরিকল্পনা অনুসারে অগ্রসর হলে আপনি অবশ্যই সফল হবেন।

পেশা : আপনি ধর্ম, দর্শন, সাহিত্য, শিল্পকলা, সাংবাদিকতা ও চিকিৎসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। অংশীদারী ব্যবসা আপনার জন্য বেশি ভাল।

প্রেম : আপনি অনুভূতিপ্রবণ হলেও নিজের ইমোশন প্রকাশে চাপা, তাই প্রিয়জন আপনাকে ভুল বুঝবে। আপনাকে উদার ও দিলখোলা হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, বাদামী ও নীল, ধূসর। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও সোমবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : উইলিয়াম জেমস, গায়িকা আঞ্জুমান আরা বেগম, লর্ড কার্জন, সাহিত্যিক অসীত সরকার, কামাল আরসালান।

জানুয়ারি ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর শনি ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবেও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি প্রচণ্ড ইচ্ছাশক্তি ও বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী। আপনি সিরিয়াস। বিশ্লেষণী ক্ষমতা দিয়ে যে-কোন জটিল বিষয় বুঝতে পারেন। আপনার জীবনে গতি আছে, উদ্দীপনা আছে, আছে নিজের মতে অটল থাকার প্রবণতা। নিজে চিন্তাভাবনা করে, পরিকল্পনা রচনা করে জীবনের পথে অগ্রসর হতে চান। আপনি কর্তৃত্বপরায়ণ ও

পরিকল্পনা বাস্তবায়নে আপোসহীন। সবকিছু নিজের মানদণ্ডে বিচার করতে চান। ডিপ্লোম্যাসীর অভাবে আপনার জীবনে অনেক সংঘাত আসতে পারে। বাধার মুখে আপনাকে ধৈর্য ধরতে হবে।

পেশা : আপনি শিক্ষা, ব্যবস্থাপনা, প্রশাসন, রাজনীতি, জনপেশা, প্রকৌশল ও নির্মাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের সদস্যরা সহজেই আকৃষ্ট হবে। কিন্তু আপনার কর্তৃত্বপরায়ণ মন পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, বাদামী ও নীল। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৩ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও বৃহস্পতিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জ্যাক লণ্ডন ও রাজনীতিবিদ এডমণ্ড বার্ক, দার্শনিক কার্ল ইউজিন ডুরিং, ধর্মবেত্তা স্বামী বিবেকানন্দ, সম্পাদক তাসমিমা হোসেন, আলফ্রেড রোজেনবার্গ, হেরম্যান গোয়েরিঙ, জো ফ্রেজিয়ার, রাজনীতিক মোহাম্মদ আশরাফ খান।

জানুয়ারি ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক চিন্তা ও ধ্যান-ধারণার অধিকারী। উদ্ভাবনী ক্ষমতার সাথে সাথে আপনার আছে নিজস্ব পথে চলার প্রবণতা। নতুন ভাবে কিছু করার সহজাত স্পৃহা রয়েছে। সব কিছুকেই আপনি নেন সিরিয়াস ভাবে। আপনার ব্যক্তিত্ব সহজেই অন্যের দৃষ্টি আকর্ষণ করে। তাই বন্ধুর মত আপনার শত্রুর সংখ্যাও হবে অনেক। অনেকে ভুল বুঝলেও সাফল্য লাভের জন্যে আপনাকে নিজস্ব পথেরই অনুসরণ করতে হবে। দৃঢ়তা ও বলিষ্ঠতা আপনার আছে। কিন্তু জীবন পথে আপনাকে কৌশলী ও দূরদর্শী হতে হবে।

পেশা : আপনি কারিগরি, সাংবাদিকতা ও জনপেশায় ভাল করবেন। আপনার উদ্ভাবনী ক্ষমতার জন্যে যে কোন পেশায় নিজেকে সহজে মানিয়ে নিতে পারবেন।

প্রেম : সংবেদনশীল মন থাকা সত্ত্বেও আপনার ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ পারিবারিক জীবনে বেশ ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। তাছাড়া সহজেই আপনি প্রেমে পড়ে যেতে পারেন।

শুভ রং সকল শেডের নীল, বেগুনী, বাদামী, হলুদ, ধূসর ও ছাই। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও সিলোনী গোমেদ। **সংখ্যা** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী পল গ্যাভারনি, চলচ্চিত্রকার শক্তিসামন্ত, গায়িকা রেজওয়ানা চৌধুরী বন্যা, জীববিজ্ঞানী রস হ্যারিসন, চিকিৎসাবিদ অসকার মিনকনস্কি।

জানুয়ারি ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর শনি ও বুধের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি বাস্তববাদী ও দূরদৃষ্টির অধিকারী। আপনার মন সংশয়ী। তবে আপনি মেধাবী। আর অতিরিক্ত মেধাই আপনার কাল হতে পারে। আপনার মনে হবে আপনি সবই পারেন। তাই কোনটা ছেড়ে কোনটা করবেন, সেই সিদ্ধান্তে পৌছতে

কষ্ট হবে। আপনি কৌশলী। অন্যের কাছ থেকে কথা আদায়ের হেকমত জানেন। আপনার দৃষ্টিভঙ্গি বহির্মুখী। তাই জীবন হবে ঘটনাবহুল। অপ্রত্যাশিত ও বিচিত্র সুযোগ আসবে আপনার জীবনে।

পেশা : কারিগরি, সাংবাদিকতা, রাজনীতি ও যে-কোন জনপেশায় আপনি ভাল করবেন। বার্ষিক পরিকল্পনা না করে দীর্ঘমেয়াদী পরিকল্পনা করুন। এতে আপনি বেশি সফল হবেন।

প্রেম : প্রেমে আপনি সিরিয়াস। স্নেহ মমতা ছাড়া আপনাকে প্রভাবিত করা মুশকিল। তেমন জীবন সঙ্গী/সঙ্গিনী পেলে আপনার বিশ্বাস ও প্রেমময়তা পরিবারে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, বাদামী, নীল, ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** সীসা ও প্লাটিনাম। **রত্ন :** নীলা ও ওপাল। **সংখ্যা :** ৫ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও বুধবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৫, ৮, ১৩, ১৪, ১৭, ২২, ২৩, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : ড. এলবার্ট শোয়াইজার, কথাশিল্পী টমাস ট্রাইয়ন, আল্লামা আবুল ফজল, ড. সৈয়দ সাজ্জাদ হোসেন, আব্দুল হালিম, ড. নীহার রঞ্জন রায়।

জানুয়ারি ১৫

আজ জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি ধৈর্যশীল ও নিয়মানুবর্তী। আপনি খ্যাতি চান, জনপ্রিয় হতে চান। আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্য আপনার বন্ধু যেমন বাড়বে, তেমনি শত্রুও বাড়বে। সুকুমার বৃত্তির প্রতি আপনার রয়েছে দুর্নিবার আকর্ষণ। বর্তমানকে নিয়ে আপনি ভাবেন বেশি। তাছাড়া রোমান্স ও বিপরীত লিঙ্গ আপনার জীবনে একটা গুরুত্বপূর্ণ ফ্যাক্টরে পরিণত হতে পারে। এ জন্য জীবন হয়ে উঠতে পারে বর্ণাঢ্য ও ঘটনাবহুল তবে এর ক্ষতিকর প্রভাব থেকে বাঁচার জন্য ব্যক্তি ও ইচ্ছা শক্তিকে জাগ্রত করতে হবে। দূর ভবিষ্যৎকে সামনে রেখে পরিকল্পনা নিয়ে আপনাকে এগুতে হবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, ধর্ম, রাজনীতি ও জনপেশায় ভাল করবেন। পেশাগত ঈর্ষার শিকার হওয়া সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

প্রেম : প্রেম ও রোমান্স আপনার জীবনে গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হওয়ার প্রথম সুযোগেই বিয়ে করুন। এতে আপনি স্নেহ মমতা পাবেন। জীবনে স্থিতি আসবে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, ব্রোঞ্জ, বাদামী, গোলাপী। **ধাতু :** তামা ও সীসা। **রত্ন :** ফিরোজা ও নীলা। **সংখ্যা :** ৬ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শুক্র ও শনিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৬, ৮, ১২, ১৫, ১৭, ২১, ২৪, ২৬, ৩০।

ব্যক্তিত্ব : জামাল আবদুন নাসের, নিগ্রো নেতা মার্টিন লুথার কিং, এরিস্টটল ওনাসিস, মোস্তফা কামাল সৈয়দ, এলবার্ট শোয়াইজার, প্রীতিস নন্দী, মোস্তাক আহমেদ, শফি বিক্রমপুরী, মোহাম্মদ নাসির আলী, নাসিমা সুলতানা, শমী কায়সার।

জানুয়ারি ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর শনি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মকরের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী, কল্পনাপ্রবণ, রোমান্টিক ও কর্মতৎপর। নিজস্ব মানসিক জগতে বিচরণ করতে ভালবাসেন। পরিবর্তন ও বৈচিত্র্য চান। ধরা-বাঁধা জীবন

আপনার পছন্দনীয় নয়। ভ্রমণ আপনি ভালবাসেন। ভ্রমণ করতে না পারলে বইয়ের রাজ্যে বিচরণ করতে চান। ধর্মীয় ও আধ্যাত্মিক অনুভূতি আপনার হৃদয়ের গভীরে প্রোথিত। পরিস্থিতির প্রভাবে কর্তৃত্ব ও দায়িত্বপূর্ণ কাজে নিয়োজিত হতে পারেন। জীবনে বাধা আসবে প্রচুর। তবে অধ্যবসায় আপনাকে সাফল্য ও প্রতিষ্ঠার পথে নিয়ে যাবে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, ভ্রমণ, দর্শন, শিক্ষকতা, সাংবাদিকতা, ইতিহাস ও জনসংযোগের সাথে জড়িত পেশায় ভাল করবেন। শেষ জীবনের জন্যে আপনাকে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : আপনি গভীরভাবে ভালবাসতে চান। সবাইকে নিয়ে সুখী হতে চান। তবুও পারিবারিক শান্তি বিঘ্নিত হতে পারে। আত্মীয়রা হতে পারে অশান্তির কারণ।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, শেওলা, ধূসর, বাদামী ও নীল। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও পান্না। **সংখ্যা :** ৭ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও সোমবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ২, ৭, ৮, ১১, ১৬, ১৭, ২০, ২৫, ২৬, ২৯।

ব্যক্তিত্ব : আবিষ্কারক আর্থার ফ্লেমিং, এস্ট্রলজার ফজলুর রহমান, ড. এম. এ. রশীদ, গোবিন্দ চন্দ্র দাস, চলচ্চিত্রকার মমতাজ আলী, কায়েস।

জানুয়ারি ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। কুম্ভের প্রভাব রয়েছে। জন্মসংখ্যা ৮। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী, ধৈর্যশীল ও অধ্যবসায়ী, আপনার ইচ্ছাশক্তি অদম্য। চিন্তার গভীরতার সাথে সাথে আপনার আছে চমৎকার যুক্তি দেওয়ার ক্ষমতা, তর্ক ও যুক্তিতে আপনার সাথে পারা মুশকিল, ঠাণ্ডা মাথায় পরিকল্পনা করার ক্ষমতা আছে আপনার, জীবনে আপনার বাধা আসবে অনেক, কোন কিছুই সহজ হতে চাইবে না অন্যের সাহায্য কম পাবেন। নিজের শক্তির ওপর নির্ভর করতে হবে। আর আপনার দৃঢ়তার সামনে কোন বাধাই টিকতে পারবে না।

পেশা : ধীরে ধীরে লক্ষ্য পানে এগুনো যায় এমন পেশায় আপনি ভাল করবেন। প্রশাসনিক, রাজনৈতিক, কারিগরি ও চিকিৎসার সাথে জড়িত পেশা আপনার জন্য ভাল।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ প্রচণ্ড। প্রিয়জনের জন্য আপনি অনেক দুঃখের সম্মুখীন হতে পারেন। পারিবারিক অনেক দায়িত্ব আপনার ওপর চাপতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, ধূসর, ছাই ও বেগুনী। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলী, চিত্র পরিচালক কামাল আমরোহী, বিজ্ঞানী বেঞ্জামিন ফ্রাংকলিন, ঔপন্যাসিক চার্লস ব্রাউণ্ড, গায়িকা ফাতেমাতুজ জোহরা।

জানুয়ারি ১৮

আজ জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। জন্মসংখ্যা ৯। আপনার ওপর শনি ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সাহসী, আত্মবিশ্বাসী ও সংগ্রামী। আপনি উচ্চাভিলাষী। প্রশাসনিক ও সাংগঠনিক যোগ্যতা আছে আপনার। পরিচিতদের চেয়ে উচ্চ মর্যাদায় আসীন না হওয়া পর্যন্ত আপনি পরিতৃপ্ত হতে পারবেন না। আপনার জীবন

হবে ঘাত ও প্রতিঘাতপূর্ণ। অপ্রত্যাশিত সৌভাগ্য ও ভাগ্য বিড়ম্বনা ঘটতে পারে আপনার। শত্রুতা, দুর্ঘটনা ও ঝুঁকি সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : সংযোগ ও প্রশাসনিক পেশা, দায়িত্বপূর্ণ কাজ, নতুন ব্যবসায়িক ও শিল্প উদ্যোগে আপনি সফল হবেন বেশি। ৫০ বছর বয়স হওয়ার আগেই ভবিষ্যতের জন্য সবকিছু করে রাখতে হবে।

প্রেম : হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা থাকলেও আপনি হৃদয়বান ও প্রেমময়। প্রিয়জনের জন্য আপনি সব কিছু উজাড় করে দিতে পারেন। কিন্তু আপনার পেশা ও বহির্মুখী মনোভাব দাম্পত্য জীবনে বিঘ্ন সৃষ্টি করতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, গোলাপী, ম্যাজেন্টা, ফিরোজা, নীল ও বাদামী। **ধাতু :** সীসা ও ইস্পাত। **রত্ন :** সিলোনী গোমেদ ও রুবী। **সংখ্যা :** ৮ ও ৯। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও মঙ্গলবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৩, ৮, ৯, ১২, ১৭, ১৮, ২১, ২৬, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : অভিনেতা ক্যারি গ্রান্ট, আবিষ্কারক জোসেফ গ্লিড্ডেন, কবি রুবিন ডেরিও, নাট্যকার মমতাজ উদ্দিন আহমদ।

জানুয়ারি ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ প্রখর। আপনি সৃজনশীল ও স্বাধীনচেতা। ধ্যান ধারণায় আছে মৌলিকত্ব। নতুনত্বের ছোঁয়া দিতে চান সব কিছুতে। আপনি সিরিয়াস। সব জিনিসের গভীরে প্রবেশ করতে চান। সকল দায়িত্ব পুরোপুরি সম্পাদন করতে চান। অন্যের চিন্তা দ্বারা সহজে প্রভাবিত হন না। সুনির্দিষ্ট লক্ষ্য সামনে রেখে কাজ করুন। জীবনে অনেক বাধা এলেও ধৈর্য ও অধ্যবসায় আপনাকে সাফল্যের পথে নিয়ে যাবে। অপ্রত্যাশিত অনেক ঘটনা ঘটবে আপনার জীবনে।

পেশা : আপনি প্রশাসনিক, গবেষণা, অনুসন্ধান, রাজনৈতিক ও সৃজনশীল পেশায় ভাল করবেন। পেশাগত পরিস্থিতির পূর্ণ সদ্ব্যবহারের ক্ষমতা আছে আপনার।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব সহজেই বিপরীত লিঙ্গকে আকৃষ্ট করবে। একাধিক প্রেম আপনার পারিবারিক জীবনে সমস্যা নিয়ে আসতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, বাদামী, নীল। **ধাতু :** সোনা ও সীসা। **রত্ন :** সিলোনী গোমেদ ও আম্বর। **সংখ্যা** ১ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮ ৩১।

ব্যক্তিত্ব : চীনা দার্শনিক তাইচেন, আবিষ্কারক জেমস ওয়াট, সাহিত্যিক এডগার এলান পো, অভিনেত্রী ডলি পার্টন, ফরিদা হোসেন।

Aquarius

২০ জানুয়ারি—১৮ ফেব্রুয়ারির মধ্যে জন্ম হলে আপনার রাশি

কুম্ভ

কুম্ভের জাতক উদার মানবিকতায় বিশ্বাসী। এরা মানুষকে ভালবাসে। এরা শান্তি ও সম্প্রীতির মধ্যে থাকতে চায়। মৌলিক ও প্রগতিশীল চিন্তায় এরা বিশ্বাসী। এদের আপাত শান্ত চেহারার মধ্যে সুপ্ত থাকে গভীর অনুভূতি আর শক্তিশালী ব্যক্তিত্ব। নতুন চিন্তা ও ধ্যান-ধারণার প্রতি এরা সহজেই আকৃষ্ট হয়। জরাজীর্ণ সমাজ ব্যবস্থা এদের পছন্দনীয় নয়। এরা সবার প্রতি সহানুভূতিশীল। ভাগ্যোন্নয়নে সবাই সমান সুযোগ পাক এরা তাই চায়। সমাজ সংস্কারের যেকোন ডাকেই এরা সহজে সাড়া দেয়। তারা পুরানো রীতিনীতি ভেঙ্গে নতুন কিছু করতে সহজেই উদ্বুদ্ধ হতে পারে। অন্যকেও উদ্বুদ্ধ করতে পারে। এরা খুব সহজেই বিপ্লবীর ভূমিকা নিতে পারে। তবে সাধারণত এরা উদারমনা ও সহনশীল। কুম্ভের জাতক সৃজনশীল, বুদ্ধিমান, কল্পনাপ্রবণ ও অনুপ্রেরণায় উদ্দীপ্ত। এদের 'ইনটুইশন' ও বিশ্লেষণের ক্ষমতা প্রখর। এরা স্বাপ্নিক নয়। বাস্তবের প্রতিই এদের ঝোঁক। তবে এদের মস্তিষ্ক দ্রুত কাজ করতে পারে না। ছোটখাট সঙ্কটেও এরা অনেক সময় অসহায় বোধ করে। তেমন কোন কারণ ছাড়াও এরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়তে পারে। এরা অস্বাভাবিক জিনিসের প্রতি সহজেই আকৃষ্ট হয়। বৈজ্ঞানিক মনোবৃত্তি ও উদ্ভাবনী ক্ষমতা এদের জীবনে সাফল্য নিয়ে আসে।

কুম্ভের জাতক সম্পর্কে আগাম কিছু বলা মুশকিল। এদের দেহ-মন সাধারণত আকস্মিকভাবে কাজ করে। মন-মেজাজের দিক থেকে এরা খেয়ালী। এদের সাথে চলা অনেক ক্ষেত্রেই মুশকিল। এদের মুড বুঝা কঠিন। কোন কোন ক্ষেত্রে স্বার্থপর ও অহম ভাবাপন্ন হতে পারে। এদের অনেকে আবার নার্ভাস। সময়ে সময়ে এরা অত্যন্ত ক্রুদ্ধ হয়ে উঠতে পারে। কাল্পনিক অপমান বা আঘাতই সাধারণত এদের ক্রুদ্ধ করে। কুম্ভের অনেকে দিবাস্বপ্নে বিভোর থাকতে পারে। পৃথিবীর কি হলো এই তাদের ভাবনা। নিজেদের ভুল-ত্রুটির সংশোধন ও পরিস্থিতির উন্নয়নের চেষ্টা না করে সব দোষ এরা অন্যের ওপর চাপিয়ে দিতে চায়।

কুম্ভের জাতক হাসিমাখা মুখ নিয়ে সহজে মিশতে পারে। তবে এরা সহজে বন্ধুত্ব করে না। পরিচিতদের প্রতি এদের একধরনের অব্যক্ত উদাসীনতা থাকে। তবে একবার গভীর সম্পর্কে জড়ালে এরা বন্ধুত্বে অত্যন্ত বিশ্বস্ত। তখন বন্ধুত্বের জন্য কোন ত্যাগ স্বীকারেই এদের কুণ্ঠা নেই। এরা সুন্দরভাবে বন্ধুত্ব রক্ষা করতে পারে। তবে কোন কারণে মনোক্ষুণ্ণ বা আহত হলে এরা ক্ষমা করতে পারে না। এদের সাথে পুনরায় বন্ধুত্ব প্রতিষ্ঠা করা কঠিন।

কুম্ভের জাতক মূলত ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী। এরা অন্যদের চেয়ে ভিন্নভাবে চিন্তাই করে না, কাজও করে। নিরস ও পরিচিত কিছুকেও এরা সহজে নতুন ও উত্তেজক কোন কিছুতে পরিণত করতে পারে। এদের ভাল সাংগঠনিক যোগ্যতা আছে। এরা প্রচণ্ড উৎসাহ ও ইচ্ছা শক্তির অধিকারী। জীবনের প্রতি এদের দৃষ্টিভঙ্গি স্বতন্ত্র ও বস্তুনিষ্ঠ। এরা জিদবশত কাজে লেগে থাকতে পারে। সবাইকে নিয়ে এরা জীবনে এগিয়ে যেতে চায়। এগিয়ে যাওয়ার এই আকাঙ্ক্ষাই এদেরকে জীবনের বিভিন্ন স্তরে প্রতিষ্ঠিত করে।

অর্থ ও কর্মজীবন

কুম্ভের জাতক অর্থের ব্যাপারে খুব একটা চিন্তা করে না। নিজের যোগ্যতাবলেই এরা পর্যাপ্ত অর্থ উপার্জন করে। অর্থের সর্বোত্তম ব্যবহার এরা করতে পারে। এদের মধ্যে একটা বৈপরীত্য আছে। বড় ধরনের খরচে এরা উদার। কিন্তু ছোটখাট খরচে এরা হিসেবী। এরা কেউ না চাইতেই তাকে উদারভাবে দান করতে পারে, আবার সাহায্য করা প্রয়োজন এমন ক্ষেত্রে এরা কৃপণতা দেখাতে পারে। অবশ্য যেকোন দাতব্য কাজে এরা উদারভাবে দান করে। অন্যের টাকা-পয়সার ব্যাপারে ও ব্যবসায়িক লেনদেনে এরা সৎ।

কুম্ভের জাতক ব্যতিক্রমী কাজ পছন্দ করে। যেখানেই প্রগতিশীল চিন্তার সুযোগ আছে, যেখানে সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা প্রয়োগ করা যায়, যেখানে সম্মিলিতভাবে কাজ করা যায় এমন পেশায় কুম্ভের জাতকরা ভাল করে। এরা অর্থের চেয়ে পেশাকেই গুরুত্বপূর্ণ মনে করে।

ব্যবসায়িক অংশীদার হিসেবে এদের সাথে কাজ করা সহজ। এরা তর্ক-বিতর্ক পছন্দ করে না। সমঝোতা করার গুণ আছে তাদের। ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কোন নিয়ম-পদ্ধতি একবার মেনে নিলে এরা ক্লান্তিহীনভাবে কাজ করে যেতে পারে।

কুম্ভের জাতকের জীবন বর্ণাঢ্য, ঘটনাবহুল, এমনকি গল্পের চেয়েও বৈচিত্র্যময়। এদের জীবনে সুযোগ ও বাধা অপ্রত্যাশিতভাবে আসে। সাফল্যের শীর্ষে পৌঁছে এরা সবকিছু ছেড়ে নতুন উত্তেজনার সন্ধানে বেরুতে পারে। আবার যখন সবকিছুই প্রতিকূলে মনে হয় তখন এদের অপ্রত্যাশিত সুযোগ আসে। এদের জীবন প্রবাহে ৪ ও ১০ বছরের ক্রমিক চক্র কাজ করে।

শরীর ও স্বাস্থ্য

কুম্ভের জাতকের দেহের গড়ন নমনীয়। এদের উচ্চতা দু'ধরনের। এক, পাতলা লম্বা। দুই, একটু বেঁটে ও মোটা। মাথা ছোট। উপরিভাগ অনেকটা গম্বুজের চূড়ার মত। চুল সুন্দর ও উজ্জ্বল। কপালের উপরিভাগ পরিপূর্ণ। মাঝখানটা অবতলের ন্যায়। ভ্রূ সুন্দর ও একটু বাঁকানো। মুখাবয়ব একটু চওড়া হলেও আভিজাত্য আছে। একটু হাসলে এদের চেহারা থেকে একটা উজ্জ্বল আভা বেরোয়। এদের চোখে-মুখে হাসি ও ঔজ্জ্বল্য লেগে থাকে। হাত মসৃণ। আঙ্গুল লম্বা ও কৌণিক। এদের মুখভঙ্গী সদয় ও উদাসীন। গলার আওয়াজ সুস্পষ্ট। এরা দ্রুত কথা বলে। এদের পোশাকের কিছু বিশেষত্ব সহজেই দৃষ্টি আকর্ষণ করে। এদের আচরণে ইচ্ছাকৃত খেয়ালীপনা থাকে। খুব ঘনিষ্ঠ ছাড়া অন্য কারও স্পর্শ এরা পছন্দ করে না।

কুম্ভের জাতক মূলত স্থিতিস্থাপক স্বাস্থ্যের অধিকারী। সাধারণত তারা কমই অসুস্থ হয়। পারিপার্শ্বিকতার সাথে এরা সহজেই খাপ খাইয়ে নিতে পারে। সহানুভূতিশীল ডাক্তার বা নার্স পেলে এরা রোগী হিসেবে যেকোন পরামর্শ মেনে নেয়। এজন্য তারা দ্রুত রোগ মুক্ত হয়ে উঠতে পারে।

কুম্ভের জাতক হৃদরোগ, রক্তচাপ, রক্তের অসুস্থতা, পায়ের গোড়ালি ও দাঁতের অসুস্থতায় আক্রান্ত হতে পারে। লসিকাবহ রোগেও এরা আক্রান্ত হতে পারে। এদের অনেকে অতিরিক্ত ভোজন, অধিক মদ ও ধূমপানে আসক্ত হয়ে পড়তে পারে। পৃথিবীর নোংরামির প্রতি এরা অত্যন্ত বীতশ্রদ্ধ। তাছাড়া তারা তাদের বাস্তব বা কল্পিত দুঃখ ভোলার জন্যও মদ বা ঘুমের বড়ির প্রতি আসক্ত হয়ে নিজের স্বাস্থ্যের সর্বনাশ করতে পারে।

মুক্তাঙ্গন তৎপরতা ও খেলাধুলার প্রতি এদের প্রচণ্ড আকর্ষণ রয়েছে। মুক্ত বায়ু ও মুক্ত পরিবেশে এরা সহজেই উৎফুল্ল হয়ে ওঠে ধাক্কা-ধাক্কি, মারামারি নেই, আহত

হওয়ার সম্ভাবনা কম, এমন হালকা ও সামাজিক খেলাধুলার প্রতিই এরা বেশি আকৃষ্ট হয়। ব্যাডমিন্টন, লন টেনিস ইত্যাদি খেলাতেই এরা বেশি সাফল্য লাভ করে। সুস্বাস্থ্যের জন্য এদের প্রচুর পানি ও নিয়মিত মধু খাওয়া উচিত।

আবদ্ধ পরিবেশে না থেকে মুক্ত প্রাকৃতিক পরিবেশে থাকলে স্বাস্থ্য সবসময়ই ভাল থাকবে।

কুম্ভ পুরুষ

কুম্ভ পুরুষ হৃদয়বান, উদার ও খেয়ালী। উদার মানবতার ডাকে এরা নিজেরা সাড়া দেয়। মানুষের কল্যাণের জন্য নিরলসভাবে কাজ করতে চায়। এদের মধুর ব্যক্তিত্ব ও ব্যতিক্রমধর্মী চিন্তা-ভাবনায় সহজেই মহিলারা তাদের প্রতি আকৃষ্ট হয়। এরা একজনের সাথে গভীর বন্ধুত্ব করার চেয়ে এক সঙ্গে অনেকের সাথে সম্পর্ক গড়ে তুলতে আগ্রহী। তাই অনেক মহিলার সাথেই এদের সম্পর্ক থাকতে পারে। প্রেমের ক্ষেত্রে এদের পুরোপুরি একাগ্র বলা যায় না। এরা একটু ব্যতিক্রমী মহিলার প্রতি বেশি আকৃষ্ট হয়।

কুম্ভ রাশির পুরুষ সাধারণ ভাবে উদার ও সামাজিক। বিয়েকে তারা সামাজিক জীবনের একটা অঙ্গ বলে মনে করে। স্ত্রীর সব কিছুই সহানুভূতির সাথে বিবেচনা করে। স্ত্রীর সাথে সব সময়ই সহযোগিতা করতে চায়। তবে স্ত্রীর প্রতি এদের একটু নৈর্ব্যক্তিক ভাব থাকে। অধিকাংশ মহিলার কাছেই এটা তার প্রতি মনোযোগ ও উৎসাহের অভাব বলে মনে হতে পারে।

কিন্তু কোন মহিলা যদি মানবতার কল্যাণে স্বামীর আগ্রহের প্রতি উৎসাহী হয়, স্বামীর সাথে সমাজের কল্যাণ চিন্তায় অংশ নেয় তবে এদের চেয়ে উদার, সহানুভূতিশীল ও আনন্দময় স্বামী খুব কমই পাওয়া যায়।

কুম্ভ মহিলা

কুম্ভ মহিলা সদা হাস্যময়ী। এরা অত্যন্ত অনুভূতিপ্রবণ ও দয়ালু। এরা বুদ্ধিবৃত্তিক প্রতিভাদীপ্ত। এদের মধ্যেও একটু ব্যতিক্রম দৃষ্টিভঙ্গি লক্ষ করা যায়। এরা খুব সহজেই মিশতে পারে। এদের ভদ্রতা ও হাসির জন্য পুরুষরা সহজেই এদের প্রতি আকৃষ্ট হয়। এরা সহজে বন্ধুত্ব করতে পারলেও সহজে প্রেমে পড়তে চায় না। কারণ প্রেমিক সম্পর্কে এরা উচ্চ ধারণা পোষণ করে। তবে এরা আবার অপ্রত্যাশিতভাবে প্রেমে পড়ে যেতে পারে। এরা অত্যন্ত অনুভূতিশীল হওয়ায় কারও মনে কষ্ট দিতে চায় না।

স্ত্রী হিসেবে কুম্ভ মহিলা অত্যন্ত বিশ্বস্ত। তারা স্বামীকে কখনও সন্দেহ করে না। এরা মিশুক ও সামাজিক। তাই এদের গৃহে বন্ধু-বান্ধব লেগেই থাকে। গৃহকর্মে এরা দক্ষ। অবসাদ ছাড়াই এরা দিনের কাজ শেষ করে স্বামীর বিভিন্ন কাজের সঙ্গী হতে পারে। স্বামীর যেকোন আবেগে এরা সহজে সাড়া দিতে পারে। অবশ্য সাধারণত বুদ্ধিবৃত্তিই তাদের নিয়ন্ত্রণ করে। তবে স্বামী যদি অবিশ্বস্ততার পরিচয় দেয় তবে এরা তা ক্ষমা করতে পারে না। তা ছাড়া এরা প্রচলিত রীতিনীতির তোয়াক্কা করে না। তাই স্বামীর সাথে আর চলা যাচ্ছে না মনে হলে, এরা সহজেই তাকে ছেড়ে যেতে পারে। বুদ্ধিবৃত্তিক, উদারমনা ও মানবতাবাদী স্বামীর এরা আদর্শ স্ত্রী ও সঙ্গিনী।

অবসাদ নিরাময়ে

নতুনের ডাকে সাড়া দিয়ে পুরানো একঘেয়েমি ঝেড়ে ফেলুন। পুরানো অভ্যাস, রীতিনীতি ও রসম-রেওয়াজের বন্ধন ছিন্ন করুন। জীবন সম্পর্কে নতুন ধ্যান-ধারণা সৃষ্টির চেষ্টা করুন। সবকিছুর আমূল পরিবর্তনের একটা ঝোঁক আছে আপনার। তাই প্রগতিশীল চিন্তা নিয়ে রাজনীতিতে যোগ দিন। বিরোধী ভাবাপন্নদের সাথে ঝগড়ার ফলে বা কোনভাবে

কষ্ট পেলে বন্ধু, সহযোগী ও প্রিয়জনদের সাথে সবকিছু খোলাখুলি আলাপ করুন। মানুষের দুঃখ-কষ্ট আপনাকে ব্যথিত করে। মানুষের দারিদ্র্য ও যন্ত্রণা দেখতে আপনার কষ্ট হয়। আপনি এদের ভাগ্য উন্নয়নের জন্য চেষ্টা করুন। দাতব্য ও সমাজসেবায় নিজেকে নিবেদিত করুন। আপনার মনে হবে, আমার যতটুকু সাধ্য তা আমি করছি। আপনি শান্তি পাবেন।

ত্রুটিবিচ্যুতি

কুম্ভের জাতক অতিরিক্ত খেয়ালী, স্পর্শকাতর, বিদ্রোহীভাবাপন্ন হতে পারে। এদের জীবনে ডিপ্লোম্যাসীর অভাব আছে। অনেকেই প্রচলিত নিয়ম-নীতির তোয়াক্কা করে না। বিকৃত চিন্তা ও রুচি এদের মধ্যেই সবচেয়ে বেশি। খাম-খেয়ালী করে এরা নিজেদের জীবনকে দুঃখভারাক্রান্ত করে তুলতে পারে। নিজেদের ভুল সহজে এদের চোখে পড়ে না। এরা ধর্মান্ধ হতে পারে। নিজেদের ব্যাপারে অতি উচ্চ ধারণা করতে পারে। অধঃস্তনদের প্রতি অবহেলার ভাব দেখাতে পারে। এরা একগুঁয়ে হতে পারে। এদের মধ্যে নীতি ও ব্যক্তি-সংহতির অভাব থাকতে পারে। দ্রুত এদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে পারে। এরা কখন কি করবে তা নিজেরাও জানে না।

পারস্পরিক সম্পর্ক

কুম্ভের জাতক সহজে সম্পর্ক গড়তে পারে। একক গভীর বন্ধুত্বের চেয়ে এক সঙ্গে অনেকের সাথে সম্পর্ক গড়তে এরা আগ্রহী। সাধারণভাবে মেষ, মিথুন, তুলা ও ধনুর জাতকের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক ও অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

কুম্ভের জাতকের সাথে কুম্ভের জাতকের সম্পর্ক ভাল যায়। তবে তাতে প্রাণ-প্রবাহের অভাব থাকতে পারে।

বৃষ, সিংহ ও বৃশ্চিকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝির সৃষ্টি হতে পারে। এদের সাথে সম্পর্কে ধৈর্যশীল হতে হবে। কুম্ভ ও সিংহের বিয়ে স্থায়ী হবার সম্ভাবনা কম।

কর্কট, কন্যা, মকর ও মীনের জাতকের সাথে সম্পর্কে কুম্ভের জাতককে কৌশলী হতে হবে। এরা কুম্ভের জাতকের সাথে সম্পর্ক স্থাপনে অনীহাও প্রদর্শন করতে পারে।

জানুয়ারি ২০

আজ জন্মদিন হলে আপনি মকর রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মকরের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অত্যন্ত অনুভূতি প্রবণ ও আদর্শবাদী। আপনি বিনয়ী, ভদ্র ও স্পর্শকাতর, বৈচিত্র্য ও ভ্রমণ আপনার প্রিয়। বইয়ের জগতে সহজেই ডুবে যেতে পারেন। অতীন্দ্রিয় ও আধ্যাত্মিকতার প্রতিও থাকতে পারে আপনার ঝোঁক। আপনি বড় কিছু করার কল্পনা করেন। কিন্তু আত্মবিশ্বাসের অভাব আছে। আত্মবিশ্বাস অর্জন করতে পারলে ও অনুপ্রেরণা পেলে আপনার কল্পনা বাস্তব রূপ লাভ করবে।

পেশা : সাংবাদিকতা, প্রচার ও জনসংযোগমূলক পেশায় আপনি ভাল করবেন, আপনার ইনটুইশন ব্যবসায়িক সাফল্য লাভের কারণ হতে পারে। কাজের স্বীকৃতি পাওয়া আপনার জন্য সহজ হবে।

প্রেম : আপনি রোমান্টিক, কল্পনার মাধুরী মিশিয়ে ভালবাসতে চান, তবে আপনি

লাজুক, পেশাগত সাফল্যের আগে আপনার বিয়ে না করাই উচিত।

শুভ রং : সকল শেডের সবুজ, লেমন, শেওলা, নীল ও বেগুনী। ধাতু : রূপা ও ইউরেনিয়াম। রত্ন : নীলা ও মুক্তো। সংখ্যা : ২ ও ৪। দিন : রবি ও সোমবার। তারিখ : ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : চলচিত্রকার ফেডরিকো ফেলিনি, কবি আব্দুস সাত্তার শিব নারায়ণ রায়, প্রেসিডেন্ট গোলাম ইসহাক খান, পরিচালক কামাল আহমেদ, বিজ্ঞানী আঁদ্রে মেরী অ্যাম্পিয়ার।

জানুয়ারি ২১

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও ইউরেনাসের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কুম্ভের বৈশিষ্ট্য মকর দ্বারা প্রভাবিত। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিমান ও উচ্চাভিলাষী। নেতৃত্বের গুণাবলী রয়েছে আপনার মধ্যে। সুন্দর পরিকল্পনা করতে পারেন। অন্যের ওপর নির্ভর না করে নিজের ধ্যান-ধারণা বাস্তবায়নেই আপনার ব্রতী হওয়া উচিত। বেশ বিরোধিতা ও শত্রুতার সম্মুখীন হবেন আপনি। তবে নিজস্ব প্রচেষ্টা ও দৃঢ়তাই আপনার জীবনে সাফল্য আনবে। জনপ্রিয়তা ও উচ্চ মর্যাদা লাভ আপনার জন্য কঠিন কিছু নয়।

পেশা : আইন, সমাজকল্যাণ, রাজনীতি ও জনসংযোগমূলক পেশায় আপনি ভাল করবেন। পেশাগত নেতৃত্ব অর্জন আপনার জন্যে সহজ হবে।

প্রেম : আপনার ব্যক্তিগত আকর্ষণী ক্ষমতার জন্যে বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যারা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। তবে মানসিকভাবে আপনার শ্রেষ্ঠত্ব স্বীকার করে এমন কাউকে বিয়ে করলেই আপনি সুখী হবেন।

শুভ রং সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল। ধাতু : প্লাটিনাম ও ইউরেনিয়াম। রত্ন : অপরাজিতা নীলা ও পোখরাজ। সংখ্যা : ৩ ও ৪। দিন : রবি ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জর্জ ওরওয়েল, শহীদ আখন্দ, শিল্পী কামাল আহামেদ, বিজ্ঞানী কনরাড ব্লচ, টেরি সালবালাস, ইউসুফ শরীফ।

জানুয়ারি ২২

আজ জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। রাশি ও সংখ্যা উভয় দিক দিয়ে আপনার ওপর ইউরেনাসের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা, সৃজনশীল ও মৌলিক চিন্তাধারার অধিকারী। আপনার দৃষ্টিভঙ্গি স্বতন্ত্র। আপনি অনুভূতিপ্রবণ ও নতুনের পূজারী। অন্যের ওপর কর্তৃত্ব করার ইচ্ছা আপনার সকল কাজের অন্তর্নিহীত লক্ষ্য। ব্যতিক্রমী চিন্তা-ভাবনার জন্য আপনি প্রায় ভুল বুঝাবুঝির স্বীকার হতে পারেন। পারিপার্শ্বিকতা ও অপ্রত্যাশিত ঘটনা প্রবাহ আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পেশা : আপনি ব্যতিক্রম ধর্মী পেশায় ভাল করবেন। সৃজনশীল জনজীবনে সহজে সাফল্য লাভ করবেন। আপনার হাতে টাকা থাকতে চাইবে না। অর্থের চেয়ে খ্যাতি ও সম্মানই দীর্ঘস্থায়ী হবে।

প্রেম : আপনি রোমান্টিক, কিন্তু প্রিয়জনের সাথে পুরোপুরি একাত্ম হতে পারেন না তাই প্রেম ও পারিবারিক জীবনে ভুল বুঝাবুঝি ও হতাশায় স্বীকার হতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, গোলাপী, সোনালী, ধূসর, বাদামী, হলুদ ও নীলাভ

বেগুনী। **ধাতু :** ইউরেনিয়াম ও রূপা। **রত্ন :** অপরাজিতা নীলা ও সিলোনী গোমেদ। সংখ্যা ১ ও ৪। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কবি লর্ড বায়রন, বিল বিক্স বি, বক্সার জর্জ ফোরম্যান, কূটনীতিক উথান্ট, ড. নওয়াজিশ আহমদ, ওবায়েদ জায়গীরদার, স্থপতি এস. এম কামাল, চলচ্চিত্রকার আলমগীর কুমকুম, আব্দুল মতিন।

জানুয়ারি ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধি ও প্রতিভাদীপ্ত। আপনি সব বিষয়ই সহজে বুঝতে পারেন। সহজেই যে কারও অভিপ্রায়ের মর্মমূলে প্রবেশ করতে পারেন। আপনার চিন্তাধারায় মৌলিকত্ব রয়েছে। সেই সাথে আপনি উচ্চাভিলাষী। নিজের মতের পক্ষে একা দাঁড়াতেও আপনার কুণ্ঠা নেই। মুক্তির জন্যে, শান্তির জন্যে, প্রগতির জন্যে কাজ করতে আপনার উৎসাহের অন্ত নেই।

পেশা : নতুনত্ব ও চমক আছে এমন যে কোন পেশায় আপনি ভাল করবেন। গতানুগতিক কাজে মেধার অপচয় হবে। বেশ কয়েকবার পেশা পরিবর্তন হতে পারে। একক পেশায় লেগে থাকলেই আপনি বেশি সফল হবেন।

প্রেম : প্রেম ও বিয়েতে আপনি অত্যন্ত আন্তরিক ও আদর্শবাদী। একটু বুঝে-শুনে জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচন করলে আপনার ব্যক্তিগত জীবন সফল হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, ক্রীম, হলুদ, নীলাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও হীরক। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : নেতাজী সুভাষ বসু, চিত্রপরিচালক সার্জেই আইসেনস্টেইন, চিত্রনায়ক রাজ্জাক, এডওয়ার্ড মনে, রমেশ সিপ্পি, গোলাম তাহাবুর, জাঁ মরো, রসায়নবিদ হারমেন ডেইলস।

জানুয়ারি ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মকরের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী হওয়া সত্ত্বেও খেয়ালী। আপনি অমায়িক, দয়ালু ও সৃজনশীল। নিজের চেয়ে অন্যের জন্যে কাজ করে আপনি বেশি আনন্দ পান। মুহূর্তের ইচ্ছা বা খেয়াল আপনাকে সহজেই লক্ষ্য পথ থেকে দূরে নিয়ে যেতে পারে। আর বিপরীত লিঙ্গের প্রভাব আপনার পেশা ও জীবনকে করে তুলতে পারে ঘটনাবহুল। দৃঢ় ইচ্ছাশক্তি প্রয়োগ করে আপনাকে খেয়ালীপনা পরিহার করতে হবে। তাহলেই আপনার জীবন সফল হয়ে উঠবে।

পেশা : সাহিত্য, সঙ্গীত, শিল্প, অভিনয়, মঞ্চ, রেডিও, টিভি ও জনসংযোগমূলক পেশায় আপনি ভাল করবেন। তবে অর্থ ব্যয়ে আপনাকে হিসেবী হতে হবে।

প্রেম : আপনি হৃদয়বান। প্রিয়জনের ব্যাপারে সুবিবেচক। বিয়ে আপনার জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ফ্যাক্টর। তাই জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচনে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, গোলাপী, বেগুনী। **ধাতু :** তামা ও

ইউরেনিয়াম। রত্ন : নীলা ও ফিরোজা। সংখ্যা : ৪ ও ৬। দিন : রবি ও শুক্রবার। তারিখ: ৩, ৪, ৬, ১২, ১৩, ১৪, ২১, ২২, ২৪, ৩০।

ব্যক্তিত্ব : গায়ক নেইল ডায়মণ্ড, শাহাজাহান কিবরিয়া, পুরাতত্ত্ববিদ নলিনীকান্ত ভট্টশালী, আহমদ বশীর, সাংবাদিক আব্দুল বাতেন।

জানুয়ারি ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর নেপচুন ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী, কল্পনাপ্রবণ ও অস্থিরচিত্ত। নিজস্ব মানসিক জগতে বিচরণ করতেই আপনি ভালবাসেন। উদার মানসিকতায় আপনি বিশ্বাসী। আপনার ইনটুইশন প্রখর। ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি আপনার ঝোঁক থাকতে পারে। লক্ষ্যের প্রতি দৃঢ়তার অভাব আছে আপনার মধ্যে। পারিপার্শ্বিক ঘটনাপ্রবাহ ও খেয়ালীপনা দ্বারা নিয়ন্ত্রিত হওয়া থেকে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : সাংবাদিকতা, রেডিও, টিভি, সাহিত্য, ইলেকট্রনিক্স, বিমান ও শিপিং-এর সাথে জড়িত পেশায় আপনি ভাল করবেন। অর্থের ব্যাপারে হিসেবী না হলে আপনাকে কষ্টে পড়তে হবে।

প্রেম : আপনি রোমান্টিক। বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যারা আপনার প্রতি সহজেই আকৃষ্ট হয়। বৈষয়িক দিক থেকে ভাল বিয়ে হওয়ার সম্ভাবনা আছে আপনার।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, আকাশী, নীলাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও পান্না। **সংখ্যা :** ৪ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কবি মাইকেল মধুসূদন দত্ত, কথাশিল্পী সমারসেট মম, ভার্জানিয়া উলফ, অর্থনীতিবিদ এ. এম. এ. মুহিত, মীর হাশমত উল্লাহ।

জানুয়ারি ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ৮। ইউরেনাস ও শনির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি গতিশীল ও দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী। ধৈর্যের সাথে সাথে আপনার আছে অধ্যবসায়। আপনি শান্তি চান। সবার জন্যে কল্যাণ চান। তবে প্রতিদ্বন্দ্বিতাকে আপনি ভয় পান না। বাধা ও ঝামেলা ছাড়া জীবনে কোন কিছুই আপনি অর্জন করতে পারেন না। তাই অনেক সময় আপনি হয়ে উঠেন বিপদ ক্লিষ্ট। জীবনে কঠিন দায়িত্ব আপনার ওপর অর্পিত হতে পারে। স্বীকৃতি পাওয়া কঠিন হলেও অধ্যবসায় আপনাকে সাফল্য এনে দেবে।

পেশা : প্রশাসনিক, সামরিক ও বড় প্রতিষ্ঠানে চাকুরিতে আপনি ভাল করবেন। ঝুঁকিপূর্ণ পেশার চেয়ে স্থির নিশ্চিত পেশাই আপনার জন্যে ভাল। পেশাগত সাফল্য আসবে ধীরে ধীরে।

প্রেম : বিয়ের ব্যাপারে আপনি ভাগ্যবান হতে পারেন। কিন্তু পারিবারিক জীবনের প্রথম দিকে আপনাকে অনেক ঝামেলা পোহাতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, বাদামী, ব্রোঞ্জ ও নীলাভ বেগুনী। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** অপরাজিতা নীলা ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮,

৩১।

ব্যক্তিত্ব : জেনারেল ম্যাক আর্থার, অভিনেতা পল নিউম্যান, নিকোলাই চসেস্কু, সরদার আমজাদ হোসেন, নেত্রী এ্যাংগলা ডেভিস, সিলভা প্রশিক্ষক মাহী কাজী।

জানুয়ারি ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী ও আত্মবিশ্বাসী। উদ্যম, শক্তি ও সাহস থাকায় অন্যদের ওপরে উঠতে না পারা পর্যন্ত আপনি স্বস্তি পান না। আপনি অনেক সংঘাতের সম্মুখীন হবেন। পারিপার্শ্বিকতার প্রভাবে জীবনে আপনার অনেক উত্থান-পতন ঘটতে পারে। শত্রুতা ও দুর্ঘটনা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : প্রশাসন, রাজনীতি, নতুন ব্যবসায়িক উদ্যোগ, শিল্পকারখানা, অভিযাত্রা ও সেনাবাহিনীর সাথে জড়িত পেশায় ভাল করবেন।

প্রেম : আপনার হৃদয় কোমল হওয়া সত্ত্বেও হঠাৎ রেগে যাওয়ার প্রবণতা ও একগুঁয়েমি পারিবারিক ক্ষেত্রে ঝামেলা সৃষ্টি করতে পারে। তবে বিয়ের পর সামাজিক মর্যাদা বাড়বে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, নীল, ম্যাজেন্টা, মেরুন ও নীলাভ বেগুনী। **ধাতু :** ইস্পাত ও ইউরেনিয়াম। **রত্ন :** রুবী ও নীলা। **সংখ্যা** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ৩, ৪,৯, ১২, ১৩, ১৮, ২১, ২২, ২৭, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : সুরকার মোজার্ট, সাহিত্যিক লুই ক্যারল, চিন্তাবিদ আবুল হাশিম, জাহাজ প্রকৌশলী হেইম্যান রিকভার, বিচারপতি লারনেড হেণ্ড, প্রকৌশলী বি. আর. শিকদার।

জানুয়ারি ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক উদ্ভাবনী ক্ষমতার অধিকারী। ব্যক্তিস্বাধীনতা আপনার কাছে সবচেয়ে প্রিয়। উদার ও বন্ধু বৎসল হলেও অন্যের মত দ্বারা আপনি সহজে প্রভাবিত হন না। আপনার জীবনে বাধা আসবে। সাফল্য বিলম্বিত হবে। আপনার মধ্যে সমন্বয়কারী গুণের বিকাশ সাধন করতে হবে। আর দৃঢ়তা ও ইচ্ছাশক্তি আপনাকে মঞ্জিলে মকসুদে পৌছে দিবে। উদ্ভাবনী ক্ষমতা ও একা চলার গুণ আছে আপনার।

পেশা : স্বাধীন পেশা ও ব্যবসাই আপনার জন্যে ভাল। জন ও বিনোদনমূলক পেশায় আপনি ভাল করবেন।

প্রেম : ব্যক্তিগত আকর্ষণী ক্ষমতার জন্যে বিপরীত লিঙ্গের সাথে সহজেই আপনার বন্ধুত্ব গড়ে ওঠে। সুখী পারিবারিক জীবনের পথে এটা অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল ও নীলাভ বেগুনী। **ধাতু** সোনা ও ইউরেনিয়াম। **রত্ন :** আম্বর ও ডীপ এমিথিস্ট। **সংখ্যা :** ১ ও ৪। **দিন :** রবি ও শনিবার। **তারিখ :** ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : শহীদ তিতুমীর, হাবিব উল্লাহ খান, অভিনেতা জহিরুল হক, সাংবাদিক নুরুল ইসলাম পাটোয়ারী, সেনানায়ক চার্লস গর্ডন, ভূতত্ত্ববিদ ক্রমভিন, কামাল চৌধুরী।

জানুয়ারি ২৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর ইউরেনাস ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী, কল্পনা ও অনুভূতিপ্রবণ। তবে আপনার আত্মবিশ্বাসের অভাব আছে। আপনার হৃদয় কোমল। কঠোর আচরণ সহজেই এড়িয়ে চলতে চান। আপনি অস্থির চঞ্চল। বড় বড় স্বপ্ন দেখেন। কিছু করার জন্যে আপনার অনুপ্রেরণা প্রয়োজন। জীবনে সাফল্য লাভের জন্যে আপনাকে সংকোচ ও লজ্জা কাটিয়ে উঠতে হবে।

পেশা : আপনি বেতার, টিভি, ইলেকট্রনিক্স, জনসংযোগ ও সৃজনশীল পেশায় ভাল করবেন। ইনটুইশন কাজে লাগালে ব্যবসাও আপনার জন্যে ভাল।

প্রেম : আপনি রোমান্টিক। কাউকে আঘাত দিতে পারেন না। কিন্তু নিজে সহজে আঘাত পান। প্রেম ও পারিবারিক জীবনে আপনাকে আরও বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, ক্রীম, হলুদ ও নীলাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও পান্না। **সংখ্যা :** ২ ও ৪। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : সেনানায়ক উইলিয়াম রবার্টসন, কথাশিল্পী আন্তন চেখভ, আব্দুল গনি হাজারী, এ্যালেন বেলকম ডু মন্ট, সাহিত্যিক রেমিন রোলাণ্ড।

জানুয়ারি ৩০

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর ইউরেনাস ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার আদর্শবাদী ও মানবতাবাদী মনের সাথে যুক্ত হয়েছে উচ্চাভিলাষ ও সাংগঠনিক দক্ষতা। আপনি বুদ্ধিমান। বড় কিছু করার যোগ্যতা আছে আপনার। লক্ষ্যে আপনি অবিচল। কর্তৃত্ব লাভ করতে আপনি দৃঢ়প্রতিজ্ঞ। অন্যের ঈর্ষা ও শত্রুতা সম্পর্কে আপনাকে সাবধান থাকতে হবে। নিজের চেষ্টায়ই আপনি প্রতিষ্ঠিত হবেন।

পেশা : সিভিল সার্ভিস, প্রশাসন, বাণিজ্যিক প্রশাসন ও রাজনীতিতে আপনি ভাল করবেন। আর্থিক ব্যাপারে বেহিসেবী হলে জীবনের শেষ ভাগে আপনাকে কষ্ট পোহাতে হতে পারে।

প্রেম : প্রেমের চেয়ে প্রতিষ্ঠা লাভ আপনার কাছে গুরুত্বপূর্ণ। তাই পেশাগত ক্ষেত্রে যথার্থ সঙ্গিনী হিসেবে না পেলে বিয়েতে সুখী হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, হরিদ্রাভ ও নীলাভ বেগুনী। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও পোখরাজ। **সংখ্যা** ৩ ও ৪। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ** ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন রুজভেল্ট দার্শনিক, এফ. এইচ. ব্র্যাডলি, দাবারু বরিস স্পাসকি, অভিনেত্রী ভিক্টোরিয়া প্রিন্সিপাল, লি. শাও চি, প্রাণীবিদ ম্যাক্স থ্রিলার, ওলফ পামে, হুমায়ুন কাদির, নাসরিন।

জানুয়ারি ৩১

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর

ইউরেনাসের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী ও স্বাধীনচেতা। আপনার নিজস্ব মত ও দৃষ্টিভঙ্গি আছে। চিরায়ত প্রথায় ব্যতিক্রম আপনাকে আনন্দ দেয়। অন্যরা তাই আপনাকে ঠিকভাবে বুঝে উঠতে পারে না। নিজেকে তাই প্রায়ই মনে হয় নিঃসঙ্গ। মানসিক দৃঢ়তা আছে আপনার। নিজের পথ নিজেই করে নিতে চান। আপনার লক্ষ্য অর্জনের প্রচেষ্টা বাধাগ্রস্ত হবে বার বার। সাফল্যের জন্য আপনাকে তাই ধৈর্যশীল হতে হবে।

পেশা : বৈচিত্রময়, বর্ণাঢ্য ও ব্যতিক্রমধর্মী পেশায় আপনি ভাল করবেন। কঠিনবিহীন, সৃজনশীল ও কর্তৃত্ব করা যায় এমন পেশা আপনার জন্য ভাল। আর্থিক ব্যাপারে আপনাকে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : প্রেম ও বিয়ে পারিবারিক সম্পর্কের ক্ষেত্রে আপনাকে ঠিক ভাগ্যবান বলা যায় না। ভুল বুঝাবুঝির স্বীকার হতে পারেন আপনি।

শুভ রং : সকল শেডের নীল, আকাশী, হলুদ, সোনালী, ধূসর ও নীলাভ বেগুনী। ধাতু : ইউরেনিয়াম ও সোনা। রত্ন : নীলা ও হীরক। সংখ্যা : ১ ও ৪। দিন : শনি ও রবিবার। তারিখ : ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী নরম্যান মেইলার, অধ্যাপক মনসুর উদ্দিন, বিচারপতি আবু সাঈদ চৌধুরী, সৈয়দ আলী আশরাফ, সুরকার শুবার্ট, নৃত্যশিল্পী আন্না পাভোলভা, স্থপতি রবিউল হুসেইন।

ফেব্রুয়ারি ১

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্ম সংখ্যা ১। আপনার ওপর রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী। আশা আকাঙ্ক্ষা বাস্তবায়নে আপনি অধিকতর আত্মনির্ভরশীল। আপনার জীবন হবে কর্মমুখর ও পরিবর্তনশীল। উচ্চাভিলাষী প্রত্যয় ও দৃঢ়তা আপনার সাফল্যের ভূষিত করবে। অন্যদের ঈর্ষা পরায়ণতা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে। লক্ষ্যপানে একা চললে আপনি বেশি সফল হবেন।

পেশা : আপনি অভিনেতা, শিল্পী, আইনজীবী, বৈমানিক ও এককভাবে কাজ করা যায় এমন পেশায় ভাল করবেন। ঝুঁকিপূর্ণ কাজে দ্রুত অর্থোপার্জনের প্রতি আপনার আগ্রহ মঙ্গলজনক। জুয়া থেকে সতর্ক থাকুন।

প্রেম : বন্ধুত্ব, প্রেম ও বিয়েতে আপনি খুব ঘনিষ্ঠ হয়েও নিজেকে একটু গুটিয়ে রাখতে চান। এর ফলে আপনি ভুল বুঝাবুঝির শিকার হতে পারেন।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, আকাশী, কমলা, বাদামী ও নীলাভ বেগুনী। ধাতু : সোনা ও ইউরেনিয়াম। রত্ন : রুবী ও ডীপ এমিথিস্ট। সংখ্যা : ১ ও ৪। দিন : রবি ও শনিবার। তারিখ : ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : অভিনেতা ক্লার্ক গেবল, ইনাম আহমদ, খলিল, সাহিত্যিক আবদুর রশীদ, মোস্তফা হারুণ, রাজনৈতিক শেখ আবদুল আজীজ, সৈয়দ রেদওয়ানুর রহমান, চিত্রশিল্পী আবদুস সাত্তার, গাজী মাজহারুল আনোয়ার, বরিস ইয়ালৎসিন, নূর হোসেন বলাই, কামাল পারভেজ, সামী আনসারী অভিক।

ফেব্রুয়ারি ২

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ২। আপনার ওপর

চন্দ্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী ও কল্পনাপ্রবণ। মেধা ও কল্পনা শক্তির যথাযথ প্রয়োগে আপনার সাফল্যের দ্বার উন্মোচিত হতে পারে। ভ্রমণ ও বৈচিত্র্য আপনি ভালবাসেন। বিদেশে ও অপরিচিত পরিবেশের সাথে সহজে মানিয়ে নেওয়ার গুণ আছে আপনার। আপনার ভাগ্য উন্নয়নের জন্য আপনি প্রচুর সুযোগ পাবেন। তবে সাফল্য লাভের জন্য আপনাকে স্পর্শকাতরতার উর্ধ্বে উঠতে হবে। অবিশ্বাসে বলীয়ান হতে হবে।

পেশা : শিল্প, সাহিত্য, সঙ্গীত, নাটক, অভিনয় ও সমাজকল্যাণমূলক পেশায় আপনি ভাল করবেন। আপনার কর্মজীবন হবে পরিবর্তনশীল। আর্থিক ক্ষেত্রে মধ্যবয়সের পর আপনার সাফল্য আসবে।

প্রেম : আপনি রোমান্টিক। তাই একাধিক বিচিত্র প্রেমে জড়িয়ে পড়তে পারেন। প্রেম ও পারিবারিক জীবন বাস্তববাদী না হলে আপনি দুঃখই পাবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, শেওলা, আকাশী, ক্রীম, নীল, নীলাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৪। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট জিসকার্ড দেস্ত্যা, বেহালাবাদক জাসা হেইফেজ, ঔপন্যাসিক জেমস জয়েস, এ্যান র‍্যাণ্ড, ফারাহ ফসেট, মোজাহারুল ইসলাম, খালেকদাদ চৌধুরী, হাসান আজিজুল হক, খুশওয়ান্ত সিং, মোহাম্মদ আলী সিদ্দিকী, হেভলক এলিস।

ফেব্রুয়ারি ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ৩। আপনার ওপর ইউরেনাস ও বৃহস্পতির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কর্তৃত্বপরায়ণ ও উচ্চাভিলাষী। দায়িত্ব গ্রহণে আপনি ভয় পান না। আপনার দৃঢ়তা, সাংগঠনিক দক্ষতা ও নেতৃত্বের গুণাবলীর কাছে প্রতিদ্বন্দ্বী পরাভূত হবে। আপনার সাফল্যের পথ হবে প্রশস্ত। আপনি বুদ্ধিমান, নিজের পরিকল্পনা অনুসারে জীবনপথে ধীরে অগ্রসর হোন। প্রাথমিক বাধা এলেও আনুকূল্য আপনি পাবেন।

পেশা : আপনি প্রশাসনিক, রাজনীতি, সমাজকল্যাণ, সৃজনশীল ও জনপেশায় ভাল করবেন। নিজস্ব ব্যবসাও আপনার জন্য ভাল।

প্রেম : আপনার মানসিক শক্তি ও আকর্ষণীয় ক্ষমতা প্রবল। বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যারা সহজেই আপনার প্রতি আকৃষ্ট হবে। অনেকেই কাছে আসতে চাইবে। চিন্তার মিল আছে এমন কাউকে আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল ও নীলাভ বেগুনী। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও আলেক্সান্ড্রাইট। **সংখ্যা :** ৩ ও ৪। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জেমস মিচেনার, চীনা সাহিত্যিক লাও শি, মরগান ফেয়ার চাইল্ড, সাংবাদিক গিয়াসুদ্দিন আহমেদ।

ফেব্রুয়ারি ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। রাশি ও সংখ্যা উভয়দিক থেকে আপনার ওপর ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি স্বাধীনচেতা সাহসী ও বেপরোয়া। চিন্তাধারায় মৌলিকত্ব আছে। বৈচিত্র্য ও ব্যতিক্রমতার প্রতি রয়েছে আপনার আকর্ষণ। কাজে-কর্মে আপনি নতুনের জয়গান গান। আপনি অনুভূতিপ্রবণ ও সংবেদনশীল হলেও গোপনীয়তাপ্রিয়। নিজেকে ঠিকভাবে প্রকাশ করতে পারেন না। তাই সাধারণভাবে জনসংযোগ এড়িয়ে চলতে চান। প্রায়ই ভুল বুঝাবুঝির শিকার হন। বিষাদক্লিষ্টতা আপনাকে মাঝে মাঝে পেয়ে বসতে পারে।

পেশা : আপনি বিমান, ইলেকট্রনিক্স, রেডিও, টিভি, পানি বিদ্যুৎ ও সঙ্গীতের সাথে জড়িত পেশায় ভাল করবেন। জীবনে আপনার অপ্রত্যাশিত উত্থান-পতন হবে।

প্রেম : প্রেমে আপনি স্পর্শকাতর। এক বিনম্র লজ্জার মাঝে নিজেকে যথাযথভাবে প্রকাশ করতে পারেন না। এই সংকোচ কাটিয়ে উঠতে না পারলে প্রেমে সাফল্যের সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের সোনালী, হলুদ, নীল, সাদা ও নীলাভ বেগুনী। **ধাতু :** সোনা ও ইউরেনিয়াম। **রত্ন :** অপরাজিতা নীলা ও হীরক। **সংখ্যা :** ১ ও ৪। **দিন :** শনি ও রবিবার। **তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : বৈমানিক চার্লস লিণ্ডবার্গ, অভিনেতা নরম্যান উইসডম, আবু জাফর ওবায়েদুল্লাহ, ফজল সাহাবুদ্দিন, শাহেদ কাদেরী, সঞ্জয় ভট্টাচার্য্য, রুশ নেতা ক্লিমেন্ট ভরসিলভ।

ফেব্রুয়ারি ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুসন্ধিৎসু। মানুষকে সহজে বুঝতে পারেন। সহজেই অন্যকে প্রভাবিত করতে পারেন। জটিল রহস্য জাল উদঘাটন করতেও আপনার কোন বেগ পেতে হয় না। তবুও আপনি নেপথ্য থেকে কাজ করতে চান। আপনার স্মরণ শক্তি প্রখর। আত্মসমাহিত হওয়া সত্ত্বেও আপনি সহজে হতাশ হয়ে পড়েন। জীবনে সাফল্য লাভের জন্য আপনার প্রচুর উৎসাহ ও প্রশংসা প্রয়োজন।

পেশা : আপনি ডাক্তারী, গবেষণা ও মনস্তত্ত্ববিদ, ঐতিহাসিক লেখা, প্রশাসক, ইলেকট্রিশিয়ান হিসেবে ভাল করবেন। ব্যবসায়িক ক্ষেত্রে অন্যকে ভাল বুদ্ধি দিলেও নিজে তা কাজে লাগাতে ব্যর্থ হতে পারেন।

প্রেম : প্রেমে আপনি আন্তরিক। সহজেই সম্পর্ক গড়ে তুলতে পারেন। বুদ্ধিমত্তার সাথে জীবন সঙ্গী/সঙ্গিনী নির্বাচন করলে আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী, হলুদ, নীলাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও ওপাল। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : প্রকাশক মোতাহার হোসেন সিদ্দিকী, সাংবাদিক হাসান সাঈদ, কূটনীতিক আদলাই স্টিভেনসন, এম. এ মোহাইমেন, এহসান চৌধুরী।

ফেব্রুয়ারি ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল, শিল্পানুরাগী ও সুন্দরের পূজারী। আপনি

মানুষকে ভালবাসতে চান, তাদের কল্যাণ চান। তাই আপনি সহজেই জনপ্রিয়তা অর্জন করতে পারেন। দৃঢ় ইচ্ছাশক্তি রয়েছে আপনার। আপনি বিলাসী ও বেহিসাবী। বড় কিছু করতে চান। নতুন স্বপ্ন ও ধ্যান-ধারণা আপনাকে বাধা অতিক্রমে সহায়তা করে। যে কোন সংকটে আপনি সহজেই অন্যের সাহায্য পান।

পেশা : শিল্প, সাহিত্য, সংস্কৃতি, চলচ্চিত্র, ইলেকট্রোনিক্স ও সৃজনশীল জনপেশায় আপনি ভাল করবেন, প্রায়ই দেনায় জড়িয়ে পড়তে পারেন আপনি।

প্রেম : আপনি মূলত প্রেমিক, আন্তরিকভাবে রোমান্টিক। সবার প্রতি ভালবাসা বিতরণ করতে যেয়ে ব্যক্তি জীবনে তেমন সুখী নাও হতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, গোলাপী, তুত, সোনালী ও নীলাভ বেগুনী। **ধাতু :** তামা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও পেরিডট। **সংখ্যা :** ৪ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : প্রেসিডেন্ট রোনাল্ড রিগান, ইভা ব্রাউন, বিপ্লবী মানবেন্দ্র নাথ রায়, কূটনৈতিক জাফর উল্লাহ খান, চিকিৎসাবিদ উইলিয়াম মারফি, লায়লা আজাদ নূপুর।

ফেব্রুয়ারি ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর ইউরেনাস ও নেপচুনের বিশেষ প্রভাব আছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ, সংবেদনশীল, কল্পনাপ্রবণ, আদর্শবাদী ও রোমান্টিক। তবে আপনি কর্তব্যপরায়ণ। এই জন্য যে-কোন ত্যাগ স্বীকারে আপনি প্রস্তুত। আপনার আত্মবিশ্বাসের অভাব আছে। বাইরের প্রেরণা না পেলে আপনি লক্ষ্যপথে এগুতে পারেন না। তাছাড়া জীবনে লক্ষ্য নিরূপণ আপনার জন্য কঠিন। লক্ষ্য ঠিক করতে পারলে অবশ্য আপনি দৃঢ়তা ও অধ্যবসায়ের প্রমাণ দিতে পারেন।

পেশা : বাস্তববাদী দৃষ্টিভঙ্গি গ্রহণ না করলে আপনার জীবনে বৈষয়িক সাফল্য লাভের সম্ভাবনা কম।

প্রেম : রোমান্টিক ব্যাপারে আপনি অত্যন্ত আন্তরিক। তবুও একাধিক প্রেমে আপনি জড়িয়ে পড়তে পারেন। মনের এই বিক্ষিপ্ততা অশান্তি ডেকে আনতে পারে।

শুভ রং : সকল শেডের সবুজ, শেওলা, লেমন, ক্রীম, সাদা ও নীলাভ বেগুনী। **ধাতু:** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও ক্যাটস আই। **সংখ্যা :** ৪ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী চার্লস ডিকেন্স, সিনক্লেয়ার লুই, কবি সাইয়িদ আতিকুল্লাহ, মনস্তত্ত্ববিদ আলফ্রেড এডলার, ইমরুল শাহেদ, কৃষ্ণাঙ্গ নেতা ফ্রেডরিক ডগলাস।

ফেব্রুয়ারি ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল সিরিয়াস ও স্বতন্ত্র সত্তার অধিকারী। আপনার জীবনে সুযোগ ও বাধা আসবে অপ্রত্যাশিতভাবে। নিয়তি আপনাকে অনেক দায়িত্ব দিতে পারে। আপনি গোপন শত্রুতার স্বীকার হতে পারেন। বৈষয়িক সাফল্যের চেয়ে মানসিক তৃপ্তি পাবেন বেশি। আর্থিক সাফল্য ও ক্ষমতা দুই-ই আসতে পারে আপনার, তবে এইজন্য আপনাকে বড় মূল্য দিতে হতে পারে।

পেশা : গবেষণা, লেখা, শিক্ষা, রাজনীতি, জনসংযোগ ও একা সম্পাদন করা যায় এমন পেশাই আপনি ভাল করবেন। বিপরীত লিঙ্গের জন্য প্রচুর আর্থিক ক্ষতি হতে পারে

আপনার।

প্রেম : আপনার হৃদয় নরম। প্রেম ও ভালবাসা আপনার দুঃখ বয়ে আনতে পারে বিয়েতে আপনি অপ্রত্যাশিত কোন ঘটনার সম্মুখীন হতে পারেন।

শুভ রং : সকল শেডের নীল, ধূসর, ব্রোঞ্জ, চকলেট ও নীলাভ বেগুনী। **ধাতু :** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** অপরাজিতা নীলা ও সিলোনী গোমেদ। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জুলভার্ন, জ্যাক লেমন, প্রেসিডেন্ট জাকির হোসেন, টুংকু আব্দুর রহমান, গ্যারি কোলম্যান।

ফেব্রুয়ারি ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর ইউরেনাস ও মঙ্গলের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদার, মেধাবী, মৌলিক চিন্তাধারায় ধ্যান ধারণার অধিকারী ও সংগ্রামী চেতনায় উজ্জীবিত। নেতৃত্ব ও সাংগঠনিক গুণাবলী রয়েছে আপনার। আপনি উদার স্বাধীনচেতা, দিলখোলা ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। চিন্তা ও কর্মে আপনি আপোসহীন। নিজের মতেই আপনি চলতে চান। মানবতাবাদী দৃষ্টিভঙ্গির কারণে অন্যের কল্যাণ ও সমাজ সংস্কারের কাজে আপনি সদা প্রস্তুত। তবে সংঘাত, বাধা ও প্রতিদ্বন্দ্বিতা ছাড়া আপনার কিছু হতে চাইবে না। আপনি নিজেই নিজের ভাগ্য নিয়ন্তা হতে চান।

পেশা : রাজনীতি, প্রকাশনা, সাংবাদিকতা, শিল্প কারখানা, বেতার, টিভি, অভিনয় ও ইলেকট্রনিক্সের সাথে জড়িত পেশায় আপনি ভাল করবেন।

প্রেম : আপনার হৃদয় প্রেমময় হলেও একটু নৈর্ব্যক্তিক দৃষ্টিভঙ্গির জন্য আপনি পুরোপুরি সুখী নাও হতে পারেন।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, ম্যাজেন্টা, মেরুন, সোনালী, নীল ও নীলাভ বেগুনী। **ধাতু :** ইস্পাত ও ইউরেনিয়াম। **রত্ন :** রুবী ও নীলা। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ৩, ৪, ৯, ১২, ১৩, ১৮, ২১, ২২, ২৭, ৩০ ৩১।

ব্যক্তিত্ব : মার্কিন প্রেসিডেন্ট উইলিয়াম হ্যারিসন, কূটনীতিবিদ ডীন রাস্ক, আনোয়ার হোসেন মঞ্জু, কবির চৌধুরী, সুভাষ দত্ত, ইমরান নূর, মেজর জলিল, ড. হরগোবিন্দ খারানা, মিয়া ফ্যারো।

ফেব্রুয়ারি ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর ইউরেনাস ও রবির বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উদার, মেধাবী ও মৌলিক চিন্তাধারার অধিকারী। আপনি সৃজনশীল ও উচ্চাভিলাষী। দৃঢ় ইচ্ছাশক্তি আছে। আপনাকে ভাগ্য গড়ার সংগ্রামে নামতে হতে পারে। অন্যের মতের গুরুত্ব আপনার কাছে কম। নিজের পরিকল্পনা অনুসারে চলতে চান। বন্ধু বৎসল হলেও অন্যের সাথে লেনদেনে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : অভিনয়, শিল্পকলা, আইন, চিকিৎসা, ব্যবসা, ফটোগ্রাফী ও বিমানের সাথে জড়িত পেশায় আপনি ভাল করবেন। প্রশাসনিক কাজেও আপনি দক্ষ। জীবনে কয়েকবার পেশা পরিবর্তন হতে পারে।

প্রেম : আপনার নৈর্ব্যক্তিক জৌলুসের প্রতি বিপরীত লিঙ্গরা সহজে আকৃষ্ট হয়।

একটু বুদ্ধিবৃত্তিক সঙ্গী পেলে আপনি জীবনে সুখী হবেন।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল ও নীলাভ বেগুনী। ধাতু : সোনা ও ইউরেনিয়াম। রত্ন : হীরক ও নীলা। সংখ্যা : ১ ও ৪। দিন : রবি ও শনিবার। তারিখ : ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : সাহিত্যিক চার্লস ল্যাম্ব, বরিস পস্তারনাক, নাট্যকার বার্টট ব্রেখট, রবার্ট ওয়াগনার, হেরাল্ড মেকমিলান, পদার্থ বিজ্ঞানী ওয়াল্টার ব্রেটটেইন, রেজোয়ান সিদ্দিকী, বদিউর রহমান।

ফেব্রুয়ারি ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর ইউরেনাস ও চন্দ্রের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও আদর্শবাদী। আপনি দয়ালু ও অনুভূতিপ্রবণ। কল্পনা ও উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। আপনি অস্থির চঞ্চল। বাধা ও সংঘাত এড়িয়ে চলতে চান। নতুনত্ব ও বৈচিত্র্যের জন্য আপনি ভ্রমণ ভালবাসেন। বড় কিছু করার স্বপ্ন দেখেন। অনেক সুযোগ আসবে আপনার। কিন্তু সাফল্য লাভের জন্যে আপনাকে স্পর্শকাতরতার ঊর্ধ্বে উঠতে হবে, আত্মবিশ্বাসে বলীয়ান হতে হবে।

পেশা : আপনি বিদ্যুৎ, ইলেক্ট্রোনিক্স, বেতার, টিভি, সঙ্গীত, অভিনয় ও সমাজ কল্যাণের সাথে জড়িত পেশায় ভাল করবেন। কর্মজীবনে আপনার স্থিরতার অভাব থাকতে পারে।

প্রেম : আপনি রোমান্টিক ও স্পর্শকাতর। বিপরীত লিঙ্গের সদস্য/সদস্যাদের সাথে সহজেই সম্পর্ক গড়ে ওঠে। পারিবারিক জীবনে বাস্তববাদী না হলে আপনি দুঃখই পাবেন বেশি।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, হলুদ, লেমন, সাদা ও নীলাভ বেগুনী। ধাতু রূপা ও ইউরেনিয়াম। রত্ন : নীলা ও টর্মালিন। সংখ্যা : ২ ও ৪। দিন : রবি ও সোমবার। তারিখ : ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী আলভা এডিসন, কবি আসাদ চৌধুরী, গাজী সাহাবুদ্দিন আহমদ, গোপাল চন্দ্র হালদার, সত্যেন্দ্র নাথ দত্ত, বিচারপতি মাহবুব মোর্শেদ, সরকার ফিরোজ উদ্দিন, মোহাম্মদ রফিকুজ্জামান।

ফেব্রুয়ারি ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি বুদ্ধিমান ও উচ্চাভিলাষী। অন্যকে প্রভাবিত করার, নেতৃত্ব করার, আদেশ দেয়ার ক্ষমতা আছে আপনার। আপনার উদ্যম আছে, এগিয়ে যাওয়ার মত প্রত্যয় ও আত্মবিশ্বাস আছে। মানসিকভাবে উচ্চস্তরে উত্তীর্ণ হওয়ার সম্ভাবনা আছে। অন্যের কল্যাণে নিজেকে নিবেদিত করার সাহস আছে। আর সাহসী মতের জন্যে আপনাকে অনেক সমালোচনা ও বাধার সম্মুখীন হতে হবে।

পেশা : জনপেশাই আপনার জন্যে ভাল। আইন প্রশাসন, দর্শন ও বুদ্ধিবৃত্তিক পেশায় আপনি ভাল করবেন। ব্যবসায়েও আপনি সাংগঠনিক ক্ষমতার প্রকাশ ঘটাতে পারেন।

প্রেম : আপনার ব্যক্তিগত আকর্ষণী ক্ষমতা প্রবল। বিপরীত লিঙ্গের সদস্যরা আপনার প্রতি সহজেই আকৃষ্ট হবে। কিন্তু আপনাকে লক্ষ রাখতে হবে প্রেম যেন আপনার উচ্চাভিলাষের সাথে সংঘাত না বাধায়।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, ম্যাজেন্টা, নীল ও নীলাভ বেগুনী। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও ফিরোজা। **সংখ্যা :** ৩ ও ৪। **দিন :** রবি ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব: প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কন, চার্লস ডারউইন, আবুল হাসনাত, আখতারুজ্জামান ইলিয়াস, শওকত আলী, সুভাষ মুখোপাধ্যায়।

ফেব্রুয়ারি ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৪। আপনার উপর ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ ও নতুন ধ্যান-ধারণার অধিকারী। আপনার মানসিক দৃঢ়তা রয়েছে। চিরাচরিত রীতি প্রথার প্রতি আপনার আস্থা নেই। জীবন আপনার কাছে একটা চ্যালেঞ্জ। অপ্রত্যাশিত সুযোগ ও প্রতিকূলতার মধ্যে দিয়েই অগ্রসর হবে আপনার জীবন। ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ ও নৈর্ব্যক্তিক অনুভূতি আপনার প্রবল, তাই আপনি প্রায় ভুল বুঝাবুঝির শিকার হতে পারেন।

পেশা : স্বাধীন পেশাই আপনার জন্য ভাল। সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা প্রয়োগ করা যায় এমন পেশায়ই আপনি ভাল করবেন। একাধিক পেশা পরিবর্তন হবে আপনার।

প্রেম : আপনার অনুভূতিপ্রবণতা ও নৈর্ব্যক্তিক অভিব্যক্তি ও রোমান্স এ সাফল্যের অন্তরায় হতে পারে। সঙ্গী নির্বাচনে আপনার ইনটুইশন প্রয়োগ করতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, সোনালী, হলুদ, ক্রীম, বাদামী ও নীলাভ বেগুনী। **ধাতু:** সোনা ও ইউরেনিয়াম। **রত্ন :** অপরাজিতা নীলা ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ১ ও ৪। **দিন:** শনি ও রবিবার। **তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কিম নোভাক, জর্জেস সিমানন, সরোজিনী নাইডু, কবি রফিক আজাদ, জ্যোতির্বিদ উলুগ বেগ, গায়িকা নীলুফার ইয়াসমিন, অলীভার রীড, রকীব সিদ্দিকী।

ফেব্রুয়ারি ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মীনের প্রভাব রয়েছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে ।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি প্রাণবন্ত স্বকীয়তার অধিকারী। অন্যের উদ্দেশ্য আপনি সহজেই বুঝতে পারেন। নিজের কথা স্পষ্টভাবে বলতে পারেন। একা চলতে পারেন। যেকোন ঝামেলায় মধ্যস্থতা করার ক্ষমতা আছে আপনার। অনুসন্ধিৎসু মন ও স্মৃতিশক্তি আপনার বড় অস্ত্র। আপনি মর্যাদা ও সম্পদের কাঙ্গাল নন। তবে কাজের স্বীকৃতি চান। আর যে কোন ব্যর্থতা সহজেই আপনাকে বিষণ্ন করে তোলে।

পেশা : বিজ্ঞান, চিকিৎসা ও বুদ্ধিবৃত্তিক পেশায় আপনি ভাল করবেন। সেলসম্যান হিসেবেও আপনি সফল হবেন।

প্রেম : ব্যক্তিগত সম্পর্কের ক্ষেত্রে আপনি আন্তরিক ও আদর্শবাদী। সহজে মানুষকে চিনতে পারেন। তাই সম্ভবত আপনি বিয়ের সঙ্গী নির্বাচনে ভুল করবেন না।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, ক্রীম, গোলাপী, নীলাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** প্লাটিনাম ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও হীরক। **সংখ্যা :** ৪ ও ৫। **দিন :** রবি ও বুধবার। **তারিখ :** ১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : কোপারনিকাস, কবি মনিরুদ্দিন ইউসুফ, গায়ক ভীমসেন জোশী, শিল্পপতি আব্দুল ওয়াহেদ আদমজী, রীতা আরেফীন, অর্থনীতিবিদ থমাস মেথুস, জ্যোতির্বিদ

এডওয়ার্ড আর্থার মিলান।

ফেব্রুয়ারি ১৫

আজ জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মীনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৬। আপনার উপর শুক্র ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনি আদর্শবাদী, মিশুক ও স্নেহপ্রবণ। যাদের আপনি ভালবাসেন, আপন মনে করেন, তাদের জন্য সর্বস্ব ত্যাগেও আপনার কোন কুণ্ঠা নেই। আপনার শৈল্পিক ও সৃজনশীল অনুভূতি প্রখর। তবে দিবাস্বপ্নে বিভোর থাকার প্রবণতা রয়েছে আপনার। আপনার মেধা ও যোগ্যতা প্রশ্নাতীত। তবুও নিয়তি বার বার সাফল্যের পথ থেকে কক্ষচ্যুত করতে পারে।

পেশা : সৃজনশীল, উদ্ভাবনী ও বুদ্ধিবৃত্তিক পেশায় আপনি ভাল করবেন। জনগণের সাথে যোগাযোগ ও সম্পর্ক সৃষ্টি হতে পারে, এমন পেশাই আপনার জন্য ভাল।

প্রেম : প্রেমে আপনি আদর্শবাদী ও নিবেদিতপ্রাণ। প্রিয়জনের জন্য সর্বস্ব ত্যাগেও আপনার কুণ্ঠা নেই। তবুও এই ব্যাপারে আশানুরূপ সুখী হওয়ার সম্ভাবনা কম।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, গোলাপী ও নীলাভ বেগুনী। **ধাতু :** তামা ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও পান্না। **সংখ্যা** ৪ ও ৬। **দিন :** রবি ও শুক্রবার। **তারিখ :** ৩, ৪, ৬, ১২, ১৩, ১৫, ২১, ২২, ২৪, ৩০, ৩১।

ব্যক্তিত্ব : জ্যোতির্বিদ গ্যালিলিও, সম্রাট বাবর, ব্যাংকার এ. এন হামিদুল্লাহ, মনিকার চার্লস টিফানি, নাট্যকার সিরাজ হায়দর, মনস্তত্ত্ববিদ এমিল ক্রেপলিন।

ফেব্রুয়ারি ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মীনের প্রভাব আছে। জন্মসংখ্যা ৭। আপনার উপর নেপচুন ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুভূতিপ্রবণ, কল্পনাপ্রবণ, রোমান্টিক ও আদর্শবাদী। পরিবেশ আপনাকে ব্যাপকভাবে প্রভাবিত করতে পারে। আত্মবিশ্বাসের অভাব আছে, তাই বেশি লোকের সাথে যোগাযোগ এড়িয়ে চলতে চাইবেন। তবে কোন কিছুর প্রতি একেবারে মনোযোগ আকৃষ্ট হলে তাতে দৃঢ়তার সাথে লেগে থাকতে পারেন। ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি আপনার নিজস্ব ধ্যান-ধারণা থাকবে।

পেশা : আপনার পক্ষে পেশা নির্বাচন করা বা এক পেশায় থাকা কঠিন হতে পারে। কয়েকবার পেশার পরিবর্তন হতে পারে। অন্যদের চেয়ে ব্যতিক্রমী পেশায় আপনি ভাল করবেন।

প্রেম : আপনার হৃদয় কোমল, হৃদয়ের ডাককে অগ্রাহ্য করার শক্তি আপনার কম। তাই একাধিক রোমান্সে জড়িত হতে পারেন। আপনাকে এ ব্যাপারে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, শেওলা, সাদা ও নীলাভ বেগুনী। **ধাতু:** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** ডীপ এমিথিস্ট ও পেরিডট। **সংখ্যা :** ৪ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯, ৩১।

ব্যক্তিত্ব : নৃতত্ত্ববিদ স্যার ফ্যান্সিস গ্যালটন, এস্ট্রলজার সৈয়দ আলী ইমাম, লেখিকা রিজিয়া খান, শহীদুল্লাহ কায়সার, কাজী হায়াত, অলিভিয়া।

ফেব্রুয়ারি ১৭

আজ জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মীনের প্রভাব রয়েছে। জন্মসংখ্যা ৮।

আপনার ওপর শনি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে কুম্ভের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চিন্তাশীল, চাপা, আত্মকেন্দ্রিক ও ব্যক্তি স্বাতন্ত্র্যবাদী। আপনি অন্যদের চেয়ে আলাদা। আপনার জীবনে অপ্রত্যাশিত সুযোগ যেমন আসবে, তেমনি নেমে আসবে নিয়তির খড়গ। না চাইলে অনেক দায়িত্ব পালন করতে হবে। জীবনে অনেক সাফল্য, খ্যাতি ও প্রতিপত্তি আসতে পারে। তবে তা আসবে অনেক ত্যাগের বিনিময়ে। পরিস্থিতি আপনার জীবনকে গভীরভাবে প্রবাহিত করবে।

পেশা : আপনি সৃজনশীল ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। ইলেকট্রনিক্স বা বৃহৎ প্রতিষ্ঠানের সাথে জড়িত হলে পেশাগত অগ্রগতি সহজ হবে।

প্রেম : স্নেহ মমতা ও প্রেমের জন্য অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে। আপনার বিয়ের ব্যাপারেও ব্যতিক্রমী পরিস্থিতি থাকতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, ধূসর, চকলেট ও নীলাভ বেগুনী। **ধাতু:** সীসা ও ইউরেনিয়াম। **রত্ন :** অপরাজিতা নীলা ও লাপিস লাজুলি। **সংখ্যা :** ৪ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও রবিবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : রাণী প্রথম মেরী, জিম ব্রাউন, কবি জীবনানন্দ দাশ, সাহিত্যিক সাদেক হেদায়েত, জাফর আলম, শিক্ষাবিদ ড. মুহাম্মদ মহব্বত খান।

ফেব্রুয়ারি ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি কুম্ভ রাশির জাতক। মীনের প্রভাব রয়েছে। জন্মসংখ্যা ৯। মঙ্গল ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে কুম্ভের বৈশিষ্ট্য মীন দ্বারা প্রভাবিত। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় প্রাণবন্ত, গতিশীল ও সংগ্রামী ব্যক্তিত্বের অধিকারী। চিন্তাধারায় আপনি স্বাধীনচেতা। নিজের মত অকপটে ব্যক্ত করতে পারেন। অন্যকে প্রভাবিত করতে পারেন। বিতর্কে প্রতিপক্ষকে সহজেই কাবু করতে পারেন। সাংগঠনিক ক্ষমতা আছে। বহুমুখী কাজে দক্ষ। তবে শত্রু থাকবে অনেক। সংঘাত ছাড়া জীবনে এগুতে পারবেন না।

পেশা : জনসংযোগমূলক পেশা, আইন, সেনাবাহিনী, শিল্প কারখানার সাথে জড়িত হলে ভাল করবেন। সম্পদের সর্বোত্তম ব্যবহারের ক্ষমতা আছে।

প্রেম : প্রিয়জনকে একান্তভাবে ভালবাসলেও পারিবারিক সংঘাত এড়ানো আপনার পক্ষে কঠিন। তবে বিতর্কের মনোভাব পরিহার করলে ব্যক্তিগত জীবন অত্যন্ত সফল হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, লাল, গোলাপী, ম্যাজেন্টা, মেরুন ও নীলাভ বেগুনী। **ধাতু :** ইস্পাত ও ইউরেনিয়াম। **রত্ন :** রুবী ও ডীপ এমিথিস্ট। **সংখ্যা :** ৪ ও ৯। **দিন :** রবি ও মঙ্গলবার। **তারিখ :** ৩, ৪, ৯, ১২, ১৩, ১৮, ২১, ২২, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কবি আঁন্দ্রো ব্রেঁতো, ড. আনিসুজ্জামান, শ্রী চৈতন্য, রামকৃষ্ণ পরম হংস দেব, রেজাউদ্দীন স্টালিন, নাসিরুদ্দীন তুসী, কাউন্ট ভল্টা, ওবায়দুর রহমান।

Pisces

১৯ ফেব্রুয়ারি–২০ মার্চের মধ্যে জন্ম হলে আপনার রাশি

মীন

মীনের জাতক অত্যন্ত অনুভূতি ও আবেগপ্রবণ। এদের আবেগ কল্পনার রঙে রঞ্জিত। এরা মূলত স্বাপ্নিক। তাই এদের বুঝা মুশকিল। এদের চরিত্রে পরস্পর বিরোধী দুটি দিক রয়েছে। এর একটির প্রাধান্যে এরা শক্তিমান পুরুষ হিসেবে গণ্য হতে পারে। আর অপরটির প্রাধান্য এদের সবচেয়ে দুর্বল সত্তায় পরিণত করতে পারে। অন্তর্মুখী দৃষ্টির কারণে জীবনকে এরা গভীরভাবে উপলব্ধি করতে পাবে। অশ্রু এদের সহজেই প্রভাবিত করে। এরা কখনও দুঃখ ও যন্ত্রণার সাথী হতে পারে না। দুঃখ ও যন্ত্রণা দেখলে হয় এরা নিজেদের গুটিয়ে নেয়, অথবা রেডক্রসের ন্যায় দ্রুত সাহায্যে এগিয়ে যায়। অন্য যেকোন রাশির তুলনায় এরা বৈষয়িক ক্ষেত্রে বেশি ব্যর্থ।

মীনের জাতক মানসিকভাবে অত্যন্ত সৃজনশীল। এরা অনুভূতিপ্রবণ ও সহজেই প্রভাবিত হয়। এদের ইনটুইশন প্রখর। যেকোন নিরস বিষয়েও এরা গভীরভাবে কল্পনা করতে পারে। এদের সিদ্ধান্তের পেছনে যুক্তি বা বিচার-বিশ্লেষণের প্রভাব কমই থাকে। এরা সাধারণত অনুভূতি দ্বারা প্রভাবিত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। অনেক ক্ষেত্রেই এরা কল্পনাকেই বাস্তব বলে ভাবে। এরা মেধাবী, কিন্তু এদের ব্যক্তিত্ব বহুমুখী। বহুমুখী ব্যক্তিত্বের জন্যে এরা ঠিক কি চায় তা অনেক সময় নিজেরাই বুঝতে পারে না। এরা চারদিকের সবকিছুর সাথেই নিজেকে জড়িত করতে চায়। সবকিছুর প্রতিই এরা আকর্ষণ অনুভব করে। তাই এদের যথার্থ শ্রেণীবিন্যাস করা মুশকিল। এরা পানির মত তরল। কোন নিয়মশৃংখলায় এরা আবদ্ধ থাকতে পারে না। এদের আচরণের কোন নির্দিষ্ট প্যাটার্ন নেই। সীমাহীন সমুদ্রের গভীরতা, বৈচিত্র্য ও ক্রমঃ পরিবর্তনশীলতাই এদের মাঝে প্রকাশ পায়।

মীনের জাতক আদর্শবাদী। আত্মিক চেতনায় এরা উদ্বুদ্ধ। যে কোন পরিস্থিতির সাথে তাল মিলানোর অদ্ভুত ক্ষমতা আছে এদের। এরা দয়ালু। সহজে মিশতে পারে। সৌন্দর্য, সঙ্গীত, কাব্য ও সুকুমার বৃত্তির প্রতি এদের আকর্ষণ সহজাত। এদের কৌতুকবোধও তীব্র। যেকোন কিছুর হাস্যকর দিক এদের সহজেই নজরে পড়ে। তবে এরা অনেকটা আনমনা। জিনিসপত্র এরাই বেশি হারায়। চিন্তা-ভাবনা করার জন্যে এরা নির্জনতা পছন্দ করে। আর নীরব মুহূর্তগুলোয় এদের মনোরাজ্যে ঘটে বড় বড় বিপ্লব।

মীনের জাতকের জীবনে উদ্যোগ ও উদ্যমের অভাব আছে। দুঃসাহসী যেকোন কিছু থেকে এরা সাধারণভাবে দূরে থাকতে চায়। এরা নম্র ও লাজুক। দ্বন্দ্ব ও সংঘাত থেকে এরা দূরে থাকতে চায়। হিংসা ও রক্তপাতকে এরা আন্তরিকভাবে ঘৃণা করে। জীবনের নোংরা দিকগুলো এদের সহজেই বিহ্বল করে দেয়। কিন্তু কোন বিরোধে জড়িয়ে পড়লে এরা জানে কিভাবে নিজেকে বাঁচাতে হবে। এরা খুব নম্রভাবে নিজেকে রক্ষা করার পথ করে নেয়। সাধারণভাবে কল্পনার রাজ্যে বিচরণ করলেও এরা অনুপ্রেরণা পেলে অত্যন্ত কর্মতৎপর হয়ে উঠতে পারে। কাজের মধ্যে নিজেকে পরিপূর্ণভাবে নিয়োজিত করতে পারে। প্রয়োজনে এরা প্রবল ইচ্ছা ও ধীশক্তির পরিচয় দিতে দ্বিধা করে না।

মীনের জাতক সবচেয়ে বেশি সহনশীল। এদের সহমর্মিতাবোধও প্রবল। এরা

আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবদের সাথে খুব সহজেই একাত্ম হয়ে পড়ে। এরা সবাইকে সুখী করতে চায়। আত্মীয় ও বন্ধু-বান্ধবদের জন্যে মীনের জাতক এক ক্রমাগত দুশ্চিন্তার উৎস। অবাস্তব দৃষ্টিভঙ্গির জন্য এরা প্রায়ই ভুল করে। আর আত্মীয় ও বন্ধু-বান্ধবরাই এদের ভ্রান্তিজনিত বিপদ থেকে উদ্ধার করে। চতুর সঙ্গী দ্বারা এরা সহজেই প্রতারিত হতে পারে।

অর্থ ও কর্মজীবন

অর্থের ব্যাপারে মীনের জাতক অসতর্ক ও উদার। অর্থনীতিবিদ হিসেবে এরা টাকার ব্যবস্থাপনার জন্যে চমকপ্রদ মত পেশ করতে পারে। কিন্তু নিজের টাকা-পয়সার ক্ষেত্রে এরা সবকিছু তালগোল পাকিয়ে ফেলে। খরচে এরা বেহিসেবী। তবে আর্থিক সংকট থেকে মুক্ত হবার জন্যে ভাগ্য এদের সব সময়ই সহায়তা করে। অবশ্য মীনের একশ্রেণীর জাতক বেশ হিসেবী, এমনকি কৃপণও হতে পারে।

মীনের জাতক সেবাধর্মী কাজ পছন্দ করে। দৃঢ় ইচ্ছাশক্তি ও বাস্তববাদী চিন্তা যেখানে গুরুত্বপূর্ণ নয়, সেখানে ইনটুইশন, কল্পনা, সহানুভূতি ও সৃজনশীলতা গুণ হিসেবে বিবেচিত হয় এমন পেশায়ই এরা ভাল করে।

ব্যবসায়ে মীনের জাতক দ্বৈত মানসিকতায় ভুগতে পারে। তবুও মেধা, দ্রুত সমস্যা উপলব্ধির ক্ষমতা, নীরব প্রভাব বিস্তারের সহজাত গুণের জন্যে তারা ব্যবসায়ে সফল হতে পারে। এরা জীবনের বিভিন্ন স্তরে বিভিন্ন পেশার সাথে জড়িত হতে পারে। এরা ব্যবসায়ে নিষ্ক্রিয় অংশীদার হিসেবেই সবচেয়ে ভাল। তবে অংশীদারিত্বে অন্যের প্রতি এরা অতিরিক্ত বিশ্বাসী বা অতিরিক্ত সন্দেহপ্রবণ হতে পারে।

মীনের জাতকের জীবন বিশৃঙ্খল জীবন। অনেক সুবর্ণ সুযোগ এরা কাজে লাগাতে পারে না। বার বার চেষ্টা করার অদ্ভুত গুণ আছে এদের। এরা নিজেরা নিজেদেরই শিকার। তাই এদের প্রতি কেউ কঠোর হতে পারে না। সহকর্মীদের জন্যে এরা নির্দ্বিধায় আত্মদান করতে পারে। এদের জীবনে ২৫ ও ৩৪ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শরীর ও স্বাস্থ্য

মীন রাশির জাতকের দেহ একটু মাংসল। অধিকাংশই গড়পড়তা উচ্চতার চেয়ে বেঁটে। একটা শ্রেণী একটু লম্বা। মাথা একটু বড় ও উঁচু। ধনুক আকৃতির ভ্রূ। চোখ বড়, ভাসাভাসা, সুন্দর প্রাণবন্ত ও স্বাপ্নিক। অপর একশ্রেণীর চোখ সুন্দর হলেও চাপা ও ধূর্ত দৃষ্টি ব্যক্ত করে। কান প্রায় গোলাকৃতির। দাঁত তেমন শক্ত নয়। হাত মাংসল ও নরম। আঙ্গুল একটু মোটা ও ছোট। এদের চেহারায় একটা আনমনা ভাব থাকে। গলার স্বর গভীর ও মোলায়েম। সাধারণত বাক্য শেষ না করেই কথা শেষ করে। এদের চলাফেরায় একটা তরল ছন্দ আছে। পরিবর্তিত পরিস্থিতিতে এদের চেহারার অভিব্যক্তি দ্রুত পরিবর্তিত হয়।

মীনের জাতক সাধারণভাবে সুস্বাস্থ্যের অধিকারী হলেও সহজে এরা রোগাক্রান্ত হতে পারে। অসুস্থদের সংস্পর্শে এলে এরা সহজে অসুস্থ হয়ে পড়তে পারে। অসুস্থ হয়ে পড়লে চিকিৎসায় সহজেই সাড়া দেয়। তবে চিকিৎসাকারী ডাক্তার বা নার্সকে অবশ্যই বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী হতে হবে। কারণ এদের মনে রোগমুক্তি সম্পর্কে বিশ্বাস জন্মানো সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। রোগমুক্তির বিশ্বাস জন্মালে এরা দ্রুত ভাল হয়ে ওঠে। মীনের জাতক পাকস্থলীর রোগ, স্নায়বিক চাপের ফলে হজমের গণ্ডগোল, এপেণ্ডিসাইটিস, পায়ে অসুবিধা, অনিদ্রা ও অহেতুক দুশ্চিন্তায় আক্রান্ত হতে পারে। এরা সহজেই খাদ্যের বিষক্রিয়ায় আক্রান্ত হতে পারে। যে কোন ওষুধ সহজেই এদের শরীরে প্রতিক্রিয়া করতে পারে। পায়ে বেশি পানি লাগালে সহজেই এদের ঠাণ্ডা লাগতে পারে।

মাদক দ্রব্য ও ঘুমের ওষুধ এদের শরীরে সহজেই গুরুতর প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে।

মীনের জাতক সাধারণত পানির সাথে জড়িত ক্রীড়ায় সবচেয়ে ভাল করে। এদের যতদূর সম্ভব মুক্তাঙ্গন, ক্রীড়া ও খেলাধুলায় অংশ নেয়া উচিত। মাদকদ্রব্য এদের সম্পূর্ণ বর্জন করা উচিত। যেকোন ওষুধ সেবনেও এদের সতর্ক থাকতে হবে। এদের প্রচুর পানি পান করা উচিত।

মীন পুরুষ

মীন পুরুষ অত্যন্ত আবেগপ্রবণ ও সেন্টিমেন্টাল। তাই এদের ব্যক্তিত্ব জটিল। এরা সৃজনশীল ও স্বাপ্নিক। এদের জীবন তাই অনেকটা প্রেম-নির্ভর। সুন্দরীদের প্রতি এদের সহজাত আকর্ষণ রয়েছে। আর এদের মায়া মিশ্রিত চাহনী সহজেই মেয়েদের মন গলাতে পারে। এরা প্রেমের প্রতিদানে প্রেমই চায়। প্রেমিকার সার্বক্ষণিক মনোযোগ এরা কামনা করে। প্রেমিকা যে তাকে সর্বান্তকরণে ভালবাসে একথা এরা বার বার শুনতে চায়। এদের অনুভূতি সহজে আহত হয়। তাই এরা প্রিয়জনদের সামান্যতম রূঢ়তাও সহ্য করতে পারে না। প্রিয়জনের কাছ থেকে আঘাত পেলে এরা হতাশ ও খেয়ালী হয়ে উঠতে পারে।

স্বামী হিসেবে মীন পুরুষ স্ত্রীর প্রতি অত্যন্ত মনোযোগী ও সহনশীল। এরা তুলনামূলকভাবে ঘরে সময় কাটায় বেশি। তবে দৈনন্দিন জীবন ও পারিবারিক ভরণ-পোষণের বাস্তবতা অনেক সময়ই এদের স্বপ্ন-ভঙ্গের কারণ হতে পারে। এরা স্ত্রীকে সবকিছু দিতে চায়। কিন্তু এই 'সবকিছুর' মধ্যে অনেক সময়ই বাস্তবতার ছোঁয়া থাকে না। এদের মধ্যে সাংসারিক বাস্তবতার অনুভূতি জাগ্রত করাও কঠিন। তবে স্ত্রী সময়ে সময়ে বাস্তব বুদ্ধি ও পরামর্শ যোগাতে পারলে এরা অনেক অসুবিধা কাটিয়ে উঠতে পারে। এদের যৌন-অনুভূতিও প্রবল। তাছাড়া অনুভূতির গভীরতা ও প্রেমাবেগের তীব্রতার কারণে অনেক মহিলার জন্যেই এরা আদর্শ স্বামী বলে বিবেচিত হয়।

মীন মহিলা

প্রেমই মীন মহিলার জীবন। এরা রোমান্টিক ও সেন্টিমেন্টাল। এদের টানাটানা চোখে থাকে সমুদ্রের গভীরতা। তাদের মায়াবী চাহনী যেকোন পুরুষকে দুর্বল করে দিতে পারে। এরা পরিপূর্ণভাবে ভালবাসতে চায়। আর চায় ক্রমাগত ভালবাসা পেতে। এদের আত্মবিশ্বাস ও ইচ্ছাশক্তি দুর্বল। তাই কাউকে ভালবাসলে এরা তার ওপর পুরাপুরি নির্ভরশীল হয়ে পড়ে। ভালবাসলে এরা স্বপ্নের রাজ্যে বিচরণ করে। কোন কারণে এ স্বপ্ন-ভঙ্গ এদের জীবনে বিপর্যয় ডেকে আনতে পারে।

স্ত্রী হিসেবে মীন মহিলা স্বামীর প্রতি একেবারে নিবেদিতপ্রাণ। এরা অন্যের সেবা করেই আনন্দ পায়। স্বামীর আরাম-আয়েশ নিশ্চিত করতে এরা চেষ্টার ত্রুটি করে না। এরা স্বামীর সাথে সহজেই খাপখাইয়ে নিতে পারে। রোমান্টিকতা ছাড়াও বিয়ের দৈহিক দিক এদের কাছে গুরুত্বপূর্ণ। তাই এরা সহজেই স্বামীর যেকোন আবেগে সাড়া দিতে পারে। এদের কোমল মন কাউকে কষ্ট দিতে পারে না। তাই অনেক অন্যায় আবদার এদের জীবনে দুঃখ বয়ে আনতে পারে। এরা বাইরের জগতের প্রতি তেমন আকৃষ্ট হতে চায় না। ঘরে বসেই স্বপ্নের জাল বুনতে চায়। এরা ঘরকে সুখ ও শান্তির নীড় হিসেবে দেখতে চায়। মা হিসেবে মীন মহিলা সন্তানকে অতিরিক্ত আহ্লাদ দেয়। সন্তান নিয়ে অনেক সময়ই এরা অহেতুক দুশ্চিন্তা করে। অতিরিক্ত স্নেহদ্বারা এরা সন্তানের অকল্যাণই বেশি করে।

অবসাদ নিরাময়ে

নির্জনতা আপনি পছন্দ করেন। কিন্তু নির্জনতাই আপনার জীবনে অবসাদ আনতে পারে। নির্জনে লুকিয়ে না থেকে বন্ধুদের সাথে দেখা করুন। জীবন ও জগতের রহস্য নিয়ে তাদের সাথে আলাপ করুন। আপনার ইনটুইশন প্রখর। আপনি নিজেই বুঝতে পারেন, কখন আপনি অবসাদ বোধ করবেন। তাই অবসাদ আসার আগেই নতুন ধ্যান-ধারণা ও নতুন কর্মতৎপরতার মধ্যে নিজেকে জড়িয়ে ফেলুন। অন্যদের সাথে মিলিতভাবে কাজ করে নিজের মধ্যে উদ্দীপনা আনতে চেষ্টা করুন। নিজের সমস্যা নিয়ে নীরবে অশ্রুপাত না করে বন্ধুদের সাথে তা নিয়ে আলাপ করুন। জীবনের হালকা দিকে মন ঘুরানোর জন্যে গানের চর্চা করুন। দুঃস্থ ও দরিদ্রদের সেবায় নিজের অবসর মুহূর্তগুলো ব্যয় করুন।

ত্রুটিবিচ্যুতি

মীনের জাতক অবাস্তব, কল্পনাবিলাসী, অতিরিক্ত আবেগপ্রবণ, অতিরিক্ত কোমল, অসতর্ক, স্পর্শকাতর, অমিতব্যয়ী, মেজাজী ও পরনির্ভরশীল হতে পারে। এদের জীবনে সিদ্ধান্ত ও ইচ্ছা শক্তির অভাব আছে। এরা যেকোন কিছু তালগোল পাকিয়ে ফেলে। দুর্বল ব্যক্তিত্ব, দোদুল্যমানতা, দীর্ঘসূত্রিতা এদের সাফল্যের অন্তরায়। এদের মধ্যে কপটতা ও প্রতারণার মনোভাব দেখা যেতে পারে। জীবন সম্পর্কে একটা ভীতি আর ভাগ্য বিপর্যয়ের আশঙ্কা এদের পেয়ে বসে। বাস্তবতা থেকে দূরে থাকার জন্যে এরা মাদকদ্রব্যে খুব সহজেই আসক্ত হয়ে পড়তে পারে।

পারস্পরিক সম্পর্ক

মীনের জাতক সহজেই অন্যের সাথে তাল মিলাতে পারে। বন্ধুত্ব জমাতে এদের বেগ পেতে হয় না। সাধারণভাবে বৃষ, কর্কট, বৃশ্চিক ও মকরের জাতকের সাথে এদের ভাল মিল হয়। এদের সাথে এরা সহজেই সমঝোতায় পৌঁছতে পারে। এদের কাছ থেকে বিয়ে, ব্যবসায়িক বা অংশীদারী প্রস্তাব এলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত। এতে সাফল্যের সম্ভাবনা বেশি।

মীনের সাথে মীনের যেকোন সম্পর্ক সাধারণত ভাল। মিথুন, কন্যা ও ধনুর জাতকের সাথে সম্পর্কের ক্ষেত্রে ঝামেলা ও ভুল বুঝাবুঝি হতে পারে। এদের সাথে সম্পর্কে ধৈর্যশীল হতে হবে। কন্যা ও মীনের বিয়ে শান্তিময় হওয়ার সম্ভাবনা কম।

মেষ, সিংহ, তুলা ও কুম্ভের সাথে সম্পর্কে মীনের জাতককে কৌশলী ও ধৈর্যশীল হতে হবে। এরা মীনের জাতকের সাথে সম্পর্ক স্থাপনে অনীহাও প্রদর্শন করতে পারে।

ফেব্রুয়ারি ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব রয়েছে। জন্ম সংখ্যা ১। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মীনের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর এক সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনার সমমর্মিতাবোধ ও ইনটুইশন প্রখর। যে কোন বিষয় সহজে বুঝতে ও উপলব্ধি করতে পারেন। ধৈর্য আছে, যেকোন পরিবেশের সাথে সহজে খাপ খাইয়ে নেওয়ার গুণ আছে। অন্তর্দৃষ্টি কাজে লাগালে সহজেই সাফল্য লাভ করতে পারেন। আপনি উদার, সৃজনশীল ও মেধাবী। লক্ষ্য অর্জনের জন্যে কষ্ট স্বীকারে কোন কুণ্ঠা নেই। জীবনে সুযোগ গ্রহণের জন্যে প্রস্তুত থাকতে হবে।

পেশা : সৃজনশীল, জনসংযোগ ও প্রশাসনিক পেশায় ভাল করবেন। নেতৃত্বের

গুণাবলী আছে। অভিযান ও গবেষণামূলক কাজেও ভাল করবেন।

প্রেম : অন্যের দুঃখ সহজেই হৃদয়কে নাড়া দেয়। অন্যের সাথে সহজেই একাত্মবোধ অনুভব করেন। তাই অপেক্ষাকৃত বেশি বয়সেই বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, নীল, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু** সোনা ও রূপা। **রত্ন** পোখরাজ ও একোয়ামেরিন। **সংখ্যা** ১ ও ৭। **দিন** রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মারাঠা নেতা শিবাজী, লি মারভিন, শাহাদাত বুলবুল।

ফেব্রুয়ারি ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মীনের বৈশিষ্ট্য কুম্ভ দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সৌন্দর্যপ্রিয়, সৃজনশীল ও অনুভূতিপ্রবণ। কল্পনাশক্তিতে আপনার জুড়ি মেলা ভার। প্রাণপ্রাচুর্য আছে। আর কৌতূহলেরও অন্ত নেই। সহজেই যে কোন বিষয়ের প্রতি আগ্রহী হয়ে পড়েন। আবেগ ও অশ্রু সহজেই প্রভাবিত করে। তবে অনেক কিছু করার প্রবণতা সাফল্যের অন্তরায় হতে পারে। একটা কিছুতে মনোযোগ কেন্দ্রীভূত করতে শিখতে হবে।

পেশা : সৃজনশীল পেশায় ভাল করবেন। ওষুধ, রসায়ন, তেল ও চিকিৎসা বিজ্ঞানেও সাফল্য আসতে পারে। অভিনয় ও চলচ্চিত্রও ভাল।

প্রেম : অনেকের প্রতিই আপনার আকর্ষণ থাকতে পারে। বাস্তব বুদ্ধিসম্পন্ন কাউকেই বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন সাদা, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু:** রূপা ও সোনা। **রত্ন :** একোয়ামেরিন ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৭। **দিন** সোম ও রবিবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : স্থপতি লুই কাহন, কবি অসীম সাহা, চলচ্চিত্রকার শাহেদুর রহমান, সিডনী পয়টিয়ার, গ্লোরিয়া ভ্যাণ্ডারবিল্ট, সিদ্দিক জামাল, আসফ খান।

ফেব্রুয়ারি ২১

আজ জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। জন্ম সংখ্যা ৩। বৃহস্পতি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আত্মবিশ্বাসী, উচ্চাভিলাষী ও গতিশীল। দৃঢ়তা আছে। কোন কিছু মোকাবিলা করতে ভয় পান না। দৈহিক ও মানসিক প্রাণপ্রাচুর্য আছে। একই সাথে বিভিন্ন ধরনের কাজে আকৃষ্ট হতে পারেন। শুরু করলে শেষ পর্যন্ত চালিয়ে নিয়ে যাওয়ার মানসিক দৃঢ়তা আছে। কৌতূহল অদম্য। আর মেধা বিভিন্নমুখী। আদর্শবাদী। মন সংস্কারমুক্ত। যা চান তা করা থেকে আপনাকে বিরত রাখা যায় না।

পেশা : সৃজনশীল ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। ফটোগ্রাফার, ডাক্তার, লেখক, অভিনেতা, শিল্পপতি হিসেবেও সফল হবেন।

প্রেম : আপনি মানুষ চিনতে সহজে ভুল করেন না। প্রেম ও রোমান্সে এ গুণ কাজে লাগালে আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** এমিথিস্ট ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৫, ৩০।

ব্যক্তিত্ব : অভিনেতা সোহেল রানা, বিজ্ঞানী হেনরিক ড্যাম, ডিজাইনার হুবার্ট দ্য গিভেন্স, রাজনীতিক মঈন উদ্দিন খান, বাদল, ফাল্গুনী হামিদ।

ফেব্রুয়ারি ২২

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব রয়েছে। আপনার জন্মসংখ্যা ৪। আপনার উপর ইউরেনাস ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি খেয়ালী ও সৃজনশীল। মৌলিক উদ্ভাবনী ক্ষমতা রয়েছে আপনার। আপনার ইনটুইশন ও অতিচেতনা অত্যন্ত প্রখর। সবকিছুর ব্যাপারে আপনার একটা নিজস্ব মত থাকতে পারে। এবং আপনি সবসময় নিজের মতই চলতে চাইবেন। তাই অন্যরা আপনাকে ভুল বুঝতে পারে। স্বপ্ন ও কল্পনা আপনার জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ধর্ম ও আধ্যাত্মিকতার ও দর্শনের প্রতিও আপনি আকৃষ্ট হয়ে পড়তে পারেন। পরিচিতরা আপনাকে দেয়ার পরিবর্তে আপনার কাছ থেকে নিতে চাইবে বেশি। খেয়ালীপনাকে নিয়ন্ত্রিত করতে পারলে সকল প্রতিকূলতা অতিক্রম করে আপনি জয়ী হবেন।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, সংগীত, ধর্ম, দর্শন, চিকিৎসা বিজ্ঞান ও ওষুধের সাথে জড়িত পেশায় ভাল করবেন। ব্যবসায়িক ক্ষেত্রে আপনার বুদ্ধি দ্বারা অন্যরাই উপকৃত হবে বেশি।

প্রেম : প্রিয়জনের সাথে ভুল বুঝাবুঝি আপনার মধ্যে এক ধরনের নিঃসঙ্গতার অনুভূতি নিয়ে আসতে পারে। আর আপনার খেয়ালীপনাও পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে। আত্মীয় বা বন্ধুদের কারণে পারিবারিক ক্ষেত্রে অশান্তি সৃষ্টি হতে পারে।

শুভ রং : নীল, বেগুনী, হলুদ, সোনালী, ধূসর, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও একোয়ামেরিন। সংখ্যা ৪ ও ৭। দিন রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮ ও ৩১।

ব্যক্তিত্ব : ব্যাটেন পাওয়েল, ভাস্কর এরিক গিল, কবি জেমস রাসেল লোওয়েল, জর্জ ওয়াশিংটন, এডওয়ার্ড কেনেডি, আল্লামা ইকবাল, সাংবাদিক আখতার-উল-আলম, প্রাবন্ধিক হুমায়ূন কবির, ইমরুল চৌধুরী।

ফেব্রুয়ারি ২৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল ও উদ্ভাবনী ক্ষমতার অধিকারী। আপনার বুদ্ধি ও মেধা একটু আলাদা। সহজেই নিজেকে খাপ খাইয়ে নিতে পারেন। আপনার ইনটুইশন প্রখর। তাই সহজেই যেকোন কিছু আঁচ করতে পারেন। তবে অসাধারণ মেধা আপনার কাল হতে পারে। আপনার আগ্রহ বিভিন্ন খাতে চলে যেতে পারে। অস্থিরতা, সিদ্ধান্তহীনতা ও অবসাদ আপনার সাফল্য লাভের অন্তরায় হতে পারে। আপনার ভাগ্য বহুলাংশে আপনার সিদ্ধান্তের ওপর নির্ভর করবে।

পেশা : আপনি গায়ক, লেখক, শিল্পী, সাংবাদিক ও ফটকাবাজারিতে ভাল করবেন। অন্যের টাকা ভালভাবে কাজে লাগাতে পারলেও নিজের টাকার সদ্ব্যবহার খুব কমই করতে পারেন।

প্রেম : আপনি অস্থির ও রোমান্টিক। একাধিক প্রেমে পড়ার সম্ভাবনা আছে আপনার। বিপরীত লিঙ্গের সদস্যদের ব্যাপারে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, হলুদ, শেওলা, লালাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : একোয়ামেরিন ও হীরক। সংখ্যা : ৫ ও ৭। দিন : সোম ও বুধবার। তারিখ : ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : সুরকার হাণ্ডেল, লেখক উইলিয়াম শিরার শিক্ষাবিদ জিল্লুর রহমান সিদ্দিকী, বিশুদ্ধানন্দ মহাথেরো, যাদুকর পি সিঁ সরকার, পিটার ফণ্ডা।

ফেব্রুয়ারি ২৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। কুম্ভের প্রভাব রয়েছে। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ ও বিলাসী। শৈল্পিক মন ও মেধা আছে আপনার। আপনি উদার। আপনার মন কোমল। অশ্রু খুব সহজেই আপনাকে প্রভাবিত করে। সেবামূলক কাজে অংশ গ্রহণে সহজেই উৎসাহিত হন। আপনি মিশুক। আপ্যায়নে উদার। জৌলুস আপনার পছন্দ। তাই অর্থ সহজেই আপনার হাত ছাড়া হয়ে যেতে পারে। অর্থের ব্যাপারে আপনাকে আরও হিসেবী হতে হবে।

পেশা : আপনি শিল্পী, ডাক্তার, নার্স, হোটেল-রেস্তোরাঁ পরিচালনা ও তরল দ্রব্য, মাছের ব্যবসার সাথে জড়িত পেশায় ভাল করবেন। অভিনয় ও চলচ্চিত্রও আপনার জন্য ভাল।

প্রেম : আপনি সহজেই প্রেমে পড়ে যেতে পারেন। তাই একাধিক বিয়ের ব্যাপারে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, গোলাপী, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : রূপা ও তামা। রত্ন : একোয়ামেরিন ও ফিরোজা। সংখ্যা : ৬ ও ৭। দিন : বৃহস্পতি ও শুক্রবার। তারিখ : ৩, ৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৫, ৩০।

ব্যক্তিত্ব : পর্যটক ইবনে বতুতা, গায়ক তালাত মাহমুদ, আবদুল গাফফার চৌধুরী। বক্সার জিমি ইলিস, খায়রুল আলম সবুজ।

ফেব্রুয়ারি ২৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। রাশি ও সংখ্যা দুই দিক থেকেই আপনার ওপর নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী ও উচ্চাভিলাষী। নেতৃত্বের গুণাবলী রয়েছে আপনার মধ্যে। লাভ ও খ্যাতির চেয়ে আপনার মূল্যবোধ আপনার কাছে গুরুত্বপূর্ণ। দ্বৈতসত্তার প্রভাবে মেজাজ ও উদারতা আপনার মধ্যে সহ-অবস্থান করছে। আপনার লক্ষ্য মহান তবে অতিরিক্ত আদর্শবাদিতার জন্যে স্বীকৃতি পাওয়া কঠিন হতে পারে। লজ্জা ও দ্বিধা ক্ষতির কারণ হতে পারে। দ্বিধা ছেড়ে আপনাকে প্রকাশ্যে নেতৃত্ব গ্রহণ ও প্রভাবের পরিমণ্ডল বাড়াতে হবে।

পেশা : সৃজনশীল পেশা অভিনয়, অকাল্ট সাধনা, তেল, রসায়ন, ওষুধ ও চিকিৎসার সাথে জড়িত কাজে আপনি ভাল করবেন।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ হলেও বাহ্যিক আচরণে শীতলতা থাকতে পারে। তাই সামাজিক বিয়ের চেয়ে আপনার ধ্যান-ধারণায় আগ্রহী কাউকে বিয়ে করলেই বেশি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, সাদা, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু: রূপা ও সোনা। রত্ন : একোয়ামেরিন ও পান্না। সংখ্যা : ২, ও ৭। দিন : সোম ও

বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব চিত্রশিল্পী পিয়ারে রেনিওর, কথাশিল্পী জেন অস্টিন, ধর্মগুরু মেহের বাবা, জর্জ হ্যারিসন, সাহিত্যিক আব্দুস শাকুর, চিত্রপরিচালক জহির চৌধুরী।

ফেব্রুয়ারি ২৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অনুগত ও কর্তব্যপরায়ণ। উদ্দেশ্যের প্রতি আপনি নিবেদিত প্রাণ। আন্তরিকতা সত্ত্বেও আপনাকে পরিচিতরা ভুল বুঝবে। যত ঝামেলাই হোক বন্ধুদের ছেড়ে যাওয়া আপনার জন্যে কষ্টকর। জীবনে আপনি অপবাদের সম্মুখীন হবেন বাধাও আসবে প্রচুর। কিন্তু নিষ্ঠা ও কষ্টসহিষ্ণুতা আপনাকে সাফল্যের স্বর্ণদ্বারে পৌছে দেবে।

পেশা : সৃজনশীল পেশায়, ডাক্তার, নার্স সমাজকল্যাণ কর্মী ও গবেষক হিসাবে আপনি ভাল করবেন। অর্থের চেয়ে খ্যাতি ও সম্মান বেশি পাবেন জীবনে।

প্রেম : পরিবারের প্রতি আপনি নিবেদিত। হালকা প্রেম আপনার জীবনে দুঃখই বাড়াবে শুধু। ৩০ বছর বয়সের মধ্যেই আপনার বিয়ে করা উচিত।

শুভ রং : সকল শেডের নীল গোলাপী, ব্রোঞ্জ, ধূসর, বাদামী, চকলেট, শেওলা, লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৭ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও সোমবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৭, ৮, ১৩, ১৬, ১৭, ২২, ২৫, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : কথাশিল্পী ভিক্টর হুগো, ম্যাজিশিয়ান টনি র‍্যাণ্ডাল, বৈমানিক সৈয়দা কানিজ ফাতেমা রোখসানা, বীর শ্রেষ্ঠ নূর মোহাম্মদ, নাহার আল বোখারী, শেখ সাদী খান।

ফেব্রুয়ারি ২৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আকর্ষণীয় ও সংগ্রামী ব্যক্তিত্বের অধিকারী। আপনি হাস্যোজ্জ্বল ও আশাবাদী। প্রতিদ্বন্দ্বিতা ও সংঘাতের মধ্য দিয়েই আপনাকে এগিয়ে যেতে হবে। তবে ব্যক্তিগত পর্যায়ে সংঘাত আপনার স্বাস্থ্য ও মানসিক শান্তি নষ্টের কারণ হতে পারে। জীবন সংগ্রামে অতীতকে ভুলে গিয়ে ভবিষ্যৎকে সামনে রেখে লক্ষ্যপানে আত্মবিশ্বাসের সাথে এগিয়ে যেতে হবে।

পেশা : জনপেশায়, সাংবাদিক, লেখক, আইনবিদ, ডাক্তার, গবেষক ও অভিনেতা হিসেবে আপনি ভাল করবেন।

প্রেম : আপনার আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্যে বিপরীত লিঙ্গের অনেকের সাথে সম্পর্ক গড়ে উঠতে পারে। এক্ষেত্রে আপনাকে সংযমী হতে হবে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, ম্যাজেন্টা, নীল, শেওলা, লালাভ বেগুনী। **ধাতু :** ইস্পাত ও রূপা। **রত্ন :** রুবী ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৭ ও ৯। **দিন :** সোম ও মঙ্গলবার। **তারিখ :** ৩, ৭, ৯, ১২, ১৬, ১৮, ২১, ২৫, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : কথাশিল্পী জন স্টেইনবেক, হেনরী লংফেলো, আরউইন শ', জেমস ফেরেল, এলিজাবেথ টেলর, ওস্তাদ মোবারক হোসেন খান, রুডলফ স্টেইনার, অভিনেতা রহমান।

ফেব্রুয়ারি ২৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মেধাবী ও সৃজনশীল। আপনার উদ্ভাবনী ক্ষমতা রয়েছে। সহজেই খাপ খাইয়ে নিতে পারেন। আপনার সমমর্মিতা বোধ প্রখর। অন্যের সাহায্যে অনায়াসে ঝাঁপিয়ে পড়তে পারেন। প্রখর অন্তর্দৃষ্টি আপনার বড়গুণ। সহজে আপনি অনেক কিছু উপলব্ধি করতে পারেন। জীবনে আপনাকে প্রচুর ভ্রমণ করতে হতে পারে।

পেশা : আপনি ডাক্তার, নার্স, রসায়নবিদ, গবেষক, সমাজসেবক, লেখক ও শিল্পী হিসেবে ভাল করবেন। অর্থ ব্যয়ে আপনার হিসেবী হওয়া উচিত।

প্রেম : আপনার সমমর্মিতাবোধের জন্য অনেকের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠতে পারে। তুলনামূলকভাবে একটু বেশি বয়সে বিয়ে আপনার জন্য ভাল।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, নীল, কমলা, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : রূপা ও সোনা। রত্ন : হীরক ও চাইনিজ জেড। সংখ্যা : ১ ও ৭। দিন : রবি ও সোমবার। তারিখ : ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮ ৩১।

ব্যক্তিত্ব : ড. মফিজুল্লাহ কবির, আরবী কবি বাহাউদ্দিন জাওয়াহের, সাংবাদিক এ. বি. এম. মুসা, গীতিকার মনিরুজ্জামান মনির, প্রাণিবিদ পিটার মিতওয়ার।

ফেব্রুয়ারি ২৯

আজ জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রোমান্টিক, সৃজনশীল ও কল্পনাপ্রবণ। সৌন্দর্যপ্রিয় ও অনুভূতিপ্রবণ হলেও আপনার অন্তর্দৃষ্টি প্রখর। আপনার ব্যাপক আগ্রহের সাথে রয়েছে প্রাণপ্রাচুর্য। আপনার কৌতূহলের সাথে যুক্ত হয়েছে মানসিক অস্থিরতা। পরিবেশ আপনাকে সহজেই প্রভাবিত করে। মেধাবী হলেও ধৈর্যের অভাব আছে আপনার। মনোযোগ ও ইচ্ছাশক্তি দৃঢ় করতে পারলেই আপনার সাফল্য আসবে।

পেশা : আপনি চিকিৎসক, লেখক, অভিনেতা, গায়ক, ধর্মপ্রচারক ও রাজনীতিবিদ হিসেবে ভাল করবেন। হিসেবী না হলে আপনাকে আর্থিক দুর্গতি ভোগ করতে হবে।

প্রেম : আপনি ইমোশনাল ও রোমান্টিক, একাধিক প্রেম বা অনুরাগ পারিবারিক শক্তিকে বিঘ্নিত করতে পারে। বিয়ের ব্যাপারে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, লেমন, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু: রূপা ও সোনা। রত্ন : চাইনিজ জেড ও মুক্তো। সংখ্যা : ২ ও ৭। দিন : রবি ও সোমবার। তারিখ : ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : মোরারজী দেশাই, মামুনুর রশীদ, ফরাসী রসায়নবিদ এডমন ফ্রেমি, আবিষ্কারক জন হোলাণ্ড।

মার্চ ১

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্ম ১। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আপনি মেধাবী, আশাবাদী ও সৃজনশীল। ধীরে ধীরে আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন। আপনার অন্তর্দৃষ্টি প্রখর।

ভবিষ্যৎ সম্পর্কে আপনার ইনটুইশন অনুসরণ করলে ভাল ফল পাবেন। আপনার সমমর্মিতাবোধ প্রখর। যেকোন অবস্থার সাথে মানিয়ে নিতে পারেন। আপনি কিছুটা অস্থিরচিত্ত। ধৈর্যশীল হওয়ার প্রয়োজন রয়েছে। আপনার জীবন হবে ঘটনাবহুল। পরিকলপনা অনুসারে কাজ করলে আপনি জীবনে সফল হবেন।

পেশা : আপনি ডাক্তার, রসায়নবিদ, গায়ক, অভিনেতা, সৃজনশীল পেশা, ওষুধ, তেল, প্লাস্টিক ও পাদুকা শিল্পের সাথে জড়িত পেশায় ভাল করবেন। কয়েকবার পেশা পরিবর্তন ও অপ্রত্যাশিত সুযোগ পেতে পারেন।

প্রেম : আপনার পরিবারের প্রতি আকর্ষণ তীব্র। সঙ্গী নির্বাচনে অন্তর্দৃষ্টির সফল প্রয়োগ করুন। তাহলে পারিবারিক জীবনে আপনি সুখী হবেন।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, গোলাপী, নীল, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** হীরক ও চাইনিজ জেড। **সংখ্যা :** ১ ও ৭। **দিন** রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : সুরকার চপিন, কথাশিল্পী রালফ ইলিসন, শহীদ সিরাজউদ্দীন হোসেন, ড. আশরাফ সিদ্দিকী, সরদার জয়েন উদ্দিন, নাট্যকার নুরুল মোমেন, ওস্তাদ আবেদ হোসেন খান, মোহাম্মদ ওয়ালীউল্লাহ, ড. মোহাম্মদ এনামুল হক, খন্দকার আবদুল হামিদ, মহিউদ্দিন ফারুক, আবু শাহরিয়ার, শেখ মহিউদ্দীন।

মার্চ ২

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্ম সংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এই দিন জন্মগ্রহণ করায় আপনি রোমান্টিক, কল্পনাপ্রবণ ও সৃজনশীল। আপনার অনুভূতি ও অন্তর্দৃষ্টি প্রখর। পরিবেশ দ্বারা সহজেই প্রভাবিত হন। আপনার আগ্রহ ব্যাপক। তবে মানসিকভাবে আপনি অস্থির চঞ্চল। অভিনয় ও আত্মপ্রকাশের গুণ আছে আপনার। আপনার ধর্মানুরাগ প্রবল। মেধাকে পুরোপুরি কাজে লাগানোর জন্যে আপনার ইচ্ছাশক্তিকে সুদৃঢ় করতে হবে এবং উদ্দেশ্য স্থির করে অন্য কোন দিকে না তাকিয়ে লক্ষ্যপানে এগুতে হবে।

পেশা : আপনি লেখক, অভিনেতা, ধর্মপ্রচারক, সমাজসেবক, শিল্পী ও গায়ক হিসেবে ভাল করবেন। হিসেবী না হলে আর্থিক দুর্গতি ভোগ করতে হবে আপনাকে।

প্রেম : শান্তির অন্বেষায় আপনি অল্প বয়সেই ঘর বাধার স্বপ্ন দেখবেন। তবে বিয়ের ব্যাপারে আপনাকে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, সাদা, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু:** রূপা ও সোনা। **রত্ন :** একোয়ামেরিন ও মুক্তা। **সংখ্যা :** ২ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : সাহিত্যিক টমাস উলফ, জন আভিং, অভিনেতা মোস্তফা, উর্দু সাহিত্যিক মিসেস আন্দালিব জাহরে, নীলরতন মুখোপাধ্যায়, শিহাব সরকার, মোহাম্মদ বরকত উল্লাহ।

মার্চ ৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৩। আপনার ওপর বৃহস্পতি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি উচ্চাভিলাষী। আপনার প্রাণশক্তি প্রচুর। অন্যকে সহজে

প্রভাবিত করতে পারেন। একই সাথে আপনি বাস্তববাদী ও আদর্শবাদী। আপনি আত্মবিশ্বাসী ও গতিশীল। আপনার ইনটুইশন প্রখর। যে কোন বিষয় সহজে আপনি উপলব্ধি করতে পারেন। লক্ষ্যে না পৌঁছা পর্যন্ত আপনি বিশ্রাম নিতে পারেন না। দুঃস্থদের জন্যে কল্যাণমূলক কাজে আপনি সহজেই সাড়া দেন।

পেশা : আপনি গবেষণা, রাজনীতি, সৃজনশীল, প্রশাসনিক ও জনপেশায় ভাল করবেন। জীবনের যে ক্ষেত্রেই আপনি কাজ করেন না কেন সাফল্যের পথ কেউই রোধ করতে পারবে না।

প্রেম : আপনি মানুষ চিনতে সাধারণত ভুল করেন না। প্রেমে পড়ার আগে প্রিয়জনকে চিনে নিন। তাহলে পারিবারিক জীবনে আপনি সুখী হতে পারবেন।

শুভ রং : সকল শেডের বেগুনী, ম্যাজেন্টা, গোলাপী, নীল, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৫, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী আলেকজাণ্ডার গ্রাহাম বেল, জামশেদজী টাটা, স্থপতি রডরিক হেকনি, কার্টুনিস্ট নজরুল, জন মারী, চিকিৎসাবিদ আর্থার কর্নবার্গ।

মার্চ ৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ৪। আপনার ওপর ইউরেনাস ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি মৌলিক চিন্তা ভাবনার অধিকারী। নিজের মতে চলতে চান। আপনি একটু চাপা, তাই লোকে আপনাকে ভুল বুঝবে। পরিচিতরা আপনাকে দেওয়ার পরিবর্তে আপনার কাছ থেকে নেবে। পরিকল্পনা বাস্তবায়নে আপনার নিজের উপর পুরোপুরি নির্ভর করতে হবে। আপনার ইনটুইশন প্রখর। আপনি খেয়ালী, অতীন্দ্রিয়, সবকিছুর প্রতিই আপনি আকৃষ্ট হতে পারেন। জীবনের প্রথমভাগে আপনি অনেক বাধা ও দুঃখের মুখোমুখি হবেন।

পেশা : আপনি ডাক্তার, এস্ট্রলজার অতীন্দ্রিয় গবেষণা, শিল্পী, সাহিত্য, সঙ্গীত ও ধর্মপ্রচারক হিসেবে ভাল করবেন। আর্থিক লেনদেনে ঝুঁকি এড়িয়ে চলতে হবে।

প্রেম : আপনার খেয়ালীপনা ও চাপা স্বভাব পারিবারিক শান্তির অন্তরায় হতে পারে। আত্মীয়দের জন্যও দাম্পত্য জীবনে সমস্যা সৃষ্টি হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, বেগুনী, হলুদ, সোনালী, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** একোয়ামেরিন ও নীলা। **সংখ্যা :** ৪ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী হেনরী রাউবার্ন, ব্যারিস্টার মইনুল হোসেন, জ্যোতির্বিদ ফ্রিজ গ্রিবনার, বিজ্ঞানী জর্জ গেমো, আকন্দ সানায়োর মোর্শেদ, মওলানা মতিউর রহমান নিজামী।

মার্চ ৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্ম গ্রহণ করায় আপনি মেধাবী ও সৃজনশীল। উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। আপনি অস্থির। পরিবর্তন ও ভ্রমণ পছন্দ করেন। ঝুঁকি নেয়া ও জুয়ার প্রতি আপনার আকর্ষণ রয়েছে। যে-কোন বিষয় সহজে অনুধাবন করতে পারেন। অনায়াসে যে-কোন

আলোচনায় অংশ নিতে পারেন। আপনি আপনার চরিত্রের ভাল দিকগুলো বিকশিত করলে অসাধারণ সাফল্যের অধিকারী হতে পারেন। আর অস্থিরতা ও ঝুঁকি নেয়ার মারাত্মক প্রবণতা দমন করতে না পারলে জীবন সম্পূর্ণ ব্যর্থ হতে পারে।

পেশা : আপনি গবেষণা শিল্প, সাহিত্য, সাংবাদিকতা, স্টক এক্সচেঞ্জ ইত্যাদির সাথে জড়িত পেশায় ভাল করবেন। ফটকবাজারী আপনার জন্যে লাভজনক হবে। তবে অতিরিক্ত ঝুঁকি নেয়ার প্রবণতা সংযত করতে হবে।

প্রেম : আপনার প্রতি বিপরীত লিঙ্গের আকর্ষণ তীব্র, তাই একাধিক রোমান্স যেন বিয়েতে পরিণত না হয়, সেজন্যে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের আকাশী, নীল, শেওলা, লালাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** রূপা প্লাটিনাম। **রত্ন :** চাইনিজ জেড ও ওপাল। সংখ্যা ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪. ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী কনরাড রঞ্জেন, রেক্স হেরিসন, জোবেদা খানম, রোজা লুক্সেমবার্গ, ধর্মবেত্তা আব্দুল ওয়াহাব, সামানথা এগার, সাংবাদিক এরশাদ মজুমদার।

মার্চ ৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৬। আপনার ওপর শুক্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী রোমান্টিক ও ইমোশনাল। সৌন্দর্যের প্রতি আপনার আকর্ষণ সহজাত। শিল্প, সাহিত্য, সঙ্গীত ও চারুকলার প্রতি আগ্রহ অপরিসীম। আপনার বন্ধুর সংখ্যা অনেক। বিলাস ও বিনোদনের দিকে আপনি ঝুঁকে পড়তে পারেন। অন্যকে প্রভাবিত করা ও সুযোগ-সুবিধা আদায়ে আপনি দক্ষ। সহানুভূতি ও সমমর্মিতাবোধ অনায়াসে আপনাকে দুঃস্থদের পাশে নিয়ে যেতে পারে। ইন্দ্রিয়-সুখপরায়ণতা সম্পর্কে আপনাকে সতর্ক থাকতে হবে।

পেশা : আপনি সৃজনশীল পেশা, অভিনয়, বিলাস সামগ্রী, বিনোদন ও হোটেল ব্যবসায় ভাল করবেন। একটু সচেষ্ট হলে এক্ষেত্রে সাফল্য ও খ্যাতি না আসার কোন কারণ নেই।

প্রেম : প্রেমে আপনি অস্থির মতি। অনেকের সাথে রোমান্সে জড়িয়ে পড়তে পারেন। একাধিক বিয়ের সম্ভাবনা আছে। অমিতাচার আপনার অনেক সম্ভাবনার অন্তরায় হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, সবুজ, ফিরোজা, তুত, গোলাপী, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** তামা ও রূপা। **রত্ন :** ফিরোজা ও একোয়ামেরিন। **সংখ্যা:** ৬ ও ৭। **দিন:** বৃহস্পতি ও শুক্রবার । **তারিখ :** ৩, ৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : চিত্রশিল্পী মাইকেল এঞ্জেলো, এডমিরাল চার্লস নেপিয়ার, নভোচারী ভ্যালেনটিনা টেরেসকোভা, সম্রাট হুমায়ুন, এফ. বি. আই. প্রধান উইলিয়াম ওয়েবেস্টার, কিরিতে কানাওয়া।

মার্চ ৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৭। রাশি ও সংখ্যা উভয় দিক থেকেই আপনার ওপর নেপচুনের প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আদর্শবাদী, সৃজনশীল ও উচ্চাভিলাষী। আপনি অনুসন্ধিৎসু। জীবন ও পারিপার্শ্বিকতার যে কোন রহস্য উদঘাটনে আগ্রহী। ধর্ম ও দর্শন

সম্পর্কে নিজস্ব ধ্যান-ধারণা রয়েছে। আপনি নিজের মতে চলতে চান। আর পরস্পর বিরোধী বৈশিষ্ট্যও আছে আপনার। আপনাকে পরিচালিত করা যায়, কিন্তু আদেশ দ্বারা আপনাকে পরিচালিত করা কঠিন। সুস্পষ্ট স্বপ্ন ও দিব্যদৃষ্টি আপনার অন্যতম চালিকাশক্তি।

পেশা : আপনি শিল্পী, সাহিত্য, গবেষণা, ভ্রমণ, শিপিং, আমদানী-রফতানী ব্যাবসায় ভাল করতে পারেন। আর্থিক ব্যাপারে আপনাকে বাস্তববাদী হতে হবে।

প্রেম : আপনার ধ্যান-ধারণায় ও আদেশের প্রতি আগ্রহী কাউকে জীবনসঙ্গী হিসেবে না পেলে বিবাহিত জীবনে সুখী হওয়ার সম্ভাবনা কম। তাই এক্ষেত্রে আপনাকে সুচিন্তিত পদক্ষেপ নিতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, হরিদ্রাভ, লেমন ক্রীম, সাদা, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** একোয়ামেরিন ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী লুথার বারবাঙ্ক, অভিনেত্রী সুচরিতা, শওকত আকবর, গীতিকার এস. এম. হেদায়েত, সাংবাদিক আব্দুস সালাম কিদুয়ায়ী, ভাষাবিদ কার্ল র‍্যাভেল, দার্শনিক নাকায়ি তুজু।

মার্চ ৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি জীবনের প্রতি সিরিয়াস। আপনার কর্তব্যানুভূতি প্রখর। আপনি প্রিয়জনদের প্রতি বিশ্বস্ত। আপনার আবেগ, রোমান্টিকতা ও হৃদয়ের উষ্ণতা একটা কঠিন বহিরাবরণের নিচে চাপা পড়তে পারে। জীবনে সাফল্য আসবে ঠিকই, তবে তার জন্যে আপনাকে অনেক মূল্য দিতে হবে। আপনার আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়নের পথে আসবে অনেক বাধা। ভুল বুঝাবুঝি ও অপবাধের সম্মুখীন হতে হবে আপনাকে। দৃঢ় ইচ্ছাশক্তি ও অধ্যবসায়ই আপনাকে সাফল্যে ভূষিত করবে।

পেশা : আপনি ডাক্তার, রসায়নবিদ, সৃজনশীল ও জনকল্যাণমূলক পেশায় ভাল করবেন। প্রশাসন ও রাজনীতিতে আপনি সফল হবেন।

প্রেম : বিবাহিত জীবনে সুখ-শান্তি ও প্রিয়জনের জন্যে আপনাকে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, ধূসর, চকলেট, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও সীসা। **রত্ন :** নীলা ও চাইনিজ জেড। **সংখ্যা:** ৭ ও ৮। **গুরুত্বপূর্ণ দিন :** শনি ও সোমবার। **গুরুত্বপূর্ণ তারিখ :** ৪, ৭, ৮, ১৩, ১৬, ১৭, ২২, ২৫, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : রসায়নবিদ অটোহান, শিক্ষাবিদ মিখাইল ফসটার, কথাশিল্পী নাজমুল আলম, আইনজীবী আবদুস সালাম তালুকদার, লিন রেড গ্রেভ, মার্কিন মুদ্রাকর ফ্রেডরিক গুডি, রসায়নবিদ এডওয়ার্ড কেলভিন ক্যানডেল।

মার্চ ৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৯ সংখ্যার প্রভাবে ও

এইদিনে জন্মগ্রহণ করায় আপনি আবেগপ্রবণ, উচ্চাভিলাষী ও অস্থির। আকর্ষণীয় ব্যক্তিত্ব আছে আপনার। সহজে ভেঙ্গে যান। আবেগপ্রসূত সিদ্ধান্ত আপনার জীবনের অনেক পরিবর্তনের কারণ হতে পারে। যথাযথ চিন্তাভাবনা না করেই নতুন কাজে হাত দেয়ার প্রবণতা আছে আপনার। সমস্যা ও বাধা মোকাবিলায় সংগ্রামী মনোভাব আপনার বড় অস্ত্র। সহজেই আপনি বন্ধুত্ব করতে পারেন। তেমনি আপনার শত্রুর সংখ্যাও হবে অনেক।

পেশা : আপনি লেখক, সাংবাদিক, রাজনীতিবিদ, প্রশাসনিক কর্মকর্তা, শিল্প কারখানা ও ব্যবসায়ে ভাল করবেন। আপনাকে মিতব্যয়ী হতে হবে।

প্রেম : প্রেম ও রোমান্সে আপনি অনেক ঝামেলায় পড়তে পারেন। দুঃখ পেতে পারেন। অসহিষ্ণুতা পারিবারিক অশান্তির কারণ হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, মেরুন, ম্যাজেন্টা, নীল, শেওলা, গোলাপী, লালাভ বেগুনী। **ধাতু :** ইস্পাত ও রূপা। **রত্ন :** রক্তপ্রবাল ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৭ ও ৯। **দিন :** মঙ্গল ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৭, ৯, ১২, ১৬, ১৮, ২১, ২৫, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : ফরাসী বিপ্লবী মিরাবোঁ, দাবারু ববি ফিশার, নভোচারী ইউরি গ্যাগারিন, শিল্পী কাইয়ুম চৌধুরী, কবি ফজল-এ-খোদা, রাজনীতিক মাওলানা আবদুল মান্নান, সাহিত্যিক অসীম রায়, সৈয়দ ইকবাল, ভাস্কর ডেভিড স্মিথ।

মার্চ ১০

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ১। রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় সৃজনশীল, মৌলিক উদ্ভাবনী ক্ষমতা আছে। যে কোন সমস্যার সহজ সমাধান করতে পারেন আপনি। যে কোন অবস্থার সাথে নিজেকে মানিয়ে নিতে পারেন। আশাবাদ প্রবল। ইনটুইশন প্রখর। ধৈর্যের অভাব আছে। সব কিছুতে দ্রুত ফল লাভ করতে চান। জীবনে সাফল্য লাভের জন্যে আত্মপ্রত্যয় বাড়াতে হবে। ধৈর্যশীল ও অধ্যবসায়ী হতে হবে।

পেশা : সৃজনশীল ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। পেশাগত জীবন হবে ঘটনাবহুল। প্রথম জীবন বাধাপূর্ণ হলেও সফল হবেন।

প্রেম : প্রিয়জন হবে অনুপ্রেরণার উৎস। তবে একটু বেশি বয়সে বিয়েই ভাল হবে।

শুভ রং : সকল শেডের হলুদ, সোনালী, কমলা, নীল, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** সোনা ও রূপা। **রত্ন :** আম্বর ও একোয়ামেরিন। **সংখ্যা :** ১ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : মাহফুজুল্লাহ, রবীন্দ্রনাথ ত্রিবেদী, উর্দু সাহিত্যিক আলী জাওয়াদ জায়েদী, ঔপন্যাসিক জ্যাকব ওয়াসারমেন।

মার্চ ১১

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ২। চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় কল্পনাপ্রবণ, রোমান্টিক ও সৃজনশীল। অত্যন্ত অনুভূতিপ্রবণ। পরিবেশ সহজেই প্রভাবিত করে। মানসিকভাবে অস্থির চঞ্চল। অভিনয়, সৌন্দর্য ও সঙ্গীতের প্রতি আকর্ষণ জন্মগত। এক্ষেত্রে প্রতিভা আপনাকে পুরস্কৃত করতে পারে। তবে কোন কিছুতে লেগে থাকতে পারেন না। কিছুদিন পরেই আগ্রহ মিলিয়ে যায়।

সাফল্যলাভের জন্যে কাজের ক্ষেত্র বেছে তাতে লেগে থাকতে হবে।

পেশা : অভিনয়, সঙ্গীত, শিল্পকলা, লেখক, ডাক্তার ও জনসংযোগমূলক পেশায় ভাল করবেন। আয় ওঠানামা করবে। অবাস্তব পরিকল্পনা আর্থিক ক্ষতির কারণ হবে।

প্রেম : আপনার হৃদয় কোমল। রোমান্স সহজেই ভাসিয়ে নিয়ে যেতে পারে। বিয়ের ব্যাপারে বাস্তববাদী হতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, সাদা, হরিদ্রাভ, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** একোয়ামেরিন ও মুক্তো। **সংখ্যা :** ২ ও ৭। **দিন :** সোম ও রবিবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮, ২৯।

ব্যক্তিত্ব : সুরকার লরেন্স ওয়েক, রাজনীতিক হ্যারল্ড উইলসন, অভিনেতা ফতেহ লোহানী, সুফী কবি ইবনে আল ফরিদ, করুণাময় গোস্বামী, সুরকার হেনরি কোয়েল, বাপ্পা রাজ, রেবেকা, শফিকুল কবির।

মার্চ ১২

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ৩। বৃহস্পতি ও ইউরেনাসের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৩ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আত্মবিশ্বাসী, উচ্চাভিলাষী ও গতিশীল ব্যক্তিত্বের অধিকারী। প্রচুর মানসিক শক্তি রয়েছে। লক্ষ্য হাসিল না হওয়া পর্যন্ত বিশ্রাম নিতে পারেন না। অন্যকে প্রভাবিত করার ও নেতৃত্ব দেয়ার গুণ আছে। বাধা মোকাবিলায় দৃঢ়। আপনার মধ্যে আদর্শবাদ ও বাস্তবতার সম্মিলন ঘটেছে। মানুষের দুঃখ খুব সহজেই নাড়া দেয়। সহজেই সৌভাগ্যের হাতছানি পেতে পারেন।

পেশা : প্রশাসনিক সৃজনশীল ও জনপেশায় ভাল করবেন। অংশিদারি উদ্যোগ ভাল। বড় ধরনের প্রতিষ্ঠানে সবচেয়ে বেশি সুযোগ পাবেন।

প্রেম : সহজে মানুষ চিনতে পারলেও জীবন সঙ্গিনী নির্বাচনে ভুল করতে পারেন। এব্যাপারে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের বেগুনী, গোলাপী, নীল, ফিরোজা, শেওলা, লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** পোখরাজ ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৩ ও ৭। **দিন :** সোম ও বৃহস্পতিবার। **তারিখ :** ৩, ৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৫, ৩০।

ব্যক্তিত্ব : নিউ ইয়র্ক টাইমসের প্রতিষ্ঠাতা এডলফ ওকস, আবু জাফর শামসুদ্দিন, ড. রেহমান সোবহান, ফজলে লোহানী, সাহিত্যিক মিজানুর রহমান, নাজিম হিকমত, জেমস টেলর, এ ডব্লিউ এম ফখরুদ্দিন।

মার্চ ১৩

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। জন্মসংখ্যা ৪। ইউরেনাস ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৪ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি চাপা ও সৃজনশীল। চিন্তাভাবনা সব সময়ই একটা ব্যতিক্রমী খাতে প্রবাহিত হয়। নতুনের প্রতি আপনার আকর্ষণ সহজাত। ইনটুইশন ও অন্তর্দৃষ্টি প্রখর। উচ্চাভিলাষের অভাব আছে। অতিন্দ্রীয় ও রহস্য জগতের প্রতি দুর্নিবার আকর্ষণ রয়েছে। কাজ-কর্মের ব্যাপারে স্বাধীনচেতা ও অনেকাংশে খেয়ালী। জীবনে অপ্রত্যাশিত বাধা ও ঝামেলা মোকাবিলা করতে হবে। খেয়ালীপনা ক্ষতির কারণ হবে।

পেশা : সৃজনশীল, মনস্তাত্ত্বিক ও জনপেশায় ভাল করবেন। প্লাস্টিক ও পাদুকা শিল্প আপনার জন্য ভাল। আর্থিক ব্যাপারে অন্যের প্রতি আস্থা ক্ষতিকর হবে।

প্রেম : চাপা স্বভাব ও খেয়ালীপনা। বিবাহিত জীবনে ভুল বুঝাবুঝির কারণ হতে পারে। তাছাড়া প্রিয়জনের জন্যে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, সোনালী, বাদামী, গোলাপী, শেওলা, লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও ইউরেনিয়াম। **রত্ন :** নীলা ও চাইনিজ জেড। **সংখ্যা :** ৪ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ৪, ৭, ১০ ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : অকাল্টিস্ট এলগরনন ব্ল্যাকউড, বিজ্ঞানী জোসেফ প্রীস্টলী, জ্যোতির্বিদ পার্সিভাল লোয়েল, ড. আবু হেনা মোস্তফা কামাল, সম্পাদক এ. এম. এম বাহাউদ্দিন, আনোয়ার আহমেদ।

মার্চ ১৪

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। আপনার জন্মসংখ্যা ৫। আপনার ওপর বুধ ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৫ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি অসাধারণ বুদ্ধিবৃত্তিক ক্ষমতার অধিকারী। আপনার ইনটুইশন প্রখর। যে কোন বিষয়ের গভীরে প্রবেশ করার ক্ষমতা আছে আপনার। আপনি সৃজনশীল। উদ্ভাবনী ক্ষমতা আছে। যে কোন পরিস্থিতিকে নিজের অনুকূলে নিয়ে আসতে পারেন। আপনার অনুমান অনেক ক্ষেত্রেই ঠিক। তবে একটি বিষয়ে মনোযোগ কেন্দ্রীভূত করতে না পারলে অনেক যোগ্যতা থাকা সত্ত্বেও আপনার জীবন ব্যর্থ হতে পারে।

পেশা : আপনি শিল্প, সাহিত্য, গবেষণা, সাংবাদিকতা ও অভিনয়ে ভাল করবেন। ফটকাবাজারী ব্যবসাও আপনার জন্যে ভাল। অতিরিক্ত ঝুঁকি ও জুয়া অর্থনাশের কারণ হতে পারে।

প্রেম : আপনি উষ্ণ হৃদয়ের অধিকারী। কিন্তু অস্থিরতা ও দোদুল্যমানতার জন্যে বিবাহিত জীবনে অশান্তি সৃষ্টি হতে পারে।

শুভ রং : সকল শেডের আকাশী, গোলাপী, শেওলা, লালাভ বেগুনী ও হালকা উজ্জ্বল রং। **ধাতু :** রূপা ও প্লাটিনাম। **রত্ন :** হীরক ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৫ ও ৭। **দিন :** সোম ও বুধবার। **তারিখ :** ২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫, ২৯।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী এলবার্ট আইনস্টাইন, সুরকার জোহান স্ট্রাউস, মাইকেল কেইন, জিয়াউদ্দিন আহমেদ বাবলু, আজহারুল ইসলাম, চিত্রশিল্পী ফার্দিনান্দ হোডলার, ফজলে আজিম, ভাষা সৈনিক সালেহ উদ্দিন কায়সার।

মার্চ ১৫

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। জন্মসংখ্যা ৬। শুক্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৬ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আবেগ প্রবণ ও রোমান্টিক। আপনি সুন্দরের পূজারী। শিল্পীর সবগুণই আছে আপনার মধ্যে। বিলাস ব্যসনের প্রতি আকর্ষণ দুর্নিবার। হৃদয় সহজেই প্রভাবিত হয়। আপনি মিশুক, সামাজিক। দীর্ঘস্থায়ী বন্ধুত্ব জীবনকে প্রভাবিত করতে পারে। তাছাড়া নেতৃত্বের গুণাবলীতেও আপনি ভূষিত।

পেশা : সৃজনশীল ও বিনোদনমূলক পেশা, রাজনীতি ও জনসংযোগমূলক কাজে ভাল করবেন। অর্থোপার্জনে ভাগ্যবান তবে ব্যয়ও হবে প্রচুর। শেষ বয়সের জন্যে আপনাকে সঞ্চয়ী হতে হবে।

প্রেম : বিপরীত লিঙ্গের প্রতি সহজাত আকর্ষণ আছে। তাই একাধিক প্রেম ও বিয়ের সম্ভাবনা আছে।

শুভ রং সকল শেডের নীল, ফিরোজা, সবুজ, গোলাপী, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু** তামা ও রূপা। **রত্ন :** ফিরোজা ও একোয়ামেরিন। **সংখ্যা :** ৬ ও ৭। **দিন :** বৃহস্পতি ও শুক্রবার। **তারিখ :** ৩ ,৬, ৭, ১২, ১৫, ১৬, ২১, ২৪, ২৫, ৩০।

ব্যক্তিত্ব : মার্কিন প্রেসিডেন্ট এনড্রু জ্যাকসন, বিজ্ঞানী ইমিল ভন বেরিঙ, জ্যোতির্বিদ এলেন বিন, অন্নদা শঙ্কর রায়, কবি আব্দুল হামিদ মোল্লা, সাংবাদিক নাজিমুদ্দিন মানিক, হারুন-উর-রশিদ।

মার্চ ১৬

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৭। আপনার ওপর সংখ্যা ও রাশির উভয় দিক থেকে নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৭ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি কল্পনাপ্রবণ, আদর্শবাদী, উচ্চাভিলাষী ও স্বাধীনচেতা। সঙ্গীত ও শিল্পকলার প্রতি আপনার আকর্ষণ দুর্নিবার। অতিন্দ্রীয় ও আধ্যাত্মিকতার প্রতি আপনার ঝোঁক রয়েছে। রহস্য আপনার মনকে নাড়া দেয়। স্বপ্ন আপনার জীবনকে প্রভাবিত করে। মানসিক দ্বন্দ্ব আপনার সম্ভাবনাকে বাধাগ্রস্ত করতে পারে।

পেশা : আপনি লেখক, সাংবাদিক, গায়ক, রাজনীতিবিদ ও গবেষক হিসেবে ভাল করবেন। আর্থিক লেনদেনে আপনাকে সাবধানী হতে হবে।

প্রেম : প্রিয়জন আপনার অনুপ্রেরণার উৎস হতে পারে, তেমনি হতে পারে দুঃশ্চিন্তার কারণ। রোমান্টিক কল্পনায় গা ভাসিয়ে দেয়া ক্ষতিকর হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, সাদা, গোলাপী, লেমন, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : রূপা ও প্লাটিনাম। রত্ন : পোখরাজ, একোয়ামেরিন। সংখ্যা : ৩ ও ৭। দিন : সোম ও বৃহস্পতিবার। তারিখ : ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০।

ব্যক্তিত্ব : বিজ্ঞানী জর্জ সিমন ওহম, আলেকজাণ্ডার পপোভ, রাজশেখর বসু, নভোচারী ভ্লাদিমির কোমারোভ, বিজ্ঞানী হেনরিখ কাইজার, নাজিম উদ্দিন মোস্তান।

মার্চ ১৭

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ৮। আপনার ওপর শনি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্র-বৈশিষ্ট্যে মীনের ছাপ সুস্পষ্ট। আর ৮ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সিরিয়াস ও কর্তব্যপরায়ণ। আপনার হৃদয় উষ্ণ ও অনুভূতি তীক্ষ্ণ। আপনি সবার জন্যে অনুভব করবেন। কিন্তু আপনাকে অনেকেই ভুল বুঝবে। আপনার আশা-লক্ষ্য-পরিকল্পনা বাধাগ্রস্ত হবে বারবার। তবে ইচ্ছা শক্তি ও দৃঢ়তা আপনার জন্যে সাফল্য বয়ে আনতে পারে। অনেক গুরু দায়িত্ব আপনার ওপর অর্পিত হতে পারে। কিন্তু আপনি অপবাদের শিকার হতে পারেন—হতে পারেন নিয়তির ক্রীড়নক।

পেশা : আপনি জনপেশায়, ডাক্তার, সমাজকর্মী ও রাজনীতিবিদ হিসেবে ভাল করবেন। পেশাগত সাফল্য লাভে আপনাকে বেগ পেতে হবে।

প্রেম : অপেক্ষাকৃত দেরিতে বিয়ে করাই আপনার জন্যে ভাল। প্রিয়জনের জন্যে আপনাকে অনেক ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের নীল, ব্রোঞ্জ, বাদামী, চকলেট, ধূসর, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : রূপা ও সীসা। রত্ন : নীলা ও চাইনিজ জেড। সংখ্যা: ৭ ও ৮। গুরুত্বপূর্ণ

দিন শনি ও বৃহস্পতিবার। গুরুত্বপূর্ণ তারিখ : ৪, ৭, ৮, ১৩, ১৬, ১৭, ২২, ২৫, ২৬, ৩১।

ব্যক্তিত্ব : বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, নৃত্যশিল্পী রুডলফ নুরিয়েভ, আবিষ্কারক গট-লিয়েব ডেইমলার, আইনজীবি রফিক উদ্দিন আহমেদ, নরেশ ভুঁইয়া, হেনা কবির।

মার্চ ১৮

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মংখ্যা ৯। আপনার ওপর মঙ্গল ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মীনের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ৯ সংখ্যার প্রভাবে ও এই দিনে জন্মগ্রহণ করায় আপনি সংগ্রামী সচেতনতার অধিকারী। আপনি সাহসী ও কিছুটা বেপরোয়া। অনেক বাধা সংঘাত ও শত্রুতার মুখোমুখি হবেন আপনি। আপনাকে ধৈর্যশীল হতে হবে আর হঠাৎ ক্রুদ্ধ হয়ে ওঠার প্রবণতা সংযত করতে হবে। হঠাৎ সিদ্ধান্ত নেওয়া ও কাজ শুরু করার প্রবণতা আছে আপনার। প্রভাবশালী ব্যক্তিদের সাথে দ্রুত সম্পর্ক স্থাপনের গুণ আছে আপনার।

পেশা : কর্তৃত্ব ও নেতৃত্ব করা যায় এমন পেশাই আপনার জন্য ভাল। প্রশাসনিক ও জনপেশায় আপনি ভাল করবেন। বেশ কয়েকবার পেশা পরিবর্তন হতে পারে। সংঘাত ছাড়া আপনার কোন অগ্রগতিই হতে চাইবে না।

প্রেম : আপনার হৃদয় উষ্ণ। প্রেম ও বিয়ের ক্ষেত্রে আবেগের প্রাধান্য দেবেন না। প্রিয়জনের জন্যে আপনাকে বেশ ত্যাগ স্বীকার করতে হতে পারে।

শুভ রং : সকল শেডের লাল, গোলাপী, মেরুন, ম্যাজেন্টা, নীল, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : ইস্পাত ও রূপা। রত্ন : রুবী ও একোয়ামেরিন। সংখ্যা : ৭ ও ৯। দিন: মঙ্গল ও বৃহস্পতিবার। তারিখ : ৩, ৭, ৯, ১২, ১৬, ১৮, ২১, ২৫, ২৭, ৩০।

ব্যক্তিত্ব : দার্শনিক ম্যানলি পামার হল, আমেরিগো ভেসপুচি, ভবিষ্যৎ দ্রষ্টা এডগার কাইস, জন উপডিক, চিত্রশিল্পী সৈয়দ লুৎফুল হক, মোহাম্মদ আবদুল মান্নান।

মার্চ ১৯

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর রবি ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মীনের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ১ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি সৃজনশীল উদ্যমী ও সাহসী। দৃঢ় ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আলাপ-আলোচনায় চটপটে। আপনার ইনটুইশন প্রখর। মৌলিক উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। আবেগপ্রসূত সিদ্ধান্ত নেয়ার মারাত্মক প্রবণতা থাকতে পারে আপনার মধ্যে। সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনা রচনায় আপনাকে ধীরস্থির হতে হবে। তাহলে জীবনে সাফল্যের সম্ভাবনা আপনার অনেক বেশি।।

পেশা : সৃজনশীল উদ্ভাবনী, প্রশাসনিক ও জনপেশায় আপনি ভাল করবেন। ধৈর্যশীল হলে পেশার শীর্ষস্থানে পৌছতে পারবেন।

প্রেম : আপনার মন ঘরমুখী। ঘরের বাঁধন আপনাকে আঁকড়ে রাখে। প্রিয়জনের জন্যে বা তাদের কাজের জন্যে অনেক সময়ই আপনাকে ত্যাগ স্বীকার করতে হবে।

শুভ রং : সকল শেডের নীল, হলুদ, সোনালী, সাদা, গোলাপী, শেওলা ও লালাভ বেগুনী। ধাতু : সোনা ও রূপা। রত্ন : হীরক ও একোয়ামেরিন। সংখ্যা : ১ ও ৭। দিন : রবি ও সোমবার। তারিখ : ১, ৪, ৭, ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১।

ব্যক্তিত্ব : অভিযাত্রী ডেভিড লিভিং স্টোন, বিজ্ঞানী নরম্যান হাওয়ার্থ, প্রত্নতত্ত্ববিদ জন হাবার্ট মার্শাল, নাসরিন রিয়াজ।

মার্চ ২০

আজ আপনার জন্মদিন হলে আপনি মীন রাশির জাতক। মেষের প্রভাব আছে। আপনার জন্মসংখ্যা ২। আপনার ওপর চন্দ্র ও নেপচুনের বিশেষ প্রভাব রয়েছে।

বৈশিষ্ট্য : আপনার চরিত্রে মীনের বৈশিষ্ট্য মেষ দ্বারা প্রভাবিত। আর ২ সংখ্যার প্রভাবে ও এইদিনে জন্মগ্রহণ করায় আপনি রোমান্টিক, সৃজনশীল ও অস্থির। ধৈর্যের অভাব আছে আপনার। আপনি আবেগপ্রবণ। হঠাৎ সিদ্ধান্ত নেয়ার প্রবণতা আছে। নিজে বড় বড় পরিকল্পনা নিলেও তা বাস্তবায়িত করার দায়িত্ব অন্যদের ওপর অর্পিত করতে চান। আপনি অনুভূতিপ্রবণ ও ইনটুইশনের অধিকারী। জীবনে সাফল্য লাভের জন্য এটা-ওটা না করে লক্ষ্যে অবিচল থাকতে হবে।

পেশা : আপনি লেখক, গায়ক, ডাক্তার, সেবিকা, সাংবাদিক হিসেবে ভাল করবেন। বাস্তব চিন্তাভাবনার অভাব ব্যবসায়ে অর্থনাশের কারণ হতে পারে

প্রেম : রোমান্স আপনাকে গভীরভাবে নাড়া দেয়। বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ দুর্নিবার। তাই একাধিক বিয়ের ব্যাপারে আপনাকে সতর্ক থাকতে হবে।

শুভ রং : সকল শেডের সবুজ, ক্রীম, লেমন, সাদা, সোনালী, শেওলা ও লালাভ বেগুনী। **ধাতু :** রূপা ও সোনা। **রত্ন :** একোয়ামেরিন ও মুক্তো। **সংখ্যা:** ২ ও ৭। **দিন :** রবি ও সোমবার। **তারিখ :** ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮ ২৯।

ব্যক্তিত্ব : ইবসেন, রোমান কবি ওভিড, শিক্ষাবিদ চার্লস ইলিয়ট, মনস্তত্ত্ববিদ বি. এফ স্কিনার, হোসেন মোহাম্মদ এরশাদ।